করিতে পারিলাম না। মনে হইল—কলিকাতায় এক পরিচিত বন্ধু আছেন, সেইখানে উঠিয়াই রাত্রিকালটা বিশ্রাম করি। গাড়ীও সেই দিকে হাঁকাইতে বলিলাম। অর্দ্ধ-পথ গিয়া মন বড় চঞ্চল হইয়া পড়িল—এতদিন যে স্মৃতি বিস্মৃত-ঘোরে ঢাকা পড়িয়াছিল, সহসা তাহা জাগিয়া আমায় অস্থির করিয়া তুলিল। আমার মনে হইল—হাওড়া হইতে একখানা থিয়েটার-ট্রেণ গভীর রাত্রেই ব্যাণ্ডেল যায়। গাড়ীতে উঠিয়া, একখানা কলিকাতার দৈনিক কাগজে চক্ষুঃ পড়িতেই চমকিয়া উঠিলাম—যে বন্ধুর বাসার দিকে যাইতেছিলাম, গুরুতর অভিযোগে তিনি আর প্রায় পঁচিশ-ত্রিশ জন যুবক সেইদিন প্রাতঃকালে পুলিস কর্ত্তৃক ধৃত হইয়াছেন; সহরে হুলুস্থুল পড়িয়া গিয়াছে!

আমি হতভম্ব হইয়া রহিলাম। অলক্ষ্যে তৃতীয়া শক্তি যে আমার জীবন নিয়ন্ত্রিত করিতেছেন, সে বিষয়ে আর সন্দেহ রহিল না। ইহাই আমার বিশ্বাস। আজও জীবন-তরীর কর্ণধার-রূপে আমি নারায়ণ ছাড়া আর কাহাকেও দেখি না।

গভীর নিশীথে আমি চন্দননগরে আসিয়া উপস্থিত হইলাম। ষ্টেশনে কেহই ছিল না। এই ট্রেণে প্যাসেঞ্জার প্রায় থাকিত না, নিকটস্থ সহরের সাহেবদের কলিকাতা হইতে অধিক রাত্রে ফিরিবার সুবিধার জন্যই এই গাড়ীখানির বন্দোবস্ত ছিল।

তৃতীয় প্রহরে বাড়ীর দুয়ারে ধীরে-ধীরে আঘাত দিলাম। হৃদয়খানি দুরু-দুরু করিয়া কাঁপিতেছিল। ভিতর হইতে উত্তর হইল "কে?" সাড়া দিলাম "আমি"। দুয়ার খুলিয়া দাঁড়াইলেন আমার ধাত্রী-স্বরূপিণী, যাহাকে দিদি বলিয়া সহোদরার অধিক স্নেহ আদায় করিতাম। তিনি ব্যাকুল কণ্ঠে বলিলেন "হতভাগা এসেছিস্—কোথায় গেছ্‌লি ভাই, সোণার সংসার আঁধার করে' কোথায় গিয়েছিলি ভাই!" আহা, পর যে এত আপন হয়, তাহাও যে এই জীবন দিয়া নিত্য প্রত্যক্ষ করিয়াছি। তাঁহার চক্ষে বন্যধারা ঝরিতেছিল।

গৃহ শূন্য দেখিলাম; উৎকণ্ঠায় হৃদয় হাহাকার করিয়া উঠিল। দুশ্চিন্তা দূর করিয়া, তৎক্ষণাৎ তিনি বলিলেন "ছোট-বৌকে এত বল্‌লুম, সংসার ক'রতে

হ'লে কত হয় ; সে কোন কথা শুন্‌লে না, তোর যাওয়ার ত্'দিন পরে বাপের বাড়ী চলে' গেল, আর এ-মুখো হ'তে চায় না !"

আমি আশ্বস্ত হইলাম।

তার পরদিনই লোক পাঠাইলাম। চন্দননগর হইতে চুঁচুড়া অধিক দূর নয় ; দুই-তিন ঘণ্টার মধ্যে উন্মাদিনী আসিয়া সম্মুখে দাঁড়াইল। এ কি দৃষ্টি —শান্ত, নির্ম্মল, স্থির কটাক্ষ! পরিধেয় বস্ত্রখানিও নারীর পক্ষে সুশোভন নয়। রুক্ষকেশা, মলিনমুখী, অনিমিষ নয়নে তিনি অনেক ক্ষণ চাহিয়া রহিলেন। বোধহয় তিনি স্থির করিতে পারিতেছিলেন না—ইহা স্বপ্ন না সত্য! এই দেড় মাসের মধ্যেই আমার মহাযাত্রার সমাপ্তি হইল! এ আনন্দের আবেগ তিনি নীরবে ধারণ করিলেন, তারপর পায়ের ধূলা লইয়া বলিলেন "আর কোথাও যেতে হবে না তো!"

কথার মধ্যে জিজ্ঞাসার ভাব থাকিলেও, যেন ইহার ভিতর নির্দ্দেশসূচক একটা অব্যর্থ-শক্তি ছিল ; আমি বিহ্বল হইয়া বলিলাম "না, আর তোমার চিন্তা নাই ; আর কোথাও যাব না।"

তিনি হাসিলেন। মলিন ওষ্ঠে বিদ্যুৎরেখার মত তাহা তখনই মিলাইয়া গেল। আমি বলিলাম "দেহের প্রতি খুব অযত্ন করেছ দেখ্‌ছি!"

আবার সেই হাসি! আমার শরীরের দিকে চাহিয়া, তাঁহার নয়নে তৃপ্তির আলো ঝরিয়া পড়িল। দেহটা যে বেশ সারিয়া উঠিয়াছে, তাহা নিজেই বুঝিতেছিলাম, বলিলাম "নিশ্চয় তোমার রাগ হচ্ছে, দূরে কেমন করে' সুখে ছিলাম—কেমন নয়!"

তিনি ভ্রূকুঞ্চিত করিয়া বলিলেন "আসার আগে খবর দিতে বারণ আছে বুঝি!"

তিনি পথ-ক্লান্তি দূর করার আয়োজনে নিমগ্না হইলেন। বাড়ীতে আমার প্রস্থান-ব্যাপার লইয়া যে কাণ্ড বাধিয়াছিল, তাহা পরে শুনিলাম। তিনি সব জানেন, অথচ প্রকাশ করিতেছেন না—এই অভিযোগ পাড়া-প্রতিবাসী মিলিয়া এমন গুরুতররূপে উত্থাপন করিয়াছিল যে, তাঁর এখানে

তিষ্ঠান অসম্ভব হইয়াছিল। তিনি নীরবেই দুই দিন কাটাইয়াছিলেন, তারপর এখান হইতে দূরে থাকাই শ্রেয়ঃ করিয়াছিলেন।

তিনি যে কি ভাবে এই দেড মাস কাল কাটাইয়াছেন, তাহা তাঁহাকে দেখিয়া বুঝা গেল। এই দেড মাস তিনি দর্পণে মুখ দেখেন নাই, এক বেলার অধিক ভোজন করেন নাই, একাকী বসিয়া কেবল ভগবানের কাছে প্রার্থনা জানাইতেন—আমার কর্ম্ম ব্যর্থ না হয়। আপনার স্বার্থ লইয়া তিনি কোনদিন ঈশ্বরের দুয়ারে যাচ্ঞা করেন নাই।

এবার আসিয়া কাজেই অধিক মনোযোগ দিলাম। এই দেড মাসে কারবারের অবস্থা এমন হইয়াছিল যে, না দেখিলে আর টিকে না। আমায় দেখিয়া আমার গুপ্তচর বন্ধুগণ অবাক্ হইলেন। এইরূপ ফাঁকি দিয়া যাওয়ায়, তাহাদের যে কি দুর্গতি হইয়াছে, তাহা বলিয়া একজন তো কাঁদিয়াই ফেলিল! এই ভাবে দিন চলিতেছিল।

১৯১৪ খৃষ্টাব্দের অক্ষয়তৃতীয়া। গৃহলক্ষ্মীর এই বৎসরে ব্রত পূর্ণ হইবে। কয়দিন ধরিয়া অনেক যাচাযাচির পব দ্রব্যসামগ্রী সংগ্রহ করিয়া দিয়াছি। সবৎসা গাভীর অঙ্গে চন্দন ছিটাইয়া, তিনি তাহার মুখে দুর্ব্বাদল আঁটি বাঁধিয়া দিতেছেন। সম্মুখে ব্রাহ্মণপত্নীগণ পিঁড়ায় বসিয়া আছেন, সকলেরই চরণতল অলক্তরঞ্জিত। তাঁর করতল আল্‌তার রঙে রঞ্জিত, বুঝিলাম—এই চারুশিল্প তাঁর হাতেরই রচনা। নৈবেদ্য সজ্জিত। ব্রাহ্মণ মন্ত্রপূত করিয়া সদক্ষিণা প্রস্থান করিয়াছেন। শাশুডী-ঠাকুরাণী দুহিতার ব্রত পূর্ণ করার সাহায্যার্থে আসিয়াছেন: তিনি লুচির খোলা লইয়া বসিয়াছেন; আমায় দেখিয়া, মাথায় একটু কাপড় টানিয়া ব্রাহ্মণপত্নীদের সেবায় মন দিলেন। দ্বিপ্রহর অতীত হইয়াছে। বৈশাখের খরতাপে সব যেন ঝলসিয়া যাইতেছিল। আমি তাড়াতাড়ি তৈল মর্দ্দন করিয়া স্নান শেষ করিলাম, অলিন্দে গিয়া দেখিলাম —ভোজনের ব্যবস্থা নাই! তিনি কর্ম্মান্তরে থাকিলে, অনেক সময়ে

আমাকেই হাঁড়ীর কাণা ধরিয়া ভাত বাড়িয়া খাইতে হইত! আজও সেই অবস্থা ভাবিয়া রন্ধনশালায় উপস্থিত হইলাম—হরি, হরি, হেঁসেল শূন্য, অন্নব্যঞ্জনের চিহ্ন নাই! বাহিরে আসিয়া হতাশ হইয়া বলিলাম "ব্যাপার কি?"

তিনি অকস্মাৎ আমার গলার হাঁকুনী শুনিয়া বাহির হইলেন। শেষে একটা প্রকাণ্ড গণ্ডগোলের পর জানা গেল—বসিয়া-বসিয়া খাওয়া বন্ধ করার জন্য আমার বৌদিদি ঠাকুরাণী আজ হেঁসেল তুলিয়া নিজের ঘরে রাখিয়াছেন—আমার খাওয়া বন্ধ!

ক্রোধে সর্ব্ব-শরীর জ্বলিয়া গেল। সম্মুখে চাহিতেই তাঁর বিস্ময়দৃষ্টি আমার চক্ষে পড়িল। বিস্ময়ের সহিত এত বড় অত্যাচার আমি কি ভাবে গ্রহণ করি, তাহা দেখিবার জন্য তাঁর উৎকণ্ঠার সীমা নাই। আমি স্থির হইয়া এই অপমান সহিয়া লইলাম, স্থির হইয়াই তাঁহাকে গিয়া বলিলাম "তোমার ব্রত পূর্ণ হইয়াছে, আমায় আজ অন্ন দাও।"

সে চিত্র ভুলিতে পারি না; সে মূর্ত্তি মানবীর নহে। সে রৌদ্রকরোজ্জ্বল প্রশস্ত পরিষ্কৃত প্রাঙ্গণে গো, ব্রাহ্মণ, দেবতার সম্মুখে হাঁটু গাড়িয়া, আমার চরণে তিনি উপুড় হইয়া পড়িলেন। যখন তিনি উঠিলেন, মুক্তাফলের ন্যায় তাঁর চক্ষে অশ্রুবিন্দু গড়াইয়া পড়িতেছে। লুচির খোলা নামাইয়া, তিনি বিনীতভাবে ব্রাহ্মণপত্নীদের বলিলেন "মা, মনে কিছু ক'র না; একটু দেরী হবে, আমি ওঁর খাওয়ার ব্যবস্থা করে' দিই।"

কিন্তু কোন পক্ষকেই বিলম্ব করিতে হইল না। আমার শ্বাশুড়ী-ঠাকুরাণী মেয়েকে স্থির হইতে বলিয়া, অন্যত্র আমার জন্য বোক্‌না চড়াইয়া দিলেন। এক দিকে ব্রাহ্মণপত্নীরা ভোজনে বসিলেন; আর অন্য দিকে তাঁর পূজার নৈবেদ্যে পবিত্র হবিষ্যান্ন ভূর্জ্জপত্রে আমায় ক্ষুন্নিবৃত্তি করিতে ডাকিল। আমি অভাবনীয় আনন্দে আসনে উপবিষ্ট হইলাম। সম্মুখে সজল চক্ষে তিনি আমার দিকে চাহিয়া রহিলেন। হাতে তালবৃন্ত চলিতেছিল। আমি ভাবিলাম—আজ অন্নপূর্ণার হস্তে অমৃত-সেবন করিতেছি—আজ আমি ধন্য!

১৯১৪ খৃষ্টাব্দের অক্ষয়তৃতীয়ার সেই অন্নপূর্ণার রাজ্যে আজ আমিই অতিথি নই, সঙ্ঘের অসংখ্য নরনারী ভীড় করিয়া বসিয়াছে। একান্নবর্ত্তী পরিবারের স্বপ্ন আমি ভাঙ্গি নাই—একটি জাতির অখণ্ড অন্নক্ষেত্রের নূতন স্বপ্ন মূর্ত্ত করিয়া তুলিতেই বিধাতার ইচ্ছা সেদিন এমনই ভাবে লীলায়িত হইয়াছিল।

সেই ১৯১৪ খৃষ্টাব্দ হইতে সেদিন পর্য্যন্ত একদিনও আর মধ্যাহ্নভোজনকালে তাঁকে আর কোথাও দেখা যাইত না; সেই ব্যজনী হস্তে সম্মুখে বসিয়া, পাতে পাছে মাছি বসে, তাহার জন্য তিনি সতর্কা থাকিতেন। একদিনও তিনি সঙ্গ-ছাড়া হন নাই, মরণেও তিনি হৃদয় ভরাইয়া দিয়াছেন—কিন্তু আমারও কি অভিমান হয় না! এত প্রেম, এমন করিয়া কি ভাঙ্গিতে হয়! এত নয়নের সাধ, এমন করিয়াই কি ঘুচাইতে হয়! আজ তো আর তেমন করিয়া কাছে আসিয়া ব'স না। তোমার মেয়েদের হাতে ভার ছাড়িয়া নিশ্চিন্তা হইয়াছ। কিন্তু আমার কি তৃপ্তি আছে! আজ সতীহারা শিবের মতই এই বলিয়া সান্ত্বনা পাই:

"বিলপন্তং কথং দৃষ্টা কৃপা কস্য ন জায়তে।<br>
বিশেষতঃ পতিং বালে নমু ত্বমতিনির্ঘৃণা॥<br>
ত্বয়োক্তানি বচাংস্যেবং পূর্ব্বং মম কৃশোদরি।<br>
ত্বয়া বিনা ন জীবেয়ং তদসত্যং ত্বয়া কৃতম্॥"

***

যাহা কোন দিন ভাবি নাই, তাহাই হইল। আমার ভাগ্যে চিরদিনই এইরূপ হইয়াছে, আজও হয়। আমি মর্ম্মে-মর্ম্মে বুঝিয়াছি—মানুষ স্বেচ্ছাধীন নহে। সে যাহা চায়, তাহা যখন ঘটে, নিজেকে খুব বুদ্ধিমান্ বলিয়া মনে হয় —নিজেকে নিজের নিয়ন্তা মনে করিয়া অহঙ্কার বড় হইয়া উঠে। কিন্তু ইহার বিপরীত ক্ষেত্রে বুদ্ধিশক্তি ও অহমিকা কোথায় তলাইয়া যায়, তখন আর কিছু খুঁজিয়া পাওয়া যায় না। সীমাহীন সংসার সমুদ্রে নিরুপায় আরোহী কর্ণধারের দিকেই চাহিয়া বলে—তুমিই পারের কর্ত্তা। মাথা নত হয়, চক্ষে তখনই অশ্রু ঝরিয়া পড়ে। অকস্মাৎ সংসার হইতে বিচ্ছিন্ন হইয়া আমার এই অবস্থাই হইল। মূহুর্ত্ত পূর্ব্বেও ভাবি নাই যে. একান্নবর্ত্তী পরিবারের বন্ধন ছিন্ন করিয়া স্ত্রীকে লইয়া আমার এমনভাবে নিরাশ্রয় হইতে হইবে। অলক্ষ্যে ভাগ্যবিধাতা যে এত বড় জীবনাঙ্কের সূচনা করিতেছিলেন, তাহা কিছুই আমি জানিতে পারি নাই। বরং দৃঢ় সঙ্কল্প ছিল যে, আমি নিঃসন্তান হইলেও, অগ্রজের সংসারটীকে গুছাইয়া তুলিব। সে সঙ্কল্প চিরদিনের জন্য ব্যর্থ হইল। অক্ষয়তৃতীয়ায় গৃহলক্ষ্মীর ব্রতপূর্ত্তি যে আশীর্ব্বাদ নামাইয়া আনিল, আমি তাহা মাথা পাতিয়া লইলাম। আমাকে অগ্রজের সহিত যুক্ত পরিবার হইতে স্বতন্ত্রই হইতে হইল।

রাত্রে নিদ্রা হইল না। সে যে কি দুর্ভাবনা, তাহা বলিয়া বুঝান যাইবে না। সে দিনের কথা ভাবিয়া আজ হাসিয়া আকুল হই ; কিন্তু সে দিন এই দু'টী প্রাণীর অন্নসংস্থানের দুশ্চিন্তায় আমি যে অত্যন্ত কাতর হইয়া পড়িয়াছিলাম, সে কথা আজও ভুলিতে পারি নাই। গৃহদেবী আমার অবস্থা দেখিয়া বার-বার বলিয়াছেন—"রাগের মাথায় যাহা হইয়া গিয়াছে, তাহাই যে চিরস্থায়ী ব্যবস্থা, এমন কথা মনে করিয়া দুঃখ করিও না। কাল সকালেই

আবার যেমন ছিলে, তেমনই হইবে। ভাশুরও তোমায় ছাড়িবেন না। তুমি ঘুমাও, ভাবিও না।”

তিনি যত সান্ত্বনা দেন, যত আশা দেন, সে দিন কিন্তু মন আর কিছুই মানিতে চাহে নাই। বহু বার অনেক কিছু হইয়াছে, তাহাই চরম হইয়া থাকে নাই; ঘটনার সংঘাতে ক্ষেত্র হইতে ক্ষেত্রান্তরে গিয়া উপস্থিত হইয়াছি, আবার পূর্ব্ব ক্ষেত্রে ফিরিতে হইয়াছে। অদ্যকার ঘটনারও যে সেইরূপ পরিণতি হইবে না, এমন ধারণা মনে দৃঢ় হইতেছিল না। কিন্তু কে যেন অন্তর-বীণায় আঘাত দিয়া বার-বার ফুকারিয়া বলে—‘আর তোমার ফেরা হইবে না, আজি হইতে যাত্রা তোমার নূতন পথে!’ এই সঙ্গীত হৃদয় শীতল করে না, সেখানে জ্বালা-সৃষ্টিই করে। প্রথমেই মনে হয়—নূতন সংসার দুইজন প্রাণী লইয়া হইলেও, তাহার জন্য যে প্রয়োজনীয় অর্থ, তাহা আমি কোথা হইতে পাইব? দ্বিতীয় চিন্তা—শ্রীঅরবিন্দের। পণ্ডিচারীতে উপস্থিত হইয়া তিনি কোন এক ব্যক্তির নিকট হইতে কিছু টাকা পাইয়াছিলেন। দুই বৎসর তাহাতেই চলিয়াছিল। ১৯১৩ খৃষ্টাব্দে তিনি অভাবের পাষাণঘর্ষণে কি কঠোর তপশ্চরণ করিয়াছিলেন, সে কথা পূর্ব্বেই বলিয়াছি। ১৯১৪ খৃষ্টাব্দ হইতে প্রতি মাসে আশী টাকা পাঠাইলেই তিনি দিন চালাইয়া লইবেন, এই ব্যবস্থা হইয়াছিল। বৎসরের প্রথম তিন মাস কোনরূপে চলিয়াছিল। এপ্রিল মাসের চিন্তায় মাথা আমার ভারী হইয়াছিল। তাহার উপর এখন নিজেই বিপন্ন হইয়া পড়িলাম! দুর্ভাবনার মাত্রা এই জন্য অনেখানি বাড়িয়া উঠিল। তাহার উপর আবার দাদার সংসারটীর ভবিষ্যচ্চিন্তায় আমার সর্ব্বশরীর অবশ হইয়া পড়িতেছিল। অগ্রজের সাহচর্য্যে আমার জীবনযাত্রা সহজগতি ছিল বটে, কিন্তু আমার অভাবে সে সংসারটী যে অচল হইয়া পড়িবে, এই বিষয়ে আমার সংশয় ছিল না। আপনার জনের প্রতি মমতার দৃঢ় শৃঙ্খল বিধাতা সে দিন হাতুড়ির আঘাত দিয়া ভাঙ্গিতেছিলেন, আমি তাহা বুঝি নাই। বৌদিদির দুর্ব্ব্যবহার হেতু অগ্রজের প্রতি কর্ত্তব্যের ত্রুটি হইবে এবং তাহাতে পিতৃকুল উৎসন্ন যাইবে, আমি কেমন করিয়া নিশ্চেষ্ট থাকিব—এইরূপ অন্তর-দ্বন্দ্বে হৃদয় আমার

ভাঙ্গিয়া পড়িতেছিল। স্বামী-স্ত্রী উভয়েই অনিদ্রায় রাত্রি যাপন করিলাম। প্রাতঃকালে তিনি শয্যাত্যাগ করিয়া বলিলেন "কাল যে কাণ্ড হইয়াছে, আজ হঠাৎ সংসারের কাজে নামিলে টিট্‌কারী কম হইবে না। আমার দুঃখের চেয়ে তোমার প্রতি সকলের যে অনাস্থা হইবে, তাহা আমি সহ্য করিতে পারিব না। এখন কি করিব, তুমিই বলিয়া দাও।"

আমি অসহায়ের মত তাঁহার মুখের দিকে চাহিলাম। ক্লান্তির কালিমায় মুখখানি মলিন হইয়া গিয়াছে। আমার দুশ্চিন্তার গুরুভার যেন তিনি সারা রাত্রি গ্রহণ করার চেষ্টা করিয়া শ্রান্তিতে ঢলিয়া পড়িয়াছেন। কাল যে গর্ব্বে ও আনন্দে ব্রতপূজার উপকরণগুলি সংগ্রহ করিয়া আমার ক্ষুন্নিবৃত্তি করাইয়াছেন, কাল অন্নপূর্ণার সেই বিজয়িনী মূর্ত্তি দেখিয়া আমার চক্ষে যে উৎসাহের আলো তাঁহাকে উদ্বুদ্ধ করিয়াছিল, এই এত বড় বাস্তব ব্যাপারটা এক রাত্রের মধ্যেই স্বপ্নের মত মিথ্যায় পরিণত হইবে, এই কথা ভাবিয়া লজ্জায় আমার চক্ষুঃ নত হইল। তিনি বলিলেন "আমি জানি—তুমি তেমন শক্ত মানুষ নও। রাগের মাথায় এমন কাণ্ড করিয়া ফেল—তাল সামলাইতে আমার প্রাণ যায়। সংসারের কাজে এখনই গিয়া লাগিতে লইবে। কিন্তু আবার যদি তোমার মন বিগড়ায়, সে কেলেঙ্কারী আমার সহ্য হইবে না। ঠিক করিয়া বল—আমি কি করিব?"

কল্যকার অত বড় ব্যাপার আমরা দুটি প্রাণী যত বড় করিয়া লইয়াছি সংসারে কেহই উহা তেমন আমলে আনে নাই। ছোট-বৌয়ের ঘর হইতে বাহির হওয়ার বিলম্ব দেখিয়া, পরিবারের অন্যান্য লোকেরা যথারীতি তাঁর প্রতি শ্লেষবাক্যই প্রয়োগ করিতেছিল। 'তাঁহার জন্য নির্দ্দিষ্ট সংসারের কাজ কে করিবে,' বলিয়া উচ্চ কণ্ঠে নানা জনে নানা প্রশ্ন করিতেছিল। তিনি আমার দিকে সজল নয়নে চাহিয়া কাকুতি-বাক্যে প্রশ্নের পর প্রশ্ন করিতেছিলেন "কি করিব, ঠিক করিয়া বল?" তিনি অতিশয় সুখের সময়ে এবং অতিশয় দুঃখ উপস্থিত হইলে, প্রায়ই ব্যঙ্গশ্লোক উচ্চারণ করিতেন "মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত"। এ ক্ষেত্রেও তাই হইবে কি না, জানিবার জন্য তিনি অত্যন্ত ব্যগ্রতা

প্রকাশ করিতেছিলেন। এমন সময়ে বৌদিদির সদর্প কণ্ঠ পরিশ্রুত হইল—কর্ণে নিষ্ঠুর বজ্রের মত উহা বিঁধিল। বৌদিদি বলিতেছিলেন "কাল তো খুব গৃহিণীপণা করিয়া, আড়ম্বরে রাঁধিয়া খাওয়া-দাওয়া হইল। জিনিষ-পত্র কোথা হইতে আসিয়াছে—আজ চলুক না, কতটা বাহাদুরী দেখা যাক।"

বিস্ফারিত, সজল, সমুজ্জ্বল চক্ষে নির্ব্বাক্ প্রতিমা যেন চাবুক মারিয়া বলিতেছিল "এত অপদার্থ তুমি, তুমি কি পুরুষ নহ? তোমার শ্রমের কি মূল্য নাই? তোমার আশ্রয়ে আমি কি সত্যই অসহায়া?" আমার বুকে শিবের বিষাণ গর্জ্জন তুলিল। আমি বলিলাম "আজ তোমায় নিশ্চয় বলি, আর আমি ফিরিব না। বাহির হইতেছি, দুইজন হইলেও, অর্থের প্রয়োজন—দেখি কি ব্যবস্থা করিতে পারি!" তিনি আমার স্কন্ধে হস্তার্পণ করিয়া বলিলেন "এখনই অর্থের জন্য তোমায় বীরত্ব দেখাইতে হইবে না। ইহার জন্য স্থির হইয়া পরামর্শ করিতে হইবে।" আমি বলিলাম "অদ্যই যে আমাদের অন্নচিন্তা চমৎকার, আজিকার ব্যবস্থাই বা কি হইবে?"

তিনি হাসিয়া বলিলেন "ভোলানাথের সংসার কি-না, আমায় একটু ভাবিতে হয়! যদি তোমার স্বতন্ত্র সংসারই করিতে হয়, দুই-তিন দিন না ভাবিলেও চলিবে। তবে একটা কিছু স্থির করিতে হইবে। কিন্তু কথা ঠিক তো?'

আমি তাঁহার পৃষ্ঠ বেষ্টন করিয়া বলিলাম "অন্তর্য্যামী বলিতেছেন—আর ফেরা হইবে না।"

তিনি আজ একাশ্রয়িনী হইয়া, একজনের মুখ চাহিয়া ঘর হইতে অতিশয় দর্পের সহিত বাহির হইলেন। মুক্তির দীপ্তি তাঁর বদনমণ্ডল উদ্ভাসিত করিয়া তুলিয়াছিল।

বাঁধন সহজে টুটে না। প্রতিদিন দাদা আসিয়া ডাকিতেন। তিনি স্বপ্নেও ভাবিতে পারেন নাই—কোন কারণে আমি তাঁহা হইতে ভিন্ন হইব। তিনি এ বিষয়ে অসম্ভব রকমেই উদাসীন ছিলেন। আমাদের প্রতি

অত্যাচারটা কতখানি হইতেছে এবং আহা যে আমাদের সহিষ্ণুতার সীমা ক্রমেই ছাড়াইয়া উঠিতেছে, আমরা যে আজ মুক্তির জন্য বন্ধনগ্রন্থি একেবারেই শিথিল করিয়া ফেলিয়াছি, ইহা তিনি আমলেই আনিতে চাহেন না। কাজ-কর্ম্মের ক্ষতি হইতেছে, ছোট-বৌমা বড় বাড়াবাড়ি আরম্ভ করিয়াছেন—এমনই অভিযোগ মৃদু কণ্ঠে উচ্চারণ করিয়া, তিনি আমায় পূর্ব্বের মতই পাইবার চেষ্টা করিতে লাগিলেন। আমি তাঁহাকে এড়াইয়া চলিলাম। এই ভাবে তিন দিন অতিবাহিত হইবার পর, বিষয়টা পিতৃদেবের কর্ণে গিয়া পৌছিল। তিনি বর্ত্তমান থাকিতে ছোট-বৌয়ের প্ররোচনায় আমি এই সংসারে স্বতন্ত্র হাঁড়ী কাড়িয়াছি, এই তথ্য জানিতে পারিয়া, তিনি হুতাশনের ন্যায় জ্বলিয়া উঠিলেন। আমায় ডাকিয়া তিনি সকল কথা শুনিলেন, তারপর মাথা নাড়িতে-নাড়িতে বলিলেন "তোমার মত বুদ্ধিমান্ ছেলে, মেয়ে-মানুষের কাণ-ভাঙ্গানী শুনিবে, এমন ধারণা আমার ছিল না। আমি স্রেফ্ বলিয়া দিতেছি—যদি সংসার ভাঙ্গার ইচ্ছাই থাকে, এখনও আমি বাঁচিয়া আছি, এ বাড়ী আমার, তুমি আমার ত্যাজ্য-পুত্র হইবে।"

কথাটা খুব গুরুতর বটে, কিন্তু আমার প্রাণে কোন আঘাত বাজিল না। আমি বিনা বাক্যব্যয়ে তাঁহার নিকট হইতে চলিয়া আসিলাম। পিতার উচ্চ বাক্য পত্নীর কাণে গিয়া পৌছিয়াছিল, তিনি বলিলেন "এইবার জব্দ হইবে তুমি। আমি কিন্তু আর কালি-মুখ লইয়া সংসারে ফিরিব না।"

আমি বলিলাম "বাবার রাগ খড়ের আগুনের ন্যায়—দপ করিয়া জ্বলে, উহা আবার নিভিয়া যাইবে। তুমি চিন্তা করিও না। ফেরা আমার অসম্ভব।"

দিন যায়, রাত্রি আসে। প্রায় এক সপ্তাহ অতিবাহিত হইল। আমাদের অবস্থা দেখিয়া ক্রমে সকলে নীরব হইল। সংসারে এমন নিত্য ঘটিতেছে। এই ঘটনা কিছু অস্বাভাবিক নহে। যিনি এই সংসারে ধাত্রী-স্বরূপা আমাদের পালন করিয়াছিলেন, তিনি আর আমাদের ফিরিবার ইচ্ছা নাই বুঝিয়া, সংসার হইতে কয়েকখানা বাসনপত্র সংগ্রহ করিয়া দিলেন—আপত্তি উঠিলে, বলিলেন "বাপ এখনও বাঁচিয়া আছেন। সংসারের সব কিছুরই অর্দ্ধেক অধিকার

তোমাদেরও আছে।" তাঁহার সে স্নেহের কথা স্মরণ করিয়া, সে দিনের মত আজও আমার হৃদয় আর্দ্র হইয়া উঠে।

সাধন বেশ জমিয়া উঠিল। কোন কাজ নাই—আহার, নিদ্রা আর ধ্যান। শ্রীঅরবিন্দের কৃপায় আসন ছাড়িয়াছি, প্রাণায়াম ছাড়িয়াছি, মন্ত্রাদি জপেরও বালাই নাই। গতানুগতিক ধর্ম্মানুষ্ঠানের ত্রিসীমায় যাইতে হয় না। পূর্ব্ব-সাধনার সঙ্কেতে মূলাধার হইতে দ্বিদল চক্রে কুণ্ডলিনীশক্তিকে উঠাইয়া সহস্রারে পৌছাইবার রেচক, পূরক, কুম্ভকের যে বাড়াবাড়ি ছিল, তাহাতে সময় যাইত, কসরৎও বড় কম হইত না। খাদ্যাদির বিচারও আজ নাই। এই কয়দিন বেশ আনন্দেই অতিবাহিত হইল। শ্রীঅরবিন্দের ভাষায়, দ্বিদল চক্র বুদ্ধির কেন্দ্র। অনাহত, মণিপুর ও স্বাধিষ্ঠান যথাক্রমে মন, চিত্ত ও প্রাণ। মূলাধার স্থূল আধারকেন্দ্র। সারা জীবনটাই যোগ। অন্তর-সাধনায় ডুবিয়া গেলাম। গীতার "যদশ্নাসি, যৎ করোষি" মন্ত্রটী অনুভূতির গ্রামে উঠিল। চলিবার সময়ে পদক্ষেপটিও কে যেন নিয়ন্ত্রিত করে; অন্নগ্রাস লইয়া হাতটীও মুখে উঠে তৃতীয়শক্তিসহায়েই, বুদ্ধি লইয়া ইহাই চিন্তা হয়। হৃদয়ে প্রেমের ঢেউ উঠে, প্রাণে কর্ম্ম-প্রেরণা জাগে। আমার কর্ত্তৃত্ব সেখানে কিছু নাই, শুধু বসিয়া-বসিয়া দেখি। আসনসিদ্ধি পূর্ব্ব হইতেই ছিল—নৈষ্কর্ম্যে শয়নের অপেক্ষা পদ্মাসনে বসিয়া অধিক আনন্দ পাই। নিরবচ্ছিন্ন 'আমি' ও 'তুমি' এই দুইয়ের চেতনায় আমার সব ডুবিয়া যায়। সে এক অপার্থিব আনন্দ—আজিও আয়ুঃ ও স্বাস্থ্য হইয়া ইহা আমায় পুলকিত করে!

এমন করিয়া চিরদিন যে চলিবে না, এ কথা এই কয় দিনের অন্তর-সাধনায় একেবারেই ভুলিয়া গিয়াছিলাম। পূর্ব্ব হইতেই বহির্ব্বাটীটী আমারই অধিকারভুক্ত হইয়া পড়িয়াছিল। স্বতন্ত্র হইয়া সে অধিকার আরও অক্ষুন্ন হইল। সংসার হইতে পরিত্যক্ত এই দুইটী প্রাণীর মুখদর্শনে কাহারও প্রবৃত্তি ছিল না। কাজেই এইদিকে আর কেহ আসিতেন না। দালানের পাশে

সেই ক্ষুদ্র কক্ষটী—কারখানার চেয়ার-টেবিলের গুদামে যেখানে শ্রীঅরবিন্দকে একদিন লুকাইয়া রাখিয়াছিলাম, সেই ঘরটী সংস্কৃত করিয়া সাধন-ভজনের জন্য ব্যবহার করিতাম। অন্ধকার থাকিতে-থাকিতে এই ঘরে আসিয়া ধ্যানে বসিতাম। সূর্য্যালোকে চতুর্দ্দিক্ আলোকিত হইলে, তিনি মধ্যপথে একটী দরজার কড়া ধরিয়া মৃদু শব্দ তুলিতেন, উহাই প্রাতরাশের, মধ্যাহ্নভোজনের এবং নৈশভোজনের আহ্বান জ্ঞাপন করিত। নির্ব্বিকার চিত্তে তাঁহার শ্রদ্ধার্ঘ্যে পরম পরিতোষে ক্ষুন্নিবৃত্তি করিতাম। পৃথিবী আমার নিকট শূন্য হইয়া গিয়াছিল। ধ্যান-নেত্রে দেখিতাম—আমি আর আমার সহধর্ম্মিণী, এতদ্ব্যতীত কিছু নাই। আর দূরে সে এক জ্যোতির্ম্ময় মণ্ডলে শ্রীঅরবিন্দের প্রসন্নমূর্ত্তি। আর সেখানে কত রূপের তরঙ্গ-লীলা! কত সময় অপ্রাকৃত দর্শনের ভিতর দিয়া অতিক্রান্ত হইত; আর কত সময় নিজের অভ্যন্তরে জ্ঞানের, প্রেমের, কর্ম্মের লীলা-প্রেরণা লক্ষ্য করিয়া অতিবাহিত হইত। এ সুখ, এ তৃপ্তির অবধি ছিল না। আমার প্রসন্ন-গম্ভীর মুখ তাঁহাকে তৃপ্তি দিয়াছিল। তাঁহার মুখের দিকে চাহিলে, আমার অন্তরের আনন্দ গুণান্বিত হইয়া উঠিত। দিন এমন করিয়া কিন্তু চলিল না। মধ্যাহ্নে ভোজন শেষ হইলে, তিনি কথা পাড়িলেন, বেশ একটু মিষ্ট হাসিয়া বলিলেন "সে রাত্রে বিছানায় পড়িয়া দুর্ভাবনায় কত না ছট্‌ফট্ করিয়াছিলে! সংসারের দুর্ভাবনা দূর হইয়াছে তো?"

সে দিন পর্য্যন্ত কত প্রকারের দায়িত্ব যে ঘাড়ে চাপিয়া আমায় পিষিয়া মারিতেছিল, সে কথা স্মরণে পড়িল। ব্যবসা-বাণিজ্যের দুশ্চিন্তা, তদুপরি আয়ের চেয়ে ব্যয়ের মাত্রাধিক্য ছিল সংসারে—এই দুই বিরোধী অঙ্কের সামঞ্জস্য আমারও কি অসাধারণ প্রচেষ্টাই না করিয়াছি! নানা কারণে ঋণের গুরুভারও মাথার উপর কম ছিল না। বিপ্লব-যুগের ইতিহাসও মর্ম্মে-মর্ম্মে গড়িয়া উঠিতেছিল। প্রতিদিন বিপদের আশঙ্কায় সর্ব্বশরীর শিহরিয়া উঠিত। এই সব হইতে এই কয়দিন যেন মুক্তি পাইয়াছি। শরীর ও মন বেশ লঘু হইয়াছে। দায়িত্বহীন মুক্ত জীবনের অমৃতাস্বাদে শ্রী ও যৌবন আমাকে যেন

নূতন করিয়া বরণ করিয়াছে। আমার মুখের দিকে চাহিয়া তাঁরই নয়নের আলোয় আমার প্রতিবিম্ব ভাসিয়া উঠিত—আনন্দের অবধি থাকিত না।

তিনি যে সকল কথা পাড়িলেন, তাহাতে পূর্ব্ব-চেতনায় আবার ফিরিয়া আসিলাম। সব যেন ডুবিয়া গিয়াছিল, আবার সব ভাসিয়া উঠিল—নূতন ভঙ্গীতে, নূতন ছন্দে। আমি সবিস্ময়ে বলিলাম "এই কয়দিন আমি যেন কি হইয়াছি! কেমন করিয়া দিন চলিয়াছে, একবারও ভাবি নাই। বল তো কি ব্যাপার?"

তিনি হাসিয়া বলিলেন "আমি যদি মেয়ে-মানুষ না হইতাম, তোমায় আর দুর্ভাবনার ক্ষেত্রে টানিয়া আনিয়া দুঃখ দিতাম না। অনেক বার ভাবিয়াছি, কথাটা পাড়ি; কিন্তু তোমার মুখখানিতে এই কয়দিন যে সুখের রং দেখিয়াছি, তাহা পাছে মুছিয়া যায়, তাই কিছু বলি নাই। কিন্তু আর যে চলে না—দুঃখ তোমায় দিতেই হইল!"

একজনের কর্ত্তব্য অন্যকে বহিবার শক্তি ভগবান দেন না। নিজের মধ্যে যে নারায়ণ, তাঁর জাগরণ-ভঙ্গী সর্ব্বক্ষেত্রে এক প্রকারেরও নহে। আমি অধ্যাত্ম-সাধনায় তন্ময় হইয়া থাকিব, আমার জীবনযাত্রা-নির্ব্বাহের জন্য আমার শক্তিব অনুশীলন আমি করিব না—এমন ভাগ্য আমার নহে। সেদিনও যেমন, আজও তাহার ব্যত্যয় হয় নাই। আমি খবর লইয়া জানিলাম - আমার শাশুড়ী ঠাকুরাণী আমাদের অবস্থা বুঝিয়া পাঁচটী টাকা দিয়া গিয়াছিলেন। এই কয়দিন তাহাতেই সব কিছু চলিয়াছিল। কিন্তু বাজার-হাট করিল কে? সন্তান-প্রতিম সে ব্যক্তি প্রতিদিনই আমার চক্ষের সম্মুখে ঘুরিয়া বেড়ায়। তাহার আনাগোনার কারণও মনে যে প্রতিবিম্বিত হয় নাই, তাহাও নহে। কিন্তু সাধনার গভীরতায় চিত্তে উহা রেখাপাত করে নাই। আমার এই নব-সংসার-রচনার সূচনা-পর্ব্বে শ্রীমান্ রামেশ্বর দের নাম শুধু উল্লেখযোগ্য নহে, সঙ্ঘের ইতিহাসের একটী যুগে চিরস্মরণীয় হইয়া থাকিবে।

স্বদেশী যুগ হইতে শ্রীঅরবিন্দের যুগ পর্য্যন্ত যে সকল তরুণের জীবন আমাকে কেন্দ্র করিয়া গড়িয়া উঠিতেছিল, রামেশ্বর তাহাদের অন্যতম।

বলিলাম "সংসারে যেমন আর ফিরিব না, তেমনি চাকুরীর দিকেও আর নয়। একটা ব্যবসায়ই করি, কি বল?"

তিনি বলিলেন "ব্যবসা করা তোমার পক্ষে আর সম্ভব মনে হয় না।"

কথাটা ভাবিবার মতই তখন মনে হইয়াছিল। আমার মনে কিছুই করিবার আর নাই। সম্মুখে ঠিক অন্ধকার-যবনিকা ঝুলিয়া না পড়িলেও, একটা বিরাট্ শূন্যের সম্মুখে যেন আসিয়া উপস্থিত হইয়াছি। এই অবস্থায় কিছু করা যায় না। তবু বলিলাম "খুব ছোট্ট একটী ব্যবসা করিব। ২০।২৫৲ টাকার মত আয় হয়—এমন ব্যবসা।"

তিনি জিজ্ঞাসা করিলেন "ব্যবসাটা কি?"

কয়েক বৎসর ব্যবসার ক্ষেত্রে থাকিয়া অনেক ছোট-ছোট কারবারে মানুষের দিন চলে দেখিয়াছি।

আমার মনে হইল—দুই-এক ওয়াগন কয়লা আনিয়া যদি বিক্রয় করি, ২০৲।২৫৲ টাকা রোজগার অনায়াসেই হইবে।

তিনি আমার কথা শুনিয়া বলিলেন "তাহার জন্য তো টাকার দরকার? শ্রমও বড় কম হইবে না। তুমি যে মানুষ, দুই দিনেই পুঁজি-পত্র নষ্ট করিয়া ফেলিবে।" দেখিলাম—তাঁহার ইচ্ছা ব্যবসায়ের দিকে আদৌ নাই। অথচ চাকুরীর কথা স্মরণ করিলেই আমার সর্ব্বশরীর শিহরিয়া উঠে। আমরা দুই জনে অনেক ক্ষণ পরামর্শচ্ছলে তর্ক-বিতর্কের পর স্থির হইল—যাহা করিবার, আজই নিশ্চয় করিয়া লইব। তিনি তর্ক বন্ধ করিয়া চুপ করিলেন।

সেই ছোট ঘরখানিতে আসিয়া বসিলাম। বসিলাম আজ এই প্রথম—অন্তর-দেবতার বাণীশ্রবণের জন্য। আজ যেন আমার সমস্তখানি এক হইয়া প্রার্থনা সুরু করিল—প্রত্যাদেশের প্রতীক্ষায়। উর্দ্ধে চাহিয়া যুক্তকরে অন্তরে-অন্তরে বলিতে লাগিলাম "হে ঈশ্বর, তোমার ইচ্ছা আমার কাছে আজ বাণীরূপে নামিয়া আসুক। সর্ব্বতোভাবে আত্মসমর্পণের সঙ্কল্প পদে-পদে বুঝি ব্যর্থ হয়। নিজের অহঙ্কারই চিন্তা করে, কর্ম্ম করে।" নিজের তাহার জন্য দায়ী—ঈশ্বরের নামাঙ্কিত করিয়া আত্মপ্রসাদ

লাভ করি। হে ভগবান্, আজ আমায় মুক্তি দাও। তুমি বল—আমি কি করিব ?"

জীবনে এই প্রথম ডাকিয়া সাড়া পাইলাম। নাসাগ্রে দৃষ্টি রাখিয়া, পদ্মাসনে বসিয়া অর্দ্ধনিমীলিত নেত্রে কত দীর্ঘ সময় একাগ্রচিত্ত হওয়ার সাধনা করিয়াছি, কত রাত্রি নির্ব্বাত জলন্ত দীপালোকের দিকে চাহিয়া চঞ্চল মন স্থির করার জন্য ত্রাটক অভ্যাস করিয়াছি! মন্ত্র জপ করিতে-করিতে চিত্ত আমার ঘুমাইয়া পড়িয়াছে। নিদ্রোত্থিত ধ্যান-ভঙ্গে একটা আরাম অনুভব করিয়াছি। কিন্তু আজ এই ভবিষ্যতের দিকে ঈশ্বরের নির্দ্দেশ-প্রাপ্তির প্রার্থনায় হৃদয়-মন এমন এক অভিনব আনন্দে অভিষিক্ত হইল, যাহা ভাষায় ব্যক্ত হইবে না। চক্ষে পুলকাশ্রু, সমস্ত মেরুদণ্ডটা স্থির অকম্পিত! চাহিয়া আছি, কিন্তু দৃশ্যমান কিছুই নাই। আত্মচেতনা আছে, শরীরের স্থূলানুভূতি নাই। একটা জ্যোতির্ম্ময় জগতে যেন আসিয়া উপনীত হইয়াছি। তারপর হাতখানা কে যেন জোর করিয়া তুলিয়া ধরিল, লেখনী হস্তে ধরাইয়া পরিষ্কার প্যাডের উপর এক ছত্র লেখা বাহির হইল "Wait, all will come"

চমক ভাঙ্গিয়া গেল। স্বপ্নোত্থিত চিত্তে কাগজের লেখাটুকুর দিকে চাহিয়া-চাহিয়া সঠিক কর্ম্ম-নির্দ্দেশ মিলিল না। অপেক্ষার সঙ্কেত—আর সব আসিবে। ভাল তাহাই হইবে। কি সব আসিবে ? দুঃখ, দৈন্য, দারিদ্র্য—ব্যাধি, অনশন, মৃত্যু—লজ্জা, লাঞ্ছনা, অপমান! ধৈর্য্য-সহকারে সব বরণ করিয়া লইতে হইবে ? আমি চিরদিনই জীবনের সম্মুখে বিপদের অন্ধকারই ঘনাইয়া আসিবে দেখিয়া থাকি, সুখের কল্পনা কোনদিন করি না। দুঃখের অপেক্ষা সুখের ভার-বহন অভ্যাসগুণে অধিক সহজ-সাধ্য হয়। দুঃখের জন্য কায়-মনে-প্রাণে প্রস্তুত হইয়াই আছি। সুখের প্লাবনে কিন্তু অভিষিক্ত হই। দুঃখ অপ্রস্তুত ক্ষেত্র নহে বলিয়া আমায় বিচলিত করে না। আজ সব কিছুর প্রতীক্ষায় দুঃখের স্বপ্নই চিত্রিত করিলাম। ব্যবসায়ও নহে, চাকুরীও নহে—অপেক্ষমাণ জীবন লইয়া আমি স্থির হইয়া থাকিব। সব আসিবে; আমায় প্রস্তুত থাকিতে হইবে।

দরজার কড়া-নাড়ার শব্দে ধীর প্রশান্ত চিত্তে তাঁহার সম্মুখে গিয়া উপস্থিত হইলাম। শিশু কন্যাটীর মৃত্যুর পর হইতে আমার সেবার ভার সর্ব্বপ্রকারেই স্বহস্তে তিনি গ্রহণ করিয়াছিলেন। রন্ধন, পরিবেশন, গৃহ-মার্জ্জন, শয্যা-রচনা—যাবতীয় কর্ম্মের সহিত আমাকে তিনি স্বহস্তে তৈল মাখাইয়া স্নান করাইয়া দিতেন। অন্যের চক্ষে ইহা কিরূপ ঠেকিবে, সে বিচারের অবকাশ আমার ছিল না! জীবন-যাপনের ব্যবস্থায় আমি তাঁর হাতের পুতুল ছিলাম। অন্তর-প্রেরণা বলিয়া যাহা অনুভূত হইত, সেখানে ছিলাম আমি নিঃসঙ্গ—এই অবস্থায় তাঁহাকে আমার অনুসরণ করিতে হইত। জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে এই ক্ষেত্রে তাঁহাকে সব ছাড়িয়া ছুটিতে হইত। অনুগমনের অনভ্যাসে তাঁর চরণ বুঝি রক্তাক্ত হইত। যেখানে আমি অস্পষ্ট হইতাম, সেখানে তাঁহার চক্ষে অশ্রুর নির্ঝর ঝরিত। আজ আমার প্রশান্ত-গম্ভীর ভাব দেখিয়া, তাঁহার কৌতুকপ্রিয় আঁখিযুগল স্থির-চকিত হইয়া আমার অন্তর-দেশ দেখার চেষ্টা করিল। কত কি তিনি মনে করিলেন, ভাবিলেন, তাহার ইয়ত্তা নাই। আমি সেদিন মূক, মৌন, উদাসীনের ন্যায় স্নানাহার সারিয়া, আবার সেই ক্ষুদ্র কক্ষে গিয়া স্থির হইয়া বসিলাম। যেন মনে হইতেছিল—এতদিন অধ্যাত্ম-সাধনার অভিনয় চলিতে ছিল। আমিই যন্ত্র ও যন্ত্রী সাজিয়া সাধন জমাইয়াছিলাম। আজ কিন্তু আমা ছাড়া আর কেহ যেন আমায় পাইয়া বসিয়াছে। ইহা কোন মতেই অস্বীকার করা যায় না।

আজ সত্যই আমি কর্ত্তা নহি; এ ঘর গুছাইবার, গড়িবার ভার আমার নহে। আমি একটা শূন্য-চেতনা। অন্যের নিয়ন্তৃত্বের ভঙ্গী লক্ষ্য করিতেছি মাত্র; সারা অপরাহ্ণ এইরূপ তন্ময় হইয়াই কাটিয়া গেল। প্রকৃতি সন্ধ্যার ধূসর বর্ণ আকাশে লেপিয়া দিল। ধীরে-ধীরে অন্ধকার গৃহ-কোণে জমা হইতে লাগিল। গৃহস্থের বাড়ী হইতে সন্ধ্যার শঙ্খধ্বনি উঠিল। সন্ধ্যা-প্রদীপ হস্তে তিনি আমার গৃহ-মধ্যে প্রবেশ করিলেন—ধূপ-ধূনা জ্বালিয়া পূতগন্ধে গৃহ আমার আমোদিত করিলেন। আর শেষে নিস্তব্ধ-নিশ্চল-মূর্ত্তি আমারি চরণে ভূনত প্রণাম করিয়া, তিনি সম্মুখে স্থির হইয়া বসিলেন। অভাবের মলিন তির্য্যক্

রেখা-চিহ্ন তাঁহার ললাটে লেশমাত্র নাই। উজ্জ্বল দীপালোকে তাঁহার ভাস্বর বদনমণ্ডলে অপূর্ব্ব দীপ্তির ছটা। আজ তিনিও কি মুক্তির মন্ত্রে অভিষিক্তা? আমার হৃদয়ের অনবদ্য অনুভূতির প্রতিমা যেন সম্মুখে বসিয়া আমার চৈতন্য গড়িয়া লইতে লাগিল। সে দেবী-মূর্ত্তির দিকে চাহিয়া-চাহিয়া, তাঁর প্রণতির প্রতিদান দিবার জন্য আমার মেরুদণ্ড ভাঙ্গিয়া প'ড়িতেছিল। সেই সন্ধ্যার এই অন্তরানুভূতির কথা আমি আজিও ভুলিতে পারি নাই।

এই স্বপ্ন স্থায়ী হইল না। প্রাঙ্গণে আমার পরিচিত বন্ধুর কণ্ঠরব পরিশ্রুত হইল। গৃহলক্ষ্মী প্রস্থান করিলেন। হাসিমুখে বন্ধু আসিলেন, তৎপশ্চাৎ রামেশ্বর।

এই চিরসুহৃদের কথা পূর্ব্বেও কিছু বলিয়াছি। ইঁহারই জননীর মৃত্যুদিন আমি পূর্ব্ব হইতে নির্দ্দিষ্ট করিয়া দিয়াছিলাম। ইঁহার পত্নী আমাদের কাছে "মেজবৌ" বলিয়া পরিচিতা ছিলেন। তিনি ছিলেন আমার ভক্ত-শিষ্যা। এই পরিবারটীর সহিত আমার সম্বন্ধ আজও অচ্ছেদ্য হইয়া আছে। বন্ধু বলিলেন "তুমি স্বতন্ত্র হইয়াছ, শুনিয়াছি। ভালই হইয়াছে। কিন্তু দিন চলিবে কি করিয়া—ভাবিয়াছ কি?"

আমি বলিলাম "আগে ভাবিয়াছি, আজ হইতে তাহার নিষেধ হইয়াছে।"

এই বন্ধুটী আমার পূর্ব্ব-সাধনার সহযোগী, সহতীর্থ ছিলেন। তিনি আমার ভাব বুঝিতেন—বলিলেন "তাহাই যদি হয়, খুব ভাল। আমার সাধ্য কম, তবুও তুমি দেশের জন্য, ভগবানের জন্য যদি নিছকভাবে জীবন যাপন কর, আমি প্রতি সপ্তাহে তিন টাকা দিতে পারিব।"

আমার নয়ন বিস্ফারিত হইল। মুখ দিয়া বাক্য বাহির হইল না। কৃতজ্ঞতা প্রকাশ করিব কি? যিনি আজ নির্দ্দেশ দিয়াছেন স্থির থাকিবার, তিনিই উপলক্ষস্বরূপ বন্ধুকে টানিয়া আনিয়াছেন। আমি, তুমি, সে—সবার উপরে এই যে পরমা শক্তি, তাঁহার উপর প্রগাঢ় প্রত্যয় জন্মিল। শ্রদ্ধায় চক্ষুঃ অশ্রুসিক্ত হইল।

আমার করিতে হইল না কিছুই। রামেশ্বর মাসিক ১২৲ টাকা হাতে লইয়া, তাহার মামীমার সহিত সংযুক্ত হইয়া, নূতন সংসার রচনা করিল। সে তার পরদিনই "বন্দেমাতরম্" মন্ত্রধ্বনি করিতে-করিতে সংসার-পাশ ছেদন করিয়া এই নূতন সংসারে সাথী হইল। ১২৲ টাকার সংসার আমাদের। তিন জনের দিন চলিতে লাগিল স্বচ্ছন্দে, পরমানন্দে।

দিন চলিতে লাগিল নিরুপদ্রবে। সংসারে সুব্যবস্থা হওয়ায়, তাঁহার সহিত কথার আর প্রয়োজন ছিল না। ভোজনাদির সময় ব্যতীত দেখা-শোনারও প্রয়োজন ফুরাইয়াছিল। নৈশ ভোজনের পর আমি বহির্ব্বাটিতেই শয়ন করিতাম, সঙ্গী ছিল রামেশ্বর। অতি প্রত্যুষে আমরা তিন জনে শয্যা ত্যাগ করিতাম। প্রাতঃকৃত্যাদি লইয়া আমি যখন ব্যস্ত থাকিতাম, রামেশ্বর বহির্ব্বাটীর গৃহ-প্রাঙ্গণ পরিষ্কার করিত। অন্তঃপুরের শয়ন-কক্ষটী হইতে ধূপ-ধুনার গন্ধ ছোট্ট বাড়ীখানিকে পুলকিত করিত। এমনই করিয়া দিবারাত্রি অতিবাহিত হয়। দিন ভালই চলে দেখিয়া পিতৃদেব দাবী জানাইলেন—যখন তাঁর দুই সন্তান, তখন রাত্রির ভোজন-ব্যাপারটা আমার সংসারেই চলিবে। আমি নতশিরে তাহা স্বীকার করিলাম, পত্নীকেও কথাটা জানাইলাম। তিনি হাসিয়া বলিলেন "ইহা ত পুণ্যের কথা, আমাদের সৌভাগ্যের কথা!" ১২৲ টাকার উপর তিন জন হইতে সাড়ে তিন জনের দিন চলিতে লাগিল। কেমন করিয়া চলে, সে খবর লওয়ার অবকাশ আমার ছিল না।

একটা দরজা জানালা-শূন্য পোড়োঘর পড়িয়া ছিল। এক প্রতিবেশী বন্ধু আসিয়া তাহা কায়েমী করিয়া দিলেন; আর এই ঘরের সম্মুখে সুদীর্ঘ খোলা বারান্দার অল্পাংশ ঘিরিয়া রন্ধনশালার ব্যবস্থা হইল। ক্ষুদ্র সংসার, এই অল্প আয়েও উহা এমন পরিপাটী পূণ্যশ্রী ধরিল—যে দেখিত, সেই দুই দণ্ড চাহিয়া থাকিত। দ্রব্যাদি অল্প হইলেও, গুছাইয়া রাখার কৌশল সকলকে চমৎকৃত করিত।

গভীর স্তব্ধতা-পূর্ণ পরিবেশে চিত্ত সমাহিত হইলে, আমার চক্ষের সম্মুখে অপূর্ব্ব অক্ষরে আকাশলিপি ভাসিয়া উঠিত। পড়িবার উপক্রম করিতাম; কিন্তু লেখাগুলি নিমেষে মিলাইয়া যাইত। এমন কত লিপি যে চোখের সম্মুখে ফুটিয়া উঠিতে দেখিয়াছি, তাহার ইয়ত্তা নাই। কিন্তু কোনটীর মর্ম্মবোধ করিতে পারি নাই।

কলিকাতার কোন এক বন্ধুর সহিত পরিচয় হওয়ার পর, বাংলার এক প্রসিদ্ধ বিপ্লবপন্থী দলের সহিত সংযুক্ত হইয়া পড়িয়াছিলাম। কিন্তু সেই বন্ধু দল বল সহ পুলিস কর্ত্তৃক ধৃত হওয়ায়, এই সময়ে আমার অবকাশের অন্ত ছিল না। আমি অন্তর্জ্জগতে তলাইয়া যাওয়ার অবকাশ পাইয়াছিলাম। অন্তর্জ্জগতের বিচিত্র রহস্য আমার চিত্ত চমৎকৃত করিত। সাধনার এই সুযোগ দীর্ঘদিন রহিল না। হঠাৎ শ্রীঅরবিন্দ লিখিলেন—'পল্ রিশার (Paul Richard) নামে তাঁহার এক বন্ধু ফরাসী ভারতের প্রতিনিধি-রূপে ডেপুটি-পদপ্রার্থী, চন্দননগরে তাঁহার পক্ষে ভোট-সংগ্রহের ব্যবস্থা করিতে হইবে।'

ম'সিয়ে পল্ রিশার ভারতের সেবায় আত্মনিয়োগ করার সঙ্কল্পে পণ্ডিচারী আসিয়া শ্রীঅরবিন্দের সহিত নিবিড় সম্বন্ধ স্থাপন করেন। তিনি ও তাঁহার পত্নী মাদাম রিশার পরে শ্রীঅরবিন্দের সহিত সংযুক্তভাবে "আর্য্য" পত্রিকার সম্পাদন-ভার গ্রহণ করিয়াছিলেন। ম'সিয়ে পল্ রিশারের জন্য চন্দননগরে আমাকে স্বতন্ত্র রাষ্ট্রীয় দল গড়িতে হইল। সাধারণতঃ দুইটি রাষ্ট্রদল বর্ত্তমান ছিল। তাহাদের এক দল ম'সিয়ে ব্লুজেনের পক্ষে; অপর দল ম'সিয়ে লেম্যারের পক্ষে কোমর বাঁধিয়া দাঁড়াইয়াছিল। আমি একক তরুণদের লইয়া তৃতীয় পক্ষ-রূপে ভোট-যুদ্ধে অবতরণ করিলাম। ম'সিয়ে রিশার পণ্ডিচারী প্রভৃতি স্থানে পরাজিত হইলেন। চন্দননগরে দুইটী প্রবল প্রতিপক্ষকে সম্মুখে রাখিয়া আমার এই নূতন পদপ্রার্থীর জন্য যতগুলি ভোট সংগ্রহ করিয়াছিলাম, তাহা চন্দননগরের পক্ষে নগণ্য হয় নাই। কিন্তু অন্যান্য স্থানে ম'সিয়ে রিশারের পরাজয় হওয়ায়, আমাদের চেষ্টা ব্যর্থ হইয়া যায়। ১৯১৪ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দের সঙ্কেতে এইরূপে ফরাসী রাষ্ট্র-সাধনায় আমার

দীক্ষা হয়। ১৯১৯ খৃষ্টাব্দে ইহাতে আমরা সিদ্ধকাম হইয়াছিলাম, সে কথা পরে বলিব।

মঁসিয়ে পল্ রিশারের পরাজয়-বার্ত্তা লইয়া শ্রীঅরবিন্দের যে পত্রখানি আমার হাতে আসিয়া পৌছিল, তাহার মধ্যে তাঁহার আর্থিক-অভাবের কথাও লিখিত ছিল। আমি সেই অংশটুকু বার-বার পাঠ করিয়া মর্ম্মাহত হইলাম! উপায়-ক্ষম হইয়াও একপ্রকার পরার্থে জীবন যাপন করিতেছি—এই অবস্থায় শ্রীঅরবিন্দের অভাব-অভিযোগ কিরূপে পূরণ করিব, তাহা ভাবিয়া অস্থির হইলাম। তিনি লিখিয়াছিলেন "তোমার ৮০৲ এমাসে না পাওয়ায়, অত্যন্ত কষ্টে পড়িয়াছি। ১৫০৲ বাড়ী-ভাড়া বাকী পড়িয়াছে। বাহির হইতে টাকা আসার পথ বন্ধ। তোমারও ভিতর দিয়া অর্থ যদি না আসে, বলিতে হয়—"Fate has been against us".

পত্র পড়িয়া আমার পায়ের তলা হইতে পৃথিবী যেন সরিয়া যাইতে লাগিল। সেদিন সত্যই নিরুপায় মনে করিয়া চক্ষুঃ আমার অশ্রুসিক্ত হইয়াছিল। স্নানের সময় উপস্থিত হইলে আমি উঠিলাম না; কাজেই স্ত্রীই আমার নিকট আসিলেন। আমাকে জিজ্ঞাসা করিয়া তি'ন বিষয়টা জানিয়া লইলেন। কিছুক্ষণের জন্য তাঁহারও মুখ বিবর্ণ হইয়া গেল। আমার চেয়েও এ বিষয়ে তিনি যে অধিক অসহায়া, তাহা তিনি নিজেই জানিতেন। তবুও তিনি ভরসা দিয়া বলিলেন "স্নানাহার সারিয়া লও। দুর্ভাবনায় কোন ব্যবস্থাই হয় না। স্থির হও, সুস্থ হও—ভগবান একটা উপায় করিয়া দিবেন।"

মনে পড়িল—"মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।" শ্রীঅরবিন্দের দাবী পূরণ করার অক্ষমতা অন্তহীন দুর্গতি ব্যতীত আর কি হইতে পারে? ঈশ্বরপ্রসাদ ব্যতীত এই অবস্থায় পরিত্রাণের আর পথ কি? অন্তরে সান্ত্বনার প্রলেপ পড়িল, তবুও উৎকণ্ঠিত চিত্তে জিজ্ঞাসা করিলাম "কোন পথ দেখি না, আমাদেরও এই অবস্থা—কি করা যায় বল তো?"

সে যুগে দেখিয়াছি—অন্ধকারে যখন সর্ব্বদিক্ ছাইয়া গিয়াছে, আশার ক্ষীণ খদ্যোৎও একবিন্দু আলো দেয় না, তাঁর অতি অকিঞ্চিৎকর আনুকূল্য আমার

ভবিষ্যৎ আলোকোজ্জ্বল করিয়া দিয়াছে; আজও তাহার অন্যথা হইল না। আমার কন্যার গলার একছড়া বিছা-হার ছিল, তিনি তাহা বাহির করিয়া বলিলেন "এইটা বেচিয়া, যাহা পার পাঠাও; তারপর একটা পথ বাহির হইবেই!"

এই অতি অকিঞ্চিৎকর সাহায্য আমার প্রাণে আশার উদ্রেক করিল না। কিন্তু কেমন যেন মনে হইল—এই সূত্র ধরিয়াই একটা পথ মিলিবে। আমাদের সম্পূর্ণ নিঃস্ব হওয়ার ব্রত পূর্ণ না হইলে, শ্রীঅরবিন্দের দাবী পূরণ করার অধিকার মিলিবে না। আমি তৎক্ষণাৎ সেই হার-ছড়াটি আমার সেই অকৃত্রিম সুহৃৎ-পত্নীর নিকট লইয়া গিয়া বলিলাম "ইহার বিনিময়ে আমায় কয়েকটা টাকা দাও।" তিনি হাসিয়া বলিলেন "কত টাকা চাই?"

আমি সব কথা তাঁহাকে বলিয়া, তিনি যাহা পারেন তাহাই দিতে বলিলাম। তিনি হার লইলেন না; ত্রিশটী টাকা আমার হাতে তুলিয়া দিলেন। এই নারী আমাদের মধ্যে "মেজ-বৌ" নামে চিরস্মরণীয়া হইয়া আছেন।

আমি এই ৩০৲ টাকা তৎক্ষণাৎ তার করিয়া শ্রীঅরবিন্দকে পাঠাইলাম, সঙ্গে-সঙ্গে জানাইলাম—পত্র পরে পাঠাইতেছি। হার-গাছটি স্ত্রীর হাতে ফেরৎ দিলাম।

এই ঘটনার পর বুক হইতে দুশ্চিন্তার জগদ্দল পাথর যেন নামিয়া গেল। সমস্যার সমাধান দেখিলাম না। কিন্তু অন্তর যেন লঘু লইয়া, কেমন এক অননুভূতপূর্ব্ব সুখ ও উৎসাহে ভরিয়া উঠিল।

আমি চিরদিন দেখিয়াছি—প্রত্যেক মানুষের পশ্চাৎ অলক্ষ্যে কর্ম্মের পর কর্ম্ম সুনিয়ন্ত্রিত করিয়া বিধাতা সাজাইয়া রাখিয়াছেন। দুর্ভাগ্য যখন আসে, স্রোতের ন্যায় একটীর পর আর একটী আসিয়া মানুষকে বিপন্ন করে! সৌভাগ্যেরও এমনই প্রবাহ বহিয়া চলে। অলক্ষ্য যাহা, মানুষের জীবন তাহার ক্রমবিকাশের প্রণালী মাত্র। ব্যর্থতার অনাহত প্লাবন দেখিয়াছি, সাফল্যেরও প্রবল স্রোতঃ স্বীয় জীবনের ইতিহাসে স্পষ্ট হইয়া উঠিয়াছে। সেদিন সন্ধ্যাকাশে যখন প্রথম নক্ষত্র ফুটিয়া উঠিল, তাহার দিকে অপলক

নেত্রে চাহিয়া মনে হইল—আমার ভিতর দিয়া শ্রীঅরবিন্দ যখন তাঁর অসাধারণ জীবন-ব্যাপারের রসদ দাবী করিয়াছেন, তাহা কোন মতে অপূর্ণ থাকিবে না। আজকার ত্রিশ টাকা পাঠাইবার অনুপ্রেরণার মধ্যে সমস্ত ভবিষ্যতের সাফল্য যেন বিগ্রহান্বিত হইয়া উঠিয়াছিল।

যাহা ঘটে, অন্তরে-অন্তরে তাহার সূচনা পূর্ব্বেই হইয়া যায়—এই ক্ষেত্রেও তাহাই হইল। রাত্রির অন্ধকারে, নিঃশব্দ পদসঞ্চারে ক্লান্ত পথিকের ন্যায় আশ্রয়-প্রার্থী এক পরিচিত বিপ্লবী আমার সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। শরীর তাঁর কৃশ, মাথার কেশ রুক্ষ। কাশি-সর্দ্দিতে কণ্ঠে তাঁহার শব্দ উচ্চারিত হয় না। এমন কত অসহায় নিরাশ্রয় দেশপ্রেমিক এইখানে শ্রান্তি অপনোদন করিয়া প্রাণ পাইয়াছেন, তাহার সংখ্যা নাই। একদিন যেমন সাধু, সন্ন্যাসী, মোহন্ত দিবারাত্র এই ক্ষুদ্র বাড়ীটিতে ভীড় করিতেন, তেমনি শ্রীঅরবিন্দের শুভাগমনের পর ভারতের সর্ব্বত্র হইতে সর্ব্বহারা দেশ-সাধকদের ইহা হইল অবাধ আশ্রয়ক্ষেত্র। ইহার পর দেশবন্ধু চিত্তরঞ্জন, বিপিনচন্দ্র, আচার্য্য প্রফুল্লচন্দ্র, মহাত্মা গান্ধী, কবীন্দ্র রবীন্দ্রনাথ, দেশপ্রিয় যতীন্দ্রমোহন—কত নাম করিব—এই ক্ষেত্রে পদধূলি দিয়াছেন; আবার এই প্রাঙ্গণেই উচ্চতম রাজকর্ম্মচারিগণ বৈঠক 'বসাইয়া ছদ্মচারী দেশকর্ম্মীদের মুক্তি দিয়া গিয়াছেন। দেশজননীর পূর্ণ-দৃষ্টি এই সত্যতীর্থে চিরদিন লীলায়িতা হইয়া উঠিয়াছে। আমি অপ্রত্যাশিত বন্ধুটীর দিকে চাহিয়া বলিলাম "খুব পরিশ্রান্ত আপনি, বিশ্রাম করুন।" ইহারা আসিয়াছিলেন আমার নিকট বৈপ্লবিক ষড়যন্ত্রের সুবিধার জন্য। আমি ইঁহাদের দিয়াছিলাম শ্রীঅরবিন্দের আত্মসমর্পণ-যোগ। ক্লান্ত অবসন্ন শরীর লইয়া ইঁহারা যখন আসিতেন, আমি তাঁহাদের নিরাপদ্ শ্রমাপনোদন ও সেবাদির ব্যবস্থার সঙ্গে অন্তরে উৎসর্গ-যজ্ঞের অগ্নিকুণ্ড জ্বালিয়া দিতাম। আত্মসমর্পণের ঋঙ্মন্ত্র তাঁহাদের কর্ণপুটে ঝঙ্কার তুলিত। আর অলক্ষ্যে যে অনবদ্য সেবার পবিত্র হস্তখানি চির উদ্যত থাকিত, তাহার স্পর্শ আজ পর্য্যন্ত কেহই বোধ হয় ভুলিতে পারেন নাই। সে যুগের সেই সকল দেশ-

সাধনার পুরোহিতগণের সহিত দীর্ঘ দিন পরে আবার যখন সাক্ষাৎকার হইয়াছে, স্বতঃ-উৎসৃতা সে স্মৃতির কাহিনী তাঁহাদেরই কণ্ঠে শুনিয়া চক্ষুঃ আমার অশ্রুসিক্ত হইয়া উঠিয়াছে। সেদিন যে অতিথি আসিয়া উপস্থিত হইলেন, তিনি ছিলেন বৈপ্লবিক সমিতির একজন কর্ণধার। আমাকে সকলেই ভালবাসিতেন, এ আশ্রয় ছিল তাঁহাদের শান্তি ও স্বাস্থ্যের পুণ্যতীর্থ। সারা রাত্রি কাশিয়া-কাশিয়া বন্ধু মেঝের উপর গয়েরের স্তূপ জড় করিলেন। পরদিন প্রভাতে গৃহদেবী নির্বিকার চিত্তে সকলের অলক্ষ্যে কখন যে তাহা পরিষ্কার করিয়া লইলেন, তাহা জানিবার উপায় রহিল না।

নিরুপায়াবস্থায় আমার সেই বৈপ্লবিক বন্ধুর সহিত পরামর্শ করিয়া স্থির হইল—ইঁহারা যেমন করিয়া পারেন, শ্রীঅরবিন্দের জন্য প্রতি মাসে অর্থ সংগ্রহ করিয়া দিবেন। এই পৃথিবীতে কেহ কাহারও নিকট কিছুর জন্য ঋণী নহে। বর্ষণধারার ন্যায় ঈশ্বরের দান যখন নামিয়া আসে, মানুষ যন্ত্রস্বরূপ তাহা বহন করে তাঁহারই ইচ্ছায়। তবুও সেই কয় বৎসর শ্রীঅরবিন্দের ব্যয়ভার-বহনের উপায় যাঁহাদের জীবন আশ্রয় করিয়া সম্ভব হইয়াছিল, আমি তাঁহাদের প্রশংসা করিব, তাঁহারা চিরদিন আমার ধন্যবাদার্হ হইয়া থাকিবেন।

কথা শুনিয়া গৃহলক্ষ্মী প্রফুল্ল মুখে বলিলেন "নূতন সংসার পাতিয়া ভগবানের বাণী পাইয়াছ—তোমার সব কিছু আসিবে। এ কথায় বিশ্বাস হারাও কেন?"

আমি সজল নয়নে বলিলাম "জীবনের ধ্রুবতারা তুমি। কুটিল কণ্টকময় কর্ম্মক্ষেত্রে পথ হারাইলে আলো দিও, আনন্দ দিও।" ইহার পর শ্রীঅরবিন্দের পত্র পাইলাম। "Your money (by wire & letter)—clothes reached safely"—আনন্দে বুক দুলিয়া উঠিল।

শ্রীঅরবিন্দের টাকার সুবিধা হইল; কিন্তু আমার অসুবিধার মাত্রা কিছু বাড়িয়া গেল। শ্রীঅরবিন্দের অর্থ নিঃস্বার্থ দান-রূপে আমার নিকট উপস্থিত হইলেও, দেশের মুক্তিকামীদের দাবী অগ্রাহ্য করার মত দুর্ব্বুদ্ধি আমার ছিল না। এই কর্ম্মে আমি সহধর্ম্মিণীর সাহায্য পাইয়াছি প্রচুর। দিন নাই,

রাত্রি নাই, নব-নব অতিথি-সমাগমে বাড়ীটা আমার উৎসবময় হইয়া থাকিত। ঘোরতর দারিদ্র্যের মধ্যেও অতিথি-সৎকারের ত্রুটি হইত না। প্রত্যাদেশ পাইয়াছিলাম "ধৈর্য্য ধর, সব আসিবে।" আমি স্থির হইয়া একাসনে দিবারাত্র শুধু দেখিতাম—অসংখ্য ঘটনাপ্রবাহের সৃষ্টি। প্রাতঃ-কালে দলে-দলে ভিখারী—কেহ নাম লইয়া, কেহ গান গাহিয়া প্রাঙ্গণে আসিয়া দাঁড়াইত। অন্নপূর্ণার মুষ্টিভিক্ষা কোন কারণে বারণ মানিত না; তার উপর ধর্ম্মের অতিথি, কর্ম্মের অতিথি, বিপ্লবের অতিথি—কেমন করিয়া কি হয়, কিছুই আর বুঝিবার উপায় ছিল না। ক্রমে এমন হইল—রন্ধন-শালার অগ্নি আর নির্ব্বাপিত হয় না। দিবারাত্র রন্ধনাদি চলিতেছে! এই অন্তহীন শ্রম তাঁহার একার উপর দিয়াই বহিত। নিজের ভোজনাদির সময় ছিল না, বিশ্রামেরও অবকাশ মিলিত না; কিন্তু সর্ব্বদাই দেখিতাম—প্রফুল্ল মুখে হাসির জ্যোৎস্না। তিনি উচ্চ কণ্ঠে কথা বলিতেন না—নীরব নতমুখে মহাযজ্ঞে আত্মনিয়োগ করিয়াছিলেন। আমি ভাবিতাম—এই প্রাণ ক্ষুদ্র সংসার-ক্ষেত্রে বন্দী থাকিতে পারে না বলিয়াই ভগবান দেশ-ব্রত-সাধনার বিপুল কর্ম্মক্ষেত্রে ইহাকে টানিয়া আনিয়াছেন—এ মহাব্রত কবে পূর্ণ হইবে কে জানে?

দেখিতে-দেখিতে দুই মাস অতিবাহিত হইল। শ্রীঅরবিন্দের মুরারি-পুকুরের বাগান বিক্রীত হইয়া যাওয়ায়, তাঁহার অংশের কিছু টাকা পাওয়ার কথা ছিল। কিন্তু সে টাকা তাঁহার নিকট পৌঁছায় নাই। আমার উপর তাগিদের ভার পড়িল। অতি কষ্টে কিছু টাকা আদায় হইয়াছিল। ইহার উপর এই সময়ে দেশবন্ধু চিত্তরঞ্জনের "সাগর-সঙ্গীতের" ইংরাজী অনুবাদ করিয়া দেওয়ায়, তিনি তাঁহার নিকট হইতে এক হাজার টাকা পাইয়াছিলেন। শ্রীঅরবিন্দ মহাযোগী উমানাথ শঙ্করের ন্যায় একদিকে খুব উদাসীন হইলেও, অন্যদিকে বেশ হিসাবী লোক ছিলেন। তিনি টাকার দিকে খুব হুঁসিয়ার থাকিতে বলিতেন। তিনি একবার লিখিয়াছিলেন "দেশহিতৈষীর উদর-গহ্বরে টাকা প্রবেশ করিলে, উহা উদ্গীর্ণ হওয়ার উপায় নাই!" তাঁহার

অনেক টাকাই অর্দ্ধ পথে লোপাট হইয়া যাইত। তিনি তাই একবার দুঃখমিশ্রিত রহস্যচ্ছলে লিখিয়াছিলেন—"Philanthropic stomach digests sovereignly."

যাহা হউক, তিনি এই সময়ে মঁসিয়ে পল রিশারের সহিত পরামর্শ করিয়া একখানি দার্শনিক পত্র প্রকাশ করার অভিলাষ করেন। উহা ইংরাজী ও ফরাসী উভয় ভাষায় বাহির করার কথা হয়। ভারতবর্ষ, ইংল্যাণ্ড ও আমেরিকার জন্য ইংরাজী ও ফরাসী দেশের জন্য ফ্রেঞ্চ ভাষায় বেদ সম্বন্ধে তাঁর নিজস্ব মতবাদ, উপনিষদের অনুবাদ ও মর্ম্মার্থ, যোগ ও সাধন সম্বন্ধে আলোচনা প্রভৃতি এই পত্রিকায় তিনি প্রকাশ করার ইচ্ছা প্রকাশ করেন। শ্রীঅরবিন্দ শঙ্কর-ভাষ্যের মায়াবাদকে গোড়া হইতেই নাকচ করিতে চাহিয়াছিলেন। তিনি বৈদিক ভিত্তির উপর নিজের অভিনবানুভূতি সকল প্রকাশ করিয়া, নূতন জীবনাদর্শ-প্রচারে উদ্বুদ্ধ হইয়াছিলেন। তিনি স্পষ্ট করিয়াই এই সময়ে বলিয়াছিলেন—"It will be the intellectual side of my work for the world."

শ্রীঅরবিন্দের এই কর্ম্ম সুসিদ্ধ হইয়াছে। তাঁর অসাধারণ প্রতিভালোকে ভারতীয় যোগ ও দর্শন শাস্ত্রের যে অমর তত্ত্বরাজি প্রকাশিত ও সঞ্চিত হইয়াছিল, তিনি তাহা নিঃশেষে জগৎকে দান করিয়া অধ্যাত্মশক্তির নির্দ্দেশে অভাবনীয় পথের সন্ধানে অভিযান করিয়াছিলেন।

এই সময়ের আর দুই একটা কথা না বলিলে, আমার জীবন-রঙ্গের আবর্ত্ত-ভেদ হয় না; তাই অতি সংক্ষেপে সেই যুগের কথাগুলি বলিতে হইতেছে। ১৯১০ খৃষ্টাব্দ হইতে ১৯১৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত যুগগুরুর সঙ্কেতেই বিপ্লব-তন্ত্রের যে ভীম অগ্নি আমার ভিতর দিয়া প্রজ্জ্বলিত হইয়াছিল, তাহা যখন সারা ভারতে প্রলয়-সৃষ্টির উপক্রম করিল, তখন শ্রীঅরবিন্দই হঠাৎ বলিয়া উঠিলেন "থাম, তন্ত্রসাধনার প্রয়োজন ততক্ষণ, যতক্ষণ না উহা বেদান্ত-প্রচারের ক্ষেত্র সৃষ্টি করে। তন্ত্রের লক্ষ্য—বেদান্তের প্রতিষ্ঠা। ইহার নিজস্ব মূল্য কিছুই নাই। এক কথায়, ইহার প্রয়োজন আর

এখন নাই বলিলেও চলে।" তিনি আমায় অতঃপর তাঁহার "আর্য্য" পত্রিকার গ্রাহক-সংগ্রহের আদেশ দিলেন। আমি এক সঙ্গে দুই শত "আর্য্য" চাহিলাম। তিনি আমার অবস্থা বুঝিয়া বলিলেন "উগ্র রাষ্ট্রপন্থীদের মধ্যে 'আর্য্য' প্রচার হইলে, 'আর্য্যে'র উদ্দেশ্য সিদ্ধ হইবে না। যাহারা বেদান্ত ও যোগের অনুরাগী, তাহাদের মধ্যেই 'আর্য্য'-প্রচারের চেষ্টা করিও।" তাঁহার এই সকল উপদেশ-বাণী শ্রবণ করিয়া, আমার তাৎকালীন বৈপ্লবিক সঙ্গিগণ একটু বিচলিত হইলেন। আমি কিন্তু নিজের উদ্দাম গতিপথ রোধ করিয়া, তাঁহারই আদেশ শিরোধার্য্য করিয়া লইবার জন্য প্রস্তুত হইলাম।

আমার অন্তরে এই যে দ্বন্দ্ব-যুদ্ধ চলিতেছিল, সহধর্ম্মিণী তাহার সংবাদ রাখিতেন না। বিন্দুমাত্র কাল তাঁহার সহিত আলাপালোচনারও অবকাশ ছিল না। যাঁহারা শ্রীঅরবিন্দের ভাষায় 'রাষ্ট্রনৈতিক তন্ত্রসাধনায়' সে যুগে প্রবৃত্ত হইয়াছিলেন, তাঁহাদের সহিত সুগভীর আন্দোলন ও আলোচনায় আমার দিবারাত্রি অতিবাহিত হইত। তিনি গৃহদ্বারে কাণ পাতিয়া সব কিছু শুনিতেন; কিন্তু কি সমস্যার সমাধানে আমরা এমন ভাবে অভিনিবিষ্ট, তাহা বুঝিতে না পারিয়া, সুবিধা পাইলে জিজ্ঞাসা করিতেন "তোমাদের মধ্যে এত তর্কযুদ্ধ কিসের জন্য ?"

আমার মুখে তখন হাসি ছিল না, আমি তখন অতি জটিল সমস্যাজালে জড়াইয়া পড়িয়াছি! শ্রীঅরবিন্দ পত্রিকাপ্রকাশের জন্য উদ্বুদ্ধ, তিনি বেদান্তের উপর ভিত্তি করিয়া নূতন জাতিগঠনে উদ্যত হইয়াছেন। আমি বাংলার বিপ্লবী দলের সম্পর্কে থাকায়, তাঁহার উপদেশের সহিত সামঞ্জস্য রাখিয়া সমতালে চলিতে পারিতেছি না। ১৯১৪ খৃষ্টাব্দে বাংলা দেশ বিপ্লবী নেতৃগণের কর্ম্ম-কৌশলে প্রায় অগ্নিক্ষেত্র-রূপে পরিণত হইয়াছে। শ্রীঅরবিন্দ বহু দূরে। তিনি আমার অবস্থা উপলব্ধি করিতে পারিতেছেন না। তিনি একবার স্পষ্ট করিয়াই লিখিলেন: "I want now some breathing time, however brief, which will enable me to accomplish the present stage,

which is the central, of my advancement......that is the first reason why I call a halt." আমার সহজ-জীবন-যাত্রার ধারা পরিবর্ত্তন করিয়া তিনি আমায় আত্ম-সমর্পণ-মন্ত্রে দীক্ষা দিয়াছিলেন। তাঁহারই তর্জ্জনী-সঙ্কেতে বৈপ্লবিক তন্ত্রসাধনায় উদ্বুদ্ধ প্রাণে অগ্রসর হইয়াছিলাম। আমার নিজের লক্ষ্য, উদ্দেশ্য কিছুই ছিল না; ছিল শুধু মন্ত্র ও সাধন:—"যথা নিযুক্তোঽস্মি তথা করোমি।" ১৯১০ খৃষ্টাব্দ হইতে ১৯১৩ খৃষ্টাব্দে তাঁহার সহিত পণ্ডিচেরীতে পুনঃ সাক্ষাৎকার-কাল পর্য্যন্ত, তিনি যে আদেশ দিয়াছেন, সাফল্যে অথবা বিফলতায় আমি সেই পথ ধরিয়াই চলিয়াছি। তাঁর আদেশ-পালনের অক্ষমতাকে আমার মৃত্যুর ন্যায় মনে হইত। তাঁর কাজে রত থাকাই জীবনের সর্ব্বার্থসিদ্ধি বলিয়া মনে হইয়াছিল। আজ অকস্মাৎ প্রগতিশীল জীবনের অগ্নি-গতি রুদ্ধ করিয়া তিনি সুস্পষ্ট কণ্ঠে হাঁকিলেন "দাঁড়াও"। আমার পশ্চাৎ তখন প্রচণ্ড গতিবেগ লইয়া রুদ্র-বাহিনী ছুটিতেছিল; তাহাদের ঠেকাইয়া রাখা তখন যে কি দুঃসাধ্য ব্যাপার, তিনি হয়তো তাহা বুঝিতে পারেন নাই। তাই ইহার পর কোন-কোন কার্য্যে তাঁহার লেখনী-মুখে লঘু তিরস্কার আমার বুকে খোঁচা দিয়াছে। আমি বুঝিলাম—যোদ্ধার হস্তের তরবারির ন্যায় আমি যন্ত্র মাত্র। তাঁর প্রয়োজন যখন শেষ হইয়াছে, আমায় এক মুহূর্ত্তেই অচল-স্তব্ধ হইতে হইবে। কিন্তু মানুষ একটা জড়যন্ত্র নয়, সজীব বস্তু! তাই জীবনের প্রচণ্ড-গতি সামলাইতে আমায় আরও একটী বৎসর অতিশয় চিত্তক্লেশ লইয়া চলিতে হইয়াছিল। জীবনের এই সন্ধিক্ষণ কিরূপ অন্ধকারাচ্ছন্ন হইয়া পড়িয়াছিল, তাহা বলিবার ভাষা নাই। আমার অবস্থা যে ভাল নহে, স্ত্রী তাহা বুঝিয়া লইয়াছিলেন। সময় পাইলেই করুণ কণ্ঠে তিনি জিজ্ঞাসা করিতেন "আজকাল তুমি কেমন হইয়া যাইতেছ—আমায় আর কোন কথা বল না!"

আমি বিরক্ত হইয়া বলিতাম "এসব কথা শুনিবার মত অবস্থা তোমার নয়, আমি ক্রমেই তোমার সীমার বাহিরে আসিয়া পড়িতেছি।"

তিনি হাতের কাজ-কর্ম্ম ছাড়িয়া দিয়া বসিয়া পড়িতেন, বলিতেন "আমায় পর করিয়া, তোমার কোন কাজ সিদ্ধ হইবে না! আমাকে বলিতেই হইবে—তোমার অবস্থার কথা।"

আমি সবিস্ময়ে তাঁহার মুখের দিকে চাহিয়া ভাবিতাম—এই গৃহাঙ্গণা বর্ত্তমান গুরু-সমস্যার সমাধানে কি কাজে লাগিবে? তাঁহাকে এই সকল কথা জানাইয়া লাভ কি? ইহাতে তাঁহার দুর্ভাবনাই বাড়িবে।

কিন্তু তিনি আমাকে নীরব থাকিতে দিতেন না। গৃহস্থালীর সকল কাজ ফেলিয়া, আমার পা দুইটা কোলের উপর তুলিয়া বলিতেন "ছাই খাওয়া-দাওয়ার কাজ, তোমার মুখ চাহিয়াই আমার জীবন; তোমার কাজের জন্যই আমার এই তপস্যা, আমার এই শ্রম। আমার সঙ্গে তোমার যদি ভেদ ঘটে, তোমার কথা আমি যদি জানিতে না পারি, এত খাটুনী কি শরীর সহিয়া নিবে?" তাঁহার সে আকূতি উপেক্ষা করার উপায় ছিল না, আমি তাঁহাকে সব কথাই বলিতে আরম্ভ করিলাম। তাঁহাকে জানাইলাম—শ্রীঅরবিন্দের নূতন নির্দ্দেশ লইয়া আমার সঙ্গীদের মধ্যে যে বিক্ষোভ-সৃষ্টি হইয়াছে, তাহা উপশান্ত করার মত পথ আমি খুঁজিয়া পাইতেছি না।

যখনই আমি সমস্যার অন্ধকারে ডুবিয়া যাই, আর তাহা হইতে মুক্তির পথ অন্বেষণ করিতে গিয়া আঁধারের মাত্রাই বাড়াই, তখন দেখি—কি এক দৈবী শক্তি তাঁহার হৃদয় উদ্বুদ্ধ করিয়া তাঁহার আশ্রয়ে আমার সম্মুখে উপস্থিত হয়—তাঁহার চক্ষের দীপ্তি, কণ্ঠের বাণী আমার মনের আঁধার দূর করিয়া দেয়। আমি বহু বার উহা দেখিয়াছি; কিন্তু প্রতি বার উহা উপেক্ষা করিতেও কসুর করি নাই।

তিনি সব কথা স্থির হইয়া শুনিয়া বলিলেন "অরবিন্দ ঠিক কথাই বলিয়াছেন। তোমার এ কাজ নয়! তবুও যে এতদিন তিনি তোমায় ইহা হইতে বিরত করেন নাই, বরং এই কাজে উৎসাহ দিয়াছেন, সে কেবল তোমার বাহিরের চাঞ্চল্য দেখিয়া। তোমায় অরবিন্দের পথই লইতে হইবে।" নির্ভুল প্রত্যাদেশের বাণী তাঁহার কণ্ঠ হইতে বাহির হইয়া আসিল। আমিও জানি—

আমার এ কাজ নহে। "যথা নিযুক্তোহস্মি তথা করোমি"—এই মন্ত্রই আমি পালন করিতেছি। কোথাও কাপট্য রাখি নাই। কোন স্বার্থে পাছে জড়াইয়া পড়ি, এই জন্য দৈনন্দিন জীবন-যাত্রার ব্যবস্থার ভার সম্পূর্ণভাবে রামেশ্বরের হাতেই ন্যস্ত। রামেশ্বরের সততা ও সত্যনিষ্ঠা আমায় তৃপ্তি দিত। এই সংসারের সকল কর্তৃত্ব তাহার হাতে ছাড়িয়া দিয়া, আমি এক প্রকার নিঃসঙ্গ নির্ব্বিকার চিত্তে গান গাহিতাম—'তাঁরই কাজে আছি রত, আর কিছু জানি না রে!' কর্ম্মে কিন্তু কোথাও ত্রুটি রাখিতাম্ না। একদিন শ্রীঅরবিন্দই শক্তিমন্ত্রে দীক্ষা দিয়া আমায় যে ক্রিয়া-যোগের অনুষ্ঠান দিয়াছিলেন, তাহা হইতে আজ তিনি আমায় সম্পূর্ণরূপে বিরত করিয়া বেদান্তের আশ্রয়ে নিখিল মানবজাতির কল্যাণ-মন্ত্রে অভিষিক্ত করিতে চাহিতেছেন। সহধর্ম্মিণীর চক্ষের দৃষ্টিতে, কণ্ঠের ভাষায় তাহাই সমর্থিত হইল। যে সমস্যার জাল হৃদয়ে আমার ঘনাইয়া উঠিতেছিল, এক মুহূর্ত্তে তাহা বিদীর্ণ করিয়া স্থির সঙ্কল্পের হুতাশন জ্বলিয়া উঠিল। গীতার আশ্বাসবাণী অগ্নিময় অক্ষরে আমার কাছে অভিনব মর্ম্মার্থ ফুটাইয়া তুলিল "মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।"

১৯১৪ খৃষ্টাব্দের ২৮শে জুন তারিখে সার্ব্বিয়ার অন্তর্গত সেরাজেভো নগরে অষ্ট্রিয়ার যুবরাজ ও যুবরাজ-পত্নী নিহত হওয়ার ফলে, আগষ্ট মাসের প্রথম সপ্তাহে ইউরোপে রণডঙ্কা বাজিয়া উঠিল। এই বৎসরেরই ১৫ই আগষ্টে ৬২ পাতায় 'আর্য্য' পত্র মঁসিয়ে রিশার ও মাদাম রিশারের সহযোগিতায় শ্রীঅরবিন্দের সম্পাদনায় বাহির হয়। 'আর্য্যে' প্রকাশিত দিব্যজীবনের তত্ত্বদর্শন, বেদের রহস্য, উপনিষদের বাণী, যোগ-সমন্বয় প্রভৃতি সন্দর্ভ এক্ষণে আমাদের আলোচনার বস্তু হইল। এই সময়ে স্বদেশী যুগ হইতে যে সকল তরুণ আমার সান্নিধ্যে আসিয়াছিল, দিবাভাগে তাহার সহিত 'আর্য্য' লইয়া আলোচনা চলিত; আর বর্ষার ঘন ঘটায় দুর্য্যোগময়ী রজনী আসিলে, বাংলার সর্ব্বশ্রেণীর বিপ্লবীরা আসিয়া এই সুযোগে তাঁহাদের কর্ত্তব্য লইয়া গভীর-গবেষণায় প্রবৃত্ত হইতেন। একদিকে বেদ ও বেদান্ত; অপর দিকে জীবন্ত বিপ্লব-তন্ত্রের ক্রিয়া। কি মহাশক্তি যে আমায় সেদিন সব্যসাচীর ন্যায় একদিকে অমিশ্র ভবিষ্য-যুগসৃষ্টি,

অন্যদিকে বর্ত্তমান যুগের যবনিকা-ক্ষেপণ করিতে সহায় হইয়াছিল, তাহা বলিয়া বুঝাইতে পারিব না। দিবারাত্র দর্শন, সাহিত্য আর বিপ্লবের যুক্তিতর্কে কণ্ঠনালী আমার আড়ষ্ট হইয়া উঠিত। অলক্ষ্যে সহানুভূতির অশ্রুসিক্ত চক্ষে আমার হৃদয় শান্তিসুধায় অভিষিক্ত করিতেন যিনি, তাঁর সেদিনের অন্তরের আকৃতি উপলব্ধি করিতে পারিতাম না। শ্রমের অন্ত ছিল না, কর্ত্তব্য-নির্ণয়ের বুদ্ধি হার মানিয়া প্রতি পদ অন্ধকারাচ্ছন্ন করিয়া দিত।

চন্দননগরে ইংরাজ গুপ্তচরদিগের সতর্ক পাহারায় গোপন মন্ত্রণা-বৈঠক দুঃসাধ্য ছিল। স্থির হইল—উত্তরপাড়ার এক অব্যবহার্য্য প্রাচীন ভগ্নঘাটের যে ক্ষুদ্র কুটুরীটী এখনও অস্তিত্ব রক্ষা করে, সেইখানে সকলে উপনীত হইয়া ইউরোপের এই মহাযুদ্ধে ভারতের বিপ্লবীদের কর্ত্তব্য স্থিরীকৃত হইবে।

সেদিন সন্ধ্যায় আকাশে মেঘ কালি লেপিয়া দিয়াছে। সারা দিনের অজস্র বর্ষণে পথ কর্দ্দমাক্ত, পিচ্ছিল। আমি বাহির হইলাম। পত্নীর কাছে আর কোন কথা গোপন ছিল না। তিনি আমার কাজে বাধা ছিলেন না কোনদিনই—শুধু বিষন্নমুখে বলিলেন "এই দুর্য্যোগে নৌকাপথ ব্যতীত অন্য উপায়ে কি যাওয়া চলিবে না?"

আমি বলিলাম "না, কোন পথই নিরাপদ্ নহে; তুমি কি বিপদের আশঙ্কা করিতেছ?"

তিনি বলিলেন "বিপদ্ তোমায় স্পর্শ করিবে না, তাহা আমি জানি। তবুও একা পথে যদি কষ্ট হয়, ঝড়-তুফান উঠে!"

আমি "মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি" বলিয়া নৌকা-পথে উত্তরপাড়ায় উপনীত হইলাম।

বিপুল অশ্বথ-বট-বৃক্ষের আড়ালে অর্দ্ধভগ্ন কুটুরীর মধ্যে সেদিন পরিচিত অনেক বন্ধুকেই দেখিলাম। আজ কেহ বাঁচিয়া আছেন, কেহ নাই। মনে পড়ে আজ যিনি মানবেন্দ্র, ওরফে নরেন্দ্রনাথ, তিনিও সেদিন সেখানে উপস্থিত ছিলেন।

সে দিনের সকল কথা অবশ্য এই ক্ষেত্রে নিষ্প্রয়োজন। রাত্রি-শেষে বর্ষার কোটালে গঙ্গাস্রোতঃ দুই কূল উপচিয়া ছুটিতেছে। প্রচণ্ড দক্ষিণা-বাতাসে পাল তুলিয়া নৌকা নক্ষত্রবেগে ছুটিল। বাড়ী পৌঁছিলাম অতি প্রত্যুষে। নিদ্রাহীন দুটী আঁখি আমার আগমন-প্রতীক্ষায় উৎকণ্ঠিত! তিনি আসন পাতিয়া বসিয়া আছেন। সেদিন ভাবি নাই, কে এই দুরন্তের পৃষ্ঠ রক্ষা করে। আজ মধ্যে-মধ্যে চীৎকার করিয়া বলিতে সাধ যায় "কে তুমি মহাদেবি, আজ মৃত্যুর পারে বসিয়াও আমায় সান্ত্বনা দাও? অন্ধকারে ঘৃত-প্রদীপ জ্বালিয়া রাখ?"

সেদিনও বাংলার প্রগতিপন্থী রাষ্ট্রসাধকগণ মনে করিয়াছিলেন—ইউরোপের যুদ্ধে ইংরাজ যত জড়াইয়া পড়িবে, ভারতের মুক্তি-দাবী তত প্রবল করিয়া তুলিতে পারিলে, তাহা উপেক্ষা করার সাধ্য রাজশক্তির হইবে না! বাংলার তাৎকালীন বিপ্লবপন্থীরা এই আশায় উদ্বুদ্ধ হইয়া, বাংলার জেলায়-জেলায় দল গড়ার কাজে লাগিয়া গেল। প্রকৃতির রহস্যময়ী নীতি এমন ঘটনার সৃষ্টি করিল, যাহার জন্য এই সময়ে বাংলার সর্ব্বশ্রেণীর বিপ্লবী দল আমার সহিত সংযুক্ত হইয়া পড়িতে বাধ্য হইলেন। অন্তর বাধাহীন ছিল না; বাহিরে কিন্তু এই প্রবল উত্তেজনাস্রোতঃ ঠেকাইয়া রাখা সম্ভব হইল না। অন্তরে অনুভব করিতাম—জাতির মধ্যে অন্ততঃ এমন একটা সমষ্টি গড়িয়া উঠার দরকার, যে সমষ্টির উন্নত চেতনান্তরে ভারতের স্বাধীনতা মূর্ত্তি পরিগ্রহ করিবে। কিন্তু তেমন সম্ভাবনা সেদিন কোথাও ঘটিয়া উঠে নাই। তাই স্বাধীনতার স্বপ্ন সুদূরপরাহত বলিয়াই মনে হইল। কিন্তু বন্ধুদের চক্ষের সম্মুখে আসন্ন মুক্তিচিত্র সেদিন এমন ভাবে ঝলসিত হইয়া উঠিল, সেখানে কোন যুক্তি কার্য্যকরী হইবার নহে। অন্তর-পুরুষ দ্রষ্টার আসন লইয়া বসিল, বাহিরের সবখানি দেশব্রতীদের ইচ্ছানুসরণ করিয়া চলিল। ঈশ্বরের বিধান অতিক্রম করার সাধ্য কাহারও নাই, এই দৃঢ় বিশ্বাসে বিপৎ-সমুদ্রে ঝাঁপ দিয়া পড়িলাম।

সাধনার অনেক কথা বলিতে পারি নাই। অনেক কিছু অপ্রকাশ থাকিয়া গেল। বাংলার এই বিপ্লবযুগের ইতিহাসও তেমনই প্রকাশ করা সম্ভব হইল না। ইহাও চিরদিন হয়ত গোপন থাকিয়াই যাইবে; কেন না, ১৯১৪ খৃষ্টাব্দ হইতে ১৯১৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত বাংলার বিপ্লবযুগের পরিপূর্ণ ইতিহাস অবগত হওয়ার সৌভাগ্য আমি ভিন্ন দ্বিতীয় ব্যক্তির পক্ষে সম্ভব ছিল না। ১৯০৫ খৃষ্টাব্দের জাতীয় জাগরণের পর বাংলার বিপ্লব-যুগের একটী প্রলয়ঙ্কর অঙ্কের যবনিকাপাত এই সময়ে হইয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। ১৯০৫ খৃষ্টাব্দ হইতে ১৯১৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত যে ধরণের মনোবৃত্তির উপর বাংলার বিপ্লব-সঙ্ঘ গড়িয়া উঠিয়াছিল, অতঃপর তাহার আর খোঁজ পাওয়া যায় না। যে মেধা ও মস্তিষ্ক লইয়া বাংলার বৈপ্লবিক যুগের সূচনা, ১৯১৮ খৃষ্টাব্দের পর তাহার সম্পূর্ণ পরিবর্ত্তন হইয়া গিয়াছে।

এই ইতিহাসের বিশদালোচনা হইতে প্রতিনিবৃত্ত হওয়ার দুইটী কারণ আছে। প্রথম কারণ—সে যুগের ইতিহাসের সহিত যাঁহারা বিজড়িত ছিলেন, তাঁহাদের ভাব ও আদর্শের অনেক পরিবর্ত্তন হইয়াছে, এই ক্ষেত্রে তাঁহাদের টানিয়া আনা অনধিকার-চর্চ্চা বলিয়া মনে হয়। দ্বিতীয় হেতু—সে ব্যর্থতার ইতিহাস বর্ণনা করিয়া অকারণ অর্ব্বাচীন যুগের তরুণদলের পুনরায় বিপথে চলার প্রবৃত্তি-সৃষ্টি দেশের পক্ষে কল্যাণকর হইবে না। তরলমতি তরুণেরা বিষয়ের অন্তর্নিহিত গুরুত্বের দিকে দৃষ্টি না দিয়া, বিস্ময়কর বৈপ্লবিক কর্ম্ম-কৌশলের দিকেই ঝুঁকিয়া পড়িবে। ইহা ব্যতীত আরও একটী কারণ—নীরব, মৌনবিগ্রহ, এক অতি অপ্রসিদ্ধ নারীজীবনের যে পুণ্যকাহিনী অনুস্মরণ করিয়া এই বিষয়ের অবতারণা, শুধু তাঁর ভাব ও চরিত্র আমার জীবনের সংঘাতে যে-যে ঘটনায় প্রকাশ পাইতে পারে, তাহার অধিক ব্যক্ত করা শোভনীয় হইবে না বলিয়া মনে করি।

১৯১৪ খৃষ্টাব্দের আগষ্ট মাসের শেষ দিকে কাজের তাড়া প্রবল হইল। পুলিস অসতর্ক ছিল না; দেখিতে-দেখিতে আমি পুলিস-প্রহরীবেষ্টিত হইয়া রাত্রিদিন এক প্রকার বন্দীর মত কাল কাটাইতে আরম্ভ করিলাম—কিন্তু

কর্ম্মের তাগিদে তাহাদের চক্ষে ধূলি-নিক্ষেপ করিয়া মধ্যে-মধ্যে আমায় বাহিরে যাইতে হইত। এই বিপৎ-সঙ্কুল দিনে আমার বাহিরে যাওয়া ও পুনরায় নিরাপদে বাড়ী ফিরিয়া আসা, ইহার মধ্যে যে কালের ব্যবধান, উহা একজনের পক্ষে কিরূপ অসহনীয় হইয়া উঠিতেছিল, তাহা উপলব্ধি করিয়া সেই ব্যক্তির দিকে চাহিয়া মর্ম্মে-মর্ম্মে এক করুণ সুর অনুভূতির তন্ত্রে জাগিয়া উঠিত। বহির্গমনের জন্য তাঁহার বিষণ্ণ মুখ ও সজল চক্ষুর দিকে চাহিয়া কত বার বিরক্ত হইয়াছি। তিনি তাহা বুঝিতেন; বুঝিতেন বলিয়াই বলিতেন "তুমি বিরক্ত হইতেছ, কিন্তু আমি কি তোমার কাজে বাধা দিতেছি?"

আমি বলিতাম "বাধা দিতেছ বৈকি, কত উৎকণ্ঠা-উদ্বেগ লইয়া আমায় চলিতে হয়, আর প্রতি বার বাহির হওয়ার সময়ে তোমার এই ম্লান বিষণ্ণ মুখ হৃদয়ে কি যে আঘাত দেয়, কতখানি যে আমায় নিরুৎসাহ করে—ভাবিয়া দেখ কি?"

তিনি অঞ্চলে চক্ষু মুছিয়া কখনও নীরব হইয়া থাকিতেন, কখনও বলিতেন "আমি যে কত বড় অসহায়া, তুমি বুঝিবে না। এই যাইতেছ, আবার যতক্ষণ না ফিরিয়া আইস—ততক্ষণ প্রতি মুহূর্ত্ত দুশ্চিন্তায়-দুশ্চিন্তায় বুকে আমার অন্ধকার ঘনাইয়া তুলে—নিঃশ্বাস বন্ধ হইয়া যায়—সে বেদনা তুমি স্বামী হইয়াও বুঝ না, এই আমার দুঃখ!"

আমি বলিতাম "দেশের কাজে যাদের প্রাণ, তাদের এই বন্ধন শ্রেয়ঃ নয়। আমার দুর্ভাগ্য, আমি তোমার একমাত্র আশ্রয়। বড় বিপদে পড়িয়াছি!"

তিনি এই কথায় বড় ক্ষুণ্ণ হইতেন নিজেকে অপরাধী মনে করিতেন—মনেঃমনে মৃত্যুচিন্তাও আসিত। তিনি বলিতেন "আমার জন্য তোমার বিপদ্—তাই ঈশ্বরকে বলি, যত শীঘ্র হয় এ বাধা দূর হোক। যাঁরা বড় কাজ করেন, তাঁদের স্ত্রী-পুত্র না থাকাই ভাল। সত্যই তুমি একমাত্র আশ্রয়—দুর্ব্বল মন, ভয়ে প্রাণ অস্থির হয়। ঈশ্বর আছেন, তুমি বড় কাজ কর—আমি যেন শীঘ্র মুক্তি পাই—এই আশীর্ব্বাদ চাই।"

তাঁর ম্লান হাসি আমায় বিদায় দিত। বুকে কিন্তু ছুরি চলিত। কিন্তু এই অনুভূতি অধিকক্ষণ ভোগ করার সময় ছিল না—আমি বিদায় লইয়া কোন ঝোঁপের ধার দিয়া, এঁদো পুকুরের পাড়ে উঠিয়া, গলি-ঘুঁজির পথে চোরের মত ছুটিতাম, পুলিসপ্রহরীর দৃষ্টি এড়াইয়া। দুই ঘণ্টার রাস্তা ছয় ঘণ্টায় অতিক্রান্ত হইত। কলিকাতার ষ্টেশনে নামিবার কথা—দমদমায় নামিয়া হাঁটিতে আরম্ভ করিতাম। ফিরিবার সময়ে দুই-চারিটা ষ্টেশন দূরে নামিয়া, হাঁটিয়া হাঁটিয়া, অতিশয় ক্লান্ত দেহে গোপন পথে বাড়ী ফিরিতাম। পথের যত ক্লান্তি, যত আতঙ্ক, সব মুছিয়া যাইত; কর্ম্মের গুরুত্ব লঘু হইয়া পড়িত—তাঁর অসীম আকুলতাপূর্ণ সজল নয়ন আমায় অভিষিক্ত করিত প্রতি ক্ষেত্রে। আজ ভাবি—এত বিপদ্ বরণ করিয়া এই নির্ব্বিঘ্ন-জীবনযাত্রার মূলে ঈশ্বর-প্রসাদ দায়ী বটে, কিন্তু এই সতীকে আশ্রয় করিয়াই তাহা মূর্ত্তি লইত—উপলক্ষস্বরূপ এই আশ্রয়-তত্ত্বের মহিমা তাই বুঝি ভুলিবার নয়।

সে একদিন—আমারই বাড়ীতে এক বিষম সমস্যা-পূর্ণ বিষয় লইয়া সভানুষ্ঠান হয়। সন্ধ্যার পর হইতেই একজন, দুইজন করিয়া এমন কত বন্ধু উপস্থিত হইলেন, তাঁহাদের নৈশ-ভোজনের গুরুভার চিরদিনের ন্যায় তাঁহাকেই গ্রহণ করিতে হইয়াছিল। কিন্তু যে গুরু-সমস্যার সমাধানকল্পে আমাদের আলোচনা চলিতেছিল, তাহা আর শেষ হয় না; কখন রাত্রি দ্বিপ্রহর অতীত হইয়া গিয়াছে, বর্ষার আকাশে ঘন ঘটায় কত চিকুর হানিয়া গিয়াছে; গুরু-গুরু বজ্রধ্বনি উঠিয়াছে, থামিয়াছে, কত বার ঝাঁপিয়া-ঝাঁপিয়া বৃষ্টি হইয়া গিয়াছে। রাত্রি প্রায় শেষ হয়, আমরা কোন সিদ্ধান্তেই উপনীত হইতে পারিলাম না। স্থির হইল—এই বিষয়ে শ্রীঅরবিন্দের পরামর্শ লইয়া কার্য্য হইবে। সকলে হাঁপ ছাড়িয়া বাঁচিলাম।

সকলেই ক্ষুধাতুর। ইতি মধ্যে দরজায় হয় তো বহু বার কড়া নাড়াঁর শব্দ হইয়াছিল, সে মৃদু আহ্বান কর্ণে প্রবেশ করে নাই। নিশীথ রাত্রি, নিঃশব্দ

পদে বাড়ীর ভিতর প্রবেশ করিলাম। অপ্রশস্ত রন্ধন-গৃহে মিটমিট করিয়া প্রদীপ জ্বলিতেছে। ভিজা স্যাঁৎসেতে মেঝের উপর অঞ্চল বিছাইয়া, স্তিমিত নেত্রে প্রফুল্ল কমল ঢলিয়া পড়িয়াছে। দিবারাত্রির শ্রমকাতর অঙ্গ-প্রত্যঙ্গ অবসাদে শিথিল, শ্লথ। যেন অজস্র স্নিগ্ধ বারিপতনের আঘাতে লতাবল্লরীর ন্যায় তাঁর সবখানি অবনমিত, এলায়িত। নিদ্রা শ্রম লাঘব করে। ইচ্ছা হইল না—এই শ্রান্তি-সুখে বাধা দিই। অনেক সময়ে তাঁহার অতর্কিতে আমার সাধ্যমত যাহা, তাহা করার উপক্রম করিয়াছি; কিন্তু কেমন করিয়া তাঁহার চক্ষুঃ পড়িয়া যায়—আমার উদ্যম প্রায় সর্ব্ব সময়েই ব্যর্থ হয়। দেখিলাম—রন্ধন-কর্ম্ম শেষ করিয়া, সব কিছু সুসজ্জিত রাখিয়া, অবসন্নতার ভার দেহখানি সহিতে না পারায়, তিনি ভূপৃষ্ঠে লুটাইয়া পড়িয়াছেন। বর্ষাকালে রাত্রে ভোজনের জন্য খেচরান্নই হইয়াছিল। আমি সেই অন্নভাণ্ডটী ধীরে-ধীরে বহির্ব্বাটীতে লইয়া গিয়া তাঁহার অতর্কিতে একটা বিরাট্ কর্ম্ম সমাধা করার বাহাদুরী লইবার জন্য হাঁড়ীর কাণাটী ধরিয়া দুই হস্তে যেমনই উঠাইতে যাইব, মুখের পাত্রটী সহসা অপসারিত হইয়া তাহা হইতে অত্যুষ্ণ বাষ্প উদ্গীর্ণ হইল, আমার হাত দুইটী তাহাতে প্রায় ঝলসিয়া গেল, মুখে একটা অব্যক্ত অস্ফুট চীৎকারও উঠিল। তাঁহার বিশ্রামসুখ-ভঙ্গ না করার জন্যই আমার এই সাধু-প্রয়াস, তাহা তিনি বুঝিলেন না—সুপ্তোত্থিতা হইয়া কটু ভর্ৎসনায় আমায় অতিষ্ঠ করিয়া তুলিলেন। আমি একেবারে চোরের ন্যায় হতভম্ব হইয়া 'ন-যযৌ ন-তস্থৌ' হইয়া দাঁড়াইয়া রহিলাম।

প্রথমেই হাত-দুটা ধরিয়া তিনি আমায় বলিলেন "খুব জ্বল্‌ছে তো! গরম ভাপ্ লেগেছে, জ্বল্‌বে বৈ কি!" তিরস্কার বড কটু কণ্ঠেই উচ্চারিত হইত। বিরক্তির সুর কাণে মধুবর্ষণ করে না। গজ্-গজ্ করিয়া সে যে কত কথা—সারা দিনের ক্লান্তি, সারা রাত্রির দুঃখ সব একত্র হওয়ায় তাঁহাকে সে রাত্রি বড় নিষ্ঠুর বলিয়া মনে হইল। "আমার এমন জীবন যদি, তবে বিবাহ করার কি প্রয়োজন ছিল?" "সারা দিন খাটিয়া রাত্রে যে দুই দণ্ড

নিদ্রা যাইব, সে ভাগ্যও নাই।" "পয়সা-কড়ির দিকে খোঁজখবর নেই, যজ্ঞশালা খুলিয়া বসা হইয়াছে!" মুখে তাঁহার খৈ ফুটিতে লাগিল। আবার সঙ্গে-সঙ্গে স্পিরিটের বোতল আনিয়া আমার দুই হাতের উপর ঢালিতে-ঢালিতে তিনি বলিতে লাগিলেন "আমি মরিনি তো? ডাকিলে কি মহাভারত অশুদ্ধ হইত? ও সব সোহাগ দেখান নয় তো, আমায় জ্বালাতন করা!" গঞ্জনার বেদমন্ত্র নীরবেই সহ্য করিলাম। ওদিকে ক্ষুধাকাতর বন্ধুগণ বিলম্ব দেখিয়া হট্টগোল সুরু করিলেন। শেষে দশ-পনেরখানা হাত টেবিল চাপড়াইয়া বিজ্ঞপ্তি দিতে লাগিল "আমরা আর থাকিতে পারি না, অন্তঃপুরেই বোধ হয় ধাওয়া করিতে হইবে।'

রঙ্গ দেখিয়া তিনি হাসিবেন কি কাঁদিবেন বোধহয় বুঝিতে পারিলেন না; শেষে হাসিয়াই ফেলিলেন, বলিলেন "ডাক, এক ক্ষণে বারুদ জ্বলিযাছে তবু ভাল! এদিকে ভোরও হইয়া আসে।"

বৈঠকখানায় যত বড় উৎসবই লাগিয়া থাকুক, রামেশ্বরের সুনিদ্রার ব্যাঘাত কিছুতেই হইত না। কিন্তু এত বড় একটা গোলযোগে তাহারও নিদ্রা ভাঙ্গিয়া গিয়াছিল। সে নিদ্রোত্থিত হইয়াই বুঝিয়া লইল—ব্যাপারটা কি; তাহার পর যাহা হইবার, তাহাতে আমার আর প্রয়োজনই রহিল না। অতি প্রত্যুষে ভোজনাদি সমাধা করিয়া, যাহাদের প্রস্থানের সুযোগ ছিল, তাঁহারা পৃষ্ঠ প্রদর্শন করিলেন, অবশিষ্ট যাঁহারা রহিলেন, স্নিগ্ধ বর্ষার বাতাসে অঙ্গ মেলিয়া দালানে সারি-সারি শুইয়া পড়িলেন। নীরব-নিস্তব্ধ গৃহ-মন্দির, কে বলিবে কিছু পূর্ব্বে এখানে এত বড় একটা অভিনয় হইয়া গিয়াছে!

শ্রীঅরবিন্দের পত্র আসিল। শ্রীঅরবিন্দ বাংলার রাষ্ট্রক্ষেত্র হইতে আত্ম-গোপন করিলে, বাংলায় রাষ্ট্রনেতা বলিয়া কেহ ছিলেন না। বাংলার বিপ্লবপন্থীরাই দেশের রাষ্ট্রভাগ্য নিয়ন্ত্রিত করিতেন। পাঞ্জাব, যুক্তপ্রদেশ, বিহার, বাংলা, এমন কি সুদূর ব্রহ্মদেশ পর্য্যন্ত বিপ্লবপন্থীদের সংহতি একই ছত্রতলে গড়িয়া উঠিয়াছিল। বাংলার ঢাকা, বরিশাল ও কলিকাতার ভিন্ন-ভিন্ন বিপ্লবী নেতারা এক হইয়া সেদিন শ্রীঅরবিন্দের নির্দ্দেশের প্রতীক্ষা করিতেন।

আমার যত দূর মনে পড়ে, এই সময়ে ৫০ হাজার তরুণ বিপ্লবী শ্রীঅরবিন্দের সঙ্কেত পাইলে, একযোগে মাথা তুলিয়া দাঁড়াইত। কিন্তু পূর্ব্বেই বলিয়াছি—শ্রীঅরবিন্দ এই উগ্র রাষ্ট্রনীতির মোড় ফিরাইয়া দিবার জন্য এই সময়ে নূতন ঋক্-রচনায় প্রবৃত্ত হইয়াছিলেন।

১৯১৪ খৃষ্টাব্দে বাংলার বিপ্লব-দল প্রবল হইয়া উঠিতেছে দেখিয়া লর্ড হার্ডিঞ্জ হয়তো মনে করিয়াছিলেন—এই সকল তরুণ যদি তাহাদের কর্ম্ম-প্রবৃত্তি চরিতার্থ করার সুপথ পায়, তাহা হইলে ষড়যন্ত্রমূলক বিপ্লবপথ তাহারা পরিত্যাগ করিবে। এই জন্য তিনি বাংলা হইতে দুই সহস্র যুবকের সেবা-বাহিনী-গঠনের বাণী ঘোষণা করেন। কিন্তু তাৎকালীন দেশনেতাদের কণ্ঠে ইহাতে তেমন সাড়া উঠে নাই এবং যে কয়েক শত যুবক এই কর্ম্মে আত্মনিয়োগ করার জন্য আবেদন করিয়াছিল, বাংলার তরুণ বিপ্লবীর সংখ্যা তাহাদের মধ্যে ছিল না বলিলেই হয়। অবস্থা দেখিয়া গভর্ণমেণ্ট এই প্রস্তাব প্রত্যাহার করেন।

সেবা-বাহিনীগঠনের আহ্বান শুনিয়া দেশবন্ধু চিত্তরঞ্জন আমাদের এই বিষয়ে মতামত জিজ্ঞাসা করেন। আমরা এই সমস্যার সিদ্ধান্ত স্থির করার জন্য পূর্ব্বে এক পরামর্শ-সভার আয়োজন করিয়াছিলাম, সে কথা পূর্ব্বেই বলিয়াছি। কিন্তু আমরা সেদিন কোন সিদ্ধান্তেই উপনীত হইতে পারি নাই। শ্রীঅরবিন্দ যে সুস্পষ্ট অভিমত পত্রযোগে পাঠাইলেন, তাহা তাঁহার মত প্রতিভাশালী ব্যক্তির পক্ষেই সম্ভব হইয়াছিল। ১৯১৪ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দ ভারতের রাষ্ট্র-নীতি সম্বন্ধে কিরূপ মত পোষণ করিতেন এবং উদীয়মান জাঁতিকে কি ভাবে গড়ার আকৃতি রাখিতেন, এই পত্রখানিতে তাহার সুস্পষ্ট প্রমাণ মিলে—ইহা অবশ্য ৩৭ বৎসর পূর্ব্বের কথা।

তাঁহার সেই সুচিন্তিত ও সঙ্গতিপূর্ণ রাজনীতিক সিদ্ধান্ত আর অপ্রকাশ থাকা বাঞ্ছনীয় নহে এবং এই পত্রের মধ্যে তাঁহার যে সঙ্কেতপূর্ণ ভবিষ্যৎ-নির্দ্দেশ ছিল, তাহা আমার জীবনে বিশেষ প্রভাব বিস্তার করিয়াছিল। আমি পত্র-খানির মর্ম্ম যথাসম্ভব এইখানে সন্নিবেশিত করিতেছি। শ্রীঅরবিন্দ লিখিয়া-ছিলেন "দক্ষিণ আফ্রিকায় গান্ধির যে নীতি, তাহা রাজভক্তিরই প্রেরণায়।

ইহা বর্ত্তমান ভারতের পক্ষে উপযোগী নহে। বাংলার সেবা-বাহিনী-গঠন নিছক রাজভক্তিরই নিদর্শন, দক্ষিণ আফ্রিকায় গান্ধীর কর্ম্ম তবুও কতকটা নিষ্ক্রিয়-প্রতিরোধ-নীতি দ্বারা পরিশোধিত! দাসমনোবৃত্তির প্রকাশ রাষ্ট্রনীতিক কৌশল নহে, এবং ইহা আদৌ উত্তম-নীতি বলিয়াও গ্রহণ করা যায় না। প্রতিপক্ষকে ইহার দ্বারা প্রতিহতও করাও যায় না। শত্রু নিরস্ত্রও হয় না। বরং এই নীতির দ্বারা জাতির স্নায়বিক দৌর্ব্বল্যই বাড়ে, আতঙ্কের সৃষ্টি হয়; পরাধীন পরপদলেহী জাতির হীন চাতুরীই ইহাতে প্রশ্রয় পায়। দক্ষিণ আফ্রিকায় গান্ধিজীর উদ্দেশ্য ছিল—তথাকার ভারতীয়েরা যাহাতে কর্ত্তৃপক্ষের নিকট হইতে কথঞ্চিৎ সদয় ব্যবহার লাভ করে। অবশ্য এই কার্য্যের ফলে গান্ধিজীর আরও বড় কিছুর প্রতীক্ষাও ছিল। কিন্তু ভারতবাসী দক্ষিণ আফ্রিকার প্রবাসী নহে। এখানে রাজভক্তিমূলক এম্বুলেন্স দল গঠন আমাদের আদৌ উপযোগী নহে। ভারতের সেবা-বাহিনী গঠন করিয়া রাজভক্তি-প্রদর্শনের কোনই হেতু নাই।"

ইহার পর তিনি জাতির লক্ষ্য সম্বন্ধে অতি স্পষ্টভাবে জানাইয়াছিলেন। আমাদের উদ্দেশ্য—কয়েকটা সুযোগ-সুবিধা অর্জ্জন নহে। আমাদের লক্ষ্য—স্বাধীন জাতির সংগঠন। ইংরাজীতেই তাঁর মূল বাণীটুকু উদ্ধৃত করি—"Not to secure a few privileges but to create a nation of men, fit for independence and able to secure and keep it." *

এই পত্রে তিনি ভারতের জাতীয়তাবাদীদের লক্ষ্য ও উদ্দেশ্য সম্বন্ধে নিম্নলিখিত চারিটি নীতির নির্দ্দেশ দিয়াছিলেন: প্রথমতঃ—চরম লক্ষ্য হইবে স্বাধীনতা (Eventual independence); দ্বিতীয়তঃ—যেখানে অধিকার নাই, সেখানে সহযোগিতাও নাই (No co-operation without control); তৃতীয়তঃ—কথায় ও কার্য্যে চাই পুরুষোচিত সাহস (A masculine courage in speech and action); এবং চতুর্থতঃ—প্রকৃত অধিকার পাইলে, তাহা গ্রহণের তৎপরতা এবং উহা যেটুকু, সেটুকুরই ঠিক মূল্য দেওয়া, তাহার একটুও

বেশী নহে (Readiness to accept real concessions and pay their just price, but no more)।

স্বাধীনতা চরম লক্ষ্য রাখিয়াই জাতির জাগরণ। তিনি স্পষ্ট করিয়াই জানাইয়াছিলেন "আমাদের স্বীকার করিতে হইবে—এই স্বাধীনতা এখনই সম্ভবপর নহে। ইহার জন্য আমাদের প্রস্তুত হইতে হইবে। ইতিমধ্যে কোন বৈদেশিক শত্রুর আক্রমণ হইতে বৃটিশশাসন-রক্ষার জন্য আমাদের উদ্যত থাকিতে হইবে। কারণ, ইহার দ্বারা নিজেদেরই ভবিষ্য-স্বাধীনতা রক্ষা করা হইবে গভর্ণমেণ্ট যদি স্বেচ্ছাসৈনিক-বাহিনী-গঠনে সম্মত হন, এমন কি বয়েস-স্কাউট-সংহতি-গঠনেও হস্ত প্রসারিত করেন, আমরা সেখানে দলে-দলে যোগ দিব। কিন্তু সেবা-বাহিনী-গঠনের ডাকে আমরা কোন মতেই সাড়া দিব না।"

বেলুড় মঠের শরৎ মহারাজ লর্ড হার্ডিঞ্জের ঘোষণাপত্র পড়িয়া উদ্বুদ্ধ হইয়াছিলেন। তিনি তরুণের সেবাবৃত্তির আদর্শপূর্ত্তি লক্ষ্যে রাখিয়া যুবকদের উৎসাহ দিয়াছিলেন। শ্রীঅরবিন্দ তাহা শুনিয়া বলিয়াছিলেন "ইউরোপের রণক্ষেত্রে নির্ব্বাক্ আত্মবলির ভিতর দিয়া জাতির সেবাবৃত্তির অনুশীলন কষ্ট-কল্পনা। সেবাবৃত্তির অনুশীলন আমরা জীবনের প্রতি পদে করিতে পারিব। ইউরোপের যুদ্ধে সামরিক শিক্ষালাভের জন্য যাওয়ার প্রয়োজন আছে। যদি গভর্ণমেণ্ট টেরিটোরিয়াল্ আর্ম্মি অথবা স্বেচ্ছাসৈনিক-বাহিনী, এমন কি বয়েস-স্কাউট দলগঠনের অভিলাষী হন, আমরা ইহার পরিবর্ত্তে কোন প্রতিদানের দাবী করিব না। কিন্তু মনে রাখিতে হইবে,—এক টেরিটরিয়াল্স্ ছাড়া বয়-স্কাউট ও ভলাণ্টিয়ার দলের উপর সামরিক শাসন ভিন্ন গভর্ণমেণ্টের অন্য কোনই কর্ত্তৃত্ব থাকিবে না।"

তাঁহার পত্র লইয়া সারা রাত্রি আবার বিচার-বিতর্ক চলিল। নানা চিন্তায় আমাদের চিত্ত অবসন্ন হইয়া পড়িল। সেনাবাহিনী-গঠনের সঙ্কল্প গভর্ণমেণ্ট ত্যাগ করিয়াছিলেন; সুতরাং এই সম্বন্ধে কোন সিদ্ধান্তেরই আর প্রয়োজন ছিল না। গভর্ণমেণ্ট যখন সেনাবাহিনী গঠন করিতে চাহিবেন, তখন

ব্যাপারটা বুঝা যাইবে—এই স্থির করিয়া আমাদের সভার কার্য্য সেই রাত্রির মত শেষ হইল।

বর্ষার আকাশ পরিষ্কার হইতে লাগিল। শারদ প্রভাতের অরুণবর্ণ সূর্য্য-কিরণ দেখিয়া মনে পড়িল—বাংলার ঘরে ঘরে এইবার মায়ের বোধন-মন্ত্র উচ্চারিত হইবে। আমার শূন্য দালান দশভুজার আবির্ভাবে কি এবারও নবশ্রী ধারণ করিবে?

দরিদ্রের সংসার—মহালয়ার পর প্রতিদিন প্রভাতে নূতন-নূতন রূপ লইয়া দেখা দেয়। রন্ধনশালা হইতে শয়নগৃহ, বৈঠকখানা, গৃহাঙ্গণ সুনিপুণ করস্পর্শে অপূর্ব্ব-শ্রী ধরে। বর্ষার প্রভাতে মঙ্গল-ঘটে গঙ্গাবারি পূর্ণ করিয়া, প্রবেশদ্বার হইতে সর্ব্বত্র জলসিঞ্চনে তিনি অভিষিক্ত করিলেন। জগজ্জননী মহাদুর্গা আসিবেন, তাহারই আবাহন-পর্ব্ব আরম্ভ হইয়া গিয়াছে। আমি জিজ্ঞাসা করিলাম "মা আসিবেন, খবর পাইয়াছ নাকি?"

তিনি হাসিয়া বলিলেন "মা আসিবেন না? সারা বর্ষ ধরিয়া ডাকিয়া সারা হইতেছি, মা আসিবেন। তাই কোথাও ময়লা না থাকে দেখিয়া বেড়াই।"

এক অপূর্ব্ব ভাব! হউক কল্পনা, কিন্তু বাস্তব রূপের যে পবিত্র-দ্যোতনা এই অনুভূতির স্পর্শে চক্ষে পড়িয়াছে, তাহা আমি উপেক্ষা করিতে পারি না। তবু হাসিয়া জিজ্ঞাসা করিলাম "মা আসিবেন, কোথায় গিয়াছিলেন? কোথা হইতেই বা আসিবেন?"

তিনি বলিলেন "তোমাদের বুদ্ধি আছে, কিন্তু ভক্তি-বিশ্বাস কম। তিনি আসিবেন সাড়া পাইতেছি, সংবাদ পাইতেছি, হৃদয়ে আনন্দ অনুভব করিতেছি, কোথা হইতে আসিবেন, সে উত্তর জানার আর দরকার কি?"

বাড়ীতে যখন প্রতিমা আসিত, তখনও তাঁহাকে দেখিয়াছি! প্রতিমা আনার সাধ্য যখন রহিল না, সেদিনও মহাপূজার সময়ে তাঁহার দিকে লক্ষ্য

রাখিয়াছি; আর আজ এ মন্দিরে মহাকালীর আসন পাতিয়া নিয়ত-পূজার যুগেও এই পর্ব্বকালে তাঁহার দিকে চাহিয়া সবিস্ময়ে ভাবিয়াছি—জীবনের তালে-তালে মহাকালীর যে চরণচ্ছন্দঃ, তাহা তো অনাহত; আজ অকস্মাৎ নূতন আবির্ভাবের মত দেবীর আগমন-কল্পনা মনের বিলাস নহে কি? কিন্তু সে রূপ দেখিয়া বিশ্বাস করিয়াছি— দেবী আসেন। ঘটে-পটে-প্রতিমায় তিনি হয়তো বিশেষভাবে. এই বিশেষ দিনে আবির্ভূতা হন। কিন্তু আমার এই জীবন্ত-প্রতিমায় পূজার যে ধুম দেখা দেয়, তাহা তো অস্বীকার করিতে পারি না! কালও তো এই লালিমা, এই ঔজ্জ্বল্য লক্ষ্যে পড়ে নাই! সপ্তমীর প্রভাতে এই প্রতিমার আরও আনন্দময়ী মূর্ত্তি, অষ্টমীতে আরও, নবমীর প্রভাতে সে রূপশ্রী ইহাতে পরিপূর্ণ হইয়া দেখা দিবে। বর্ষে-বর্ষে ইহাই দেখিয়াছি। আজ আমার নূতন সংসারে তিনি কি অপূর্ব্ব-শ্রী ধরিবেন, তাহার জন্য চিত্ত আমার উদ্বেলিত হইয়া উঠিতেছিল।

তিনি প্রাঙ্গণময় জল ছড়াইতে-ছড়াইতে, হাসিয়া বলিলেন "আজ মা আসিবেন, কিন্তু আমাদের বাড়ী নয়, হাড়ীদের বাড়ী রাত্রি যাপন করিবেন। কাল প্রভাতে—বুঝেছ—"

সে আবেশবিভোর নয়নপল্লবে ভক্তিবিশ্বাসের ঝরণা যেন ঝরিয়া পড়ে। বহির্দ্বারে বামাকণ্ঠে কে বলিল "পেতে ধুচুনী লিবেক্ মা?"

মলিনবস্ত্রা, রুক্ষকেশা, কর্কশশ্রী হাড়ীর মেয়ে বাঁশের চাঁচ্ তুলিয়া ধুচুনী, পেতে, ফুলের সাজি কাঁকে-পিঠে করিয়া হাঁকিতেছে—"পেতে-ধুচুনী লিবেক মা?"

ওষ্ঠপুটে রহস্যময়ী হাসি! ষষ্ঠীর প্রভাতে পাঁচ পয়সায় একজোড়া পেতে খরিদ করিয়া তিনি সগর্ব্বে অন্তঃপুরের দিকে প্রবেশ করিতে-করিতে বলিয়া গেলেন "আমার মা আসিতেছেন। এ পেতে কেনা নয়, পাঁচ পয়সা মায়ের পূজা দিলাম, বুঝ্‌লে!"

সারাদিন কি এক অনির্ব্বচনীয় ভাবে অতিবাহিত হইল। সন্ধ্যায় প্রদীপের আলোয় সে অনিন্দ্যমুখে লাবণ্যের তুলি ·আর এক পোঁচ কে যেন মাখাইয়া দিয়াছে! কলায়-কলায় চন্দ্রের সৌন্দর্য্যই বাড়ে, দেবীপক্ষের প্রতিদিন আমার

গৃহ-দেবীর এই নব নব ভাবোন্মেষ ও সৌন্দর্য্যোন্মেষ অতি অপূর্ব্ব—অনির্ব্বচনীয় তৃপ্তিতে হৃদয় ভরাইয়া দেয়।

আমি নিঃস্ব, অর্থহীন। সংসারে থাকিতে প্রতি বৎসর এইদিন পূজার বাজার করিয়া আনিতাম। নূতন বস্ত্র প্রতি জনকে দিয়া একখানি মনের মত লাল-পেড়ে শাড়ী তাঁহার করকমলে অর্পণ করিয়া মহাতৃপ্তি অনুভব করিতাম। দেবীর আগমনের এই ষষ্ঠী-সন্ধ্যায়, পরমানন্দের মধ্যে নয়নে বোধ-হয় অভাবের এক ফোঁটা অশ্রুও বাহির হইতে চাহিতেছিল। পলকে তিনি তাহা বুঝিয়া লইলেন। সন্ধ্যার প্রদীপে আজ যে আনন্দের শিখা জ্বলে, তাহাতে নিরানন্দের ছায়া কেন! তিনি প্রশ্ন করিলেন "তুমি বিষণ্ণ কেন?"

এই পূজার দিনে একখানি নব বস্ত্রের অতি ক্ষুদ্র দাবী আমার হৃদয়কে পীড়িত করিতেছিল। নিজেকে অকৃতার্থ মনে হইতেছিল। মানুষের এ দুর্ব্বলতা বুঝি বর্জ্জনের বস্তু নয়। আমার মনের কথা তিনি বাহির করিয়া লইলেন; তারপর সান্ধ্য-প্রণাম চরণে নিবেদন করিয়া বলিলেন "আমি তো কিছু চাহি না। কাছে বসিয়া আমার সময় নষ্ট করিও না, রাত্রির খাওয়া তো আছে!"

মৃদু হাসিয়া তিনি গৃহান্তরে চলিয়া গেলেন। আমি বহির্ব্বাটীর প্রাঙ্গণে অন্ধকারে পদচারণা করিতে-করিতে অনুচ্চ কণ্ঠে গাহিলাম—

"আমি ছিলাম গৃহ-বাসী,<br>
[illegible] করিলি সন্ন্যাসী;<br>
আর কি করিবি কেলে সর্ব্বনাশী—"

রাত্রি ঘন হইলে, বৈঠকখানায় বসিয়া ভাবিতেছি—মাঝের দরজায় ঠক্-ঠক্ করিয়া আওয়াজ হওয়ায় উঠিয়া গেলাম—তিনি হাতে দিলেন একখণ্ড কাগজ! আলোয় মেলিয়া দেখিলাম—পেন্সিলে অস্পষ্ট বাঁকা-বাঁকা অক্ষরে এই কয় ছত্র লেখা:

হই আত্মসমর্পণযোগী—ঈশ্বরের যন্ত্র মেধা, হৃদয়, প্রাণ; কিন্তু এই ক্ষুদ্র লিপিটুকুর মধ্যে আমার দারিদ্র্য-দুঃখের উপর যে অমৃতপ্রলেপ দিবার ব্যাকুলতা তাঁর হৃদয়ে রূপ-রসে সেদিন লীলায়িত হইয়াছিল, তাহা অনুভব করিয়া চক্ষের অশ্রু বারণ মানে নাই। পূজার দিনে নব-বস্ত্র দিবার যোগ্যতা স্বামীর নাই। পত্নীর প্রাণে সে দুঃখের তাড়না ক্ষুন্নতা আনিল না, রূপান্তরিতা হইয়া আমায় সান্ত্বনা দিল, এই শিক্ষাহীনা নারীর মহত্বপূর্ণ হৃদয়ের মূল্য নির্দ্ধারণ করা যায় না। তাঁর কথাগুলির মধ্যে আমারই একটী কাহিনী নিহিত ছিল। সেইটী

উপলক্ষ্য করিয়া তিনি জানাইয়াছেন—"তুমি দুঃখ করিও না, আমি তোমার উড়ুনি পরিয়াই লজ্জানিবারণ করিব; ইহাতে আমার কোন দুঃখ নাই, তোমার হাসিমুখই আমার জীবনের আলো ও আনন্দ।"

সপ্তমীর প্রভাতে নীরবে তাঁহার মুখের দিকে চাহিয়া অনুভব করিলাম—দেবী আসিয়াছেন বৈ কি, এত তৃপ্তি, এত প্রসন্নতা তাহা না হইলে কোথা হইতে আসিল ?

রাত্রি প্রভাত হইলে তিনি চক্ষুঃ মুদিয়া শুইয়া থাকিতেন, আমি নিদ্রা-ভঙ্গে বহির্বাটী হইতে আসিয়া রুদ্ধদ্বারে টোকা মারিতাম। তিনি নিমীলিত চক্ষে খিল খুলিয়া হাসিতে-হাসিতে বলিতেন "সাড়া দাও—তুমি তো ?" কত ব্যঙ্গ-কৌতুকের পর তিনি চক্ষুঃ উন্মীলিত করিতেন। প্রভাতে প্রথম দৃষ্টিটুকু স্বামীর জন্যই তাঁহার তোলা থাকিত। সপ্তমী-প্রভাতে মধুধারা বহিয়া গেল। আমি তাঁহার শয্যাধারে বসিলাম। আমি তখন কত কি ভাবিতেছিলাম।

—"ছোটদিদি, যাব ?"

মেজ-বৌয়ের কণ্ঠস্বর। মেজ-বৌ ঘরে প্রবেশ করিল। হাতে তার সিঁদুর, আল্‌তা, রুলি, আর নব বস্ত্র। একছড়া ফুলের মালা আমার গলায় দোলাইয়া, সে ভূনত প্রণাম করিল। তারপর সে বসিল ছোটদিদির প্রসাধনে। সে অপার্থিব দর্শন দুটা চোখে দেখা যায় না। আমি তাই বাহিরে আসিয়া হাঁফ্ ছাড়িলাম।

সপ্তমীর মধ্যাহ্নে ভূরিভোজনের ব্যবস্থা। এত অমৃতাস্বাদ—মহেশ্বরীর প্রসাদ বৈ কি। গৃহলক্ষ্মীর পরিধানে নববস্ত্র। চরণ অলক্তরঞ্জিত, ললাটে সিন্দূরবিন্দু। এই রূপ দেখিবার নহে, ধ্যানের। আমার সপ্তমীর রাত্রি নেশাখোরের মত বিভোর হইয়াই কাটিয়া গেল।

অষ্টমীর প্রভাতে মেজ-বৌ আসিয়া জানাইল "আজ ঠাকুরের নিমন্ত্রণ—মধ্যাহ্ন-ভোজনের।"

'ছোটদিদি' আমার মুখের দিকে চাহিলেন। আমার মুখে 'হাঁ-না' কিছুই নাই! আমার চিত্ত মহাদুর্গোৎসবের আনন্দে হারাইয়া গিয়াছে! ভোজনের

পর মেজ-বৌয়ের বাড়ী হইতে ফিরিলাম—নূতন ধুতি, নূতন চাদর, ললাট শ্বেতচন্দনলিপ্ত। তিনি দেখিয়া বলিলেন "মেজ-বৌ বড় হারাইয়াছে; আচ্ছা দেখে' নেব, এক পৌষে জাড় পালায় না!" এই কথার অর্থ সে দিন বুঝি নাই।

পূজা শেষ হইল অস্তর্যোগে, অধ্যাত্মোপচারে,—বুকে আঁকিয়া দিয়া গেল এক অভিনব চৈতন্তের অনুভূতি। সম্মুখে আসন্ন পরিবর্ত্তন-যুগ।

শরৎ গেল, হেমন্ত আসিল। ইউরোপের রণডঙ্কা কাণের কাছে আসিয়া বাজিতে লাগিল। আমার চিত্ত কিন্তু লাটু খাইতেছে পরমানন্দে—কোন এক ঊর্দ্ধ-চেতনার স্তরে! তারপর একদিন প্রভাতে শীতের আড়ষ্ট মূর্ত্তি কাঁপিতে-কাঁপিতে বলিল—আমি আসিয়াছি জীবনের আর এক অঙ্কপাতের সূচনা হাতে করিয়া।

পিতৃদেব কয়েক দিন অসুস্থ হইয়া পড়িয়াছেন। নানা উপসর্গ। চিকিৎসকেরা আসিয়া তাঁহাকে পরীক্ষা করিলেন। পীড়ার গুরুত্ব সম্বন্ধে কেহই রায় প্রকাশ করিলেন না।

একদিন সন্ধ্যার সময়ে ডাক আসিল; দেখিলাম—পিতার শূন্তে ঊর্দ্ধ-দৃষ্টি, নীথর শৈলখণ্ডের ন্যায় শয্যার উপর শুব্ধ কলেবর। তাঁহার ললাটে হস্ত সঞ্চালন করিতে-করিতে বলিলাম "কেমন আছ?"

তিনি সুস্থ ব্যক্তির ন্যায় গম্ভীর স্বরে বলিলেন "বস, কথা আছে।"

আমি তাঁহার শয্যাপার্শ্বে উপবেশন করিলাম। তাঁহার কথা আশ্চর্য্যবৎ শুনিলাম। কোন যোগ্য পুত্রের সম্মুখে পিতা অকপটে জীবনের আত্মকাহিনী এমন করিয়া বলিতে পারেন, সে ধারণা আমার ছিল না। বলিতে-বলিতে তাঁহার নয়নপুটে যেন অশ্রুসাগর উথলিয়া উঠিতেছিল; আমিও নয়নবারি সম্বরণ করিতে পারিতেছিলাম না। সুকৃতি অপেক্ষা জীবনের দুষ্কৃতির দিক্‌টাই তিনি এমন আবেগোচ্ছ্বসিত কণ্ঠে বলিতেছিলেন, যেন মনে হইতেছিল—কোন এক আগ্নেয়গিরি তাহার গর্ভস্থিত জ্বালাময় অংশটাকে

নিঃশেষে উৎক্ষিপ্ত করিয়া, চিরদিনের জন্য শান্তিশীতল-মূর্ত্তি ধারণ করিতে চায়। ঠিক তাহাই হইল। তাঁহার কথা শেষ হইলে, দেখিলাম—তাঁহার ললাটে অরিষ্টযোগ সুস্পষ্ট হইয়া উঠিয়াছে। তিনি যেন হৃদয়ের দ্বার মুক্ত করিয়া, সন্তানের কাছে জীবনের উত্থান-পতনের ইতিহাস ব্যক্ত করিয়া আজ মুক্তিপ্রার্থী। শ্বাসকষ্ট লক্ষ্যে পড়িল। নাড়ী টিপিয়া স্পন্দনের ভেকগতি অনুভূত হইল। অগ্রজকে ডাকিলাম। বৈঠকখানায় কয়েক জন বন্ধু বসিয়াছিলেন, তাঁহাদেরও সব কথা বলিলাম। গৃহদেবী শুনিয়া বলিলেন, "তুমি সব কাজেই বড় ব্যস্ত হও। এই সন্ধ্যার পূর্ব্বে আমি তাঁহার সহিত কথা কহিয়া আসিয়াছি। তুমি জীয়ন্ত মানুষ মারবে না কি?"

এ দুর্নাম আমার ছিল। রোগীর শুশ্রূষায় আমার বড় আনন্দ হইত। কিন্তু যেই আসন্ন মৃত্যুর সম্ভাবনা দেখিতাম, আমি উতলা হইয়া উঠিতাম। মৃতদেহ লইয়া আত্মীয়-স্বজনের হাহাকার আমার ভাল লাগিত না। অনেক ক্ষেত্রে এমনও হইয়াছে, মুমূর্ষু ব্যক্তি আমার কাঁধের উপরই শেষ নিঃশ্বাস ছাড়িয়াছেন। অরিষ্টলক্ষণাদি আমার কিছু জানা ছিল। খুব জিদ্ হইল—পিতাকে আমি গৃহ-মধ্যে মরিতে দিব না! আমি তাঁহাকে সঙ্গীদের সাহায্যে বিছানাশুদ্ধ তুলিয়া লইলাম। তিনি কাতর-কণ্ঠে বলিলেন "কোথায় লইয়া যাও?" গৃহ হইতে বাহির করার সময়ে তিনি হাত বাড়াইয়া দরজার শিকল ধরিলেন। আমি ধীরে-ধীরে তাঁহার করমুষ্টি শিথিল করিয়া ছাড়াইয়া লইলাম। সিঁড়িতে নামিবার সময়ে তিনি আবার দরজার বাজু চাপিয়া ধরিলেন। কিন্তু আমার সহিষ্ণুতা ছিল না, অতি শীঘ্র যেন তাঁহাকে গঙ্গাতীরে লইয়া যাইতে হইবে—এইরূপ প্রেরণার ঝঙ্কার অন্তরে উঠিতেছিল। বহিঃপ্রাঙ্গণে তাঁহাকে নামাইলাম, বলিলাম—"গৃহ-দেবতাকে প্রণাম করুন।" জোড় করে তাহা তিনি করিলেন। আমার স্ত্রী আসিয়া তাঁহার মুখে জল দিলেন, ললাটে চন্দন লেপিয়া তুলসীপত্র সাজাইয়া দিলেন। আমরা তারক-ব্রহ্ম নাম করিতে-করিতে তাঁহাকে গঙ্গাতীরে লইয়া আসিলাম।

পৌষ মাসের শুক্লা ত্রয়োদশী। আকাশের চন্দ্র হিমজালে জড়াইয়া

অপরূপা শোভা ধরিয়াছে। শষ্পাচ্ছাদিত গঙ্গাতটে আসিয়া আমরা তাঁহাকে ভূমিশয্যার উপর স্থাপন করিলাম। ঘন-ঘন শ্বাস লইতে-লইতে তিনি ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিতেছিলেন; আমি জ্যোৎস্নাপ্লাবিতা কুহেলিকাময়ী গঙ্গা-ধারার দিকে সঙ্কেত করিয়া বলিলাম "ঐ কলুষনাশিনী জাহ্নবীধারা, আপনাকে এইবার আমি গঙ্গাগর্ভে লইয়া যাইব!"

গঙ্গাসৈকতে তাঁহাকে শয়ান করাইলাম। শীতের শিহরণে ভাগীরথী শীর্ণকায়া হইয়াছেন। সবেমাত্র জোয়ার আসিতেছে। মানুষের শ্বাসপ্রশ্বাসের ন্যায় গঙ্গাদেবী তটদেশে যেন সেইরূপ তরঙ্গোচ্ছ্বাসের আকর্ষণ-বিকর্ষণ-লীলারতা। প্রথম একটী তরঙ্গ পিতৃদেবের চরণস্পর্শ করিল; তারপর একটী-একটী করিয়া কয়েক মিনিটের মধ্যে তাঁহার চরণযুগল জাহ্নবীসলিলে নিমজ্জিত হইল। মুক্ত উদার চক্ষের চাহনী অনন্ত নীলের দিকে মেলিয়া সব স্থির হইয়া আসিতেছিল। উচ্চকণ্ঠে আমরা তখন নাম-কীর্ত্তন করিতেছি। অর্দ্ধ অঙ্গ জলে, অর্দ্ধ অঙ্গ স্থলে, আর তালে-তালে ঈশ্বরীয় নাম-কীর্ত্তনে জীবের দেহান্তর—পূজনীয় জনকের এই মহামৃত্যুৎসব, আমি অসীম আনন্দে আত্মহারা হইয়া তাঁহাকে বেড়িয়া-বেড়িয়া গাহিতে লাগিলাম—

"জয় জগদীশ হরে।
জয় জগদীশ হরে।
জয় জগদীশ হরে॥"

পিতার জীবন-দীপ নিভিল। অতীতের অঙ্কপাত এইখানে। ১৯১৪ খৃষ্টাব্দ জীবনের নূতন অঙ্ক সংযোজন করিল।

শ্মশান হইতে বাড়ী ফিরিলাম আর এক দুশ্চিন্তার ভার বহন করিয়া। অগ্রজের সংসার হইতে বিচ্ছিন্ন হওয়ায়, এই কয় মাসের মধ্যে একমাত্র উপার্জ্জনের ক্ষেত্র কাঠের কারখানাটী বন্ধ হইয়া গিয়াছে। এই ঘটনায় অগ্রজের অবস্থা চক্ষে পড়িল; বুঝিলাম—তিনিও কপর্দ্দক-শূন্য হইয়া পড়িয়াছেন। অন্ত্যেষ্টিক্রিয়ার যাবতীয় ব্যয়ভার আমাদের বহন করিতে হয় নাই, সুহৃজ্জনের অর্থেই এই ক্ষেত্রে নিষ্কৃতি পাইয়াছি। কিন্তু হিন্দুর

পিতৃদায় বড় দায়। ভিতরের অবস্থা যাহাই হউক, বাহিরে নাম ও খ্যাতি যেরূপ আছে, তাহাতে পিতৃশ্রাদ্ধ নীরবে সম্পন্ন করার নয়। অগ্রজ জানাইলেন—তিনি এই বিষয়ে কোন প্রকার সাহায্য করিতে অক্ষম। আমিও একপ্রকার ভিক্ষুক বলিলেও অত্যুক্তি হয় না। পিতৃদায় হইতে উদ্ধারের চিন্তা অপরিত্যজ্য হইল।

চিন্তা যখন সুরু হয়, হৃদয়ে যখন ভাবানুভূতি জাগে, তখন হৃদয় ও মস্তিষ্ক সকল প্রকার চিন্তা ও অনুভূতি হইতে মুক্ত হউক, এই ইচ্ছা যতই করি, ততই সেই সকল চিন্তা ও অনুভূতির স্রোতঃ প্রবল হইতে প্রবলতর হইয়া উঠে। ধ্যান করিতে বসিলে, কোন এক বিষয়ে চিন্তা-প্রবাহ ঘণ্টার-পর-ঘণ্টা মস্তিষ্কে চলিতে থাকে। এই চিন্তা ক্রমে ঘনীভূত হইয়া হৃদয়ে তদ্বিষয় সম্বন্ধে অনুভূতির সাড়া তুলে। সঙ্গে-সঙ্গে সমাধানের সূত্র খুঁজিয়া পাই। আত্ম-সমর্পণের সাধনায় আমি সব কিছু হইতে নিজেকে মুক্ত করিয়া অদৃশ্য শক্তির হাতে সমর্পণ করিতে পারি নাই। অন্তরেন্দ্রিয় প্রাণ, চিত্ত, মন ও বুদ্ধি এক দিনের জন্যও নিষ্ক্রিয় জড়বৎ উদাসীন রাখিতে পারি নাই। যে নীথর-নিষ্ক্রিয় চিত্তপটে ঊর্দ্ধলোক হইতে জ্ঞান ও শক্তির অবতরণ ঘটিবার সম্ভাবনা শুনিয়াছি, সে অবস্থা আমার আত্মসমর্পণযোগে ঘটিয়া উঠে নাই। আমি কিছু করিতে চাহি নাই। যেমন পূর্ব্বে চলিতেছিলাম, আত্মসমর্পণের সাধনা গ্রহণ করিয়া তেমনই সব চলিতেছিল। আমি ভাবিতেছি, আমি করিতেছি, আমার অনুভূতি হইতেছে, এই চেতনাটা স্বতঃই উল্টাইয়া গিয়া অন্তর্জ্জগতের কোথাও একটা নূতন চেতনার স্তর গড়িয়া উঠিতেছিল মাত্র, যেখানে এই জ্ঞানই ঘনীভূত হইয়া যেন নিরন্তর বুঝাইয়া দিতেছিল যে, মস্তিষ্কে যে চিন্তাস্রোতেঃ, চিত্ত-মন লইয়া যে অনুভূতির সাড়া, প্রাণে যে কর্ম্ম-প্রেরণা, তাহার কর্ত্তা আমি নহি। আমার মস্তিষ্ক লইয়া যে চিন্তা চলিতেছে, তাহা যেন আমার ক্রিয়া নহে, তেমনি উহা নিবারণ করার সাধ্যও আমার নাই। নয়নের দৃষ্টি যে দিকে ধাঁবিত হয়, তাহা হইতে প্রতিনিবৃত্ত হওয়া আমার পক্ষে সম্ভব নহে এবং আমিও তাহার

জন্য দায়ী নহি। আমার এই চেতনায় অতীতে যে জ্ঞান সঞ্চিত হইয়াছে, তাহা চক্ষের উপরই ভাসিয়া আছে। আত্মসমর্পণের সাধনায় কি অন্তর্যন্ত্র, কি বহির্যন্ত্র কিছুতে অনুরক্ত বা কিছু হইতে বিরত হওয়ার জন্য আমার কোনই চেষ্টা ছিল না। ধ্যানের জগৎ এই সকল হইতে পৃথক্ বলিয়া মনে হইত। হস্ত, পদ সঞ্চালিত হয়, চক্ষু-কর্ণাদি নিজ-নিজ কর্ম্ম করে, প্রাণে কত কর্ম্মপ্রেরণা, চিত্তে কত নূতন ও পুরাতন সংস্কারের লীলাতরঙ্গ ! মনের জগতে দৃষ্ট ও শ্রুত বিষয়ের কত চাঞ্চল্য ! বুদ্ধির জগতে কত স্বপ্ন, কত কল্পনা ! দিব্য হউক, আসুরিক হউক, সে বিচার আমার ছিল না। আমার যেখানে ধ্যান জমিত, সেই স্থান হইতে এই শরীর-মনের জগৎটা পৃথক্ হইয়া পড়িতেছিল। শরীর-মনকে আমি কোনদিন সংযত করি নাই, বশে আনিতে চাহি নাই। আত্মসমর্পণের সাধনায় এই আধার-যন্ত্রটা উৎসাহে ও আনন্দে যাহা খুশী করিত, এই সকলের উপর আমা হইতে স্বতন্ত্র কিছুর কর্তৃত্বের জ্ঞানটা ভিতরের একটা জায়গায় পাকা হইয়া উঠিতেছিল। আমি যে আত্মসমর্পণের সাধনা করিয়াছি, তাহাতে বিধিনিষেধের বাঁধনে আমার এই আধারটা পরিবর্ত্তিত ও শোধিত হয় নাই। উহা বেপরোয়া উদ্দাম-ছন্দে নিরন্তর শক্তির দ্যোতনায় চালিত হইয়া যাহা হইবার তাহা হইয়াছে ও হইতেছে। দুঃখের আবর্ত্তে পড়িলেও, আমি ভাবি নাই। আনন্দের আতিশয্যেও আমি আত্মহারা হই নাই। শাশ্বত সুখ যদি চরম সিদ্ধান্ত হয়, তাহা শরীর ও মনে আমি পাই নাই। পাইয়াছি শরীর-মন ছাড়া অন্যত্র। বিষয়টা ঘটনার সংঘাতেই পরিষ্কার হইয়া উঠিবে।

বুদ্ধির দুশ্চিন্তার সীমা নাই। শ্রীভগবানই চিন্তা সুরু করিলেন। এই চিন্তার কারণ নাই। ইহার মূলে সর্ব্বনিয়ন্তার শক্তিই কার্য্য করিতেছে। চিন্তা বিষয় লইয়া অথচ আমি নিঃস্ব কপর্দ্দকহীন। পিতৃদায় হইতে মুক্ত হইতে হইবে। ভার যাঁহার, তিনিই ভাবিতে লাগিলেন। মস্তিষ্কের ব্যথা ও ক্লান্তি, উহা মস্তিষ্ক-যন্ত্রেরই অক্ষমতা। ঈশ্বরের চিন্তাযন্ত্র ঈশ্বরই সর্ব্বসামর্থ্যে তাঁহার সিদ্ধ-চিন্তার উপযোগী করিয়া লইবেন। আত্মসমর্পণযোগীর আত্ম-

কর্ম্ম নাই। সবই ঈশ্বর-কর্ম্ম, মল-মূত্র ত্যাগ পর্য্যন্ত এই চেতনায় সম্পন্ন হইয়া থাকে। অতএব পিতৃশ্রাদ্ধের চিন্তা ঈশ্বর-কর্ম্ম বৈ কি!

আমার মধ্যে চিন্তা হয়। চিন্তার সাফল্য-বিফলতা দুইই তরঙ্গের মত উঠিতে ও পড়িতে থাকে, সমস্যার আবর্ত্তে বুদ্ধিবৃত্তির ওলট-পালট চলিতেছে আমার মধ্যে। সমাধানের মূর্ত্তি সহধর্ম্মিণীর নয়নের আলোয়। তিনি হাসিয়া বলিলেন "ভাবনায়-ভাবনায় চক্ষের কোলে কালি পড়িল যে! ভাবনা কিসের? রামচন্দ্র বালুর পিণ্ড দিয়াছিলেন। এক মুঠা তিল তণ্ডুল কি জুটিবে না?"

চিন্তার মূর্ত্তি আছে, প্রেমের মূর্ত্তি আছে, কর্ম্মের মূর্ত্তি আছে। যখন চিন্তা হয়, তাহা বিশেষ-বিশেষ মূর্ত্তিযুক্ত। চিন্তা নানা প্রকারের। তাহার রূপও নানা ভঙ্গী ধরে। যখন বুকে ভালবাসা জাগে, তখন ভালবাসার মূর্ত্তি ফুটিয়া উঠে। ভালবাসারও প্রকারভেদ আছে—রূপভেদও অসঙ্গত নহে। প্রাণে কর্ম্মপ্রেরণার উদয়েও তাহার আর এক মূর্ত্তি। ভিতরে যাহা হয়, বাহিরে তাহারই অভিব্যক্তি। আমার দুশ্চিন্তার মূর্ত্তি আমার মুখে চোখে ফুটিয়া উঠিয়াছিল। হৃদয়ের দেবী তাহা ধরিয়া ফেলিলেন। এই চিন্তার রূপ ছিল অভাবাত্মক; কাজেই অভাবের মসীরেখা চক্ষের কোলে ছায়াপাত করিয়াছিল। চিন্তা হইতেছিল আমার মস্তিষ্কে, সমাধান মিলিল তাঁহার নয়নে। এই কর্ম্ম আমার নহে, তাঁহারও নহে—শ্রীভগবানের। চিন্তাজগতে যিনি আবর্ত্ত সৃজন করিয়াছিলেন। তিনিই তাহা নিস্তরঙ্গ করিয়া স্থির ও সমাহিত করিলেন। কি অতুলনীয়া প্রশান্তি!

পিতৃশ্রাদ্ধের কথা উঠিল আমার অকৃত্রিম সুহৃদ্বর্গের মধ্যে। হিসাবের অঙ্ক কষা হইল। ষোড়শোপচারে পিতৃশ্রাদ্ধের অনুষ্ঠান করা হইবে, এক বাক্যে এই প্রস্তাব সমর্থিত হইল। ইহাই ছিল ঈশ্বর-বিধান। যথাসময়ে মহাসমারোহে শ্রাদ্ধক্রিয়া শেষ হইল। এই সময়ের এক প্রীতিময়ী স্মৃতির রেখা চিত্তে আঁকিয়া আছে। শ্রাদ্ধের পর নিয়ম-ভঙ্গ। আত্মীয়স্বজন, বন্ধুবান্ধবে বাড়ীখানি সমাকীর্ণ, রন্ধনক্রিয়ায় গৃহকর্ত্রী ব্যাপৃতা। আমাকে দেখিয়া তিনি বলিলেন "দেখ, মেজদির আক্কেল দেখ—এতখানি বেলা হইল,

তাহার আসিবার গা নাই! কুটুমের মত তাহার জন্ত গাড়ী পাঠাইতে হইবে না কি? একবার দেখ তো!"

পৌষ মাসের বেলা এক প্রহর অতীত-প্রায়, কুয়াসা কাটাইয়া প্রখর রবি-করে ধরণী উদ্ভাসিতা। বৈঠকখানায় খোল-করতালে কীর্ত্তনের সুর উঠিয়াছে। দেবীর আদেশে আমি মেজ-বৌকে আনিতে চলিলাম। মুণ্ডিত মস্তক, মাথার দীর্ঘকেশ সত্তঃ চাঁচিয়া ফেলিয়াছি। শুভ্র ধুতি, শুভ্র চাদর। অতীতের বন্ধনমুক্ত। মুক্ত শুভ্র হৃদয়। মেজ-বৌকে আনিতে চলিলাম। দাসী ছিল, ভৃত্য ছিল; কাজের বাড়ীতে অসংখ্য বালক-বালিকা ছিল— গৃহস্বামীকে তিনি আনিতে পাঠাইলেন মেজ-বৌকে। আমি সকলের অগোচরেই বাহির হইয়া পড়িলাম।

আমার তো কিছুই নহে। সবই ঈশ্বরের। পিতৃশ্রাদ্ধ ঈশ্বরেচ্ছায় সম্পাদিত হইল। এই যে চরণ চলিয়াছে, তাহা ঈশ্বরশক্তিরই চালনায়। নয়নের দৃষ্টি ঈশ্বরের। হৃদয়ে কিসের ক্ষুধা জাগে, সে ক্ষুধাও আমার নহে। আমি শুধু দেখি, আমি শুধু অনুভব করি। সূর্য্যকরোজ্জ্বল পথের উপর দিয়া, বিভোর বিহ্বল চিত্তে চলিতেছিলাম মেজ-বৌয়ের বাড়ীর দিকে। হৃদয় বীণায় ঝঙ্কার তুলিয়া কার কণ্ঠ যেন বিগলিত সুরে গাহিতেছিল—

"ভবে সেই সে পরমানন্দ
যে জন পরমানন্দময়ী মায়েরে জানে।
সে না যায় তীর্থ-পর্য্যটনে
কালী নাম বিনা না শোনে শ্রবণে।
সন্ধ্যাপূজা কিছুই না মানে—
যা করান কালী, এই সে জানে।"

ভাবিতে-ভাবিতে মেজ-বৌয়ের বাড়ী উপস্থিত হইলাম। গৃহকর্ত্তা শ্রীযুক্ত সাগরকালী বাবু যেন তাঁরই পিতৃশ্রাদ্ধে উদ্বুদ্ধ। শ্রাদ্ধের প্রায় সমস্ত ব্যয়ভার-বহনের সঙ্গে সর্ব্বপ্রকার কর্ম্মের ভার তাঁহারই উপর। তিনি আমারই বাড়ীতে কীর্ত্তনানন্দে মাতিয়া আছেন। বাড়ী শূন্ত। কেহ নাই। ইহাদের সংসারে

এইরূপ ঔদাসীন্যের ভাব নূতন নহে। সুতরাং বিস্ময়ের কিছুই নাই। আমি সোজাসুজি দ্বিতল কক্ষে গিয়া একখানি আরাম কেদারায় ঠেস দিয়া বসিলাম। অশৌচান্তে শ্রাদ্ধপর্ব্বে শরীরের শ্রম কিছু হইয়াছিল, উৎসব-বাটীর কোলাহল এখানে ছিল না। বড় নিরাপদ্ শান্তিময় স্থান। নিমীলিত নয়নে, বোধহয় তন্দ্রাচ্ছন্ন হইয়া পড়িয়াছিলাম। হঠাৎ অন্তরে সুখকর স্পর্শ অনুভূত হইল। সহসা নয়ন উন্মীলিত করিয়া দেখিলাম—এক অপরূপা নারীমূর্ত্তি! সদ্যঃস্নাতা, আলুলায়িতকুন্তলা, সমুজ্জ্বল-শ্যামবর্ণা, একখানি সুশোভন শাড়ী পরিহিতা—আমার সম্মুখে অপলক দৃষ্টিতে চাহিয়া দাঁড়াইয়া আছে। যেন প্রস্তরপ্রতিমা। কোমল বাহু দুইটী আলম্বিত, স্থির। মণিবন্ধে সুবর্ণ বাহুভূষণ, সীমান্তে উজ্জ্বল সিন্দুর। আমি কুসুমোদ্যানে ফুলের সন্ধান পাইলাম না, সৌরভ প্রত্যক্ষ করিলাম। নারীমূর্ত্তির বোধ আমার লুপ্ত হইল, আমি নারীত্বের সন্দর্শন পাইলাম। রক্ত-মাংসের নহে—নারী-স্বরূপের!

কোথা দিয়া কি হইয়া গেল! কেবল কর্ণে অকপট মধুর কণ্ঠে উচ্চারিত মন্ত্রের ন্যায় একটী ধ্বনি পূতপরশ দিল "সুন্দর!"

কি সুন্দর? এ তো রূপের জয়গান নহে। মেজ-বৌ কি দেখিয়া আজিকার এই সন্ধিক্ষণে ত্র্যক্ষর স্তুতিমন্ত্র উচ্চারণ করিল! আমার অন্তর-বাহির চন্দ্রকিরণে উদ্ভাসিত নদীবক্ষের ন্যায় উদ্বেলিত হইয়া উঠিতেছিল। আমি যে কি করিব, অন্তর্লোকে তাহার একটা সঙ্কেত পাওয়ার জন্য প্রত্যেক স্নায়ুপেশী, রক্তবিন্দু পর্য্যন্ত মাতাল হইয়া উঠিতেছিল। মেজ-বৌয়ের দৃষ্টি-সুধার মাদকতায় আমার স্থানকালপাত্র-জ্ঞান প্রায় বিলুপ্ত হওয়ার উপক্রম হইতেছিল। কিন্তু তৎক্ষণাৎ আর একটী মন্ত্র-শব্দ মেজ-বৌয়ের ওষ্ঠপুটে উচ্চারিত হইয়া, আমায় স্থির সমাহিত করিয়া দিল। আর সঙ্গে-সঙ্গে মূর্ত্তিমতি নতি নতজানু হইয়া করপুটে আমার দিকে অশ্রুপুলকিত নয়নে চাহিয়া বলিল "ঠাকুর, তুমি কত সুন্দর!" আর তারপর তার মাথাটা আমার চরণ-যুগলে এলাইয়া পড়িল। জীবনে এই প্রথম দিন পরকীয়া রতির বিমল আত্মনিবেদনে উদ্বুদ্ধ হইলাম। আমার অন্তরর্দেবতা যেন এতদিন এই সোণার কাঠির পরশাভাবে

ঝিমাইতেছিল। আজ 'মেজবৌয়ের' ইন্দ্রজালে সে দেবতা মাথা তুলিয়া, শ্বাসে-শ্বাসে নবামৃত বুক ভবিয়া গ্রহণ করিল। যে ভাব অন্তরে গুমরিয়া মরিতেছিল, সেই মহাভাব গুরুমূর্ত্তি ধরিয়া মেজ-বৌয়ের শিরে দক্ষিণ কর স্থাপন করিয়া যেন স্বীকার করিয়া লইল—'তুমি আমার শিষ্যা, আর তুমি আমার যুগ-যুগের সহযাত্রী ; আমাদের এই সম্বন্ধ অনন্তকালের জন্য।' ইহা যদি দীক্ষা হয়, তাহা হইলে মান্ত্রিকী দীক্ষার আর প্রয়োজন কি ? মেজ বৌ নবজন্ম লইল। তাহার জ্যোতির্ম্ময়ী মুখশ্রী, আর দুই গণ্ডে বসুধারা সেদিন আর কেহ দেখে নাই ; সে মন্দিরে সে দিন ছিল সে আর আমি !

উৎসব-বাটীতে দুইজনে আসিয়া উপস্থিত হইলাম! গৃহদেবীর ব্যস্ততার সীমা ছিল না। মেজ-বৌ বেশ সাজিয়া-গুজিয়া আসিয়াছিল। তাহার মুখ-মণ্ডলে কি এক অপার্থিব লাবণ্যের শ্রী ফুটিয়া উঠিয়াছিল, সে রূপ লুকাইবার ছিল না। মেজ-বৌয়ের দিকে তিনি কয়েক মূহূর্ত্ত অনিমেষ নয়নে চাহিয়া রহিলেন। অক্ষিগোলক সে চাহনীতে নিশ্চল ছিল না, থর-থর করিয়া কাঁপিতেছিল। এক মূহূর্ত্তের জন্য ললাট তাঁহার কুঞ্চিত হইল। তিনি মেজ-বৌয়ের দিক্ হইতে দৃষ্টি ফিরাইয়া, আমার দিকে একবার কটাক্ষপাত করিলেন। আমি বেশ অনুভব করিলাম—আমাদের দেখিয়া তাঁহার অন্তর্জ্জগতে একটা সাড়া পড়িয়া গিয়াছে। এই সঙ্কেতের অর্থ কি ভাবে তিনি গ্রহণ করিলেন, তাহা বুঝা গেল না। কয়েক মূহূর্ত্তের মধ্যেই তিনি নিজেকে সামলাইয়া, অতি আপনার জনের উপর যে দাবীর কণ্ঠ উঠিতে পারে, সেইরূপ ভাবেই মেজ-বৌকে আদেশ করিলেন "যাও, দু'জনে গল্প-গুজব খুব হয়েছে দেখছি, এখন খানিকটা বাটনা বাট দেখি !"

নারীর ভাব নারী যেমন বুঝে, অন্যে তাহা বুঝিতে পারে না। মেজ-বৌয়ের ভাবান্তর যেমন তাঁহার দৃষ্টি এড়ায় নাই, তেমনি মেজ-বৌও তাঁহার অন্তরালোড়নেব লক্ষণ বোধহয় ধরিতে পারিয়াছিল। মেজবৌয়ের জীবনে যে

দিব্য চৈতন্তের স্রোতঃ বহিতেছিল, তাহাতে অভিষিক্তা হইয়া তার চিত্ত বুঝি বড় নির্ম্মল হইয়াছিল। যে নতি আমার চরণে নামাইয়া তার এই নব-দীক্ষা, সেই নতি উজাড় করিয়া সে ঢালিয়া দিল ছোটদিদির যুগল-চরণে। প্রাকৃত জগতের আপনার জনের স্পর্শ ও অনুভূতি একপ্রকার; কিন্তু অধ্যাত্মক্ষেত্রে আপনার যে হয়, তার অনুভূতি ও স্পর্শ কি অপ্রাকৃত আনন্দ-পূত, তাহা অনুভব্য, বর্ণনার বস্তু নহে। ছোটদিদির সহিত মেজ-বৌয়ের সংযুক্তি আমার চোখে মধুবর্ষণ করিল। আমি সেদিন বহির্ব্বাটীতে আসিয়া সারা বেলা আনন্দে অধীর হইয়া বন্ধুদের সহিত কীর্ত্তন করিয়াছিলাম—

"হরি যব আওঅব গোকুলপুর
ঘরে-ঘরে বাজব মঙ্গল তুর॥"

তারপর যথারীতি ত্রিস্রোতের সঙ্গমস্থলে পূর্ব্বের ন্যায়ই নাকানী-চুবানী খাইতে লাগিলাম। একদিকে শ্রীঅরবিন্দের স্থির ও শান্ত অধ্যাত্মপ্রবাহ, অন্যদিকে বৈপ্লবিক প্রবল বন্যাস্রোতঃ; আর তালে-তালে বহিয়া চলে আত্ম-স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্যের ফল্গুধারা। কোন টানে জীবনতরী ভাসিয়া যাইবে, তাহার দর্শনপ্রতীক্ষায় আমার ভিতরটা নীরব নিশ্চেষ্ট। শ্রীঅরবিন্দের "আর্য্য" আসিতেছে, যোগ-সমন্বয়ের বাণী ধারাবাহিকরূপে পড়িতেছি। গীতার সন্দর্ভ, বেদের নিগূঢ় রহস্য, উপনিষদের নূতন-ভাষ্য নিবিড়ভাবে আলোচনা করিতেছি। সঙ্গে-সঙ্গে আসন্ন বিপ্লবের রক্ত-পতাকা চক্ষুঃ ঝলসিয়া দিতেছে। জীবনের পশ্চাৎ শাশ্বত-সত্তার বিদ্যমানতা যদি স্বপ্ন হইত, সেদিন আমার অস্তিত্ব হয় ধরাপৃষ্ঠ হইতে লুপ্ত হইত, নতুবা বিকৃতমস্তিষ্ক হইয়া পথের ধূলি সর্ব্বাঙ্গে মাখিয়া যথেচ্ছ ঘুরিয়া বেড়াইতাম। আদর্শ ও লক্ষ্যের এই দ্বন্দ্বযুগে বাহিরে যে ঝড় উঠিত, অন্তরের দেবতা তাহাতে যে অটল থাকিতেন, তার হেতু ছিল আমার চির-সহচরীর স্নেহশীতল সাহচর্য্য। অন্তর-পুরুষের নিকট তিনি যেন সতত নিমীলিত নেত্রে হৃদয়ের শ্রদ্ধা ঢালিয়া, পরম তৃপ্তি আস্বাদ

করাইতেন। এই ঝটিকাবর্ত্ত বাহিরে উঠিয়া বাহিরেই শেষ হইয়া যাইত। দুশ্চিন্তা-কাতর নয়নে গৃহ-মন্দিরে দেবীর নিকট যখনই উপস্থিত হইতাম, স্মিতাননা ভরসা দিয়া বলিতেন "ঈশ্বরের বিধান শুভ ছাড়া অশুভ নহে। তাহা অতিক্রমের বস্তু নয়। তুমি সব জানিয়াও বড় ব্যস্ত হও। দুর্ভাবনা ইচ্ছা করিয়া ডাকিয়া আনিও না।"

দেশের বিপ্লবীদের গোপন অনুষ্ঠান ও আয়োজনের কথা আমি সব জানিতাম। ভারতের সর্ব্বত্র কোন মুহূর্ত্তে বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিবে, প্রতি মুহূর্ত্তে তাহার প্রতীক্ষা করিতেছিলাম। তিনি এই সকল বিষয়ের সবখানি অবগত ছিলেন না, শুধু নিরুদ্বেগ নয়নে স্বামীর কল্যাণ-কামনায় শীতল-স্নিগ্ধ দৃষ্টি সঞ্চারে আমি যে নিরাপদ, এই প্রত্যয়ই জাগাইয়া রাখিতেন। মধ্যাহ্নে সঙ্গিগণকে লইয়া আমি স্নানে বাহির হইতাম। শীতের রৌদ্র বড় মিষ্ট বোধ হইত। বালুতটে দাঁড়াইয়া কত সময়ে ভারতের বিপ্লবচিত্র কল্পনায় আঁকিয়া কত আলাপআলোচনা হইত! স্বপ্ন-নেত্রে আকাশের এক প্রান্তে শোণিতলিপ্ত মেঘোদয় দেখিয়া শিহরিয়া উঠিতাম। গঙ্গাবারি যেন রক্ত-রঞ্জিত হইয়াছে বলিয়া মনে হইত। সর্ব্বাঙ্গ কণ্টকিত হইত। এই দুঃস্বপ্ন অন্যের প্রাণে হর্ষ সৃষ্টি করিয়াছে। আমার কিন্তু এইরূপ চিন্তায় সবখানি বিষাদলিপ্ত হইত। মনে হইত—ভারত-দেবতার এই কর্ম্মে সমর্থন নাই। রৌদ্রের দিকে পৃষ্ঠ রাখিয়া, তীরভূমির উপর নিজের ছায়ামূর্ত্তির দিকে একদৃষ্টিতে চাহিয়া থাকিতাম।

বহুক্ষণ আমাকে এইরূপ নীরব-নিস্তব্ধ দেখিয়া বন্ধুগণের চিত্ত গাম্ভীর্য্যপূর্ণ হইত। আমাকে ঘিরিয়া তাহারা নীরবে বসিয়া থাকিত। আমি ধীরে-ধীরে নির্ম্মল নীলের দিকে চাহিয়া দেখিতাম—অনন্তের কোলে আমার ছায়ামূর্ত্তি সবখানি ছাইয়া প্রকট হইয়াছে। কত ক্ষণ সে মূর্ত্তি অবিকল সুস্পষ্ট থাকিত, বিরাট্ রূপের কল্পনায় অন্তর্জ্জগতে তলাইয়া যাইতাম—অনিমেষ নয়ন ধীরে-ধীরে মুদিত হইত ছায়ামূর্ত্তির অস্পষ্টতার সঙ্গে। হাস্যমুখরিত কণ্ঠে স্নানঘাটে আসিতাম। জনশূন্য মধ্যাহ্নে গঙ্গাতটে দশ-বিশ জন বসিয়া যুক্তিতর্কের

কোলাহল তুলিতাম। স্নান করিয়া ফিরিতাম আত্মস্থ যোগীর ন্যায় নির্ব্বাক্ হইয়া। স্নান সারিয়া আসিতে অযথা বিলম্বের জন্য তিনি তিরস্কারোন্মুখ হইয়া, আমাদের মূর্ত্তির দিকে চাহিয়া আর কিছু বলিতে পারিতেন না। হয়তো তিনি ভাবিতেন—কোন দুঃসংবাদ পাইয়া আমরা সুগভীর চিন্তামগ্ন। তিনিও গম্ভীর-বিষণ্ণ মুখে অতি সন্তর্পণে আমাদের সম্মুখে অন্নের থালি ধরিয়া দিতেন। সারারাত্রি এ গাম্ভীর্য্য হয়তো ভাঙ্গিত না। এই সময়ে উৎকণ্ঠিতচিত্তে অতি সতর্কতার সহিত তাঁর সংসারের সকল কর্ম্ম একে-একে সমাপন করার ছন্দোনৈপুণ্য আজও চিত্তে আমার অপূর্ব্ব ভাব জাগাইয়া তুলে। হঠাৎ আমাদের উচ্ছ্বসিত কণ্ঠ শুনিয়া তিনি আমায় বাড়ীর ভিতর ডাকিয়া আনিতেন, জিজ্ঞাসা করিতেন "মাঝে মাঝে তোমাদের কি হয় বল দেখি ?"

আমি সবিস্ময়ে বলিতাম "কেন ?" তিনি বলিতেন "এই হাসিখুশী, তর্কাতর্কি, তারপর সব চুপচাপ। বুকে যেন কে ভাতের হাঁড়ী চাপাইয়া দিয়াছে! আমি ভাবিয়া মরি—হয়তো বা কোন নূতন বিপদের সম্ভাবনায় তোমরা সন্ত্রস্ত হইয়া উঠিয়াছ। ক্রমে বুঝিতেছি—এই সব ভঙ্গী আমায় শুধু ভাবাইয়া তোলা।"

দিন হাসিকৌতুকেই কাটে বটে ; বিপদ্ কিন্তু পদে-পদে। বিপদের সাড়া যখন পাই, দৃঢ়চিত্ত হইয়া তাহার চরম কল্পনা করিয়া লই। বিপদের জন্য যখন প্রস্তুত হইয়া দাঁড়াই, দেখি বিপদ্ অন্তর্দ্ধান করিয়াছে। সেদিন রাষ্ট্রবিপ্লবের বিপত্তি জীবনকে ঘিরিয়া তাণ্ডব নৃত্য করিত। জীবন-সংগ্রামে আজও অন্য বিপদ্ আনিয়া তেমনই পথ আগুলিয়া ধরে। আজও কি তুমি অশরীরিণী মূর্ত্তি ধরিয়া আমার চিত্তদৌর্ব্বল্যের অংশভাগ গ্রহণ কর ? আমার চেতনার ঘৃতপ্রদীপ জ্বালাইয়া রাখ ?

কোথায় কি হয়, জানিতে পারি না। গুপ্ত পুলিস-প্রহরীর কড়াকড়ি ক্রমেই বাড়িয়া উঠে। একজন সঙ্গী কোথা হইতে খবর পাইলেন—পথে বাহির হইলে, সকলের অজ্ঞাতে আমায় ধরিয়া লইয়া যাওয়ার ব্যবস্থা হইয়াছে। এই জন্য ইংরাজ পুলিসের মোটরগাড়ীও ঘুরিয়া বেড়াইতেছে। আমার পথে

বাহির হওয়া বন্ধ হইল। আর একদিন খবর পাওয়া গেল—কয়দিন ধরিয়া স্নানের ঘাটে একখানা মোটর-লঞ্চ ঘুরিয়া বেড়াইতেছে। স্নানের সময়ে আমায় ধরিয়া লইয়া যাইতে পারে। ইংরাজ পুলিসের হাতে বন্দী হই না হই, স্ত্রীর নজরবন্দী প্রহরায় আমার গঙ্গাস্নান বন্ধ হইল। সন্ধ্যার পর মেজ-বৌয়ের বাড়ী বেড়াইয়া আসার সুবিধাটুকুও হারাইতে হইল। মানুষ অনন্যোপায় যখন হয়, তখন তাহার বাঁচিবার আশ্রয়স্বরূপ এক পরমোপায় লক্ষ্যে পড়ে। দিবারাত্রি এই বন্দীজীবনে করুণ কণ্ঠে গান গাহিতাম, চক্ষে অশ্রু ঝরিয়া পড়িত—

"আমার শুধু চেয়ে' থাকা,
কখন তোমার পাব দেখা!

আজিও সেই একেন্দ্রিয় হইয়াই আছি। যাঁহার জন্য জীবন, দেখার মত দেখা যদি তাঁহার পাই, তবেই তো যোগ সিদ্ধ হয়, নতুবা আজীবন শুধুই শ্রম, শুধুই তপস্যা!

পুলিসের কঠোর-দৃষ্টি শুধু আমারই জীবনকে সঙ্কুচিত করিল না; ক্রমে দেখা গেল—যে কেহ আমার বাড়ীতে আসে, তাহারই পশ্চাৎ গুপ্ত পুলিস ধাওয়া করে। ক্রমে এমন হইল যে, শুধু আমার বাড়ী কেন, এই পথে লোক-চলাচলও কমিয়া গেল। আর আমার নিন্দা ও কুৎসা সর্ব্বত্র কে যে ছড়াইয়া দিতে লাগিল, তাহা জানিবার উপায় রহিল না। অনেক নিকট-বন্ধুও আমার নাম উঠিলে, অশ্রাব্য ভাষায় গালি পাড়িতেন। স্বদেশীর প্রতি জনসাধারণের যে শ্রদ্ধা ও প্রীতি ছিল, পুলিসের কঠোর বিধানে তাহা এই সময়ে প্রায় নির্ম্মূল হওয়ার উপক্রম করিয়াছিল। আমার এক বন্ধু "আর্য্য" পড়িতেন বলিয়া বাড়ীওয়ালা তাঁহাকে ঠাঁই দিতে চাহেন নাই; কারণ জিজ্ঞাসা করিলে, তিনি উত্তর পাইয়াছিলেন "এ, জি'র সাহিত্য পড়েন।" সে দিন শ্রীঅরবিন্দের নাম করিলেও, মানুষ আতঙ্কে মুখ ফিরাইয়া লইত।

দুঃখের কথা শ্রীঅরবিন্দকে জানাইলাম। তিনি তদুত্তরে যে উত্তর দিয়াছিলেন, তাহা আমার সহকর্ম্মীদের মনঃপূত হয় নাই। কিন্তু আমার

চৈতন্যসঞ্চার হইল। তিনি যাহা লিখিয়াছিলেন, তাহার মর্ম্মার্থ এইরূপ: "যুদ্ধের সময় হইতে আমাদের অবস্থা ক্রমেই বিপৎসঙ্কুল হইয়া পড়িতেছে। এখানকার শাসনযন্ত্র বর্ত্তমানে যে সকল অধস্তন কর্ম্মচারিগণের হস্তে পরিচালিত হইতেছে, তাহারা স্বভাবতঃই স্বদেশীদের প্রতিকূলে। আমি এই হেতু একেবারে নীরবতা অবলম্বন করিয়াছি। অতি নিরীহ লোকেদের সহিতও পত্র-ব্যবহার বন্ধ করিয়াছি। তোমার বিপদের মূলেও সম্ভবতঃ বড় কারণই আছে। যাহাতে শত্রুপক্ষীয়েরা আমাদের উপর হস্তক্ষেপ করিতে পারে, এমন কর্ম্ম হইতে বিরত থাকিবে। তোমার পত্রগুলির মধ্যে দীর্ঘ দিন ধরিয়া রাজসিক-বৃত্তির লক্ষণ দেখিতেছি। ইহার কারণ আর অন্য কিছু নহে, বাংলার পুরাতন তন্ত্রসাধকদের সহিত তোমার নিবিড় সাহচর্য্য। ইহাতে আমাদের যোগের পথ বিঘ্নিত হইবে।"

এই পত্রখানি বাংলার বৈপ্লবিক জীবনের উপর ভীম বজ্রনিক্ষেপ করিয়াছিল। এই পত্রে তিনি নিজেকে আমার নিকট যেমন সুস্পষ্ট করিয়াছিলেন, এমন অতীতের কোন পত্রে করেন নাই। আমি ১৯১০ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দের আশ্রয় লাভ করি; তার পর জীবন-মরণ-রঙ্গে অকাতরে নাচিয়াছি তাঁহারই অঙ্গুলীহেলনে। ১৯১০ খৃষ্টাব্দ হইতে ১৯১৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত ক্ষুরধার পথে প্রতি মুহূর্ত্ত মৃত্যুকে সম্মুখে রাখিয়া চলার পশ্চাৎ শ্রীঅরবিন্দের অমোঘ নির্দ্দেশই ছিল। আজ তিনি আমায় অকস্মাৎ এক নিরাপদ্ ক্ষেত্রে টানিয়া আনিতে চাহিলেন; আমার পূর্ব্বজীবনের অধ্যাত্মসাধন-বিজ্ঞানের অনুভূতি এই পত্র পড়িয়া আবার মধুর আকর্ষণ সৃজন করিল। ভাবিয়া লইলাম—যাঁর হাতে জীবনতরীর হাল ছাড়িয়া দিয়াছিলাম, বৈপ্লবিক উত্তাল তরঙ্গে তিনি এ তরী চালাইয়াছেন। সে দিনের নির্দ্দেশ অট্ট-অট্টহাসে মহাকালীর বজ্রধ্বনির ন্যায় যিনি শুনাইয়াছিলেন, আজ নব মূর্ত্তি ধরিয়া তিনিই এক নূতন যোগসাধনায় জীবনকে চালাইতে চাহেন। আপত্তি করিলে চলিবে না। এ দেহ, এ মন যন্ত্র। অহঙ্কার আজ দ্রষ্টার আসন লইয়াছে। যন্ত্রীর মূর্ত্তি—শ্রীঅরবিন্দ। তিনি আমার পুরুষোত্তম। তাঁহার

বাণী আর উপেক্ষা করা চলিবে না। তিনি লিখিলেন "আমি আসিয়াছি ভারতের শক্তিশালী সন্তানদের ডাকিয়া আনিতে কৃষ্ণকালীর লীলাক্ষেত্রে। অতীতের কর্ম্ম শেষ হইয়াছে। তাই বলিয়া আমি সাধুসন্ন্যাসীর মঠ গড়িতে চাহিতেছি না। মনে রাখিও—বৌদ্ধযুগের পর হইতে এইরূপ সন্ন্যাসমূলক আন্দোলন ভারতকে দুর্ব্বলতর করিয়াছে, এবং তাহার কারণ সুস্পষ্ট। জীবন মায়া বলিয়া উড়াইয়া দেওয়া এক কথা এবং জীবনকে—ব্যক্তিগত, জাতিগত, বিশ্বজনীন জীবনকে—মহত্তর ও দিব্যতর করা অন্য এক বস্তু। তুমি এক আদর্শবাদকে বড় করিতে পার না, অন্যকে দুর্ব্বল না করিয়া। তুমি জীবন হইতে উত্তম আত্মাগুলিকে সরাইয়া লইতে পার না। ইহাতে জীবন বৃহৎ ও বলপ্রদ হয় না। আমি জীবন হইতে মুক্তি চাহিতেছি না, অহঙ্কার হইতে মুক্ত হইয়া জীবনেই ভগবানকে প্রতিষ্ঠা দিতে চাহিতেছি। এই যোগই আমার শিক্ষার বিষয়। অন্য প্রকার ত্যাগ আমার যোগের প্রতিপাদ্য নহে।"

ইহার পর তিনি আমার কার্য্যে তীব্র নিন্দা করিয়া লিখিয়াছেন "তুমি তন্ত্র ও মন্ত্র, অনুষ্ঠান ও বেদান্ত এক সঙ্গে চালাইতে চাহ; আমার আপত্তি—তন্ত্রানুষ্ঠানের সহিত বেদান্ত একত্র চলিবে না। অবশ্য ইহার সমন্বয় সম্ভব, কিন্তু মিশ্রণ সমন্বয় নহে।" তারপর P. S. অর্থাৎ পুনশ্চ দিয়া আর একটু টিপ্পনীপূর্ব্বক তিনি বলিতেছেন "একটা জিনিষ উপলব্ধি করিবার চেষ্টা করিও—যে কাজ আমরা করিতে চাহিতেছি, ইহার ফল সে পর্য্যন্ত বৈষয়িক জগতে ফলপ্রসূ হইতে পারিবে না, যে পর্য্যন্ত না আমার অষ্টসিদ্ধি ততখানি প্রবল হয়, যতখানি হইলে এই বস্তুতন্ত্র মর্ত্ত্যের উপর উহা সমগ্রভাবে কলের মত কাজ করিতে পারে। তাহা এই অবস্থায় এখনও পৌছায় নাই আমার পক্ষে অথবা তোমার পক্ষে, অথবা যে কোন লোকের পক্ষে রাজসিক ব্যস্ততা দূর হইলেই এই অষ্ট-সিদ্ধি লাভ হইবে এবং ইহাই দিব্য যন্ত্রস্বরূপ অমোঘভাবে কার্য্য করিয়া চলিবে। আমার শিক্ষা যদি তুমি গ্রহণ করিয়া উপকৃত হইতে পার, তিক্ত অভিজ্ঞতার্জ্জনের জন্য সময় নষ্ট করিতে হইবে না।"

পত্র পড়িয়া হাসি পাইল। যে হস্ত স্রক্ ধারণ করিয়া ভারতের অতীতকে ফিরাইয়া আনিতে শক্তি সঞ্চয় করিতেছিল, সেই হস্তে, হে দেবতা, তুমিই তো ধ্বংসের বজ্র একদা তুলিয়া দিয়াছিলে! তান্ত্রিকেরা যেমন সুরার বিকল্পে গঙ্গোদক সেবন করে, তেমনই উহা তোমারই করুণায় হস্তে আমার বিধৃত রহিল। এ নিগূঢ় সাধন-রহস্য অবর্ণনীয়। আমার নিকট যাহা অনুকল্প, তাহাই প্রত্যক্ষ হইয়া দেশব্যাপী বিপ্লববাদের সৃষ্টি করিয়াছে। আমাকে রাখিলে নিষ্পাপ, নিষ্কলঙ্ক করিয়া। এই পত্রখানি হাতে লইয়া সেদিন জীবন-সহচরীর নিকট উপনীত হইলাম। মনে হইতে লাগিল—চতুর্দ্দিকে যে আতঙ্ক, বিভীষিকা, রক্তলাঞ্ছিত পতাকা, স্বপ্নে-কল্পনায় তাঁহার ঘন-ঘন হৃৎকম্পের কারণ হইয়াছিল, বিধাতার ইরম্মদ-গর্জ্জন শুনিয়া যে প্রাণ উত্তেজনাদৃপ্ত হইয়া তাঁহাকে সতত সশঙ্ক করিয়া রাখিত, আজ তৎপরিবর্ত্তে বংশীবটে, স্বচ্ছসলিলা যমুনার পুলিনে, বিকশিত-কদম্ব-শোভিত মধুবনে শ্যামরায়ের মধুর-মুরলী বাজিয়াছে। রুদ্রের ভৈরব তাণ্ডব-নৃত্য তিনি দেখিতে ভালবাসেন না, তাই কৃষ্ণ-কালীর সৌন্দর্য্য মাধুর্য্যের অপরূপ লীলা-যুগ আমাদের সম্মুখে।

পত্রখানি আগাগোড়া অনুবাদ করিয়া তাঁহাকে শুনাইলাম। তাঁহার চক্ষু প্রদীপ্ত হইল বটে! এ দীপ্তি রুদ্রকে দেখিয়াও প্রকাশ পাইত। এ যেন অসীম বারিধি। ঘটনার তারতম্যে এখানে চাঞ্চল্য নাই। তিনি হাসিলেন। এমন হাসি নূতন নহে। আমি যেন এই অসীম প্রেম-বারিধির চঞ্চল তরঙ্গ। উঠি, নামি ঘটনার আবর্ত্তে। অশেষ-ধৃতিসম্পন্ন এই নারীত্বের স্বমহিমায় অটল-প্রতিষ্ঠ রূপের কথা ভাবি—সাধ যায়, প্রতিমা যদি না ভাঙ্গিত, আজও বুঝি জীবনবেদী ফুলে-ফুলে নব শোভা ধারণ করিত।

বৈপ্লবিক কর্ম্ম হইতে নিষ্কৃতি লাভ করিলাম বটে, কিন্তু তাহার জের মিটাইতে আরও কয়েক বৎসর বিশেষ বেগ পাইতে হইয়াছিল। শ্রীঅরবিন্দ ১৯১০ খৃষ্টাব্দে যে পথ দেখাইয়া গিয়াছিলেন, 'ভারত-রক্ষা আইন' প্রবল

হইলে, সেই পথে আমার বাড়ী বিপ্লবীদের কেল্লায় পরিণত হইয়াছিল। স্থান-সঙ্কুলানে অসমর্থ হইয়া, শেষে চন্দননগরের নানা স্থানে ইহাদের জন্য নানা প্রকার ব্যবস্থা করিতে হইয়াছিল। এই কার্য্যেও গৃহকর্ত্রীর এবং অন্যান্য বন্ধুগণের সাহায্য প্রচুর পাইয়াছিলাম, নতুবা এই দুরূহ কার্য্য সিদ্ধ হওয়া সম্ভবপর হইত না। এই সকল কথা প্রয়োজন-মত বলিব।

ব্যক্তিকে, জাতিকে, বিশ্বজনীন জীবনকে মহত্তর ও দিব্যতর করার অগ্নি-প্রেরণা আমার হৃদয় দগ্ধ করিতে লাগিল। বৌদ্ধযুগ হইতে নির্ব্বাণবাদীর শূন্যবাদের পর মায়াবাদীর মোক্ষবাদ আশ্রয় করিয়া ভারতের জীবনের প্রতি যে গভীর ঔদাসীন্য, তাহারই সুদীর্ঘ ইতিহাস আমার চক্ষের সম্মুখে এই সময়ে সুস্পষ্ট হইয়া উঠিল। কুরুক্ষেত্র-মহাসংগ্রামের পর ভারতসাম্রাজ্যের উত্থান-পতনের প্রবাহ ভাল করিয়াই হৃদয়ঙ্গম করিলাম। মহারাজ অশোকের নির্ব্বাণমুখী জীবন-যাত্রার আকাঙ্ক্ষা আমার চিত্তকে পীড়িত করিয়া তুলিল। এমন কি পাঠানগণ কর্ত্তৃক শ্রীচৈতন্যের প্রেমধর্ম্মে দীক্ষিত প্রতাপরুদ্রের রাজ্যাক্রমণকালে তাঁহার এই বিষয়ে ঔদাসীন্য জীবন-ধর্ম্মের বিরোধী বলিয়া মনে হইল। পল্লীর পথে-পথে বৈরাগ্যের গান গাহিয়া ভিক্ষুব্রতী চারণেরা পল্লী-জীবনের আয়ুঃক্ষয় করে, এমন কথাই মনে হইতে লাগিল। আমার গৃহ-প্রাঙ্গণে যদি কোন ভিখারী জীবনকে, জগৎকে মায়া বলিয়া ঈশ্বর-শরণের সঙ্কেত দিয়া সঙ্গীত করিত, আমি তাহা নিবারণ করিতাম। ভূতাত্মাকে পরমাত্মা হইতে পৃথক্ করিয়া দেখার একটা প্রয়োজন আছে বটে, তবে তাহা মাত্র দার্শনিকের অনুভূতি। বস্তুতন্ত্র জীবনের সাধনা ইহা নহে। ভূতাত্মার সহিত পরমাত্মার যুক্তিই সৃষ্টির মূলতত্ত্ব। আর এই মুক্তির অভিব্যক্তিস্বরূপ বুদ্ধিতে জ্ঞানপ্রকাশ, হৃদয়ে প্রেমপ্রকাশ, প্রাণে শক্তিপ্রকাশ, দেহে সৌন্দর্য্যপ্রকাশ—ইহাই জীবের সাধ্য বলিয়া প্রতীত হইতে লাগিল।

এই অনুভূতি ভারতধর্ম্মের স্বরূপ আমার বুকে জাগাইয়া তুলিল। বৌদ্ধ-যুগ, মায়াবাদ-প্রচারের যুগ আমার চক্ষে প্রতিক্রিয়ামূলক বলিয়াই প্রতি-

ভাসিত হইল। কে যেন চক্ষের সম্মুখে ফুটাইয়া তুলিতে লাগিল—ভারতের ধর্ম্ম বেদ-প্রবর্ত্তিত। আর সেই বেদ ঈশ্বর-স্বীকৃতির ভিত্তি-প্রতিষ্ঠা করিয়াছে—কর্ম্মে, জ্ঞানে ও উপাসনায়। ভারতের প্রাচীন-জাতি বেদের দিব্য আদর্শ জীবনে অনুবাদ করার জন্যই স্মৃতিশাস্ত্রে রীতিনীতি, বিধি-নিষেধ-মূলক সূত্রের রচনা হইয়াছে। ভারত-জাতির ইহাতেও মনস্তুষ্টি হয় নাই। বেদকে, স্মৃতিকে যুক্তি-তর্কের যন্ত্রে ফেলিয়া, সে ন্যায়শাস্ত্রে পরীক্ষা করিয়া লইয়াছে। দর্শনশাস্ত্রে জীবন হইতে মুক্তির ব্যাখ্যা আমার মনে কুব্যাখ্যা বলিয়াই বোধ হইল। এ জাতি জীবনকে ইন্দ্রজাল বলিয়া উড়ায় নাই, জীবনকে প্রতিষ্ঠা দিতে চাহিয়াছে। আমাদের ধর্ম্ম তুরীয় নহে—জ্ঞানে, প্রেমে, শক্তি ও সৌন্দর্য্যে আমরা জীবনেরই জয়-কামনা চিরদিন করিয়াছি। এই অনুভূতির সঙ্গে-সঙ্গে শ্রীঅরবিন্দের বেদচর্চ্চার আকৃতি আমায় বেদাদি শাস্ত্রে অধিকতর উদ্বুদ্ধ করিল। তিনি লিখিয়াছিলেন—"I have not seriously entered on in connection with the Veda and the Sanskrit language. In that same connection will you please make a serious effort this time to get hold of Dutt's Bengalee translation for that matter which gives the European version ?"

ইহার মর্ম্ম—"বেদ এবং সংস্কৃতভাষায় আমি গভীরভাবে প্রবেশ করি নাই, এই জন্য তুমি এই সময়ে অতিশয় প্রযত্নসহকারে দত্তের ঋগ্বেদের বঙ্গানুবাদ, যাহাতে ইয়োরোপীয়ানদিগের বেদ-সম্বন্ধীয় মতবাদ পাওয়া যাইবে—পাঠাইয়া দিও।" এই সময়ে তাঁহার নিকট হইতে বহু দূরে থাকিয়াও, অন্য কোনদিকে লক্ষ্য না থাকায়, তাঁহার অন্তপ্রের্ণার সহিত নিজেকে নিবিড়ভাবে সংযুক্ত মনে করিতাম—ইহা অন্তরে অশেষ তৃপ্তি দান করিত। 'আর্য্যে' বেদ-রহস্য বাহির হইলে, অতি মনোযোগের সহিত তাহা পাঠ করিতাম। হিন্দু-শাস্ত্রের প্রতি প্রবল অনুরাগ শ্রীঅরবিন্দের ইন্ধনেই পূর্ব্বাপেক্ষা অধিকতর উদ্দীপ্ত হইয়া উঠিল এবং শাস্ত্রাদির প্রাচীন ব্যাখ্যার পরিবর্ত্তে নূতন ব্যাখ্যার আলো চক্ষে

ভাসিয়া উঠিল। ১৯০৮ খৃষ্টাব্দ হইতে রবিবাসরের ছাত্রসভায় ধারাবাহিক-ভাবে হিন্দুশাস্ত্রের আলোচনা ও অনুশীলনের ব্যবস্থা করিয়াছিলাম। এক্ষণে উহা নূতনরূপে আমাদের নিকট জীবন্ত হইয়া উঠিল। যতই শ্রীঅরবিন্দকে অন্তরে পাইতে থাকি, মস্তিষ্কে ততই যেন আগুন জ্বলিয়া উঠে। উদ্দীপনায় সমস্ত শরীর নৃত্য করিতে থাকে। শাস্ত্রাদির নূতন মর্ম্ম গ্রহণ করিয়া উহার প্রচারাকাঙ্ক্ষা প্রাণকে ভাবাবেশে নাচাইয়া তুলে। তাঁহার আদেশ-বাণী যেন কর্ণে প্রতিধ্বনি তুলিতে লাগিল। তাঁহার মূর্ত্তিও চক্ষের সম্মুখে ভাসিয়া উঠিত। বাহিরে শ্রীঅরবিন্দ ব্যতীত এই ভাবের সমর্থন আমি কোথাও পাই নাই; কিন্তু আমার নিকট এই ভাব আজও সত্য হইয়াই রহিয়া গিয়াছে। সে কথা এখন যাক্।

পরম সুহৃদের দান ক্ষুদ্র হইলেও, আমার অভাব এই সময়ে কিছুই ছিল না। শরীরধারণের জন্য এক মুষ্টি অন্ন ও লজ্জানিবারণের জন্য এক খণ্ড বস্ত্র আমি যথেষ্ট মনে করিতাম। আমার পত্নীও আমার ব্যবহৃত ও পরিত্যক্ত উড়ানী-গুলি সংগ্রহ করিয়া লজ্জানিবারণে আপনাকে প্রস্তুত করিয়া তুলিয়াছিলেন। কোন দুঃখই আমাদের ছিল না। মাত্র একমাস কাল এই অবস্থা আমার ছিল। কর্ম্মপ্রেরণায় আমার পক্ষে আর স্থির থাকা সম্ভবপর হইল না—কর্ম্মসৃষ্টির জন্য আমি ব্যস্ত হইয়া পড়িলাম। তখনও জানিতাম—বিষয় ও অবিষয় লইয়া জগৎ। বিষয় ত্রিগুণাত্মক। নির্গুণ অবিষয়। পার্থকে শ্রীভগবান্ অবিষয়-বস্তুর সহিত যুক্তি লইয়া নির্দ্বন্দ্ব, নিত্যসত্ত্বস্থ, নির্যোগক্ষেম ও আত্মবান্ হইতে বলিয়াছিলেন। অধীত জ্ঞান এক বস্তু; আর বাস্তব জীবনের ধর্ম্ম অন্য বস্তু। কর্ম্মপ্রেরণায় আমি বিষয়-সৃষ্টির পথেই প্রচণ্ডবেগে অগ্রসর হইলাম। তবুও আজও আমি বিশ্বাস করি—যাহা কিছু হয়, যাহা কিছু করি, তাহা অধীত জ্ঞান অথবা সঞ্চিত কর্ম্ম-সংস্কারে নহে। ঈশ্বরই কর্ত্তা। তাঁহার ইচ্ছায় সব কিছু হয়। তাঁহাকে অতিক্রম করিয়া চলা সম্ভবপর নহে। বৈপ্লবিক কর্ম্ম-প্রবৃত্তি হইতে মুক্তি পাইয়া, নূতন জীবনক্ষেত্রে পূর্ব্বের ন্যায় কর্ম্মপ্রচেষ্টাই আমাকে পাইয়া বসিল।

আমার মনে হইতে লাগিল—অন্যে শ্রদ্ধা করিয়া যে অর্থ আমার জীবন-যাত্রার জন্য দান করে, তাহা অন্য কোন বৃহৎ কর্ম্মে ব্যয়িত হইবে, যদি আমার মধ্যে জীবন-যাপনের যে আয়াস, তাহা অবরুদ্ধ না রাখি। প্রত্যেক মানুষের যেটুকু প্রয়োজন, তাহা প্রত্যেক মানুষকে নিজেই মিটাইতে হইবে। কাহারও মধ্যে ঈশ্বর দীন-মূর্ত্তি ধরিয়া আবির্ভূত হন নাই। নিজের মধ্যে এইরূপ কর্ম্মপ্রেরণার অনুভূতি আরও একটি উদ্দেশ্য লইয়া আমায় অতিষ্ঠ করিয়াছিল। ১৯১৫ খৃষ্টাব্দের প্রথমেই বাংলার বৈপ্লবিক আন্দোলন যে মূর্ত্তি ধরিল, তাহার সহিত আমার সংযুক্তি-রক্ষা যখন আর সম্ভবপর নহে, তখন শ্রীঅরবিন্দের জন্য যে মাসিক অর্থ-প্রেরণের ব্যবস্থা পূর্ব্বে হইয়াছিল, তাহাও স্বতঃই বন্ধ হইয়া আসিল। 'ভারত-রক্ষা আইনের' চাপে বিপ্লবীরাও ছন্নছাড়া হইতেছিল এবং আমারও তাঁহাদের সহিত সাক্ষাৎ সম্বন্ধ ও সমর্থন না থাকিলে, উঁহাদেব কাছ হইতেই বা অর্থসাহায্যগ্রহণ কেমন করিযা সঙ্গত হইবে? অতএব স্বাবলম্বনের সাধনাই শ্রেয়ঃ করিলাম। সেদিন এই 'স্ব'-র সহিত শ্রীঅরবিন্দ সংযুক্ত ছিলেন, সেদিন জীবনের ছিল ইহাই রস, ইহাই আনন্দ। পরকে আপন করার সুপথ আমার মিলিয়াছিল। সাধন সিদ্ধ করার যোগ্য আশ্রয়ও আমি লাভ করিয়াছিলাম।

যাহা ঘটিতেছিল, তাহাই আমি মুক্তকণ্ঠে ব্যক্ত করিতেছি, কোনরূপ কার্পণ্য বা সঙ্কোচ আমার নাই। কোন কর্ম্মে নিযুক্ত হইলে, কোনরূপ দুর্ভাবনার প্রশ্রয় আমি দিতাম না—কোনরূপ বাধাও স্বীকার করিতাম না। সবই অনুকূল মনে হইত। প্রতিকূল কিছু চিন্তাক্ষেত্রে উদিত হইলে, তাহা আমি আমলে আনিতাম না। কেহ বিপরীত কিছু প্রকাশ করিলে, তাহাতে বড় একটা কাণ দিতাম না। কিন্তু একজন ছিলেন, যিনি আমার প্রতি কর্ম্মে বাধাস্বরূপা হইতেন—ভাল হউক, মন্দ হউক, যে কোন কর্ম্ম করিতে অগ্রসর হই, তাঁহার মুখে একটা বিরুদ্ধতার বাণী শুনিবই, ইহা আমি জানিতাম। সেদিন তাঁহার এই আচরণ আমি অতি বিরক্তির চক্ষে দেখিতাম এবং কটু-ভর্ৎসনায় তাঁহাকে নিরস্ত করিতাম।

আজ ভাবিয়া দেখিতেছি—আমার উদ্দাম স্বাধীন জীবন-বেগের প্রতিবাদী বা সমালোচক অন্য কেহ না থাকায়, ভাবিয়া-চিন্তিয়া কর্ম্ম করার যে সুফল, তাহা আমার ভাগ্যে মিলিত না—একমাত্র তাঁহারই ক্ষীণ প্রতিবাদ এইটুকু সুযোগ আমায় দিতে চাহিত। আজ তাহাই অনুভব করিয়া বিস্ময়ে ও আনন্দে আমার শরীর রোমাঞ্চিত হয়। এই প্রতিবাদ ঈর্ষ্যার নহে, বিদ্রোহী মনোভাবের নহে, আমার কর্ম্ম-প্রেরণার সত্যতা-পরীক্ষার জন্যই বুঝি গতির প্রতি পদে তাঁহার কণ্ঠে প্রতিবাদের সাড়া উঠিত। দুই জনেই যন্ত্র; যন্ত্রীকে সেদিন দুইজনেই এমন করিয়া চিনি নাই। প্রতি পদে সংঘাতই বাধিত—অতি আপনার জনের সঙ্গেই। শেষে দুইজনের অশ্রু একত্র সম্মিলিত হইয়া সংযুক্ত প্রাণ জাগিয়া উঠিত—জীবনে অমৃত সঞ্চারিত হইত। কর্ম্মের সূত্রপাতে প্রতিবাদ, তারপর তাঁর অকৃত্রিম সাহচর্য্যে আমি সর্ব্বত্রই বিজয়ী হইতাম।

আমি বলিলাম, "ব্যবসা করিব।" তিনি বাধা দিয়া বলিলেন, "ঝঞ্ঝাটে গিয়া কাজ নাই। বেশ আছি, বেশ আছ; সাধন-ভজন ভালই চলিবে। ব্যবসা করিবে কাহার জন্য?"

আমি বিরক্ত হইয়া বলিলাম "পরমুখাপেক্ষী যে, তার জীবন শ্রেয়ঃ মনে করি না। নিজের পায়ে ভর দিয়া দাঁড়াইব।"

তিনি বলিলেন, "কালীবাবু আমাদের পর নহেন। যেদিন পর মনে হইবে, সেদিন ব্যবস্থা করিও।"

কথা যত বাড়ে, বিরক্তিও ততই মাত্রা ছাড়াইয়া উঠে। যাহা করিতে ইচ্ছা, তাহার পথে বাধা আমি আজও সহিতে পারি না। ইহার জন্য দেহ-মন শাস্তি পায় প্রচুর। কিন্তু তবুও আমি নিরুপায়। গোড়া হইতে স্বীকার করিয়াছি—কর্ত্তা শরীর বা মন নহে, নারায়ণ। একটী তৃণখণ্ডও তাঁর বিনা ইচ্ছায় নড়ে না। দুঃখ দেহ-মনের, তাহা স্থায়ী নহে। যাহা ঈশ্বরেচ্ছা নহে, তাহা হইবে কেন—এই আমার বিশ্বাস। আমার জিদ দেখিয়া, তিনি পথ ছাড়িয়া দিলেন। যাঁহার কণ্ঠে প্রতিবাদের বাণী উঠিয়াছিল, তিনিই আমার নূতন কর্ম্মপ্রতিষ্ঠান-গঠনে সর্ব্বশ্রেষ্ঠা সহযোগিনী হইয়া দাঁড়াইলেন।

স্বাবলম্বী হইতে হইবে। নিজেকে উপার্জ্জনক্ষম করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করিতে হইবে। উপার্জ্জন করিয়াই শ্রীঅরবিন্দের দাবী পূরণ করিব। উৎসাহে, পুলকে আমার সর্ব্বশরীরে বিদ্যুৎ বহিতে লাগিল। অগ্রজের কাঠের কারবারে আমার অভিজ্ঞতা ছিল, তাঁহার কাজ বন্ধ হইয়াছে। সেই কাজ পুনঃ প্রবর্ত্তিত করিব। কিন্তু পুঁজি নাই। অর্থহীন আমি। যাঁহার প্রেরণা, তাঁহাকেই চিন্তা করিতে হয়। আমি আধার-যন্ত্রটী তাঁহার হাতেই ছাড়িয়া দিয়া নিশ্চিন্ত হইলাম।

২১শে পৌষ আমার জন্মদিন। এ বৎসর এই জন্মদিনে একটী ক্ষুদ্র উৎসবের আয়োজন হইল। এই আয়োজনের প্রধান আয়োজন-কর্ত্রী আমাদের মেজ-বৌ। গৃহলক্ষ্মী এই উৎসবটীকে অভিনন্দিত করিয়া লইলেন। ১০।১৫ জন অনুরাগী বন্ধুদের আনন্দোচ্ছ্বাসে এই দিনটী নূতন ভাবে ও ছন্দে আমার জীবনে একটী নূতন অনুভূতির সাড়া তুলিল। ১২৲ টাকার সংসারে সেদিন প্রাচুর্য্যের বান ডাকিল। জীবনের উৎসব। উৎসব-সঙ্গী যাঁহারা, তাঁহারা অতি পরিচিত। সকলের সহিত অভিনব সম্বন্ধ-সূত্রে বদ্ধ হইয়াছি। মনে হইল—এই উৎসব কোন এক নূতন অতিথিকে আহ্বান করিয়া আনিতেছে। শীতের অন্ধকার-রাত্রি দীপমালায় জ্বলিয়া উঠিল। ফুলের সৌরভ, ধূপ-ধুনার গন্ধে গৃহ-মন্দির পুলকিত হইল। সকলে একত্র উপবেশন করিয়া কত আলাপ, কত প্রসঙ্গ, কত কথার আলোচনা হইল। প্রতি জন মনের দুয়ার খুলিয়া কত মর্ম্ম-কথা প্রকাশ করিল। ১০।১৫টী মানুষের হৃদয় সংযুক্ত হইয়া, জাতি, বর্ণ, বয়স সব এক হইয়া গেল। মধুর সঙ্গীতে উৎসবের ঘোষণা হইল। সেদিন এই অভাবনীয় আনন্দের আতিশয্যে সেই একজনকে স্মরণ করিয়াই গাহিয়াছিলাম—

"তুমি ধন্য, তুমি ধন্য,
আমায় পূর্ণ করিয়া দিয়াছ;
তোমার অসীম প্রেম-পাথারে
সাদরে আমারে নিয়াছ।

তোমার প্রেম-বিগলিত বাহু দুটী দিয়া,
জড়ায়ে রেখেছ জুড়াইয়া হিয়া;
আমি সংসার-দহনে দহিতে পারি-নে,
তাই এত দয়া করেছ।
আমার মিটাইয়া আশ, দিয়া আলিঙ্গন,
অমিয়-সাগরে রেখ অনুক্ষণ:
অকিঞ্চন বলে' ভুলো না কখন—
যদি দীনে দয়া করেছ॥"

মর্ম্ম ছিঁড়িয়া এ সঙ্গীত উচ্ছ্বসিত কণ্ঠে উৎসব-মন্দির মুখরিত করিল। অনেক ক্ষণ স্তব্ধ মৌন থাকিয়া যখন নয়ন উন্মীলিত করিলাম, তখন দেখিলাম —সঙ্গীতের মূর্চ্ছনায় শুধু আমাদেরই নয়ন আর্দ্র হয় নাই, দুটী সজল নয়নের চাহনী দ্বারপার্শ্বে প্রদীপের মত জ্বলিতেছে। সেদিন তিনি আমায় কেমন দেখিয়াছিলেন, জানি না। ভোজনের ডাক পড়িলে, যখন তাঁহার কাছে গিয়া দাঁড়াইলাম, মেজবৌয়ের আগেই তিনি আমার পদতলে মাথা নত করিলেন। তারপর প্রণতির স্রোতে আমি হাবুডুবু খাইলাম।

নৈশ-ভোজন সমাপন করিয়া, কয়দিন ধরিয়া যে কথাটা মনের মধ্যে গুমরিয়া মরিতেছিল, তাহা সকলের কাছে প্রকাশ করিলাম। কালীবাবুকে বলিলাম "খরচের টাকা আর তোমাকে দিতে হইবে না। আমি নিজেই ইহার ব্যবস্থা করিয়া লইব। আমি আজ হইতেই স্বাবলম্বনের সাধনায় ব্রতী হইলাম।"

তার পরদিন প্রভাতে আমার সোদর-প্রতিম তরুণ সুহৃৎ মাণিকলাল আসিয়া প্রশ্ন করিল, "আপনি কাল স্বাবলম্বী হওয়ার কথা বলিয়াছেন, কোন ব্যবসা করিবেন নাকি?"

আমার সম্মতিসূচক উত্তর শুনিয়া, সে বলিল, "আমারও লেখাপড়া শেষ হইয়াছে, আপনার কাজে আমিও লাগিয়া যাইতে চাই।"

স্নেহ-প্রীতির উৎস আমার নয়নে অশ্রুকণা ঝরিয়া পড়িল। স্বাবলম্বী হওয়ার উদগ্র-প্রেরণাটুকুই আমার সম্বল ছিল। কি করিব, পুঁজি কোথা

হইতে পাইব, তাহার চিন্তা তখনও বুদ্ধি-যন্ত্রে অবতরণ করে নাই। মাণিক-লালের মুখে তাহার সহযোগিতা পাইব শুনিয়া, কয়েক মুহূর্ত্তের মধ্যেই আমার কর্ম্ম-পদ্ধতি স্থির হইয়া গেল। আমি বলিলাম, "একটী মাত্র ব্যবসা সম্বন্ধে আমি অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছি, সেটী কাঠের কারখানা। আমি এই কার্য্যে নিজেকে নিযুক্ত করিব।"

চন্দননগরে তাঁতের কাপড়ের ন্যায়, কুমারের হাঁড়ীর ন্যায়, সেগুন, মেহগ্নি, শিশু প্রভৃতি দামী কাঠের চেয়ার এক প্রকার একচেটিয়া ছিল। কলিকাতার ইয়োরোপীয়গণ চন্দননগরে আসিয়া কারখানা স্থাপন করিতেন। এমন দিন গিয়াছে, যখন চন্দননগর হইতে ৩।৪ লক্ষ টাকার চেয়ার কলিকাতা ও ভারতের অন্যান্য প্রদেশে সম্বৎসরের চালান গিয়াছে। আমাদের পারিবারিক ব্যবসাটিরও বেশ সুনাম ছিল। আমিই তাহার তত্ত্বাবধান করিতাম। কলিকাতার খরিদ্দারগণ আমার প্রতি যথেষ্ট সহানুভূতি দেখাইতেন। এই সময়ে যদিও আমার কলিকাতায় যাওয়া বন্ধ হইয়াছিল, তত্রাচ পত্রাদি-সহযোগে মাণিকলালকে কলিকাতায় পাঠাইলে, প্রস্তুত দ্রব্যাদির বিক্রয়ের অসুবিধা হইবে না। কিন্তু ব্যবসা ফাঁদিবার পক্ষে উপযুক্ত লোকের সঙ্গে-সঙ্গে অর্থেরও প্রয়োজন।

আমি অর্থহীন। কিন্তু ঈশ্বরেচ্ছা যখন ব্যবসার পথে আমায় লইয়া চলিয়াছে, তখন লোক-বল ও অর্থ-বল, দুই-ই পাইব—এই বিশ্বাস আমার ছিল। মাণিকলাল নিজেই বলিল, "আপনার টাকা নাই, ব্যবসা করিবেন কি প্রকারে?"

আমি ইতস্ততঃ করিতেছিলাম। পরক্ষণেই সে বলিল, "আমি কিছু টাকা দিতে পারি।"

পল্লীর যে সকল তরুণেরা আমায় ভালবাসিত, তাহাদের সহিত আমি নিজেকে একাত্ম মনে করিতাম। কালে অনেক ক্ষেত্রে অতি নির্ম্মমভাবেই আমার সে ভুল ভাঙ্গিয়াছে। বিশ্বাসের অমৃত-সায়রে ডুব দিয়া, অবিশ্বাসের কণ্টকগুল্মে আমি আজ পর্য্যন্তও ক্ষত-বিক্ষত হই। কিন্তু কি এক অমৃত-প্রলেপে

সে ব্যথা আমায় বিচলিত করিতে পারে না। এই মাণিকলাল অতি কিশোর বয়সে আমায় অগ্রজের ন্যায় ভালবাসিয়াছে; আজ প্রৌঢ়ত্বের সীমা সে অতিক্রম করে, তার অনবদ্য প্রীতি-বন্ধন নানা অপ্রীতিকর ঘটনা সংঘাতেও শিথিল হয় নাই। ঈশ্বরের এই সকল মহাদান জড় হইয়া আমায় অধ্যাত্মক্ষেত্রে ইহাদের মুখ চাহিয়াই স্থির রাখিয়াছে। মাণিকলালের ঋণ বাহ্যতঃ পরিশোধ্য হইলেও, অন্তরে তাহা চিরযুগ অপরিশোধনীয়। সম্বন্ধের অমৃত-বন্ধন মর্ত্ত্যের নহে, স্বর্গের।

মাণিকলালকে জিজ্ঞাসা করিলাম, "কত টাকা দিতে পার?" মাণিকলাল হাসিয়া বলিল, "কত টাকা আপনার প্রয়োজন?"

মাণিকলাল সদ্য বিদ্যামন্দির হইতে বিদায় লইয়াছে। সে আর কত টাকা দিতে পারে? আমি বলিলাম, "আমি একটী চেয়ারের কারখানাই খুলিব। প্রথম তোমাদের শিক্ষার জন্য সামান্য ব্যবস্থার প্রয়োজন। ব্যবসা শিক্ষা করিলে ক্রমে-ক্রমে দশ হাজার টাকার প্রয়োজন হইবে।"

মাণিকলাল কথার উত্তর না দিয়া দ্রুত প্রস্থান করিল। কিছুক্ষণ পরে আসিয়া সে আমার হাতে ২০০৲ টাকা দিয়া বলিল, "পড়া ছাড়িয়াছি, কাজ শিখিব, শ্রম দিব। টাকার আমার প্রয়োজন নাই। আপনার কাজ এই ব্যবসার দ্বারাই চলিবে।"

আমি নির্ব্বাক্। কৃতজ্ঞতায় হৃদয় আমার পূর্ণ হইয়া গিয়াছে। আমিও আর এক দিনও বিলম্ব করিতে পারি না। কয়েকখানা বাঁশ ও দুইখানা হোগলা বাজার হইতে আনিতে বলিলাম। আমার আর এক সুহৃত রায় বাহাদুর ৺পূর্ণচন্দ্র সোমের পুত্র শ্রীযুক্ত অরুণচন্দ্র সোমের বাগানে হোগলার ঘর নিজেরাই বাঁধিলাম। তার পরদিন প্রভাতে জয়মূর্ত্তি গৃহদেবী বলিলেন, "পূজার আয়োজন হইবে না?"

আমি বলিলাম, "তোমার সম্মতিই আজিকার অনুষ্ঠানের সর্ব্বপ্রধান মন্ত্র।" তিনখানি খাতা খরিদ করা হইয়াছিল, তাঁহাকে সেই খাতা তিনখানি হাতে করিয়া আমায় তুলিয়া দিতে বলিলাম।

অন্নপূর্ণার এই শুভদান "প্রবর্ত্তক-সঙ্ঘে"র জয়যাত্রার ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবে।

আমি নিঃসঙ্গ নিষ্কাম কর্ম্মজীবনের পথে। আমার ব্যক্তিগত জীবনের দায় বড ছিল না। জাতিরই ভ্রূণ-মূর্ত্তি-স্বরূপ সঙ্ঘের এই প্রথম অর্থক্ষেত্রে মাণিক-লালের প্রথম উৎসর্গপূত জীবনের অর্ঘ্য আজ সুদূর-প্রসারিত ও উৎসর্গেরই সমবায়ে গুণান্বিত হইয়া কলিকাতায় আরও নূতন প্রতিষ্ঠান রচনা করিয়াছে। ইহার বীজক্ষেত্র কিন্তু আজিও চন্দননগরে বিদ্যমান।

রামেশ্বর সেদিন আমার সহযাত্রী, সুখ-দুঃখের সঙ্গী। সম্বন্ধের বন্ধন ছিন্ন হইতে পারে, এ কল্পনা আমার ছিঁল না। অকৃত্রিম সুহৃৎ কালীবাবুর অযাচিত দানে বিগত নয় মাস আমার জীবনযাত্রা চলিয়াছে। এই তিন ব্যক্তির নাম চিরস্মরণীয় রাখার জন্য কারবারের নামকরণ হইল "রক্ষিত-দে-ঘোষ এণ্ড কোম্পানী।"

সেদনি বাণী-প্রেরণা বুকে ধরিয়া শ্রীঅরবিন্দের যে সকল পত্র আসিত, সেই সকল পত্রের প্রান্তভাগে তিনি ইংরাজী 'কালী' নাম স্বাক্ষর করিতেন। আমি খাতার প্রথম পৃষ্ঠায় লিখিলাম, "শ্রীশ্রী৺কালীমাতার ইচ্ছায় এই কারবারের প্রতিষ্ঠা হইল। ইহার মূলধন ১০,০০০৲ টাকা হইল। উপস্থিত ২০০৲ টাকা প্রদত্ত হইল।



প্রবর্ত্তক সঙ্ঘের ইতিহাসে ব্যবসাক্ষেত্রে আমার প্রথম অভিযানের এই স্মরণীয় দিনটী এই গ্রন্থে অনুলিপির মধ্যে রক্ষিত হইল।

খাতা-পত্তনের সময়ে এই ২০০৲ টাকা মাণিকলালের নামে জমা করিবার কথা। মাণিকলাল জানাইল "এ টাকা আমার নহে, আপনার।" আমি

তখন ১০০৲ টাকা মাণিকলালের নামে আর ১০০৲ টাকা রামেশ্বরের নামে জমা করিয়া, নিজের হাতে খাতা লিখিয়া উভয়কে আশীর্ব্বাদ করিলাম। কালীবাবু বলিলেন, "ব্যবসা আমাদের নামে, কিন্তু ইহা তোমার কাজের জন্য করা হইল, এই কথাটা যেন আমরা স্মরণে রাখি। আমিও ইহার পুঁজি বাড়াইতে সচেষ্ট হইব।"

কারবার চলিল। কর্ম্মস্রোতঃ সংহতির শ্রম আকর্ষণ করিল। মাণিকলালের তরুণ প্রাণশক্তি বিস্তৃত প্রবাহে কারবারটীকে দেখিতে-দেখিতে বৃহৎ করিয়া তুলিল। নৌকায় কাঠ আসিত, গঙ্গাতীর হইতে আমরাই পাঁজা করিয়া তাহা বহিয়া আনিতাম। বড় বড় চকোর কাঠ ২০।২৫ জন মিলিয়া টানিয়া গোলায় তুলিতাম। হাত-করাতে কাঠ চিরিতাম। চেয়ারের পটিতে নম্বর দিতাম। শিরীষ কাগজে ঘষিয়া কলিকাতায় যে দিন মাল প্রথম চালান দেওয়া হইল, সে দিন সাফল্যের শিহরণ দেখিয়াছিলাম যাঁহার মধ্যে, আজ তিনি নাই। কত কর্ম্মপ্রকাশ সঙ্ঘের জীবনে, সে আনন্দের অনুভূতি আর পাই না। দর্পণ ভাঙ্গিয়া গিয়াছে, প্রতিচ্ছবি দেখার আশা দুরাশা।

স্বাবলম্বনের সাধনায় তন্ময় হইলাম। মাণিকলাল হাতের কাজ কাড়িয়া লইতে লাগিল। কালীবাবু খাতা লিখিতে বসিলেন। হোগলার চালের পরিবর্ত্তে পাকা কারখানা-গৃহ গড়িয়া উঠিল। দুইজন, চারিজন করিয়া ২০।২৫ জন কারিগর পাওট পাতিয়া বসিল। নীরব পল্লীকেন্দ্র হাতুড়ি-বাটালীর আঘাতে প্রাতঃকাল হইতে এক প্রহর রাত্রি পর্য্যন্ত শব্দিত হইল। এই কারখানাটীই হইল তরুণদের কর্ম্মক্ষেত্র—আমাদের সর্ব্বপ্রথম অর্থপ্রতিষ্ঠান।

এক দিনের কথা মনে পড়ে—একখানা সুবৃহৎ চকোর কাঠ গঙ্গাতট হইতে কুলি-মজুরেরা টানিয়া আনিতে পারিল না। আমার মনে হইল—আজিকার এই অসমাপ্ত কর্ম্ম শেষ করিতেই হইবে। আমি তরুণদের লইয়া এই কর্ম্মে হস্তক্ষেপ করিলাম। আমার এক বয়োবৃদ্ধ বন্ধু এই অসাধ্য কর্ম্মে নামিতে দেখিয়া, নানা বিদ্রূপ-বাক্যে এই কার্য্যে যে আমরা অসমর্থ হইব—

এই কথাই জ্ঞাপন করিলেন। আমাদের জিদ্‌ আরও বাড়িল। সেই কাষ্ঠখানির আয়তন এত বৃহৎ ছিল যে, ২০।২৫ জন কুলি যাহা পারে নাই, আমরা ১০।১৫ জনে তাহা পারিব—ইহা বিশ্বাস করা কাহারও পক্ষে সম্ভবপর ছিল না। কিন্তু কোন কর্ম্মই সেদিন আমার অসাধ্য বোধ হইত না। বিজ্ঞ বন্ধুর বিদ্রূপ-বাক্য আমায় অধিকতর উদ্‌বুদ্ধ করিল। আমরা সেই সন্ধ্যায় বাঁশের টুকরা কাঠের তলায় রাখিয়া, ১০।১৫ জন মিলিয়া টানাটানি সুরু করিলাম। দেখিতে-দেখিতে কাষ্ঠখানি যন্ত্র-চালিতের ন্যায় আমাদের ১০।১৫ জনের আকর্ষণে সবেগে গোলায় আসিয়া প্রবেশ করিল। জয়গর্ব্বটা আমাকে চিরদিনই অনুভব করিতে হইয়াছে নিত্যসঙ্গিনীর মধ্যে। কোথাও ছোট হইলে, তাঁহারই চক্ষে মালিন্যের ছায়াপাত হইত; আবার সাফল্যে জয়-দীপ্তি প্রকাশ পাইত। আজিকার এই দুঃসাধ্য কর্ম্মটাও সিদ্ধ হওয়ায় এবং প্রতিবাদীদের ধারণা উল্টাইয়া আমাদের জিদ-রক্ষা হওয়ায়, সর্ব্বাপেক্ষা তিনিই পুলকিতা হইয়াছিলেন। ছেলেরা বিজয়ী বীরের মত প্রাঙ্গণে আসিয়া দাঁড়াইল। তিনি নিজে আসিয়া খাদ্য পরিবেশন করিলেন। গোলা হওয়ার পর হইতে আমার গৃহ-প্রাঙ্গণে সমবেত তরুণেরা প্রায় প্রতিদিনই তাঁহার হাতের রুটি, পরোটা, ব্যঞ্জন প্রসাদ-রূপে গ্রহণ করিত। ভাবপ্রবণতাপূর্ণ সে তরল জীবন-যুগে আমাদের চক্ষে বিষাদের ছায়া ছিল না, নৈরাশ্যের অন্ধকারও ঘনাইয়া উঠিত না। শ্রমের পর জলযোগান্তে পরিপূর্ণ প্রাণে পল্লী কাঁপাইয়া, সেদিন এক নূতন সঙ্গীত আমাদের কণ্ঠ চিরিয়া বাহির হইল। সে সঙ্গীত বিজ্ঞ প্রতিবাদী বন্ধুদের শুনাইবার জন্যই রচিত হইয়াছিল। সে দিনের শিশুসুলভ মনোভাবের পরিচয় দিবার জন্য সেই সঙ্গীতটী এইখানে উদ্ধৃত করার লোভ সম্বরণ করা গেল না।

"ওরে ও অকেজোর দল,  
তোরা কাজের মানুষ সাম্‌লে চল।  
ওরা নাড়ে মাথা, কয় যে কথা,  
ঐ ওদের সম্বল।

কোন্‌টা হবে, কোনটা হবে না,
করার আগে জানা যাবে না,
বুদ্ধির গোড়ায় কোপ দিয়ে ভাই
ফেলে দে-রে ফলাফল।”

গান গাহিতে-গাহিতে সে উদ্দাম নৃত্য ও ১০।১৫ জনের উচ্চকণ্ঠ বৃদ্ধকে বেসামাল করিয়াছিল। গৃহিণী মুখে কাপড় গুঁজিয়া হাসিতে-হাসিতে চক্ষের ইঙ্গিতে বুঝাইতেছিলেন—খুব হইয়াছে, মানুষকে অত অপ্রস্তুত করা ভাল নয়!

কাহাকেও ক্ষুণ্ণ করার জন্য এইরূপ প্রবৃত্তির প্রকাশ হইত না; ইহা সেদিন ছিল নূতন শক্তির স্বতঃ-উচ্ছসিত স্বচ্ছ আত্মপ্রকাশ। হাসির মাত্রা ঠিক থাকিত না। কথা ছন্দোবদ্ধ ছিল না। আহার-নিদ্রার ঠিকানা রাখা যাইত না। কর্ম্ম আর কর্ম্ম। ভোরে উঠিয়া সঙ্গীত, উপাসনা, মন্ত্র-জপ। এমন ‘ওঁ কালী’ বলিয়া চীৎকার উঠিত যে, পাড়া-প্রতিবাসী চমকিত হইত। তারপর গোলায় কাঠ তোলা, কাঠ সাজাইয়া রাখা। অপরাহ্নে প্রাচীন হা-ডু-ডু খেলার নূতন সংস্কার করা হইয়াছিল, তাহাতে মাতিয়া থাকা। ফুটবল এসোসিয়েশনের মত এই দেশীয় খেলাটীকে নিয়মবদ্ধ করিয়া “বঙ্গীয় ভেল-দিগ্‌-দিগ্‌ ঢাল প্রতিযোগিতা” নামে একটী সমিতির প্রতিষ্ঠা এইখানেই প্রথম হয়। আজ বাংলার অনেক ক্ষেত্রে এই খেলা প্রবর্ত্তিত হইয়াছে দেখিয়া আমি তৃপ্তি অনুভব করি।

সংসার-বন্ধন হইতে মুক্ত হইয়া নূতন জীবনক্ষেত্রে কত ভাব, কত স্বপ্ন যে মস্তিষ্কে লীলায়িত হইতে লাগিল, তাহা বলিয়া শেষ করা যায় না। সারা দিন, সারা রাত্রি কি এক অদ্ভুত মাদকতায় চিত্ত-মন আচ্ছন্ন হইয়া থাকিত। গোলার কাজে আমার আর বেশী সময় দিতে হইত না। অবকাশের মাত্রা অন্তর-স্বপ্নে ভরিয়া উঠিতে লাগিল। শ্রীঅরবিন্দ চলিয়া যাওয়ার পরেই ১৯১১ ও ১৯১২ সালে একখানি হাতে লেখা মাসিক পত্রিকা বাহির করিয়াছিলাম। উহার নাম দেওয়া হইয়াছিল “সনাতনী”। ইতঃপূর্ব্বে

আর একখানি হাতের লেখা কাগজ বাহির করিয়াছিলাম। সেই সময়ে বিদেশ হইতে অনেক বৈপ্লবিক ইস্তাহার আমাদের নিকট আসিত। "তলোয়ার" বলিয়া একখানি ইংরাজী কাগজ আমার নিকট নিয়মিত ভাবেই আসিত। শ্যামজী কৃষ্ণবর্ম্মা ছিলেন ইহার সম্পাদক। আমার বৈপ্লবিক-চিন্তাধারা ইহাদের চিন্তাধারার সহিত খাপ খাইত না। যে সকল তরুণ আমার ছাত্র-সভায় মানুষ হইতেছিল, তাহাদের মস্তিষ্কে পাছে এই সকল পাশ্চাত্ত্য-প্রভাবযুক্ত বৈপ্লবিক যুক্তিবাদ সংক্রামিত হয়, তাহার জন্য আমি একখানি হস্তলিখিত পাক্ষিক পত্র বাহির করি। উহার নাম ছিল "দেবভূমি"। এই কাগজখানির চাহিদা ক্রমেই বাড়িতে লাগিল, এই জন্য গোপনে একটি ক্ষুদ্র ছাপাখানা স্থাপন করার ইচ্ছা হইয়াছিল। প্রেসের ব্যাপার আমাদের কাহারও জানা ছিল না। কিন্তু কোন বিষয়েই আমাকে একজন পশ্চাৎপদ হইতে দিতেন না। সর্ব্বক্ষেত্রে সাফল্য-লাভ না হইলেও, অভিজ্ঞতার্জ্জন হইতে বঞ্চিত হই নাই। শিশু যেমন মাথা তুলিয়া দাঁড়াইবার পূর্ব্বে বার-বার ভূমিতে আছাড় খাইয়া পড়ে, আমার অবস্থাও বহুবার এইরূপই হইয়াছে। প্রেসের চিন্তাও আমায় স্থির থাকিতে দিল না। কিছু টাইপ খরিদ করিয়া, একটি কাঠের যন্ত্রে "দেবভূমি" ছাপিবার চেষ্টা করিলাম। এক পৃষ্ঠা অতি ক্ষুদ্র "দেবভূমি" টাইপ সাজাইয়া ছাপিতে ১০।১২ দিন সময় কাটিয়া গেল। এই কর্ম্ম হইতে বিরত হইলাম। কাঠের কারখানাটী সুন্দর-ভাবে চলিতে আরম্ভ করিলে, এই প্রেরণা আবার আমায় উদ্বুদ্ধ করিল।

আমি আমার দীর্ঘজীবনে কামনা ও প্রেরণার মধ্যে সুস্পষ্ট ভেদ দর্শন করিতে সমর্থ হইয়াছি। ঈশ্বরের হাতে নিজেকে ছাড়িয়া দিলে, সব কর্ম্মের মূলেই ঈশ্বরপ্রেরণা থাকে বটে, কিন্তু আধারগত অশুদ্ধির সহিত বিজড়িত হইয়া উহা প্রাণের সাহায্যে যখন মূর্ত্তি লইতে চাহে, তখন তাহা রোধ করা যায় না। অনিবার্য্য কর্ম্মযোগে অবিশুদ্ধ-রূপ লইয়াই তাহা প্রকাশ পায়। বেশ বুঝা যায় যে, কর্ত্তার হাত ফসকাইয়া এই কর্ম্মবীজটী অতি অপরিণতা-বস্থায় বিকৃতাঙ্গ হইয়া বাহির হইয়াছে। চেষ্টা করিয়া এইরূপ কর্ম্ম হইতে

নিবৃত্ত হওয়াও আমার পক্ষে সম্ভবপর ছিল না। আজিকার যে অবস্থা, সেদিন অপেক্ষা তাহার অধিক উন্নতি বড় দেখি না। সেদিনের ঔদাসীন্য আত্মসমর্পণ-যোগবীজের পরিপুষ্টির কারণ হইয়াছিল—অবাধ সাধনের প্রবর্ত্তন করিয়াছিল। আজ সতর্কতার চেতনামাত্র আছে—কিন্তু যে কর্ম্ম হয়, সতর্কতায় বা ঔদাসীন্যে তাহা অবরুদ্ধ হয় না। সেদিনের অবস্থার দায় বোঝা হইয়া শরীর ও মনকে পীড়িত করে; কিন্তু আজিকার সত্যের জন্য পূর্ব্বের মত পীড়ার কারণ নাই—সর্ব্ব কর্ম্মে তাঁহাকে বরণ করিয়া লওয়ার আকিঞ্চনই হৃদয়কে উদ্বুদ্ধ রাখে। যখন যে অবস্থা, ভগবান তখন তদনুরূপেই আপনাকে প্রকাশ করিয়াছেন। যোগসিদ্ধ জীবন সুনির্দ্দিষ্ট কালের সীমায় নিবদ্ধ নহে। সুদীর্ঘ জীবন শুধু নহে, কত জন্ম ইহার জন্য দিতে হইবে, কে তাহার ইয়ত্তা করিতে পারে? এই যোগ অন্যান্য যোগ-পদ্ধতির ন্যায় কোন নির্দ্দিষ্ট বিধি-নিয়মের অধীন নয়। আধার ও প্রকৃতিভেদে নানা ভঙ্গীতে ইহার সাধন চলে। আত্মসমর্পণ-যোগ নিয়মানুবর্ত্তী হয় না বলিয়াই আমার বিশ্বাস এবং সাধনক্ষেত্রে এইজন্যই অনেক ক্ষয় ও ক্ষতি স্বীকার করিয়াও মানুষ যাহাতে যোগপথ আশ্রয় করে, তাহার জন্য নিজের অভিজ্ঞতা আছে বলিয়া অন্যকে আশ্রয় দিতে পারি, অপকারের ভয় হয় না—ভরসার বাণীই সকলকে শুনাই।

ব্যবসার প্রেরণা অধ্যাত্মজীবনক্ষেত্রে পরিপূর্ণ পুষ্টিলাভের প্রতীক্ষা করিল না—রূপ লইল। ধৈর্য্যের বাঁধন আমার মধ্যে খুবই শিথিল। কর্ম্ম-প্রেরণার সংযমে তাহাকে শোধন ও সাধনের অবকাশ দিতে আমি চিরদিনই অসমর্থ হইয়াছি। এমন আয়াস আমার কাছে মন ও বুদ্ধির অপচেষ্টাই মনে হইয়াছে। কাঠের কারখানাটী প্রবর্ত্তন করার পর পত্রিকা-প্রচারের পূর্ব্ব-প্রেরণা নূতন আকারে আমায় চাপিয়া ধরিল। কারবারের বৈশাখী নূতন খাতায় কয়েক মাসের যে জের উঠিল, তাহাতেই বুঝিলাম—কারবার চলিবে ভাল। এই ক্ষেত্রে আমার কিছু আর করার নাই। প্রচার-ব্রত সুসিদ্ধ করার জন্যই চিন্তা সুরু হইল।

আষাঢ়ের আকাশ যখন ঘন-ঘটায় আচ্ছন্ন—বারিপাতে নিদাঘের ক্লান্তি হরণ করিতেছে, বর্ষণধারার ন্যায় উর্দ্ধলোক হইতে বাণীপ্রচারের স্নিগ্ধানুভূতি আমায় অভিষিক্ত করিল। আমার সঙ্গীদের মধ্যে প্রায় সকলেই তখন স্কুল বা কলেজের ছাত্র। রবিবাসরীয়া সভায় সাহিত্যচর্চ্চা কম হইত না। একখানি সাময়িক-পত্রিকা-প্রচারের সঙ্কল্প সকলেই সমর্থন করিল। পত্রিকাখানি পাক্ষিক করিতে হইবে, ইহাও সিদ্ধান্ত হইল। নামকরণ লইয়া সমস্যার অন্ত রহিল না। কেহ বলিল "দেশের এই ঘন-ঘোর দুর্দ্দিনে ইহা খদ্যোতের মত ক্ষুদ্র আলোক-বিন্দু-স্বরূপ হইবে, অতএব ইহার নাম 'খদ্যোত' রাখা হউক।" একজন বলিল "দেশের ভণ্ডামী দূর করার জন্য এই পত্রিকাখানিতে তীব্র ভাষায় প্রবন্ধের অবতারণা করিতে হইবে, অতএব ইহার নাম 'সম্মার্জ্জনী' রাখা হউক।" কয়েক জন পূর্ব্ব-প্রেরণার সূত্র ধরিয়া জানাইল "নাম তো আছেই 'সনাতনী' অথবা 'দেবভূমি', এই দুটোর মধ্যে একটা দিলেই চলিবে।" 'সনাতনী' কথাটা অনেকের পছন্দ হইল না। উহার মধ্যে তাহারা প্রাচীনতার সংস্কার বাহির করিল। আর 'দেবভূমি' নামটা বড় বাড়াবাড়ি ধরণের হয়। নাম লইয়া সারা দিন আলোচনা চলিল। আমার মধ্যে চিন্তার তরঙ্গ উঠিল।

সাধনার পথে জীবনচ্ছন্দের প্রকৃতি একটু অবহিত হইলেই ধরা পড়িয়া যায়। বুদ্ধি, হৃদয়, প্রাণ লইয়া অন্তর-চালনায় একটা অনুভূতি-ভেদ আছে। যখন অহমিকার ফাঁক দিয়া উপরের শক্তি ইহার উপর পড়ে, তখন চিন্তার যে আস্বাদ, আর উপরের রুদ্ধ আলোকে বুদ্ধিযন্ত্র স্তম্ভিত হইলে, উহার মধ্যে যে চিন্তার সংস্কার সঞ্চিত থাকে, বাহিরের তাগিদে উহা যখন স্বভাব-বশে নড়াচড়া করিতে থাকে, সে চিন্তাতরঙ্গের অনুভূতি স্বতন্ত্র ধরণের। বুদ্ধির উপরের ছিদ্রপথ কি করিলে মুক্ত হয়, কি না করিলে রুদ্ধ হইয়া যায়, তাহার বিজ্ঞান আমার কাছে জানা ছিল না; আর তাহা জানিলেও, চেষ্টা ও অধ্যবসায়ের দ্বারা উহা হয় না। আত্মসমর্পণের চেতনা যখন আধারের সবখানি ভরিয়া ঘনাইয়া উঠে, তখন সকল অন্তর-যন্ত্রের আবরণগুলি সংস্কৃত হয়। আবার এই আত্মসমর্পণের রসানুভূতিতে অবগাহিত হওয়ার ইচ্ছা ও চেষ্টাও

কাজের নয়। এখানেও সাধককে অসহায়ের মতই থাকিতে হয়—"যখন তোমার ইচ্ছা হবে, এই ভাবেতে বসিয়া থাকার" মত অবস্থায় ইহার অমৃতময় আস্বাদ মিলে। আধার-যন্ত্রে আত্মসমর্পণের বীর্য্য স্থান পাইলেই ইহা ক্রমে-ক্রমে পুষ্ট হইয়া যোগ-রহস্য প্রকাশ করে। দর্শনে, সাহিত্যে, কর্ম্মে, অনুষ্ঠানে, যত্নে ও চেষ্টায় অহঙ্কারেরই অনুশীলন হয়। আধারে যোগ-বীজ অবধৃত না হইলে, নিষ্ফল জীবন—উহা অহঙ্কারেরই লীলাভূমি।

পত্রিকা বাহির হইবে, ইহা নিশ্চয়। কিন্তু কি তাহার নাম হইবে, তাহা জানি না। তাহা ভগবান্ তখনও জানান নাই। কিছুক্ষণ চিন্তা করিয়া আমার বুদ্ধি-যন্ত্র স্তব্ধ হইল। বন্ধুরা আলোচনার সুর রাখিয়া গেল। আমার বাহির-ভিতর কিন্তু মৌন-নীথর হইয়া পড়িল।

তাহার পরদিন অতি প্রত্যুষে শয্যাত্যাগ করিয়া ধ্যানে বসিলাম। রাত্রির শেষ অংশটী আমার নিকট অতি লোভনীয়। নিঝুম পৃথিবীর কোলে বসিয়া এই সময়ে উর্দ্ধলোক হইতে যে অমৃতের বর্ষণ হয়, তাহা আমি মাথা পাতিয়া গ্রহণ করি। ধীরে-ধীরে পূর্ব্বদিকে আলোর ঝরণা ঝরে, পাখীর কণ্ঠে প্রথম বন্দনা-সঙ্গীত উঠে; পল্লীতে জাগরণের প্রথম সাড়া পাওয়ার সঙ্গে-সঙ্গেই আমিও অন্তর্জ্জগৎ ছাড়িয়া বাহিরে আসিয়া দাঁড়াই। ইহা আমার স্বভাবগত ধর্ম্ম। সেদিনও ইহার অন্যথা হয় নাই। একটী ক্ষুদ্র কক্ষে, নিস্তব্ধ সমাহিত চিত্তে অন্ধকারে বসিয়া আছি। অন্তর্জ্জগতের দুয়ার যেন উন্মুক্ত হইল। মুদিত চক্ষেই দেখিলাম—কয়েকটা জ্যোতির্ম্ময় অক্ষর। সেই অক্ষর কয়টা পর-পর সাজান রহিয়াছে। বঙ্গাক্ষর নহে, দেবনাগরী অক্ষরে, "প্রবর্ত্তক"

# प्रवर्तक

এই শব্দটী আমি সুস্পষ্ট দেখিলাম। চমক ভাঙ্গিল। মনে হইল—আমি

স্বপ্ন দেখিয়াছি, কিন্তু স্থির ঋজুভাবে বসিয়াছিলাম। হউক স্বপ্ন, অন্তর্দ্দেব নির্দ্দেশ এইভাবেই আসিয়াছে। আমি ঐইদিন সাময়িক পত্রিকাখানির নাম "প্রবর্ত্তক" হইবে, সকলকে জানাইলাম কথাটা সকলেরই ভাল লাগিল, নূতন মনে হইল।

কথার সঙ্গেই কাজ। স্বার্থের হিসাব করিয়া আজ পর্য্যন্ত কাজ করিতে পারি নাই। এই হিসাব উহ্যই রহিল। "প্রবর্ত্তকে"র এক অনুষ্ঠান-পত্র রচনা করিলাম। "রয়েল ৮ পেজী ১৬ পৃষ্ঠায় পূর্ণ পাক্ষিক পত্র, বার্ষিক মূল্য সর্ব্বত্র ডাক-মাশুল সমেত ২৲ টাকা মাত্র। প্রতি সংখ্যার মূল্য নগদ ✓০।"

অনুষ্ঠান-পত্রটী বাহির করিয়া বলা হইল—ইহা ১৯১৫ খৃষ্টাব্দের ১৫ই আগষ্টে বাহির হইবে। কিন্তু যথাসময়ে ফরাসী গভর্ণমেণ্টের অনুমতি না পাওয়ায়, উহা ১৯১৫ খৃষ্টাব্দের ১লা সেপ্টেম্বরে বাহির হয়। কাঠের কারখানায় রামেশ্বরের মন বসে নাই। রামেশ্বরকে এই পত্রিকার পরিচালক করা হইল। আমার আর এক সহকর্ম্মী চিরসুহৃৎ মণীন্দ্রনাথ নায়েককে ইহার সম্পাদক-পদে নিযুক্ত করা হইল। কাগজ বাহির করিয়াই এই কথা শ্রীঅরবিন্দকে জানাইলাম; আর আমি যে একেবারে 'তন্ত্র-সাধনা' ছাড়িয়া এখন 'বেদান্তে' প্রাণ ঢালিয়া দিয়াছি, এ কথাও জানাইতে ভুলিলাম না। তিনি কয়েক দিন পরে জানাইলেন—"You have done well in confining yourself to Vedantic Yoga"……"বেদান্তযোগে আপনাকে নিবদ্ধ করিয়া ভালই করিয়াছ।" "প্রবর্ত্তকে"র তৃতীয় সংখ্যা পাইয়া তিনি লিখিলেন—"The last number was very good"—ইহার উপর আরও জানাইলেন—"You must not mind, if you do not get always a written answer. The unwritten will always be there."—সর্ব্বদা লিখিত উত্তর না পাইলে ভাবিও না; ঐখানেই আমার অলিখিত উত্তর নিত্য পাইবে।"

দৃঢ় প্রত্যয়ে হাতের কলম চলিল। ভাবিতাম—আমি যন্ত্র, যন্ত্রী আমায় লিখাইতেছেন। সে ইতিহাস ক্রমে বলিতেছি।

আজ যে বীজ বপন করা হয়, সে বৃক্ষ যখন ফলিতে থাকে, তাহা সহজে নিঃশেষ হয় না। বিশেষতঃ, ১৯১৫ খৃষ্টাব্দে বাংলার বিপ্লববাদিগণের উপর্য্যুপরি তাণ্ডবক্রীড়ার ফলে ভারত-রক্ষা আইন ও ১৮১৮ খৃষ্টাব্দের তিন আইনের প্রয়োগে বাংলার বিপ্লবিগণ ছত্রভঙ্গ হইয়া পড়েন। ১৯১৫ খৃষ্টাব্দে আমেরিকা হইতে ভারতে প্রত্যাগত একদল শিখ ভারতের বিপ্লব-কর্ম্মে যোগদান করায়, অবস্থা খুবই গুরুতর আকার পরিগ্রহ করে। এই সময়ে কর্ত্তৃপক্ষের সতর্কতায় ও কঠোর শাসনে ভারতব্যাপী বিপ্লবপ্রয়াস এক প্রকার বন্ধ হইয়া যায়। মাকড়শার জালের ন্যায় পুলিসের শৃঙ্খল-রচনার ফলে আমাকেও আষ্টেপৃষ্ঠে জড়াইয়া পড়িতে হইয়াছিল। বিপ্লবীদের সংসর্গ হইতে আমি দূরে পড়িলেও, গুপ্ত পুলিসবিভাগের সংশয়-দৃষ্টি আমায় ছাড়ে নাই। ইহা আমার নূতন-কর্ম্ম-প্রেরণা অঙ্কুরেই বিনষ্ট করার উপক্রম করিতেছিল। বিধাতার অলক্ষ্য হস্তও যেন আমার অনুকূলে ছিল না। নানা অপ্রত্যাশিত ঘটনা-সংঘটনে আমি ক্রমেই বিপন্ন হইয়া পড়িতেছিলাম। দুই-একটী এরূপ ঘটনার কথা উল্লেখ করিয়া, আমার তৎকালের অবস্থাটা বুঝাইয়া বলিবার চেষ্টা করিব।

আমার বয়স তখনও যৌবনের সীমা ছাড়ায় নাই। শ্রীঅরবিন্দের অনুগ্রহে পূর্ব্ব-ধর্ম্মসংস্কারের বন্ধনমুক্ত হইয়া অধ্যাত্মসাধনার বর্ণমালা কণ্ঠস্থ করিতেছি মাত্র; দুর্ঘটনার আবর্ত্তে আমি প্রায়ই কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িতাম। এমন কেহ বিজ্ঞ জন ছিলেন না, যাঁহার সহিত দুর্দ্দিনে পরামর্শ করিতে পারি। চতুর্ব্বিংশতি-বর্ষীয়া যুবতী ভার্য্যাই ছিলেন আমার প্রধান মন্ত্রী। কর্ম্মের গুরুতায় নিজেকেও যেমন বয়সের তুলনায় প্রবীণ মনে করিতাম, গৃহলক্ষ্মীর বয়সের প্রতিও তেমনি আমার লক্ষ্য ছিল না। যৌবনেই ত্যাগ ও সংযমের

শাসনে তাঁহার সুকোমল শ্রীমণ্ডিত ললাট কঠিন তাম্রবর্ণ ধারণ করিয়াছিল। তাঁহার তীক্ষ্ণদৃষ্টির সম্মুখে আমাকেও থতমত খাইতে হইত। সকল বিষয়েই তিনি সুগভীর-ভাবে আলোচনা করার অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার পরামর্শ আমায় মুগ্ধ করিত। তাঁহার গভীর চিন্তাশক্তির পরিচয় পাইয়া, তাঁহাকে প্রশংসা করিতাম। কিন্তু সকল বিষয় লইয়া মতামতের আলোচনা হইত মাত্র; তাঁহার সিদ্ধান্ত গ্রহণ করার মত ধৈর্য্য আমার ছিল না। অনেক সময়ে বুদ্ধিতে দপ্ করিয়া যাহা ফুটিয়া উঠিত, তাহারই অনুসরণ করিতাম এবং এইরূপেই আমি অনেক ক্ষেত্রে অপ্রত্যাশিত ফলও লাভ করিয়াছি। যেখানে নিজের অনুভূতির সহিত তাঁহার সিদ্ধান্ত মিলিত না, সেখানে আমি নিজের দায়িত্বেই কার্য্য করিয়া বসিতাম। এই মতানৈক্য হইলে, তিনি দুই কারণে বিপন্না হইয়া পড়িতেন। প্রথম কারণ—এত করিয়াও, তিনি আমার সহিত মতৈক্য লাভ করিতে পারিতেছেন না; দ্বিতীয় কারণ—কার্য্যের পর বিপদের মাত্রা যদি বৃদ্ধি পাইত, তাহা জীবনের পথে অধিক বাধা সৃষ্টিই করিত। তিনি অতিশয় ক্ষুণ্ণচিত্তে বলিতেন "দাসীর কথা বাসি না হইলে, তোমার ভাল লাগিবে না।" আমি জানিতাম—বিপদ্ অথবা সম্পদ্, এই দুয়েরই আগমন ঈশ্বরেচ্ছায় হয়। যদি ভুল করিয়া বিপদ্ ডাকিয়াও আনি, দুঃখের মাত্রা বাড়ে, তাহার জন্যও আমি দায়ী নহি। এইরূপ প্রত্যয় সহিবার শক্তি দিত। দুঃখ-ভারে কিন্তু উভয়েই অবসন্ন হইয়া পড়িতাম। তিনি সর্ব্বদা চাহিতেন স্বস্তি এবং শান্তি। আমি কিছুই চাহিতাম না। প্রবাহের মত বহিয়া চলাই ছিল আমার ধর্ম্ম। দুই জনের স্বভাব ছিল এইরূপ বিপরীতমুখী।

দোলের দিনে ফাগুয়া লইয়া উৎসবের আরম্ভ হইত, তিনি স্থিরচিত্তে দাঁড়াইয়া দেখিতেন। তার পর রঙের পালা, এই সময়ে তিনি একটু সরিয়া দাঁড়াইতেন। ইহার পর যাহা হইত, সেখানে তাঁহার আর দর্শন মিলিত না। তিনি ঘরে খিল আঁটিয়া কাঁদিতেন, আর বাহিরে চলিত তাণ্ডব-লীলা। রঙ ফুরাইলে দোয়াতের কালি, তার পর গোময়; শেষে নর্দ্দামার পাঁক

লইয়া হুড়াহুড়ি, মারামারি, রক্তারক্তি পর্য্যন্ত হইত। শত তরুণ লইয়া আমার দিন চলে। যৌবনের এই উত্তেজনায় আমি প্রতিবন্ধক ছিলাম না। বিচিত্রা প্রকৃতির বিচিত্র প্রকারের অভিব্যক্তি আমাকেও দশচক্রে ভূত করিয়া ছাড়িত। মারামারি, পেটাপিটির সময়ে ছেলেদের অতি সতর্কতা সত্ত্বেও, আমার বুকে-পিঠেও কিল-চড় যে না পড়িত, এমন নহে। স্নানের ঘাটে গিয়া গঙ্গামৃত্তিকা লইয়া ছোঁড়াছুড়ির সময়ে একবার আমার চক্ষুঃ বিনষ্ট হওয়ার উপক্রম হইয়াছিল। অপরাহ্নে অবসন্ন দেহে স্নানান্তে বাড়ী ফিরিলে, তিনি বিষণ্ন মনে ঘর হইতে বাহির হইতেন; উৎসবের দিনে তাঁর এই মলিন মুখ দেখিয়া আমি অপ্রস্তুত হইতাম। তিনি সন্ধ্যা পর্য্যন্ত ঘর-দোর-উঠান ক্লেদমুক্ত করিতে নীরবে শ্রম দিতেন। পরিশ্রান্ত শরীর সন্ধ্যায় এলাইয়া পড়িত। পরদিন প্রকৃতিস্থা হইলে, তিনি বলিতেন! "ঠাকুরের দোল এমন ভূতের লীলা নয়, তোমাদের অবস্থা দেখিয়া আমার দুঃখ হয়!"

বেশ বুঝিতাম—তিনি উদ্দাম উচ্ছৃঙ্খল ভাব ভালবাসেন না। তাঁর সবখানি ছিল শান্তি, প্রসন্নতা ও অনাবিল আনন্দে ভরপুর। স্থৈর্য্য ছিল তাঁহার স্বভাব-ধর্ম্ম। বিপ্লব-চাঞ্চল্য আমার জীবন-ধর্ম্ম। তবুও ছিল অপার্থিব ঐক্য—অন্তরের এত প্রেম অন্য কোথাও আর খুঁজিয়া পাইব না।

উৎসব-পর্ব্বের আর একটী দিন ছিল বড় আতঙ্কের। কালীপূজার দিন তিনি করুণ নয়নে বলিতেন "দীপ-মালায় বাড়ী-ঘর সাজাইয়া মায়ের আরতি কর, দুম্-দাম্ আওয়াজে আর বারুদের কালি লেপিয়া ঘর-দোর অপরিচ্ছন্ন করিও না।"

সন্ধ্যা যখন নামিয়া আসিত কালো আঁচল দোলাইয়া, তিনি স্থির-ধীর চিত্তে শত-শত দুর্গাপ্রদীপের উজ্জ্বল-শিখা জ্বালিতেন বড় আনন্দে। আমরা দলে-দলে সে শোভা দেখিয়া পুলকিত হইতাম। কিন্তু বারুদের ধোঁয়ায় অঙ্গন না ভরিলে, আমাদের কালীপূজার নেশা জমিত না। আরম্ভ হইয়া যাইত দুম্-দাম্, তাঁর অনিচ্ছায় বাজি পুড়াইবার ধূম। তিনি খিল দিয়া ঘরে ঢুকিতেন। বাজি খেলা শেষ হইলে, আঁটি-আঁটি প্যাঁকাটির মশাল

জ্বালিয়া ছুটাছুটি সুরু হইত। আনন্দের আতিশয্যে একবার মেজ-বৌয়ের বিশাল খড়ের স্তূপ ভস্মীভূত করা হইয়াছিল। আগুনের শিখা যখন লেলিহান-রসনা-বিস্তার করিয়া পল্লীগৃহ স্পর্শ করে, তখন আবার কলসী-কলসী জল ঢালিয়া সে আগুন নির্ব্বাপিত করা হয়। কত ক্ষয়-ক্ষতি, কত অনাবশ্যক কর্ম্ম সৃষ্টি করিয়া আমাদের শক্তি অপচিত হইতেছিল, সে হিসাব তখন কে করিবে? ভোরে উঠিয়া, তিনি কটু তিরস্কারের সঙ্গে পূজান্তের কালি-ধূলি মুছিয়া আবার গৃহাঙ্গণ সুন্দর করিয়া তুলিতেন। তিনি চাহিতেন কাজে-কর্ম্মে, উৎসবে-অনুষ্ঠানে নিয়ম ও ছন্দঃ। সৌন্দর্য্য ও অমৃতেব ডালি সাজাইয়া, তিনি দেবতার আরাধনা কামনা করিতেন। আব আমার ছিল ছন্দোহীন, উন্মাদ, উচ্ছৃঙ্খল জীবন-রঙ্গ। তরুণের প্রাণ ইন্ধন পাইয়া চতুর্দ্দিকে অনিয়ম ও বিশৃঙ্খলা সৃষ্টি করিত। তাঁর বিনীত নিষেধ আমায় ঠেকাইয়া রাখিতে পারিত না। একবার কালী-পূজার রাত্রে চরম জব্দ হইয়াছিলাম।

সন্ধ্যার প্রদীপ হাজারে-হাজারে ছাদে, অলিন্দে, প্রাচীরে নক্ষত্রপুঞ্জের ন্যায় জলিযা উঠিল। সে শোভা দেখিয়া চিরদিনের ন্যায় কিছুক্ষণ আমাদের স্তব্ধতা; তারপর বাজির মাত্রা ছাড়াইয়া মহাবাজির বিকট আওয়াজে বাড়ী-ঘর কাঁপিয়া উঠিল। তিনি বন্ধ ঘরের জানালার ফাঁক দিয়া করযোড়ে আকুতি জানাইলেন "ওগো, থাম।" তখন আমরা কালীপূজার একটা বড বোমার রজ্জুতে আগুন ধরাইযা, একটা ক্যানেস্তারার বড় টিন চাপা দিয়া, তাহার উপর আবার একটা প্রকাণ্ড প্রস্তর চাপাইয়া মজা দেখার উপক্রম করিতেছি। ব্যাপারটার মধ্যে ভীষণ কিছু ঘটার যে সম্ভাবনা আছে, এইরূপ ধারণা আমার মনে ঠাঁই পায় নাই। তাঁর হৃদয়ে একটা ভাবী অমঙ্গলের আশঙ্কা এমনই প্রবল হইয়া উঠিল যে, তিনি সবেগে ঘর হইতে বাহির হইয়া ছাদে আসিয়া ঐরূপ কর্ম্ম হইতে প্রতিনিবৃত্ত হওয়ার জন্য আমাদের মিনতি জানাইতে লাগিলেন। তাঁহার করুণ নিবেদনেও ঐ কার্য্য হইতে কেহ প্রতিনিবৃত্ত হইল না। আমার ছাত্র-বন্ধুরা আমায় আড়াল করিয়া,

বোমার আওয়াজের সঙ্গে-সঙ্গে ক্যানোস্তারাটা কত উর্দ্ধে উৎক্ষিপ্ত হয়, তাহা দেখিবার জন্যই ব্যগ্র হইয়া উঠিল।

কর্ণ-বধিরকারী গগনভেদী শব্দে প্রাঙ্গণের যত আলো সব নিভিয়া গিয়াছে, শুধু অন্ধকার; কাহারও মুখে কথা নাই, একপার্শ্বে কে একজন আর্ত্তনাদ করিতেছে! ধূমাচ্ছন্ন প্রাঙ্গণে অনবগুণ্ঠনে মহাবিপদাশঙ্কায় হ্যারিকেন হাতে জগদ্ধাত্রী আসিয়া চকিতা দৃষ্টিতে সর্ব্বপ্রথমেই আমার দিকে চাহিলেন। আমার উদরের দক্ষিণ অংশের কতকটা কাটিয়া রক্ত পড়িতেছে। আমাকে আড়াল করিয়া দাঁড়াইয়াছিল যে তরুণ, তাহাকে অতিক্রম করিয়া সঙ্ঘের চিরসেবক কৃষ্ণচন্দ্রের বাহুমূল উর্দ্ধভাগে একেবারে ছেঁচিয়া রুধিরাক্ত হইয়াছে, স্থূল মাংসপেশী ঝুলিয়া পড়িয়াছে। রক্ত আর রক্ত—মহাকালীর তাণ্ডব-পূজা এইখানেই সমাপ্ত হইল। আজিও তাঁহার ইচ্ছামত কালীপূজার রাত্রে মন্দিরে-মন্দিরে দীপমালার শোভা ফুটে; কিন্তু তাঁহার জীবনকালে এই সুস্থিরতা, সঙ্ঘের এই সৌম্য-শান্ত ভাব কোথায় লুকাইয়াছিল! দেবী কি আজ সান্ত্বনা পাইয়াছেন?

এই চরিত্র-চিত্র ভিতরের। সঙ্ঘের অঙ্কুরাবস্থায় বাহিরের দুরন্ত জীবনরঙ্গ যে কত আছে, তাহার ইয়ত্তা নাই। সে সকল উল্লেখ করায় লাভ নাই। এই সকল শ্রীঅরবিন্দের যোগসাধনপর্ব্বেই চলিতেছিল। শক্তি ছন্দোহীন আধারে সেদিন অপরিচ্ছন্ন রূপ লইয়া আমাদের এমন করিয়াই নাচাইতেছিল। এইবার অন্য কয়েকটা বাহিরের ঘটনা বিবৃত করিব।

ভারত-রক্ষা আইনে চতুর্দ্দিকে ধরপাকড় চলিয়াছে। শ্রীঅরবিন্দ পুনঃ-পুনঃ জানাইতেছেন—"I see people are interned, who have no connection at all with politics or have long cut off whatever connection they had. Owing to the War the authorities are uneasy and suspicious and being ill-served by their Police upon prejudicial and often false reports."

অর্থাৎ "আমি দেখিতেছি—যাহাদের সহিত রাজনীতির কোনই সম্পর্ক নাই, অথবা যেটুকু সম্পর্ক ছিল, তাহাও বহুদিন পূর্ব্বে যাহারা ছাড়িয়াছে, তাহারা অন্তরীণ হইতেছে। কর্তৃপক্ষ যুদ্ধের দরুণ অস্বস্তিপূর্ণ ও সংশয়ান্বিত হইয়া উঠিয়াছে, তাহাদের পুলিস-বিভাগ সংস্কারদুষ্ট ও প্রায়শঃ মিথ্যা সংবাদের উপব ভিত্তি করিয়া তাহাদিগকে বিভ্রান্ত করিতেছে।' আমাকেও সতর্ক করিয়া তিনি বলিতেছেন—

"You have to sit tight, spiritually defend yourselt and physically avoid putting yourself where the Police can do you any harm and as far as possible, avoid also doing anything which would give any colour or appearance of a foundation for their prejudices."

অর্থাৎ "তোমাকে স্থির হইয়া বসিতে হইবে। অধ্যাত্মশক্তিতে নিজেকে রক্ষা করিতে হইবে এবং বাহ্যতঃ এরূপ কোন ক্ষেত্রে নিজেকে প্রক্ষিপ্ত করায বিরত হইবে, যেখানে পুলিস ক্ষতি কবিতে পারে। আর যত দূর সম্ভবপর, এমন কোন কার্য্যও করিবে না, যাহাতে তাহাদের পূর্ব্ব সংস্কারে রঙ ফলাইবার বা ঘুণাক্ষরেও উহার ভিত্তি-রক্ষার প্রশ্রয় দান করে।"

শ্রীঅরবিন্দের এই শুভেচ্ছা কার্য্যকরী কবাব জন্য আমি খুবই সচেতন ছিলাম। কিন্তু ঘটনার স্রোতঃ অতিক্রম করার সাধ্য তখনও আমার ছিল না। সে দিন শ্রীঅরবিন্দের এই সতর্কতা তত কার্য্যকবী হয় নাই, কিন্তু তাঁহার অমোঘ অভিপ্রায় ব্যর্থ করিতেও আমি পারি নাই। এ জগতে শুভেচ্ছার দান কখন ব্যর্থ হয় না, ইহা আমি মর্ম্মে-মর্ম্মে বুঝিয়াছি।

ইউরোপে মহাযুদ্ধ আর ভারতে বৈপ্লবিক ষড়যন্ত্রের ফলে বৃটিশ গভর্ণমেণ্ট এই সময়ে কি কঠোর রুদ্রভাব পরিগ্রহ করিয়াছিল, সে দিনের ভুক্তভোগী যাঁহারা, তাঁহারা ভিন্ন অন্য কেহ তাহা বুঝিবেন না। বিপ্লবী বলিয়া যাঁহারা ধৃত হন, তাঁহাদের লাঞ্ছনার কথা শুনিয়া ক্ষোভে ও ঘৃণায় আমাদের শরীর রোমাঞ্চিত হইয়া উঠিত। কলিকাতার উপকণ্ঠে জেলগুলিতে বন্দীদের স্থান-সঙ্কুলান হইত না। প্রসিদ্ধ 'দালান্দা হাউসে'র নাম আমাদের চিরস্মরণীয় হইয়া থাকিবে।

ঠিক এই কড়াকড়ির সময়ে পর-পর কয়েকটি ঘটনায় আমার এমনই হইল যে, প্রতি মুহূর্ত্তে বিপদের প্রতীক্ষায় আমায় বসিয়া থাকিতে হইত; আর ওষ্ঠে ওষ্ঠপুট চাপিয়া, আমার উপর কল্যাণদৃষ্টি বর্ষণ করিয়া আমাকে ভরসা দিতেন, আশা দিতেন দূরে শ্রীঅরবিন্দ আর নিকটে হৃদয়সঙ্গিনী তরুণী পত্নী। অপূর্ব্ব রহস্যময় জীবন আমার। পৃথিবীতে দুই নৌকায় পা দিয়া আমি যে চলিয়াছি, তাহা সেদিন উপলব্ধি করি নাই।

সে একদিন—এক জরুরী ডাকে রাত্রিশেষেই অন্ধকারে গা ঢাকা দিয়া আমায় কলিকাতায় ছুটিতে হইল। ফিরিলাম অন্ধকারে-অন্ধকারে মধ্য রাত্রিতে। আসিয়াই শুনিলাম—আমার ছাত্র-বন্ধুরা অনেকেই "মাদাদেপো" হইয়াছে। "মাদাদেপো" ফরাসী কথা. ইহার অর্থ পুলিস-গারদে আটক থাকা। ঘটনার বিবরণ—আমারই এক নিকট প্রতিবেশী আমাকে গালি দিতে-দিতে সদল-বলে যাইতেছিলেন। আমার ছাত্র-বন্ধুরা প্রতিবাদ করায়, প্রথম মুখোমুখী, তার পর হাতাহাতি, শেষে রক্তারক্তিতে ঘটনাক্রম পর্য্যবসিত হইয়াছে। পূর্ব্বেই বলিয়াছি—তরুণেরা ব্যতীত পল্লীর অনেকেই কারণে-অকারণে আমার উপর বিরক্ত হইয়া উঠিয়াছিলেন। কোন ব্যক্তি তাহারই অভিব্যক্তি দিয়াছিলেন। প্রতিদানে উত্তম-মধ্যমের মাত্রাটা সীমা ছাড়াইয়া যায়। খণ্ড-যুদ্ধে আমার ছাত্র-বন্ধুদেরই জয়-লাভ হয়। ঘটনাটি পুলিস পর্য্যন্ত গড়ায়। তারপর ডাক্তার সাহেবের জোর সার্টিফিকেটের বলে আমার বন্ধুরা পুলিস-গারদে আটক পড়ে। সন্ধ্যা পর্য্যন্ত অভিভাবকমণ্ডলী আমায় খোঁজাখুঁজি করিয়াছেন। আমি বাড়ীতে আছি, এ কথাও গৃহলক্ষ্মী বলিতে পারেন নাই; কেন-না, কথাটা মিথ্যা হইবে। আবার বাড়ী নাই, এ কথাও বলিতে তিনি ভরসা করেন নাই; কেন-না, সে কথা শুনিলে পুলিস আমার ফেরার পথেই ধর-পাকড় করিতে পারে। সারা দিনের দুশ্চিন্তায় তিনি অতিষ্ঠা হইয়া উঠিয়াছিলেন। আমি নিরাপদে ফিরিয়াছি, ইহাতে তিনি অনেকটা স্বস্তি অনুভব করিলেন। এইরূপ দুঃসময়ে ছেলেদের এইরূপ দুর্দ্দান্ত ব্যবহার আমারই প্রশ্রয়ের ফল বলিয়া আমাকে তিনি কড়া-কড়া উপদেশ দিতে ছাড়িলেন না।

রাত্রিতে কিছু করার ছিল না। দুশ্চিন্তা আমার কম হইল না। পাড়া-প্রতিবাসী কেহ রাজনৈতিক ভয়ে, কেহ বা স্বভাবদোষে আমার হিতকামী নহেন। সকাল হইলে, অভিভাবকেরা বাড়ীর সম্মুখে আসিয়া তুমুল আন্দোলন সুরু করিলেন। এই অবস্থায় ঘটনার গুরুত্ব হৃদয়ঙ্গম করিয়া বড় উদ্বিগ্ন হইলাম।

প্রাতঃকালে সদর পুলিসে গিয়া বুঝিলাম—ব্যাপারটা নানা প্রকারের শত্রুপক্ষীয় চক্রান্তে বেশ গুরুতর হইয়া দাঁড়াইয়াছে। ডাক্তার সাহেব সার্টিফিকেটে লিখিয়াছিলেন "প্রহারের গুরুত্ব খুবই, ইহার ফলে মৃত্যুর আশঙ্কাও ছিল।" এই অবস্থায় ছাত্র-বন্ধুদের মুক্তির উপায় সোজা ছিল না। দোষ স্বীকার করাইয়া, তাহাদের দণ্ডভোগটাও অন্তর্দ্দেবতার সম্মতি-পূত বলিয়া মনে হইল না। দেখিলাম—সদর পুলিসের গেটের সম্মুখে বেশ ভীড় জমিয়াছে। পাড়ার দুই-একজন প্রতিপত্তিশালী ব্যক্তি এইবার আমাদের জব্দ করিতে পারিবেন মনে করিয়া বেশ উৎফুল্ল। ইংরাজ গোয়েন্দা-বিভাগের দুই-একজন কর্ম্মচারীকেও সেখানে দেখা গেল। আমি কর্ত্তব্য এক মুহূর্ত্তেই স্থির করিয়া লইলাম। কৌশলে স্থানীয় পুলিস-কমিশনার মঁসিয়ে ফ্রান্সিসের স্ত্রীর সহিত সাক্ষাৎকারের সুযোগ মিলিল। বিপদের সময়ে "মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি" মন্ত্র মনে হয় বটে, কিন্তু বস্তুতঃ শরণে শ্রীঅরবিন্দই মূর্ত্ত হইয়া উঠেন। বুকে বেশ ভরসা পাই। পুলিস-কমিশনারের পত্নীর সহিত কথাবার্ত্তা ভালই হইল। পুলিস-কোতোয়ালের নিকট আসামী ও ফরিয়াদীদের জবানবন্দী যথারীতি সম্পন্ন হওয়ার পর, পুলিস-কমিশনারের নিকট কাগজ-পত্র প্রেরিত হইল। তাহার পর পুলিস-কমিশনার সিগার মুখে দিয়া ঘন-ঘন ধূম উদ্গিরণ করিতে-করিতে এক প্রস্থ রিপোর্ট লিখিয়া, আসামী ও ফরিয়াদীদের স্থানীয় প্রকিয়োর‍্যারের নিকট কেস্ পাঠাইয়া দিলেন। ফরাসী চন্দননগরে ইঁহাকেই আমরা "পণ্ডিত সাহেব" বলি। ফৌজদারী মোকদ্দমা চালাইবার হুকুম ইনিই দিয়া থাকেন। আসামী ও ফরিয়াদী তাঁহার নিকট হাজির হইল। তিনি উভয় পক্ষের বিবৃতি গ্রহণ করিয়া ও পুলিস-কমিশনারের রিপোর্ট অনুধাবন

করিয়া, পরিশেষে গম্ভীর মুখে গুরু-গর্জ্জনে বলিলেন "ক্লাসে"! অর্থাৎ বেকসুর খালাস!

প্রতিপক্ষ যাঁহারা, তাঁহারা সবিস্ময়ে 'হাঁ' করিয়া রহিলেন। আর আমার ছাত্র-বন্ধুরা সগৌরবে কোর্ট হইতে বাহির হইয়া সমুদ্রগর্জ্জনের ন্যায় উচ্চকণ্ঠে হাঁকিল 'বন্দেমাতরম্'। অভিযোক্তা এই ঘটনার পর আমার হাতে-পায়ে ধরিয়া ক্ষমা চাহিয়াছিলেন।

এই ঘটনায় প্রতিবেশি-মহলে আমাদের একটু প্রতিপত্তি বাড়িল। আমাদের দলের বিরুদ্ধে এই সময়ে একটী বিরুদ্ধ-কথাও কেহ উচ্চারণ করিতে ভরসা করিত না। আমাদের অলক্ষ্যে কিন্তু বিপদ্ ঘনাইয়া আসিতেছিল এবং ইহার সঙ্কেত আমি বৎসরের প্রথমেই পাইয়াছিলাম। কিন্তু তাহা আমলে না আনিয়া, প্রচণ্ড বেগে নূতন জীবনপথে অগ্রসর হইতেছিলাম।

যে সকল ছাত্র আমার সহিত একত্র হইয়া দেশসেবায় ব্রতী হইয়াছিল, যাহারা ১৯০৮ খৃষ্টাব্দ হইতে উপাসনার মন্দিরে বসিয়া পূজা করিত, বিবিধ অনুষ্ঠানে যোগ দিত, যাহাদের লইয়া আমি রবিবাসরীয়া সাহিত্য-সভায় পুরাণ, ইতিহাস, ধর্ম্মগ্রন্থাদির আলোচনা করিতাম, তাহারা সকলেই দেশ-জননীর কৃতী সন্তান হউক, শিক্ষায়, দীক্ষায়, সাধনায় সর্ব্বজয়ী হইয়া উঠুক—এই প্রার্থনা সর্ব্বদা ঈশ্বরের নিকট করিতাম। যে রবিবাসরীয়া সভা ৺কানাইলাল দত্তের সাহায্যে ১৯০৬ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত হইয়াছিল, নানাবিধ ঘটনাবর্ত্তে উহা এখন পর্য্যন্ত আমারই তত্ত্বাবধানে চলিতেছিল। এই সাহিত্যসভায় অগ্রণী ছাত্র শ্রীমান্ অরুণচন্দ্র কানাইলালেরই এক জ্ঞাতিভ্রাতা। একনিষ্ঠ চিত্তে সে এই সভার শিক্ষা ও সাধনা নিয়মিত-ভাবে পালন করিত এবং সেই নির্দ্দেশ-মত জীবন গ্রহণ করিতেও সে কৃতসঙ্কল্প ছিল। প্রবেশিকা পরীক্ষায় বৃত্তি পাইয়া ও আই-এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, ১৯১৫ খৃষ্টাব্দে সে চতুর্থ বার্ষিক শ্রেণীতে রিপণ কলেজে যখন অধ্যয়ন করিতেছিল, সেই সময়ে লর্ড হার্ডিঞ্জের কলিকাতায় আগমনোপলক্ষে অরুণচন্দ্র পুলিস কর্ত্তৃক ধৃত হয়। ইহার দুইদিন পূর্ব্বে মণীন্দ্রনাথ এম. এস্.সি পড়িতে-পড়িতে কলিকাতা হইতে স্বাভাবিকভাবে

চন্দননগরে ফিরিয়াছিল, কিন্তু অরুণের গ্রেপ্তারের পর একই প্রকার সংশয়ের ফলে গ্রেপ্তারের সম্ভাবনা এড়াইবার জন্য সে এক প্রকার সহরবন্দী হইয়া জীবন যাপন করিতে বাধ্য হয়। অরুণচন্দ্রের বন্দী হওয়ার সংবাদ তাহার বিধবা জননী আমার নিকট আসিয়া যখন জ্ঞাপন করিলেন, মাথায় আমাদের যেন আকাশ ভাঙ্গিয়া পড়িল। বিধবার সর্ব্ব-জ্যেষ্ঠ সন্তান—আমারই সংসর্গে আজ সে বিপন্ন হইয়াছে। অরুণের মাতাঠাকুরাণী করুণ-কম্পিত কণ্ঠে জানাইয়া দিলেন যে, তাহার মুক্তির ব্যবস্থা যে কোন প্রকারে হউক, আমাকেই করিতে হইবে। খুব দুশ্চিন্তায় পড়িলাম। কয়েকদিন পূর্ব্বেই আমাদের উপর পুলিসের অশুভ-দৃষ্টির কথা জানিয়া অরুণচন্দ্রের মাতুল আমায় শাসাইয়া গিয়াছিলেন—যেন আমি অরুণকে আর আমার নিকট আসিতে না দিই। অভিভাবকগণের এইরূপ শাসন-বাক্য আমার গা-সহা হইয়া গিয়াছিল। আমি বলিতাম—আমার বাড়ীর দুয়ার দিবারাত্রই মুক্ত থাকিবে, শত্রু-মিত্র সকলেরই অধিকার আমার বাড়ীতে। কিন্তু মণীন্দ্রনাথের পর অরুণচন্দ্রের বন্দীদশা সহিয়া লইবার মত অবস্থা আমার ছিল না। এই সংবাদে আমি বেশ বিচলিত হইয়া পড়িয়াছিলাম।

আমার স্ত্রীও এই কথা শুনিলেন। তিনি গম্ভীর হইয়া বলিলেন "তোমার যে কাজ, পরের ছেলেপুলে লইয়া এইরূপ মাতামাতি ভাল নয়। তোমার জন্য পাড়াপ্রতিবাসী এত বিপদ্ মাথা পাতিয়া বহিবে কেন?"

সারা দিন আমাকে বিষণ্ণ দেখিয়া তিনি সান্ত্বনা দিয়া বলিলেন "আমার কিন্তু মনে হইঁতেছে—তোমাদের কাহারও কিছু হইবে না। অরুণ নিরাপদেই ফিরিয়া আসিবে।" সারা রাত্রি কিন্তু ঘুম হইল না। পরদিন প্রভাতে আমার পূর্ব্বপরিচিত এক ব্যারিষ্টার বন্ধুকে অরুণের মুক্তির ব্যবস্থার ভার লইতে অনুরোধ করিব চিন্তা করিতেছি; নানা প্রশ্ন, নানা জনের পরামর্শ পূরা দমে চলিতেছে—হঠাৎ অরুণচন্দ্র আসিয়া আমাদের চমৎকৃত করিল। উল্লাসের সীমা রহিল না। "গুরু-মহারাজের" জয়ধ্বনিতে পল্লী মুখরিতা হইল। আমরা সানন্দে অরুণকে লইয়া তাহার মাতার নিকট পৌছাইয়া দিলাম।

এই দুইটী ঘটনাই ভবিষ্যতের দুর্দ্দিন জ্ঞাপন করিতেছিল। কিন্তু সে দূর-দর্শন সেদিন ছিল না। আজিকার দিন কাটিলেই ভাল, কাল কি হইবে, সে চিন্তা করার অবকাশও আমার ছিল না। আজও এই স্বভাবের বিশেষ পরিবর্ত্তন হইয়াছে বলিয়া মনে হয় না।

বিপ্লববাদের আদর্শ শ্রীঅরবিন্দের সাধনায় পরিত্যক্ত হইয়াছে; কিন্তু রাজশক্তি সে কথা সহজে বুঝে না। শ্রীঅরবিন্দ আমায় ধর্ম্মতঃ ও কার্য্যতঃ এমন ভাবে থাকিতে উপদেশ দিয়াছেন, যাহাতে আমি পুলিসের ফাঁদে পা দিয়া না বসি। কিন্তু ভবিতব্যের অলক্ষ্য হস্ত আমায় অকারণে অভাবনীয়-ভাবে বিপজ্জালে জড়াইতে উদ্যত হইয়াছিল।

বোধ হয়, সেটা শ্রাবণ মাস হইবে। আকাশ মেঘাচ্ছন্ন হইয়াই আছে। সকালে উঠিয়াই শুনিলাম—ব্যবসার ক্ষেত্র হইতে একখানি সাইকেল আর খান-দুই ভাল চেয়ার অপহৃত হইয়াছে।

ঘটনাটী শুনিয়া বিস্মিত হইলাম। চুরির প্রতিকার করিতে বিশেষ বেগ পাইতে হইল না। কিন্তু এই ঘটনা আমার কর্ম্মের পথে কি ভীষণ অন্তরায় সৃষ্টি করিবে, সে কথা আমি তলাইয়া বুঝি নাই। আমাদের পারিবারিক ব্যবসার ক্ষেত্র হইতে আমার চলিয়া আসার পর ব্যবসাটী নষ্ট হইয়া যাওয়ায়, অগ্রজের সংসার অচলপ্রায় হইয়া পড়িয়াছিল। আমার জ্যেষ্ঠ ভ্রাতুষ্পুত্রটিকে শিশুকাল হইতেই কাজের মানুষ করার চেষ্টা করিয়াছিলাম। আমাদের রবিবারের সভার সেও একজন ছাত্র ছিল। কিন্তু মানুষের কর্ম্মই স্বভাব ও স্বধর্ম্ম হইয়া জীবনকে চালাইয়া লয়। আমার সকল প্রয়াস এই জন্যই এই ক্ষেত্রে ব্যর্থ হইয়াছে। মন্দ সংসর্গে পড়িয়া সকল প্রকার গর্হিত কর্ম্ম করিতে তাহার বাধিত না। আমার শয়নগৃহে আমার একখানি বাঁধান ছবি ছিল। ছবিখানি একদিন অপহৃত হওয়ায়, আমার স্ত্রী ভ্রাতুষ্পুত্রটীকেই দায়ী করিয়াছিলেন, আমি সে কথা উড়াইয়া দিয়াছিলাম। পরে শুনিয়াছি—গোয়েন্দা পুলিসের লোকেরা তাহার কৃতিত্বের পরীক্ষার জন্যই হউক অথবা অন্য উদ্দেশ্যবশতঃই হউক, আমার একখানি ছবি হস্তগত করার জন্য তাহাকে প্ররোচিত করিয়াছিল।

সাইকেল ও চেয়ার-চুরি যাওয়ার পর ভ্রাতুষ্পুত্রটীকে নিখোঁজ হইতে দেখা গেল। সংশয় দৃঢ় হইল। চরিত্রহীন হইলেও, আমার প্রতি স্বভাবতঃ তাহার একটা শ্রদ্ধা ছিল। সে বাড়ী ফিরিলে, তাহাকে জিজ্ঞাসা করিতেই সে সব বলিয়া ফেলিল। সে বলিল "সাইকেলটী বিক্রয় করিয়া ফেলিয়াছি, আর চেয়ার দু'খানি এক গোয়েন্দাপুলিস কর্ম্মচারী খরিদ করিয়াছেন।"

আজিকার মত সেদিন অহিংসা-নীতির এত সুব্যাখ্যা মিলে নাই। এই সূত্র ধরিয়া গোয়েন্দা:পুলিসকে একটু শিক্ষা দেওয়ার প্রবৃত্তি সংবরণ করিতে পারিলাম না। শ্রীমান্‌কে ভরসা দিয়া পুলিসে ব্যাপারটী লিপিবদ্ধ করিয়া দিলাম এবং সঙ্গে-সঙ্গে পুলিস কমিশনার সাহেবকে বলিলাম "বিষয়টী জানাজানি হইবে, অতএব বামাল সরাইবার আগেই গোয়েন্দা পুলিসদের বাড়ীটী খানাতল্লাসী করিতে হইবে।"

এই সময়ে যিনি ফরাসী পুলিস-কমিশনার ছিলেন, তাঁর নাম মঁসিয়ে পমেজ। তিনি একজন স্বাধীনচেতা রাজপুরুষ, সাম্য-মৈত্রী-স্বাধীনতার একনিষ্ঠ উপাসক। তিনি আমাকে ভালবাসিতেন, শ্রদ্ধাও করিতেন। তিনি বলিলেন "এখন অপরাহ্ণ, বড সাহেবের নিকট হইতে হুকুমনামা বাহির করিতেই ৬টা বাজিয়া যাইবে, আজ খানাতল্লাসী সম্ভবপর নহে। কাল সকালে করিব।"

ফরাসী দেশে সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তের মধ্যেই খানাতল্লাসীর নিয়ম প্রবর্ত্তিত। কিন্তু কাল সকাল পর্য্যন্ত বামাল যে গোয়েন্দা পুলিস-কর্ম্মচারী রাখিয়া দিবে, তাহার নিশ্চয়তা কি?

পমেজ সাহেব বলিলেন "আপনারা একটু নজব রাখুন, বামাল না সরাইয়া ফেলে।"

একজন রাজকর্ম্মচারীর এইটুকু ভরসার ইঙ্গিতই আমার পক্ষে যথেষ্ট হইয়াছিল। আমি গৃহে ফিরিয়া, আমার তরুণবাহিনীকে আহ্বান দিলাম। প্রাঙ্গণে প্রায় ৫০ জন তরুণ একত্র হইল। গোয়েন্দা পুলিসকে জব্দ করার এই সুযোগ ছাড়িবার নয়। এমনি একটা রাজসবৃত্তি অবাধে আমায় যে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে, তাহা ধরাইয়া দিবার গুরু-মূর্ত্তি আমার

নিকটে নাই ; কিন্তু পথের বাধা চিরদিনই যিনি, তিনি কথা শুনিয়া, ইহাতে ঘোর অনর্থ বাধিবে বলিয়া, এইরূপ কর্ম্ম হইতে আমায় প্রতিনিবৃত্ত করার চেষ্টা করিলেন। আমার হৃদয়ের রাজসী প্রকৃতি তখনও রূপান্তরিতা হইয়া বিশুদ্ধা সত্ত্বশ্রী ধারণ করে নাই—চক্ষের সম্মুখে ভাল-মন্দ যাহা কিছু আসে, তাহাই আশ্রয় করিয়া এই প্রকৃতি ভীমবেগে আগাইয়া চলে। এ-রকম একটা সম্মুখ-সংগ্রামে চিত্ত আমার প্রতিনিবৃত্ত হইতে চাহিল না। আমরা বাঁশের লাঠী হাতে সন্ধ্যার অন্ধকারে দেড় মাইল দূরে গোয়েন্দা পুলিসের বাড়ীখানি ৫০ জনে ঘিরিয়া দাঁড়াইলাম। সন্ধ্যার পর গুমট আঁধারে জানালা দিয়া উঁকি মারিয়া, তাহারা আমাদের দেখিতে লাগিল। এত বড় দুঃসাহসীকে তাহারা সেদিন ভীষণ মূর্ত্তিতেই দেখিয়াছিল ; কেন-না, বুঝা গেল—অনেক জল্পনা-কল্পনার পর একজন অতি সন্তর্পণে বাইক লইয়া বাহির হইয়া গেল। আমাদের লক্ষ্য—কেহ না চেয়ার লইয়া পলায়।

ঘণ্টাখানেক পরে দেখা গেল—চুঁচুড়া হইতে ছদ্মবেশে এক শত রিজার্ভ পুলিস আমাদের প্রতি জনের দুই পাশে দুই জন করিয়া দাঁড়াইতেছে। আমরা তাহাতে আপত্তি করিলাম না। আমাদের দৃষ্টি বামালের দিকে। কিন্তু কিছুক্ষণ পরেই দেখা গেল—একেবারে মিলিটারী সাজে আমাদের পুলিস কমিশনার পমেজ সাহেব জন-কয়েক বরকন্দাজের সঙ্গে আসিয়া উপস্থিত। তিনি আমায় একটু দূরে ডাকিয়া লইয়া, একটু রুক্ষ বিরক্তিপূর্ণ স্বরে বলিলেন—"আপনি করিয়াছেন কি ? রাজ্যটা কি আপনার ?"

আমি বলিলাম "হইয়াছে কি ! আপনিই তো বামাল না সরায়, তাহার জন্য দৃষ্টি রাখিতে বলিয়াছিলেন !"

সাহেব বলিলেন "বেশ দৃষ্টি রাখিয়াছেন ! আপনার বিপ্লবীদের লইয়া ইংরাজের বিরুদ্ধে একটা যুদ্ধ-ঘোষণাই হইয়াছে। কিন্তু দেশটা এখনও আপনার হয় নাই। দেশটা আমাদের ফরাসী জাতির। বৃটিশ আমাদের মিত্র। আপনার জন্য ফরাসী জাতি বন্ধু-বিচ্ছেদ করিবে না। আপনি যে একটা আন্তর্জ্জাতিক যুদ্ধ বাধাইবার উপক্রম করিয়াছেন, বুঝেন না কি ?"

২০

ব্যাপারটা যে কিরূপ গুরুতর হইয়াছে, সব কথা তিনি বুঝাইয়া বলিলেন—"বৃটিশ পুলিসের বাড়ী আপনারা এত লোকে ঘেরাও করিয়াছেন। হুগলী, হাওড়া, চব্বিশ পরগণা, কলিকাতায় খবরাখবর চলিয়া গিয়াছে। ফরাসী রাজ্য, নতুবা এতক্ষণ আপনাকে উড়াইয়া দিত। আপনি মানে-মানে প্রস্থান করুন, বামাল দেখার ভার আমার উপর রহিল।"

আমি বলিলাম "তবে কি অপরাধীর শাস্তি হইবে না?"

সাহেব বলিলেন "কাল আদালতে তাহার বিচার হইবে। সকালে পুলিস আদালতে হাজির হইবেন।"

আমি "তথাস্তু" বলিয়া বন্ধুদের ডাকিয়া একত্র করিলাম; তারপর রাইট, লেফ্‌ট করিতে-করিতে উল্লাসে-উৎসাহে আমরা ফিরিলাম। অর্দ্ধ-পথে আমাদের কাণের পাশ দিয়া ঝটিকাবর্ত্তের ন্যায় রিজার্ভ পুলিস শ্রেণীবদ্ধভাবে চলিয়া গেল। তাহাদের বক্র-দৃষ্টি যেন শাসাইয়া বলিতেছিল—লোকটার স্পর্দ্ধা তো কম নয়!

কি উদ্‌গ্রীব উৎকণ্ঠিত চিত্তে, কি ব্যাকুল সজল-নয়নে প্রতীক্ষানিরতা দেবীমূর্ত্তি, সর্ব্বাঙ্গ প্রার্থনাপূত, উর্দ্ধ হইতে করুণার ধারায় যেন তিনি অভিষিক্তা। আমাকে ফিরিতে দেখিয়া বলিলেন "ফিরিয়াছ! এক কাজ কর, আমায় কিছু দাও, আমি খাই, প্রতিদিন একটা-না-একটা কাণ্ড, এর চেয়ে মৃত্যু আমার ভাল!"

আমি সস্নেহে সকল কথা বলিলাম। তিনি সান্ত্বনা পাইলেন না, বলিলেন "সামান্য দুইখানা চেয়ারের জন্য তুমি ঘুমন্ত বাঘকে খোঁচা দিয়া ভাল করিতেছ না!"

আমি এই নিরীহা ভীরুস্বভাবা নারীটির দিকে কঠিন চক্ষে চাহিয়া বলিলাম "আমায় লইয়া তুমিও যেমন বিব্রত, তোমাকে লইয়া আমার দুশ্চিন্তাও বড় কম নহে।"

এই কথায় তিনি আর্দ্র নেত্রে আমার মুখের দিকে চাহিয়াছিলেন—যেন মুক্তি-প্রার্থনায়!

তার পরদিন পুলিস আদালতে গিয়া দেখিলাম—কাণ্ড গুরুতরই বটে! পুলিস সাহেবের ঘরে তখন মিষ্টার টেগার্ট, চুচুঁড়ার এস, পি, আরও অনেক বৃটিশ-রাজকর্ত্তৃপক্ষ মঁসিয়ে পমেজের সহিত তর্ক জুড়িয়া দিয়াছেন। আমি সেই ঘরের সম্মুখেই পাদচারণা করিতেছিলাম। তাঁহারা ঘন-ঘন কটাক্ষে আমার দিকে দৃষ্টিপাত করিতেছিলেন; পরে দেখিলাম—তাঁহারা মোটরে চড়িয়া চলিয়া গেলেন।

মঁসিয়ে পমেজ আমায় ডাকিয়া বলিলেন "মকদ্দমা উঠাইয়া লউন।"

আমি সবিস্ময়ে বলিলাম "কেন?"

তিনি বলিলেন "আপনি কি পাগল? এই মকদ্দমায় কাহার সহিত প্রতিদ্বন্দ্বিতা করিতে অগ্রসর হইয়াছেন, বুঝিতেছেন না?"

আমি বলিলাম "আমি কোন এক অপরাধীর বিচার-প্রার্থী। এখানে প্রতিদ্বন্দ্বিতার কোন কথা নাই। আসামী আপনার সম্মুখে; তাহার এজাহারে প্রকাশ হইবে—তাহার অপহৃত দ্রব্য কে খরিদ করিয়াছে। সে ব্যক্তি যে-ই হোক, আপনি কি তাহার বিচার করিবেন না?"

সাহেব অনেকক্ষণ চুপ করিয়া বসিয়া রহিলেন, পরে তাঁহার সহকারীকে ডাকিয়া পাঠাইলেন। অনেক ক্ষণ তাঁহার সহিত কথাবার্ত্তা হইল। তাহার পর তাঁহাকে বিদায় দিয়া তিনি ধীরে-ধীরে বলিলেন "আমার পুলিস যথারীতি খানাতল্লাসী করিয়াছে; বামাল পায় নাই। আপনি কি করিবেন?"

আমি বলিলাম "আসামীর স্বীকারোক্তি কি কোন কাজেরই হইবে না?"

তিনি তারপর বুঝাইয়া বলিলেন "আপনি আমার উপদেশ গ্রহণ করুন, মকদ্দমা তুলিয়া লউন। আপনার কথা হয়তো সত্য; কিন্তু বিচারে উহা প্রমাণসিদ্ধ হওয়া চাই। বিচারে আপনি ঈর্ষ্যাবশতঃ ইংরাজ পুলিসের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র করিয়াছেন, ইহা প্রমাণ হওয়া অসম্ভব নহে। তাহা ছাড়া, এই মকদ্দমা যদি চলে, আপনি পদে-পদে বিপদ্‌গ্রস্ত হইবেন। বন্ধু-হিসাবেই আমি ইহা বলিতেছি।"

আমি একটু ব্যথিত হইয়াই বলিলাম "ফরাসী রাজ্যে ফরাসী প্রজার কি সুবিচার প্রার্থনা দুরাশা মাত্র ?"

তিনি হাসিয়া বলিলেন "ফরাসী রাজ্যে আপনি নিরাপদ্। কিন্তু বৃটিশ রাজ্য না হইলে, আপনার দিন গুজরান হইবে না, এই কথাটা ভাবিয়া দেখিবেন। এখন কি করিবেন, বলুন ? মকদ্দমা যদি চালাইতে চাহেন, আমি প্রস্তুত আছি। কিন্তু বন্ধু-হিসাবেই বলি—এ মকদ্দমায় আপনার হার হইবে।"

ক্ষোভে, দুঃখে, অভিমানে আমার কান্না পাইল। এত উদ্যম, এত উৎসাহের পর পর্ব্বতের মূষিক-প্রসবের ন্যায় এক প্রকার পরাজয় স্বীকার করিয়া বাড়ী ফিরিব, এ দুঃখ অহঙ্কারের। আমি এক প্রকার অভিভূতের ন্যায় কিছুক্ষণ সেইখানে বসিয়া রহিলাম। তার পর মনে হইল—উত্তেজনার কুহকে আত্মসাধন দূরে রাখিয়া, বহু দূরে আসিয়া পড়িয়াছি। সম্মুখে অন্ধকার ঘনাইয়া আসিল। আমি বলিলাম "মকদ্দমা তুলিয়া লইলাম।"

সাহেব প্রফুল্ল মুখে করমর্দ্দন করিয়া বলিলেন, "Bien ! Bon jour !" ( বেশ, প্রাতঃকালীন অভিবাদন গ্রহণ করুন ! )

অসংখ্য প্রকারের অভাবনীয় ঘটনা-স্রোতঃ—কয়টা বলিব ? কিন্তু নানা ঘটনার সংঘাতেই জীবন আমার নিয়ন্ত্রিত হইতেছিল, সঙ্গে-সঙ্গে ইহার সহিত গৃহদেবীরও ভাগ্যবিবর্ত্তন ঘটিতেছিল। সুখের কামনা তাঁহার ছিল না। স্বামীর নিরাপত্তার দিকেই তিনি দৃষ্টি রাখিতেন তাঁর সবখানি দিয়া। বিধাতার কৌতুক-রঙ্গ এইখানেই অধিক লীলায়িত হইত, চিত্ত তাঁর ভারাক্রান্ত হইয়া পড়িত। বিপদের আশঙ্কা ছিল প্রতি পদে। দুর্ভাবনায় তাঁর ম্রিয়মাণ মুখচ্ছবি আমায় ব্যথিত করিত; ভাবিতাম—দুশ্চিন্তার বোঝা কেন তাঁহাকে বহন করিতে দিই ? জীবনের সকল কথা তাঁহাকে না জানাইলেই তো হয়—অন্য অনেকের মত তিনিও তাহা হইলে হাসিয়া-খেলিয়া বেড়াইতে পারেন।

এক-পতিত্বের জয়-সিন্দুর সীমন্তে ধরিয়াছে, সেও যেন পর-পুরুষের সংসর্গ হইতে নিজেকে সতর্ক রাখে ; আর যে পুরুষ এক-নারী গ্রহণ করিয়া সমাজে মাথা তুলিয়া দাঁড়াইয়াছে, পর-নারীর গোপন সঙ্গ হইতে সেও যেন বিরত থাকে। এই কথা অবিবাহিত পুরুষ ও নারীর পক্ষেও প্রযুজ্য। বিধবা বিপত্নীকেরও যাহা ঘোষণা, তাহার বিপরীত কর্ম্ম সে ক্ষেত্রেও না হওয়াই বাঞ্ছনীয়। শুধু গৃহের শান্তি নহে, সমাজ ও জাতির শ্রী ও বীর্য্য এই সত্যরক্ষার মধ্যে নিহিত।

আঘাতের পরিবর্ত্তে আঘাত-সৃষ্টির প্রবৃত্তি, উহাও চিত্তবৃত্তির অসম্পূর্ণ পরিচয়। লাঙ্গুলে অসাবধান পথিকের পদস্পর্শে উন্নতফণা ভুজঙ্গ আঘাত-কারীকে দংশন করিয়া নিস্তেজ হইয়া পড়ে। এই ঘটনায় গৃহদেবীর অবস্থাও তাহাই হইল। নিদারুণ প্রতিক্রিয়াবশে তিনি অবসন্ন হইয়া পড়িলেন। আমাকে শাস্তি দিয়া, তিনিও তাহার প্রায়শ্চিত্ত করিতে ছাড়িলেন না। আমার অন্যায় তিনি মার্জ্জনা করিলেন। তাঁহার অন্যায়ের মার্জ্জনা তিনি চাহিলেন না। বুঝি তাঁর অপরাধের মার্জ্জনা করার সাধ্যও আমার ছিল না। তিনি যাহা করিলেন, অপরাধীকে দণ্ড দিয়া তাহাকে পুনঃ মুক্তি দেওয়া, তার জন্য তাঁহাকে আমি দোষী করি না। কিন্তু স্বামীকে অপরাধী প্রমাণ করিয়া তিনি শান্তি পাইলেন না। স্বামীর আচরণ নির্দ্বন্দ্বচিত্তে সহিয়া, অন্য কোন সদুপায় আবিষ্কার করার পথ ছাড়িয়া, সাধারণের ন্যায় অতি স্থূল পথ আশ্রয় করার অনুতাপে তাঁর চিত্ত আচ্ছন্ন হইল। আমার আচরণ তাঁহাকে গুরুতর আঘাত দিয়াছিল। তার উপর তাঁর নিজের আচরণ তাঁহাকে অতিশয় পীড়িতা করিল। যাহাকে ভালবাসি, তাহাকে অহিত কিছু করিতে দেখিলে, নিজের হৃদয় বলি দিয়াই তো সে কর্ম্ম হইতে তাহাকে বিরত করিতে হইবে। তাহাকে শাস্তি দিবার নীতি তো প্রেমের নহে! তিনি এই ঘটনার পর আপনাকে ভাঙ্গিয়া-চুরিয়া শেষ করিতে চাহিলেন। তাঁহার মৃত্যুপণ, আর আমার তাঁহাকে ধরিয়া রাখার আকুতি। সে দ্বন্দ্ব-যুদ্ধে দুই জনেই নিরুপায় হইলাম। দুই জনের চোখের জল একত্র হইয়া বিশাল সমুদ্র সৃষ্টি করিল। কে কাহাকে

সান্ত্বনা দিবে ? তিন দিন অনাহারের পর আমার মিনতি তিনি শুনিলেন ; কিন্তু স্নায়বিক উত্তেজনাবশে তাঁর সর্ব্বশরীর এমন বিকল হইয়া গিয়াছিল যে, একবিন্দু জলও তিনি মুখে দিতে পারিলেন না। ডাক্তার আসিল, কবিরাজ আসিল—রোগের প্রতিকার হইল না। সে কি ব্যথার অশ্রু উভয়েরই নয়নে! সাত দিন অতিবাহিত হইল। তিনি হতাশ চিত্তে পড়িয়া রহিলেন, আমিও তাঁহার জীবনের আশা এক প্রকার ছাড়িয়া দিলাম।

নারী আর পুরুষ। প্রেম অপার্থিব স্বর্গের অমৃত। প্রেম-বন্ধন যেখানে দুইটী হিয়া যুক্ত করে, সেখানে অপার্থিব আচরণ সত্য সুস্পষ্ট হইলেও, নারী চাহিবে না তার প্রিয়তম অন্যার প্রতি আকৃষ্টচিত্ত হয়—পুরুষের ক্ষেত্রেও ঠিক তাই। তবে প্রেম কি এমনই সঙ্কীর্ণ ? না, প্রেম সঙ্কীর্ণ নহে। আচরণবিকৃতি চিত্ত ক্ষুণ্ণ করে। প্রেম যে পুষ্টি ও বৃদ্ধি হৃদয়কে দেয়, হৃদয়ের তাহা বিতরণের ছন্দঃ যদি দিব্য হয়, বোধ হয় নারী-পুরুষের প্রেমবন্ধন তাহাতে শিথিল হয় না। সে প্রমাণও জীবনেই পাইয়াছি, কিন্তু সে কথা এখন নহে।

মুমূর্ষু পত্নী শয্যাপার্শ্বে। কত বার তাঁহার মুখে পানীয় প্রদান করিলাম, কিন্তু একবারও উদরে কিছু তলাইল না। বাঁচার আকাঙ্ক্ষায় যাহা কিছু তিনি গলাধঃকরণ করেন, তৎক্ষণাৎ তাহার বমন হইয়া যায়। বড় উৎক্ষিপ্তচিত্ত ; ঈশ্বরেচ্ছা সেই চরম যদি হয়! কেন এই চিত্তদৌর্ব্বল্য ? তাঁর শীর্ণ মুখখানির দিকে চাহিয়া সে রাত্রে বিদায়ের বাণীই কণ্ঠে জড়াইয়া উঠিতেছিল। তিনিও অপলকে আমার দিকে চাহিয়া বিদায়-প্রার্থনাই জানাইতেছিলেন। এমনই কাল-রাত্রি সেদিন আমাদের সম্মুখে।

মাথায় লঘু করসঞ্চালন করিতে-করিতে তিনি তন্দ্রাতুরা হইলেন। আমি নিঃশব্দে প্রদীপ নির্ব্বাপিত করিয়া, তাঁহার পার্শ্বে আসিয়া বসিলাম। মুক্ত বাতায়ন-পথে কৃষ্ণবর্ণ আকাশ ঝুঁকিয়া পড়িয়াছিল। কয়েকটা উজ্জ্বল নক্ষত্র ঝকমক্ করিয়া জ্বলিতেছিল। প্রাণ স্তব্ধ। শ্বাস বোধ হয় রুদ্ধ হইয়া পড়িতেছিল। কুণ্ডলিনী উৎসর্গের থালি শিরে লইয়া, রন্ধ্র বাহিয়া ঊর্দ্ধে

উঠিতেছিলেন। প্রসন্ন বিস্ফারিত নয়নের সম্মুখে কি দেখিলাম? সেই মসীমাখা ঘন মেঘের গায়ে একটা তারকা যেন চূর্ণ-বিচূর্ণ হইয়া, আলো লেপিয়া দিল অন্ধকার-পটে; আর দেখিলাম—এক ছায়াময়ী মূর্ত্তি জানালার লোহার গরাদা উভয় হস্তে বিস্ফারিত করিয়া গবাক্ষ-পথ দিয়া গৃহ-মধ্যে প্রবেশ করিল। স্থির অবিচল চক্ষে সেই ছায়া-মূর্ত্তি নিরীক্ষণ করিতে লাগিল। পরে সে ধীর পদ-বিক্ষেপে আমার দিকে অগ্রসর হইল। সে যত নিকটে আগাইয়া আসে, ততই আমার শরীর শিহরিয়া উঠে। আর তো ব্যবধান নাই; শয্যাধার যে এইবার স্পর্শ করিল! আমি আর স্থির থাকিতে পারিলাম না। অতি ভয়ার্ত্ত উচ্চকণ্ঠে চীৎকার করিয়া জিজ্ঞাসা করিলাম "কে তুমি?" সে বজ্রধ্বনি নিঝুম রাত্রির আকাশে ধ্বনি-প্রতিধ্বনি তুলিল। আত্মীয়-স্বজন জাগিয়া উঠিলেন, দুই-একজন নিকট প্রতিবেশীও সাড়া লইলেন। ভ্রম বুঝিলাম। সকলকে জানাইলাম—"স্বপ্ন, ভয় নাই।"

বিস্ময়ের কথা! তার পরদিন প্রভাতে গৃহলক্ষ্মীর প্রসন্ন-মূর্ত্তি নয়নে ও হৃদয়ে আনন্দের প্রলেপ মাখাইয়া দিল। অলৌকিক রহস্য! সাতদিন পরে তিনি সুস্থ ব্যক্তির ন্যায় অন্ন গ্রহণ করিলেন। ইহার পর যে স্বাস্থ্য ও সৌন্দর্য্য তাঁহার অঙ্গ-প্রত্যঙ্গে বিকশিত হইল, তাহা আর অতীতের নহে। এইদিন হইতে তাঁহার মুখে একটা অপূর্ব্ব মহিমা ও লাবণ্য বিকশিত হইয়াছিল।

সংসার-পথে যাত্রা। পথের পরিচয়ে আমি, তুমি, সে—সকলে। পরিচয় ঘনাইয়া উঠে যেখানে, সেখানে স্বর্গ অবতরণ করে। সম্বন্ধের নিবিড়তায় মানুষ অমৃত আস্বাদ করে। সংসারে রস-সৃষ্টি এই সম্বন্ধের বন্ধনে।

বাল্যকাল হইতে স্বভাবগত ঔদাসীন্যে আপনার জন বলিয়া পরিচয় হইয়াছে অতি অল্প ক্ষেত্রে। পিতা, মাতা, ভ্রাতা, বন্ধু চক্ষের দেখা মাত্র। হৃদয়ের গ্রন্থি কোথাও পড়ে নাই। পরকে আপন করার স্বভাব-ধর্ম্মে নানা ঘটনার সৃজনে জীবন বৈচিত্র্যময় হইয়াছে। আশা পূর্ণ কোথাও কি হয় নাই!

হৃদয়ের আকর্ষণ সম্বন্ধ-সৃজনের সঙ্কেত অবিচারে অনুসরণ করে, কোথাও বাধা মানে না। অন্য কেহ তাহা লক্ষ্য করে না। কিন্তু একজনের হৃদয়ে প্রতি পদে টান ধরে। আমার হৃদয়ের অনুধাবনে একজনের প্রাণে বেদনার সঞ্চার হয়। এত বড় আঘাতে সেই কথাটাই ভাল করিয়া বুঝিয়া লইলাম। কিন্তু মানুষ কি জন্মিয়াছে কোন এক সঙ্কীর্ণ বন্ধনের আবেষ্টনে গলরজ্জুবদ্ধ হইয়া স্থির থাকিবার জন্য? তার জীবনগতি কি প্রচণ্ডবেগে সহস্র-সহস্র আশ্রয়ে সম্বন্ধের পদচিহ্ন স্থাপন করিবে না? অন্তরের এইরূপ প্রগতিশীল প্রেম, বাহিরে কিন্তু বৃন্দাবনচন্দ্রের মত আমাকে সেদিন স্বীকার করিয়া লইতে হইল—"বৃন্দাবনং পরিত্যজ্য পাদমেকং ন গচ্ছামি।"

পৃথিবীতে সকল সম্বন্ধের সার কান্তা-প্রেম। সে প্রেমের সাধনা বৈষ্ণব-কবিগণের ভাষায় অপূর্ব্ব বর্ণনে প্রকাশ পাইয়াছে। কিন্তু তবুও পুরুষকে নারী বাঁধিয়া রাখিতে পারে নাই। "আপন বঁধুয়া আন বাড়ী যায়", "মাটিতে পড়িয়া লুটায় কান্তা।" সে অশ্রু মুছাইয়া সান্ত্বনা দিবার ভাষা তো জগতে মিলিল না! সে যুগ এ যুগের মত হইলে, কি হইত বলা যায় না। পুরুষের চিত্ত মত্ত কুরঙ্গের মত ইতস্ততঃ বিচলিত ও বিক্ষিপ্ত হয়। নারীর একাগ্র চিত্ত ক্ষত-বিক্ষত-রুধিরাক্ত হইয়া অবসন্ন হয়; এ প্রমাণ এক বার, দুই বার নয়, বহু বার পাইয়াছি। কিন্তু তবুও বাঁধন স্বীকার করিবার মত হৃদয়ের নতি হইল না। কেন এমন হয়, সে বিচারের শেষ হইতেছিল না।

যে পুরুষ কাম-কন্দুকের ন্যায় নারীর ক্রীড়ণক, আমি তাহার কথা বলিতেছি না; পুরুষ-হৃদয়ের প্রেরণা যেখানে "অহং বহুস্যাং", সেখানে আপনাকে কোন এক সুনির্দ্দিষ্ট আশ্রয়ক্ষেত্রে চির বন্দী করিয়া রাখা সম্ভবপর কি? নারী পুরুষের প্রতি অনন্যচিত্তা হয়, পুরুষের পক্ষেও তার যথার্থ প্রতিদান—অনন্যচিত্তে এক নারীরই ভজনা করা। এই ঔচিত্যবোধকে আমি সশ্রদ্ধায় অভিনন্দিত করি। আমি সমাজ-জীবনে ইহাই শ্রেয়ঃ ও শান্তি, তৃপ্তি ও আনন্দ বলিয়া স্বীকার করিব। আমার স্বভাব কিন্তু অন্যরূপ।

আমি পত্নীর প্রতি অকপট হইয়াও, বহুর আকর্ষণকে উপেক্ষা করিতে পারি নাই। অসংখ্য পুরুষকে আপনার করার ন্যায়, অসংখ্যা নারীকেও আপনার করার তীব্র আকুলতা আমায় উদ্বুদ্ধ করিত। কিন্তু পুরুষের সহিত হৃদয়ের সম্বন্ধ দৃঢ়বদ্ধ করার আচার ও রীতি নারীকে আপনার করার ন্যায় নহে। উহা কার্য্যকরীও হয় নাই, বরং তাহা ব্যর্থই হইয়াছে।

নারী আপন হয় স্বতন্ত্র বিধি ও ভঙ্গীতে। নারীর জীবনচ্ছন্দঃ পুরুষ হইতে সম্পূর্ণ পৃথক্ ধরণের। কাজেই তদনুকূল আচার করিতে গিয়া হয়তো অনেক ক্ষেত্রে অশোভন ব্যবহার প্রকাশিত হইয়া পড়িয়াছে। তাহা কতকটা দৃষ্টিকটুও বটে। কিন্তু নিঃসঙ্কোচে বলিতে পারি, যে, নারীকে আপন করার আচার স্বতন্ত্র ধরণের হইলেও, উহা সঙ্কীর্ণ ভোগ-কামনা-দুষ্ট নহে। ভোগই বন্ধন। যে সম্বন্ধে মুক্তির পথ প্রশস্ত হয়, তাহা বেদনা সৃষ্টি করিবে কেন? দীর্ঘ দিনের অভিজ্ঞতায় এ প্রশ্নের উত্তর অবধারণ করিয়াছি।

ঘর পর করিয়াছি। পর আপন হইয়াছে। স্বপ্নে নয়, কল্পনায় নয়—ইহা জীবনে বস্তুতন্ত্র মূর্ত্ত হইয়া উঠিয়াছে। পুরুষের ন্যায় নারীও নূতন নগরে ঘর বাঁধিয়াছে—পুরাতন পড়শী ছাড়িয়া নূতন পড়শী পাইয়াছে। কিন্তু ইহা সিদ্ধ হইয়াছে একজনের রক্তাক্ত আত্মদানে। ইহার জন্য নিজেকে যোগ্যা করিয়া লইতে গৃহদেবীকে প্রাণান্ত হইতে হইয়াছে, ইহা আমায় বলিতেই হইবে। যে ঘর সেই আত্মতর্পণের ভিত্তির উপর গড়িয়া উঠিয়াছে, সে শুধু নিঃসঙ্গ বৈরাগ্যপ্রদীপ্ত পুরুষেরই জন্য নহে। নিষ্কাম-চিত্তা নারীর অবদানও সেখানে নির্ভয়ে আশ্রয় পায়। এই যুগ-নারীর সংহতি-সৃজনের উদ্যোগপর্ব্বে হৃদয়ের টানাটানি অবশ্যম্ভাবী। দুঃসহ যন্ত্রণাভারে এই জন্য উভয়কে বেশ নিপীড়িত হইতে হইয়াছে।

নারী-পুরুষ অতি সঙ্কীর্ণ স্থান আশ্রয় করিয়া তৃপ্তি পায়, রসানুভব করে। নারীহৃদয়ের বিস্তৃতি পুরুষের চক্ষুঃশূল। কিন্তু নারীর পক্ষেও কি তদ্রূপ নহে? কোন্ পুরুষ চাহে নিজ পত্নীর প্রসারিত হৃদয়ে অন্য পুরুষের আশ্রয়; নারীও কি চাহে তাহার স্বামীর মনের নিভৃত কোণে অন্য নারীর স্থান? ইহার

ব্যত্যয় হয় যেখানে অথচ যেখানে উপদ্রব-ঝঞ্ঝা নাই, সেখানে বুঝিতে হইবে যে, হয় দুইজনেই হৃদয়ের জুয়াচুরী করে, নতুবা উভয়ে উভয়েরই মনের খবর রাখে না। ব্যবহারিক জগতে নারী-পুরুষের মিলন গভীর অনুভূতি-রাজ্যে প্রায় ঘটে না; তাই মিলনের মধ্যে দরদীর সূক্ষ্মানুভূতি যে কি বস্তু, তাহা অনেকে বুঝিবে না।

এমনই অনন্যহৃদয় দিয়া তিনি আমায় পাইতে চাহিয়াছিলেন। আমিও অনন্য হইয়া তাঁহাকে যে পাই নাই বা পাইতে চাহি নাই, এমন কথা বলিতে পারি না। তবে আমার দরদপ্রকাশের ভঙ্গী ঔদাসীন্যব্যঞ্জক ছিল। তিনি দরদী হৃদয়ের অভিব্যক্তি দিতেন সুগভীর আকূতি-রূপে। আমার দরদ তুলনায় ক্ষুদ্র না হইলেও, তাঁর মত অমন সুকরুণ আকূতিময় আবেদন আমার ব্যবহারে প্রকাশ পাইত না। তিনি তাহা বুঝিতেন। তাঁহার হৃদয়ের ব্যথা আমার হৃদয়ে তুল্যভাবেই বেদনা সৃজন করে, তাহা তিনি অনুভব করিতেন। অন্তরের দরদ গোপন করিয়া বাহ্যতঃ আমার এই ঔদাসীন্য তিনি পুরুষের ধর্ম্ম বলিয়াই মনে করিতেন। পতি তাঁহার শ্লাঘার বিষয় ছিল। কেবল একটী ক্ষেত্রে তিনি আমায় বুঝিতেন না। আমার স্বভাব ও স্বধর্ম্মে যে অন্যা নারীর প্রতি আকৃষ্ট হওয়া, সেই আকর্ষণের মধ্যে যে সংহতিসৃষ্টির কল্পমন্ত্র ছিল, ইহা তিনি অনুভব করিতেন না।

আমি যখন পীড়িত হইয়াছি, তাঁহার হৃদয়ের কাতর আত্মনিবেশ আমার পীড়া উপশম করিয়াছে। তিনি যখন পীড়িতা হইয়াছেন, আমার ঔদাসীন্যই তাঁহাকে শক্তি দিয়াছে, স্বাস্থ্য দিয়াছে। কিন্তু আমায় যখনই তিনি কোন নারীর ভক্তির আতিশয্যে আকর্ষিত হইতে দেখিয়াছেন, সেখানে তিনি ভীমা রুদ্রাণীর বেশে আমায় শাসন করিয়াছেন। সে শাসন সর্ব্বত্র স্বীকার করিতে পারিতাম না—এই জন্যই নিদারুণ দুঃখে তিনি ভাঙ্গিয়া পড়িতেন; ইহার প্রতিকার করার সাধ্য আমারও ছিল না। এইখানে আমার নিষ্ঠুর ঔদাসীন্য তাঁহাকে বিন্দুমাত্র সান্ত্বনা দিত না। এইখানেই তিনি নিজের জন্য মৃত্যুদেবতাকে শনৈঃ-শনৈঃ ডাকিয়া আনিতেন। কিন্তু আমাকে প্রত্যাঘাত

করার প্রতিবিধিৎসা তাঁহার অন্তরে কখনও বেশীক্ষণ ঠাঁই পায় নাই। এই অলৌকিক অপার্থিব গুণে মৃত্যুর মূল্য দিয়া তিনি আমায় চিরদিনের জন্য জয় করিয়া লইয়াছেন। এক-পত্নীত্বের অলৌকিক স্বর্গীয় সাধন কি কঠোর তপঃসাধ্য, তাহা অনাঘ্রাতা নারীর উৎসর্গ যে পুরুষ লাভ করে নাই, সে বুঝিবে না। নারী সতীমূর্ত্তির বিগ্রহ হইয়াছে যুগে-যুগে। পুরুষ ও সত্য-সুন্দরের সাধনা করিয়াছে। তার সে সিদ্ধ রূপ বৈরাগ্যের উত্তরীয় উড়াইয়া বিঘোষিত হইয়াছে। সংসারে, সমাজে সতীনারীর ন্যায় অনাঘ্রাত সৎ-পুরুষের আবির্ভাব আমি অতিশয় দুর্ল্লভ বলিয়াই মনে করি।

সত্যই কি নারী প্রেমকে সঙ্কীর্ণ সীমাবদ্ধ করিয়াই রাখিতে চাহে? কাম ও আসক্তির আবর্ত্তে যে একেবারে সাঁতার না কাটিয়াছি, এমন নহে—তবে সতীর শুভদৃষ্টি আমায় এই সম্বন্ধে এক নূতন অভিজ্ঞতা-দান করিয়াছে। অসংখ্য পুরুষের মধ্যে অকাতর হৃদয় বিতরণ করিয়া যে আত্মীয়তার বন্ধন, নারীকে কি তিনি ইহা হইতে বঞ্চিতা করিয়াছেন? না, তাহা হইলে ভক্তিময়ী মেজ-বৌকে লইয়া তিনি নূতন সমাজ-সৃষ্টির অপার্থিব স্বপ্ন দেখিলেন কি প্রকারে? তিনি সম্পূর্ণ স্বতন্ত্র একটা পরিবারকে স্বপরিবারভুক্ত করিয়া লইয়াছিলেন মেজবৌয়ের প্রতি আমার অকৃত্রিম অনুরাগ আশ্রয় করিয়াই। আমরা এক শয্যাধারে উপবেশন করিয়া কত প্রসঙ্গের আলোচনা করিয়াছি! এক পাত্রে মেজবৌয়ের সহিত পরমানন্দে তিনি ভোজ্য গ্রহণ করিয়া জাতিভেদ ঘুচাইয়াছেন। দুই অর্থ-ভাণ্ডার একত্র করিয়া তিনি পরস্পর সমস্বার্থে দুইটা স্বতন্ত্র পরিবারকে একান্নবর্ত্তী করিয়াছেন। নিজের অলঙ্কার তিনি মেজবৌয়ের অঙ্গভূষণ করিয়াছেন। মেজবৌয়ের অলঙ্কার নিজ অঙ্গে ধারণ করিয়া তিনি আপনার ও পর, এই ভেদ রাখেন নাই। এই সকল সাময়িক ব্যবহার হইলে, কথা ছিল না। মেজবৌয়ের অলঙ্কার প্রয়াণকাল পর্য্যন্ত তাঁর অঙ্গে ছিল। মেজবৌও ছোটদিদির কণ্ঠহার গলায় দোলাইয়া মহাযাত্রা করিল। এই ক্ষেত্রে আমার প্রণয় এমন অকুণ্ঠচিত্তে আমারই মত অখণ্ডানুভবে তিনি গ্রহণ করিলেন কি প্রকারে? ভাবিয়া দেখিয়াছি।

নারী-হৃদয় সঙ্কীর্ণ নয়। পুরুষের হৃদয়-বিস্তৃতির সে প্রতিবন্ধক নয়। পুরুষের চেয়ে নারীর এই ক্ষেত্রে ঔদার্য্য বরং অনির্ব্বচনীয়। নারী পুরুষকে ভালবাসে—সে ভালবাসা পুরুষকে আশ্রয় করিয়া গঙ্গাজলে গঙ্গাবারি-বর্ষণের ন্যায় প্রেমেরই সাধনা। প্রেমের সাধনায় প্রেমই লক্ষ্য। সতী স্ত্রী কামের দুর্গন্ধ সহিতে পারে না। পুরুষের প্রেম কামগন্ধহীন হইলেও, ইহা যে ক্ষেত্রে প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে যদি কামচাঞ্চল্য ঘটে—সতীনারী পতির এই প্রেমক্ষয় সহিতে পারে না। সাধ্বী পত্নীর স্বামী এই জন্য "পর্ব্বতের চূড়া" বলিয়া প্রখ্যাত। সতীর পতি বীর্য্যক্ষয়ে বাধা পায়। ভারতের নারী এই জন্য পতির শয্যাসঙ্গিনী নহেন, ধর্ম্মপত্নী। তিনি আমার বীর্য্যক্ষয় রোধ করিয়াছিলেন, প্রেমক্ষয়ের পথে অন্তরায় হইয়াছিলেন। নারী প্রেম নিজের জন্যই প্রার্থনা করে না, জগৎপালিনী মহাশক্তিরূপা সে এই প্রেমের মন্দাকিনী-ধারায় ধরা অভিষিক্ত করিতে চাহে। কাম-কুক্কুর পুরুষ নারীর প্রতিবন্ধকতায় বিক্ষুব্ধ-বিরক্ত হয়। সতী তাহাতে বিচলিতা নয়। পতি-পত্নীর অপার্থিব সম্বন্ধই সৃষ্টিকে অমৃতে পরিণত করে।

আলো ও শান্তির আবহাওয়ায় দিন অতি স্বচ্ছন্দেই অতিবাহিত হইতেছিল। উৎসব ও আনন্দে গৃহ সতত মুখরিত থাকিত। সূর্য্যোদয়ের সঙ্গে-সঙ্গে সূর্য্যাস্ত পর্য্যন্ত, আবার রাত্রি-সমাগম হইতে রাত্রি-প্রভাত পর্য্যন্ত নিয়মিত-জীবনযাত্রা সুছন্দঃ ও শান্তির নির্ঝর সৃষ্টি করিয়াছিল। মনে হইত—মর্ত্ত্য-জীবনে এত আনন্দ আর কোথাও নাই।

পুত্রপরিজনহীন আমি। দাসদাসীপরিবৃত নহি। কিন্তু দিবারাত্রি মনের মানুষ লইয়া উৎসবময় জীবন কত যে তৃপ্তির ঝরণায় আমাদের দুইজনকে অভিষিক্ত করিত, তাহা স্মরণ করিলে আজিকার এই নিঃসঙ্গ-জীবনযাত্রার মধ্যে অসংখ্য প্রকার কর্ম্মের ভীড়ে আপনাকে হারাইয়া আছি ভুলিয়াই মনে হয়। সে সুখের নির্ঝর শুকাইয়াছে; আছে কঠোর কর্ত্তব্যপালনের জাগ্রৎ

বিবেক। আজ মস্তিষ্ক পাইয়াছি; কিন্তু হৃদয় খুঁজিয়া পাই না। সেদিন পদে-পদে বিপৎ-সম্ভাবনা ছিল; তবুও নিজের নিরাপত্তা সম্বন্ধে দুশ্চিন্তার অবকাশ ছিল না। বিপদ্ বহিবার সামর্থ্য অর্জ্জন করিয়াছিলাম; কিন্তু দুর্নীতি সহিতে পারিতাম না। অসতর্ক হইয়া নিজের ত্রুটিও আমি লঘু মনে করিতাম না। অন্যের দুর্নীতিতে অসহ্য-বোধ হইত। এমনই একটী দুর্নীতির পঙ্কিল-স্মৃতি এই সুখের দিনে আমার অন্তরে বেদনার সৃষ্টি করিয়াছিল। সে ক্ষত তাঁহাকেও পীড়িত করিয়াছিল। সে এক বৈপ্লবিকের কলঙ্কময়ী জীবন-কাহিনী। অতি দুঃখের সহিত সে কাহিনী আমায় লিপিবদ্ধ করিতে হইবে। কোন প্রসিদ্ধ বিপ্লবসমিতির প্রধান নেতা বন্দী হইলে, আমার এক বন্ধু ও সহযোগী দেশকর্ম্মী ইহার নেতৃত্ব করিয়াছিলেন। এই সময়ে রাজাবাজার বোমার মামলার আসামী শ্রীঅমৃতলাল হাজরা আমার নিকট উপস্থিত হন। সমিতির নেতা আমায় অনুজের ন্যায় স্নেহ করিতেন, আবার অন্য দিকে শ্রদ্ধা ও প্রীতির অর্ঘ্যে আমার হৃদয় উদ্বুদ্ধ করিতেন। যে কোন কারণেই হউক, তিনি উক্ত সমিতির সহিত বিযুক্তসম্পর্ক হইলে, সেই সমিতির কয়েক জন তরুণ কর্ম্মী আমার প্রতি প্রীতিপরায়ণ হন। শ্রীযুক্ত প্রতুলচন্দ্র গাঙ্গুলী, শ্রীযুক্ত ত্রৈলোক্যচরণ চক্রবর্ত্তী, শ্রীযুক্ত রমেশচন্দ্র আচার্য্য প্রভৃতি ইহাদের অন্যতম ছিলেন। তাঁহাদের বৈপ্লবিক কর্ম্মে আমার সহায়তা পূর্ণভাবে না পাইলেও, আমার সঙ্গ তাঁহারা ভালবাসিতেন এবং ভারতরক্ষা আইনের শাসনে এই সকল কর্ম্মী নিজেদের বিপন্ন বোধ করিলে, আমার আশ্রয় লইয়াছিলেন। তাঁহাদের নিরাপদ্ ক্ষেত্রে স্থান করিয়া দিয়া আমি নিশ্চিন্ত ছিলাম। কিন্তু একদিন সন্ধ্যায় এক অপরিচিত আগন্তুক আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার বেশভূষা ও আকৃতি-প্রকৃতি আমার ভাল লাগিল না। পরিচয় জিজ্ঞাসা করিয়া বুঝিলাম—ইনিও বৈপ্লবিক-সমিতির একজন নায়ক। পরিচিত বন্ধুগণের অনুরোধে তাঁহাকেও আশ্রয় দিতে লইল। ইঁহার জন্য একটী নূতন স্থান সৃষ্টি করিতে হইয়াছিল। এই কর্ম্মটি আমার জীবনে বিপ্লবযুগের ইতিহাসে একটী কলঙ্ক-চিহ্ন রাখিয়া গিয়াছে।

আমার সকল পরিচিত ক্ষেত্রেই পুলিসের সংশয়দৃষ্টি ছিল। এই হেতু আমার এক বেহারী বন্ধু বংশীধরের সহিত ব্যবস্থা করিয়া, তাহার আশ্রয়ে এই ব্যক্তির স্থান করিয়া দিই। অকস্মাৎ একদিন রাত্রে বংশীধর আসিয়া আমায় সংবাদ দিল—তাহার সর্ব্বনাশ হইয়াছে। তাহার রোরুদ্যমান কণ্ঠ চাপা দিবার নহে। তাহার করুণ ক্রন্দন-স্বর শুনিয়া আমার স্ত্রী বাহিরে আসিয়া দাঁড়াইলেন। আমরা দুইজনেই তাহার কাতরোক্তি শুনিলাম। সেই দুরাচার আশ্রিত ব্যক্তি বংশীধরের অনুপস্থিতিতে তাহার পত্নীর প্রতি নাকি অবৈধ অত্যাচার করিয়াছে! বংশীধরের পত্নী আত্মহত্যার জন্য কৃতসঙ্কল্পা। প্রতিকারপ্রার্থী হইয়া বংশী কপালে করাঘাত করিয়া কাঁদিতে লাগিল।

উন্নতফণা ভুজঙ্গিনীর মত গ্রীবা উত্তোলন করিয়া সাধ্বী সগর্জ্জনে বলিলেন, "এ কি দেশের কাজ? এ কি স্বাধীনতার সাধনা?"

ক্রোধে তাঁহার অধর স্ফুরিত হইতেছিল। এই ঘটনার অনেক দিন পরে কোন-কোন তরুণের মুখে শুনিয়াছি—স্বাধীনতার কামনা-সিদ্ধির সহিত চরিত্রের সম্পর্ক নাই। এমন ধারণা আমার সেদিনও ছিল না, আজিও নাই। স্ত্রীর ক্রুদ্ধ স্ফুরিত অধরে অভিসম্পাতের বজ্র উচ্চারিত হওয়ার উপক্রম হইতেছিল; আমি তাঁহাকে নিরস্তা করিয়া বংশীধরকে সান্ত্বনা দিলাম। পরদিন সমস্ত সংবাদ লইয়া বুঝিলাম—দুরাচারের বলপ্রয়োগ সম্পূর্ণরূপে সিদ্ধ হয় নাই; কিন্তু ইহা কি অকথ্য বিশ্বাসঘাতকতা নহে? পবিত্র আশ্রয়ের প্রতি গুরুতর অত্যাচার নহে? স্বাধীনতাকামী তরুণদের মধ্যে এইরূপ চরিত্র কি নিন্দার্হ, ঘৃণার্হ নহে? অপরাধ প্রমাণিত হইলে, বন্ধুরা এই দুর্ব্বৃত্তের বধাজ্ঞাই দিলেন। বিচারের ভার নিজের হাতে লওয়ার সাধ্য অথবা বিবেকের সায় আমার ছিল না। একদিকে সহধর্ম্মিণীর অনুযোগ, অন্য দিকে অকৃত্রিম সুহৃদের প্রতি এই অন্যায় আচরণ আমাকে অতিশয় অতিষ্ঠ করিয়া তুলিয়াছিল। কথাটা প্রচারের বস্তুও নহে; কেবল মনে হইল—দেশ কি স্বাধীন হইবে শুধু পশুবল-প্রয়োগে, চরিত্রের নৈতিক-শক্তিই কি স্বাধীনতার প্রধান ভিত্তি নহে? সংযমহারা, পশুবলদৃপ্ত জাতি দস্যুতা করিতে পারে,

বিপ্লব আনিতে পারে, কিন্তু ভারতের ধর্ম্মরাজ্য-প্রতিষ্ঠার স্বপ্ন তাহারা কখনও সফল করিতে পারিবে না।

ঈশ্বরে সমর্পিত-চিত্ত হইয়া আমি প্রতিদিন যে জ্ঞান সঞ্চয় করিতেছিলাম, তাহাতে এই ধারণাই হৃদয়ে বদ্ধমূল হইতেছিল—ফুল ফোটে, সৌন্দর্য্য বিকাশ করে, সৌরভ বিলায়, ইহা ফুলের কর্ম্ম নয়, বৃক্ষের জীবনীশক্তিরই অনিবার্য্য প্রকাশ। জীবন যদি অপার্থিব সৌন্দর্য্য-রসে পূর্ণ হয়, তার প্রকাশ সুষমাময় হইবে, অপূর্ব্ব-শ্রী ধারণ করিবে। ভারতের স্বাধীনতা ভারতের জাতিগত চরিত্রের অনিবার্য্য অভিব্যক্তি হওয়াই বাঞ্ছনীয়। এই জাতি যদি পবিত্রতা ও মহত্ত্বের ভিত্তিতে গড়িয়া না উঠে, তাহার অর্জ্জিতা স্বাধীনতার গৌরব ভারতের আত্মাকে তৃপ্ত ও সার্থক করিবে না। এই ঘটনায় জীবনের গতি আমার নিঃসংশয়ে ভিন্নমুখী হইল। অতঃপর যে পথে গতি নিয়ন্ত্রিতা হইল, সে পথে বিন্দুমাত্র সংশয় অথবা ইতস্ততঃ ভাব আর আমার রহিল না।

আমি অপরাধীকে বিদায় দিলাম। বিপ্লবক্ষেত্র হইতেও আমি সেই দিন চিরবিদায় লইলাম। সূর্য্যাস্তের পর পশ্চিম গগন হইতে অস্তগামী রবির রক্তকিরণ ভাগীরথী-বক্ষে রেখায়-রেখায় বিচিত্র রূপ ধরিয়াছে। বালুচরের উপর দিয়া গঙ্গা-গর্ভে শ্রীমান্ অরুণচন্দ্রের সহিত চিন্তাকুল চিত্তে ভ্রমণ করিতে করিতে ব্যথার কথাই বলিতেছিলাম। ভারতের মুক্তিকামনায় অন্তরে যে সৃষ্টি-প্রেরণা ঐ গঙ্গা-বক্ষে সুলিখিত লোহিত-কিরণাঙ্কিত চিত্রের ন্যায় সুস্পষ্ট হইয়া উঠিতেছিল, তাহাই বলিতেছিলাম। অকস্মাৎ দুইজন তরুণ সম্মুখে উপস্থিত হইল। তাহারা নবদ্বীপ হইতে আসিতেছে, আশ্রয়হীন—দেশের মুক্তি-কামনায় উদ্বুদ্ধ। এই দুই তরুণের উৎকণ্ঠিত বিবর্ণ মুখ দেখিয়া করুণায় হৃদয় ভরিয়া গেল। কিন্তু এ স্রোতঃ আজ না হয় কাল তো বন্ধ করিতেই হইবে! যে পথে তরুণেরা চলিয়াছে, সে পথ তো মুক্তির পথ নহে! এ পথের পরিবর্ত্তন অবশ্যম্ভাবী; কিন্তু আজ এ কথা কেহ বুঝিবে না। বুঝাইতে চাহিলেও, কেহ শুনিতে চাহিবে না। যাহারা দেশকে ভালবাসিয়াছে, দেশের ভাল বলিয়া যাহা তাহারা বুঝিয়াছে, তাহা হইতে তাহাদের বিমুখ করার সাধ্য

আমার নাই। আমায় যদি কেহ ভালবাসিয়া থাকে, আমার হৃদয় দিয়া কেহ যদি দেশ ও জাতির প্রতি দরদের অনুভূতি চাহে, আমি সেইখানেই সুস্পষ্ট বিশদ করিয়া মুক্তির সুনির্দ্দিষ্ট পথের কথা বলিতে পারি। আমার জীবনে কেহ কি জন্ম লইতে চাহে? সফলতার এই অভিনব-নীতি আমি কি কাহাকেও বুঝাইতে পারিব? এই দুইজন আত্মগোপনকারী মানুষ দেশ-প্রেমিকের আমি কেহ নহি। বাহিরের প্রয়োজন তাগিদের মত পরস্পরকে সংযুক্ত করে। এ তাগিদ ফুরাইবে—আমরা আজিও যেমন পরস্পরের মধ্যে কেহ কাহারও নহি, সেদিনও তাহাই হইবে। অন্তর-প্রেরণা আর তাই ক্ষুণ্ণ করিব না। আমি ব্যথিত কাতর হৃদয়কে দুই হাতে চাপিয়া ধরিয়া, তাহাদের সেদিন প্রত্যাখ্যান করিলাম। এই ঘটনার বিবরণ বিকৃত হইয়া আমার বিপ্লবী বন্ধুদের মধ্যে আমার বিরুদ্ধে এক গ্লানিকর প্রচারের সূচনা করিয়াছিল; সে সাময়িক বিক্ষোভ ও ক্ষুণ্ণতা সত্যের সম্পর্কশূন্য। উহা সুস্থ ও চিন্তাশীল মানুষের হৃদয় চির মসীময় করিয়া রাখিতে পারে নাই। তাই সে যুগের পরিচিত বিপ্লবী বন্ধুদের প্রীতিময় হৃদয় হইতে বোধ হয় আমি আজিও মুছিয়া যাই নাই।

ইহার কিছু দিন পরে এক নিদাঘ-প্রভাতে যথারীতি বাহির হইতে গিয়া দেখি—শুধুই আমার বাড়ীখানি নহে, সারা পল্লীটী ঘিরিয়া গোরাসৈন্য বিরাজ করিতেছে। নানা কথাই কাণে আসিয়া পৌছিল। চন্দননগরের প্রত্যেক আশ্রয়ক্ষেত্র পুলিসের আগমনে শান্তি হারাইয়াছে। তারপর যথাকালে অনেক মাননীয় অতিথি আমার ভবনে শুভাগমন করিলেন। আমার সহাস্য অভিনন্দন তাঁহারা কিছু বক্র হাসির সহিত গ্রহণ করিয়া, খানাতল্লাসী সুরু করিলেন। স্যার চার্লস্ টেগার্ট আমায় নজরবন্দী করিয়া রাখিলেন। মিঃ করবেট, মিঃ ডিক্সান, হুগলী ও চব্বিশপরগণার জিলা ম্যাজিষ্ট্রেটদ্বয় এই সঙ্গে আসিয়াছিলেন। ফরাসী পুলিস কমিশ্নার মঁসিয়ে পমের্জ আমার সম্ভ্রমহানি যাহাতে না হয়, তাহার দিকে সতর্ক-দৃষ্টি রাখিয়াছিলেন। কলিকাতার পুলিস-কমিশনর মিঃ কল্সনও এই সঙ্গে উপস্থিত

ছিলেন। যুগান্ত পরে তাঁহার সহিত আমার আবার দেখা হইয়াছিল। সেদিন যিনি আমার ভবনে আসিয়াছিলেন সংশয়ী, প্রতিপক্ষের বেশে—পরে তাঁহারই ভবনে সুহৃদের মতই আমি অভিনন্দিত হইয়াছিলাম। ইহাই ভাগ্যচক্র!

টেগার্ট সাহেবের প্রশ্নবাণে আমি জর্জ্জরিত হইলাম। বুঝিলাম—প্রশ্নচ্ছলে তিনি আমার চরিত্র-চিত্র তৈয়ারী করিয়া লইতেছেন। আমার বিদ্যা-বুদ্ধি, আচার-ব্যবহার, ধর্ম্ম-কর্ম্ম, বন্ধু-বান্ধব, কুষ্ঠি ও আদর্শ তাঁহার প্রশ্নে কিছুই বাদ পড়িতেছিল না। তারপর "যুগান্তরের" যুগ হইতে সেইদিনের বৈপ্লবিক প্রতি অনুষ্ঠানের সহিত আমার সংযুক্তি ও পরিচিত এবং অপরিচিত বৈপ্লবিক বন্ধুদের সহিত আমার ঘনিষ্ঠ পরিচয়ের হেতু—এমন কত সওয়াল-জবাব তিনি লিপিবদ্ধ করিয়া লইলেন। মঁসিয়ে পমেজ ফরাসী নাগরিকের সম্মান অক্ষুণ্ণ রাখার জন্য অতিশয় সতর্কতার সহিত আমাদের কথোপকথন শুনিতেছিলেন।

অবশেষে টেগার্ট সাহেব হতাশাব্যঞ্জক স্বরে বলিলেন "চন্দননগর বলিয়া রেহাই পাইবেন না, হাতে না পারি, ভাতে মারিব।"

আমি হাসিয়া বলিলাম "সবই করিতে পারেন। কিন্তু মনে রাখিবেন—ঈশ্বরেচ্ছা না হইলে, কিছুই হয় না।" সাহেব মুখভঙ্গী করিয়া বলিলেন, "ধর্ম্মটা আপনার ছদ্মবেশ। আসলে আপনি রাষ্ট্রবিপ্লবী।"

এমন সময়ে ঘরের বাহিরে, প্রাঙ্গণে কিছু কড়া কর্কশ কথা আমাদের কর্ণে প্রবেশ করিল। মঁসিয়ে পমেজ তাড়াতাড়ি বাহির হইয়া গেলেন; আমরাও তাঁহার অনুসরণ করিলাম। ঘটনাটী বিশেষ কিছু নহে। মিঃ ডিক্‌সনের সহিত রামেশ্বর বচসা করিতেছিল। আমি ত্রুটি স্বীকার করিয়া তাঁহাদের সান্ত্বনা দিলাম।

টেগার্ট সাহেব বাড়ীর ভিতর প্রবেশ করিতে চাহিলেন। আমি তাঁহাকে দরজা দেখাইয়া দিলাম। তিনি কিছু দূর অগ্রসর হইয়া থমকিয়া দাঁড়াইলেন। আড়াল হইতে দেখিলাম—অর্দ্ধাবগুণ্ঠিতা আমার স্ত্রী তাঁহার সম্মুখে দাঁড়াইয়া অগ্রসর হইতে নিষেধ করিতেছেন। আমার স্ত্রী স্বভাবতঃ ভীরু-প্রকৃতির ছিলেন। বিশেষতঃ পুলিসকে তিনি বড় ভয়ের চক্ষে দেখিতেন। কিন্তু আজ তাঁহার আর এক মূর্ত্তি দেখিলাম! সীমন্তের সিন্দুর অগ্নিশিখার ন্যায় ধক্-ধক্

করিয়া জলিতেছে। তিনি সরল ঋজু ভাবে দাঁড়াইয়া অতিশয় তেজস্বিনী রমণীর ন্যায় বিস্ফারিত নয়নে পথ আগুলিয়া বলিতেছেন "আপনি এই ঘরে প্রবেশ করিবেন না। ইহা আমার পবিত্র রন্ধন-গৃহ।"

আমি সবিস্ময়ে দেখিলাম—দীর্ঘকায় স্যার চার্লস্ টেগার্ট অবনত শিরে তাঁহাকে সম্ভ্রমসূচক অভিনন্দন জ্ঞাপন করিয়া, অন্যদিকে ধীর পদবিক্ষেপে চলিয়া গেলেন। তিনি কিছুক্ষণ এদিক্-ওদিক্ করিয়া, বিদায়কালে আমায় জিজ্ঞাসা করিলেন "ঐ মহিলাটি আপনার কে হয়?"

আমার উত্তর শুনিয়া, হাত বাড়াইয়া করমর্দ্দনপূর্ব্বক সহাস্যে বলিলেন "গুডবাই মতিবাবু।"

ইহার কিছুদিন পরে আমি সবিস্ময়ে দেখিলাম—রংপুরের পুলিস সুপারিণ্টেণ্ডেণ্টের এক বড় রকমের ফার্নিচার্সের অর্ডার আসিয়াছে। তবে কি স্যার চার্লস টেগার্ট আমার সহিত কথোপকথনে অন্তরে প্রসন্ন হইয়াছিলেন? এতদিন আমার কাঠের কারবার প্রায় অচল হইয়া পড়িয়াছিল; কিন্তু এই সময় হইতে বাহিরের বাধা অপসারিত হইল। ভাবিলাম—ঈশ্বরপ্রসাদ কেমন করিয়া কোনদিক্ হইতে আসে, মানুষ তাহা বুঝিতে সমর্থ নহে।

যাহারা আমায় শত্রু মনে করিয়া আসিয়াছিলেন, সাক্ষাৎ আলাপে, আমায় কি তাঁহারা মানবতার সেবক বলিয়াই ভালবাসিলেন?

১৯১৬ খৃষ্টাব্দের এপ্রেল মাসে ইউরোপের রণক্ষেত্রে চন্দননগরের স্বেচ্ছা-সেবকবাহিনী গঠন করার দায়িত্ব আমাকেই প্রথম লইতে হইয়াছিল। চন্দন-নগরের বাঙ্গালী সৈনিকেরা ভার্দুন যুদ্ধে অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়াছিল, একথা ইতিহাসের পৃষ্ঠা হইতে কোনদিন মুছিয়া যাইবে না। ইহাদের মধ্য হইতে ১১ জন সৈনিক ১৯১৮ খৃষ্টাব্দের ১৪ই মার্চ্চ ছুটী পাইয়া চন্দননগরে প্রত্যাবর্ত্তন করে। যে ২৬ জন সৈনিক এই বীরব্রত গ্রহণ করিয়াছিল, তাহাদের মধ্যে একজন ব্যতীত সকলেই প্রায় অক্ষত শরীরে ফিরিয়া আসিয়াছিল।

কেবল্ মদীয় ভ্রাতুষ্পুত্র ৺রবীন্দ্রনাথ রায়কে ভার্দুন যুদ্ধে কামানপরিচালনার সময়ে বিরুদ্ধ পক্ষের গোলার আঘাতে দক্ষিণ হস্তের দুইটী অঙ্গুলী বলি দিতে হইয়াছিল। যে একজনকে ফিরিয়া পাই নাই—সে বাংলার বীরপুত্র মনোরঞ্জন দাস। ১৯১৭ খৃষ্টাব্দের ১৬ই এপ্রিলেও টিউনিস প্রদেশের বিজার্থ নগরের রুমিকেল্লা প্রাঙ্গণে তাঁহাকে উৎসব করিতে শুনিয়াছি; এই উৎসবের বিবরণ "প্রবর্ত্তকে"র দ্বিতীয় বর্ষের নবম সংখ্যায় বাহির হয়। বীর সৈনিকেরা কঠোর কর্ম্মকে সুখের করিয়া লইয়াছিল, তাহাদের পত্র-মর্ম্ম এই কথাই সেদিন প্রকাশ করিয়াছিল। তারপর ২৫শে এপ্রিল কেব্ল পাইয়া জানিলাম—মনোরঞ্জন ইহধাম পরিত্যাগ করিয়াছে। মনোরঞ্জন শ্রীরামপুরের ৺কার্ত্তিকচন্দ্র দাসের মধ্যম পুত্র। ম্যাট্রিকুলেশন পাস করিয়া সে কলিকাতার জাতীয় বিদ্যালয়ে শিল্পশিক্ষায় ব্রতী হইয়াছিল। চন্দননগর হইতে যুদ্ধের ডাক শুনিয়া মনোরঞ্জন পুস্তক, বাটালি, হাতুড়ির পরিবর্ত্তে বন্দুক ধারণ করিয়া প্রথম বাহিনীর সহিত যোগ দিয়াছিল। পণ্ডিচারিতে একটী ক্রীড়া-প্রতিযোগিতায় ৫০০ সৈনিক অফিসারদের মধ্যে সে প্রথম স্থান অধিকার করিয়াছিল। বিজার্থ দুর্গে পদাতিক সৈন্যের রণকৌশল ও কামান-পরিচালনা শিক্ষা করিয়া ফ্রান্সের রণাঙ্গণে গমনের উদ্যোগ-পর্ব্বেই ভীষণ টাইফয়েড রোগে আক্রান্ত হইয়া মনোরঞ্জনের আশা চিরদিনের জন্য অপূর্ণ রহিয়া যায়।

রণজয়ী বীরবৃন্দ চন্দননগরে পুনঃপ্রত্যাবর্ত্তন করিলে, আনন্দের মধ্যেও মনোরঞ্জনের অভাব অনুভব করিয়া আমরা চক্ষে অশ্রু সম্বরণ করিতে পারি নাই। সেদিনের জয়োৎসবে মিত্ররাজ্যগুলিতে উৎসবের ধূম কি ভাবে অনুষ্ঠিত হইয়াছিল, তাহা আমরা পরে জনৈক ফরাসী সৈনিকের পত্রে অবগত হইয়াছি। কিন্তু চন্দননগরের রাজপথে বাংলার এই প্রথম স্বেচ্ছা-সৈনিকদিগের যে জয়োচ্ছ্বাস দেখিয়াছি, তাহাতেই রণজয়ী জাতির কি যে আনন্দ ও উল্লাস, তাহার অনুভূতি চিরস্মৃতি হইয়াই থাকিবে।

দুঃখের সময়ে, দুর্দ্দিন ঘনাইয়া আসিলে মানুষের চিত্তে যে কঠোর ভাব জমিয়া উঠে, চরিত্রে যে দৃঢ়তার লক্ষণ প্রকাশিত হয়, আনন্দের দিনে, উৎসবের

দিনে সে দৃঢ় স্বভাব তরল ও লঘু হইয়া আপনাকে ঘিরিয়া একটা সুখের ও তৃপ্তির আবহাওয়া সৃষ্টি করে।

স্বেচ্ছা-সৈনিকদের পুনরাগমনোপলক্ষে নগর-পথে অসংখ্য সুসজ্জিত তোরণদ্বার, প্রাসাদে-প্রাসাদে দেবমন্দিরের চূড়ায়-চূড়ায় নহবতের মঙ্গলবাদ্যের ব্যবস্থাদির সহিত আমার গৃহদেবীকেও সেদিন সুবেশা করার প্রয়োজন হইয়াছিল। কোনদিন তাঁহাকে এমন অভিনব দাবী করিতে দেখি নাই; নগরে আনন্দের মহাকলরব উত্থিত হওয়ার সঙ্গে-সঙ্গে আমার ক্ষুদ্র ভবনটী দূর-দূরান্ত হইতে অতিথি-সমাগমে পূর্ণ হইতে লাগিল। কমলার বরপুত্রী-গণের সালঙ্কার বেশ-ভূষায় চক্ষের তৃপ্তি ও হৃদয়ে আনন্দ উছলিয়া উঠিল। সমাগতা পুরাঙ্গনাদের বেশভূষার পারিপাট্যে পুলকিত হইয়াই আমি রক্ষা পাইলাম না; সেদিন বালিকার ন্যায় ব্রহ্মচারিণী চিরতপস্বিনী করুণ নয়নে নিঃসঙ্কোচে জানাইলেন—তিনি আজ নিরলঙ্কারা থাকিবেন না।

প্রাঙ্গণে মাঙ্গলিকী উলুধ্বনি। রাজপথে কাতারে-কাতারে সংখ্যাহীন নরনারী; অট্টালিকা-চূড়ায় পুষ্প, শঙ্খ, ধান, দূর্ব্বা হস্তে পুরমহিলাগণের সোৎসুকা পুলকদৃষ্টি, মৃত্যুর কবল হইতে ফিরাইয়া আনার অভাবনীয় গর্ব্বে আমার চিত্তও হিল্লোলিত। অকস্মাৎ পত্নীর অযথা দাবী আমার প্রথমে পরিহাস বলিয়াই মনে হইল; কিন্তু তাঁর সজল চক্ষের মিনতি-কণ্ঠে দাবী আর পরিহাস বলিয়া মনে করিতে পারিলাম না। আমি কোনদিন কল্পনাও করিতে পারি নাই—এই পতি-সোহাগিণী নারীর অন্তরে অলঙ্কারবিলাসের স্থান আছে। আমি প্রথমে বিস্মিত হইলাম; তারপর ভিখারীর পত্নীর এই দাবী যে কতখানি অসঙ্গতির পরিচয়, তাহাও বুঝাইলাম। শেষ অস্ত্র উপেক্ষা ও কটু তিরস্কার, কিন্তু ফল কিছুই হইল না। অন্তরের কোন্ গভীর স্থল হইতে সাজিবার সাধ তাঁহাকে পাইয়া বসিয়াছিল, তিনি সব বুঝিয়াও এই কামনাপূর্ত্তির জন্য অতি করুণ কণ্ঠে আকূতি প্রকাশ করিতে লাগিলেন। আজ মনে হইল—আমি দরিদ্র। আজ মনে হইল—আমি বেকার, স্ত্রী-গ্রহণের অযোগ্য। দৈন্য, দুঃখ, ক্ষুণ্ণতা সব যেন কটু করতালি

দিয়া আমায় ঘুরিয়া নৃত্য জুড়িয়া দিল। আমি বলিলাম, "ওরে ভিখারীর পত্নি, এক মুষ্টি অন্ন আর কটিতটে বস্ত্র ছাড়া আর যে কিছু চাহি নাই। এমন কি প্রাকাম্যসিদ্ধি আছে যে, তোমার এই আকস্মিক কামনা পূরণ করি?"

মনে কত ঝড় উঠিল—এই যে তরুণী ভার্য্যাকে কঠোর ব্রহ্মচর্য্যব্রত দিয়া নিশ্চিন্ত হইয়াছি, এই যে তাঁহাকে নিরাভরণা রাখিয়া সুমহান্ আদর্শের লক্ষ্যে তাঁহাকে সঙ্গে লইয়া ছুটিয়া চলিয়াছি; আর তাঁহার এই অলঙ্কার-প্রার্থনার মত কত প্রার্থনাই না অন্তরে গুমরিয়া মরিতেছে; কত অব্যক্ত-বেদনা বুকে চাপিয়া অসহায়া বাঙ্গালী বধূ বাধ্য হইয়াই আমার সঙ্গে-সঙ্গে চলিয়াছে—ইহা কি স্বাস্থ্য? ইহা কি আনন্দ? ইহা কি পতি-পত্নীর সত্য যুক্তি? এই জীবন কি শক্তিতে অভিষিক্ত হইবে? কল্পনাতীত সংশয়ে আমার মুখ যেন কাল হইয়া গেল। কোথায় কোনদিন তাঁর অতর্কিত চরণ-চিহ্ন অনাবশ্যক ক্ষেত্রে দেখিয়াছি, তাঁর আনতা দৃষ্টি কোথায় যেন কোন্ দিকে ছড়াইয়া পড়িতেছিল, আমায় দেখিয়া চকিত হইয়া গেল; কোন সন্ধ্যার বিষাদচ্ছায়ায় ছাদে বসিয়া সেই যে অনন্যমনে কিসের চিন্তা করিতেছিলেন, সবের মধ্যেই মনে হইল যেন অতৃপ্ত-কামনার অভিব্যক্তিই ছিল; আমি তাহা উপেক্ষা করিয়া আদর্শের মোহে পত্নীকে ধর্ম্মসঙ্গিনী করিয়া সমুচ্চে স্থান দিয়া চলিয়াছি। আশার স্বচ্ছ নীল আকাশে প্রাবৃটের ঘন-ঘটা ঘিরিয়া ধরিল। দীনতার ম্লানিমা ও অক্ষমতার মসীচিহ্নে বোধ হয় ললাট লেপিয়া উঠিতেছিল। কিন্তু আমার প্রতি এমন উপেক্ষা তাঁহার কোনদিন দেখি নাই। সেই অনাহত করুণ সুরে অলঙ্কারের আকাঙ্ক্ষা—আমায় বড় অতিষ্ঠ করিয়া তুলিল।

নিষ্করুণ হইতে পারিলাম না, কুটিল কটাক্ষে তাঁহার মুখের দিকে চাহিয়া দেখিলাম—তাঁহার মুখাবয়বে এক বিন্দু সঙ্কোচ নাই; দৃষ্টি অভাবেব ক্ষুধায় কাতর নহে; সরল শিশুর মত সুনির্ম্মল কম্পিত ওষ্ঠপুটে আধ-আধ প্রার্থনা "নিরলঙ্কারা হইয়া তিনি আজ রণজয়ী বীরবৃন্দকে বরণ করিয়া ঘরে তুলিবেন না।"

বিকৃত কণ্ঠে বলিলাম, "কোথায় পাইব এই মুহূর্ত্তে সোণার কঙ্কণ তোমার হাতে দিতে, গলায় গজমুক্তার মালা! একেবারে যাহা আমার অসাধ্য, তাহার জন্য জিদ্ যে কত বড় অত্যাচার, বুঝিবার বুদ্ধি নাই কি তোমার?"

আশ্চর্য্য, এমন অবুঝ মনের অবস্থা তাঁহার হইয়াছিল যে, কোন কথাই তিনি শুনিতে চাহিলেন না। নিজের নিরুপায় অবস্থা বার-বার জ্ঞাপন করা সত্ত্বেও তিনি জিদ্ ছাড়িলেন না, বরং বলিলেন "নিরাভরণা হইযা আজ আমি ঘরের বাহিরে একটি পাও বাড়াইব না।"

ক্রোধে, দুঃখে মনে হইল—চুলের ঝুঁটি ধরিয়া দুই ঘা বসাইয়া দিই। অসংখ্যা ভদ্রমহিলা দলে দলে সমাগতা। বহু স্থান হইতে বহু ব্যক্তি আজ সমাগত, আর আত্মজের অধিক বীরেরা মরণ জয় করিয়া আমারই বাড়ীতে প্রথম প্রবেশ করিবে, মায়েরা হর্ষোৎফুল্ল লোচনে গন্ধমাল্য, খাদ্য-দ্রব্যাদি লইয়া কত আনন্দে আজ এইখানে আসিতেছেন, আমার সহধর্ম্মিণী এই উৎসবদিনে তুচ্ছ অলঙ্কারের দাবী ধরিয়া আমার সহিত অসহযোগ করিবে—ইহা যেন ধৈর্য্যের সীমা ছাড়াইয়া যায়। ক্রোধে আমার সর্ব্বশরীর জ্বলিয়া যাইতেছিল। আমারও চিরদিনের দুর্ব্বলতা—সর্ব্ব কর্ম্মে তাঁহাকে পার্শ্বে না দেখিলে, কোন কর্ম্ম সমাধা হইল বলিয়া মনে হয় না। একবার মনে হইল—থাক গৃহ-বন্দিনী হইয়া; বাহিরে অনেক মাতা, ভগ্নী আসিয়াছেন, কাজ সারিয়া লইব। কিন্তু দীর্ঘ প্রবাসের পর সৈনিকদের চক্ষুও চাহিবে সর্ব্বাগ্রে তাহাদের 'কাকীমাকে'। বুঝি আমার চেয়েও, অলক্ষ্যে থাকিয়াও, ছেলেদের চিত্ত জয় তিনিই অধিক করিয়াছিলেন। নিজেকে বড় অসহায় মনে হইল, কিন্তু উপায় কি? কুটিল কটাক্ষপাত করিয়া শাসাইয়া বলিলাম "আজ এই চির বিদায়। আর তোমার মুখ-দর্শন করিব না।" হায় রে মুখের কথা যদি হৃদয়ের হইত, তাহা হইলে এক কথায় অনেক পূর্ব্বে সব গোলই মিটিয়া যাইত। এত বড় সাজ্ঘাতিক শব্দগুলিও তাঁহার অঙ্গ স্পর্শ করিল না; হৃদয়টা এমন করিয়াই জানা ছিল বলিয়াই আমার রোষ ও আন্দোলন তাঁহাকে অস্থির করিত না। তিনি বেশ নিঃশঙ্ক নির্ব্বিকার চিত্তেই, অকপট সরল কণ্ঠে বেমালুম বলিলেন "যাই বল,

আজ আমি শুধু হাতে আর শ্মশান গলা লইয়া তোমার উৎসবে যোগ দিব না।”

মেয়েরা কণ্ঠহার না পাইলে, একটা কারে ঝুলাইয়া মাতুলীও গলায় পরে। সধবা নারীর নিরলঙ্কার কণ্ঠ শ্মশান বলিয়া প্রবাদ আছে। এ বালাই এ যুগে নাই। সে যুগে ছিল। কিন্তু আজ ৬।৭ বৎসর ভিখারিণীর বেশ তাঁহাকে তো আজিকার মত এমনভাবে পীড়ন করে নাই! আম'কেই তিনি সাজাইয়া রাখিতে ভালবাসিতেন, নিজে তো কোনদিন সাজিতে চাহেন নাই! আজ এ কি ভাববৈচিত্র্য!

নিজের পায়ে দুর্ম্মূল্য স্লিপারের দিকে দৃষ্টি পড়িল। ফরাসডাঙ্গার দেশী ধুতিখানি আমার পরিধানে। আর্দ্দির পাঞ্জাবী, সোণার বোতাম, কাশী-সিল্কের চাদর, অঙ্গুলীতে হীরার আংটী। জবাকুসুম-চর্চ্চিত মাথাব দীর্ঘ কেশ সুবিন্যস্ত। এসবের তিনি একটুও ব্যত্যয় হইতে দিতেন না—আর নিজে সারা দিন এক-বস্ত্রে কাটাইতেন। সন্ধ্যার আঁধার ঘনাইয়া আসিলে, একখানি খাটো বস্ত্র কোমরে জড়াইয়া, পরিহিত বস্ত্রখানির এক পাশ ধরিয়া একবার ঝাড়িয়া লইতেন, পুনরায় অপর ধার হাতে উঠাইয়া, ঝাড়িয়া-ঝাড়িয়া কাপড়খানিকে শুদ্ধ করিয়া লইতেন। কোনদিন দাবীর কণ্ঠ তো শুনি নাই! কেশবিন্যাস করার বিলাসও তাঁহার ছিল না, চুল পরিষ্কার করিয়া সীঁথিতে সিন্দুরবিন্দু দেওয়াই ছিল তাঁর বিলাস; আর দেখিতাম চরণ অলক্তরঞ্জিত করার দিকে মনের ঝোঁক। আমি কোনদিন ভাবি নাই—ইহা ব্যতীত অন্য কোন প্রয়োজনের দাবী তাঁহার থাকিতে পারে।

তাঁহার দাবী বুঝিবার আমার অবকাশ ছিল না। আমার সাজ সজ্জা, খাদ্যাদি না চাহিতেই তিনি পূর্ণ করিতেন। কিন্তু তাঁহার ঐ দৈন্য-বেশ ঘুচাইবার জন্য আমি কি করিয়াছি!

চৈত্রের প্রচণ্ড খরকরোজ্জল চন্দননগর সেদিন হাস্যমুখর, জন-কোলাহলে উৎসবময়। পথে-পথে পল্লব-পুষ্প-শোভিত তোরণ-দ্বার। ফুলদল করে নর-নারীর মহামেলা। দেবমন্দিরচূড়ায় নহবতের মধু-রাগিণী বাজিতেছে।

হৃদয়ের উৎসাহ-প্রদীপ আমার যে নিবিয়া যায়! আমার উৎসবময়ী আজি কি গৃহ-বন্দিনীই থাকিবেন!

এমনই হয়, আদর্শের চেয়ে আত্মার দাবীই বড়; অন্তর্যামীর দাবী বুঝি তিনি শুনিতে পাইতেন। ভবিষ্যেতর সজ্ঘ-জননীর অন্তরপ্রেরণায় এই যে ঐশ্বর্য্য-লক্ষণ ধারণের দাবী, তাহা পুর্ণ করার প্রাকাম্যসিদ্ধি দূরগতা ছিল না। আমার অন্তরঙ্গ বন্ধু শ্রীঅরুণচন্দ্র সোমের মাতাঠাকুরাণী সেদিনের এই ঐশ্বর্য্য-প্রেরণার পূজা দিয়াছিলেন অকাতরে। রায় বাহাদুর ৺পূর্ণচন্দ্র সোমের তিনি বিধবা পত্নী। তিনি লৌহসিন্দুক খুলিয়া থরে-থরে স্বর্ণালঙ্কার, মুক্তার মালা, হীরক-বিজড়িত বিচিত্র ভূষণরাজী আমার হাতে তুলিয়া দিয়া বলিলেন, "বৌমাকে আজ নিরাভরণা থাকিতে নাই; তাঁহার যাহা পছন্দ, গ্রহণ করুন।"

আমি পুলকিত, বিস্মিত হইলাম। কোন দিক্ দিয়া কোথায় কাহার সহিত সম্বন্ধ-সৃষ্টির স্রোতঃ তাঁহার মধ্যে বহিত, আমি বুঝিতে পারিতাম না। আজ বলিব—অপরাধী আমি নহি, তিনি আমায় আচ্ছন্ন করিয়া রাখিতেন। তিনি এই অলঙ্কাররাশির মধ্য হইতে পান্না-খচিত দুই গাছি চূড়ি, হীরক-খচিত দুইগাছি অনন্ত, আর বহুমূল্য প্রস্তর-খচিত একগাছি সোণার হার তুলিয়া লইলেন। তারপর যাহা দেখিলাম, তাহা বড় অপূর্ব্ব। রাজলক্ষ্মীর সে অপরূপা মূর্ত্তি আমার আজ ধ্যানের বিষয় হইয়াছে। সে স্বর্ণপ্রতিমা চক্ষে দেখিবার নয়, ধ্যানের সামগ্রী।

* * *

ভাবিতেছিলাম—মানুষের বুকে মানুষ ছুরি বসাইয়া ফিন্‌কি দিয়া রক্ত-প্রস্রবণ খুলিয়া দেয়; সে তপ্ত ফেনিল রক্ত-তরঙ্গে সমরপ্রিয় জাতি চিরদিন প্রমত্ত হইয়াছে; মানবের এই রক্ত-স্নানের পরিণাম ভাবিয়া ভবিষ্যৎ শিহরিয়া উঠে, প্রায়শ্চিত্তের জন্য প্রস্তুত হয়। এই রক্ত-রঙ্গে দীক্ষিত বাঙ্গালী বীর ইউরোপে মত্ত কুঞ্জরের ন্যায় নাচিয়া বাড়ী ফিরিল, তাদের ঐ আকাশের আস্‌মানী রঙের বীরসজ্জা, গৌরবদীপ্ত বজ্রকঠোর ললাটে স্বেদাশ্রু ঝরিতেছে। বীরোচিত প্রশস্ত হৃদয়, প্রতি পদক্ষেপে কি এক অসাধারণ জীবনপরশে নাচিয়া-

নাচিয়া, দুলিয়া-দুলিয়া শোভাযাত্রীদের হৃদয় আকর্ষণ করিতেছে। বীরপূজার সংস্কার বাঙ্গালীর মজ্জায়-মজ্জায়; আজ তাই রণজয়ী বীরবৃন্দের সম্বর্দ্ধনায় সহস্র-সহস্র নারী-পুরুষ, বালক-বৃদ্ধ-যুবার উৎসাহ-প্রদীপ্ত নয়নের আলো দেখিয়া মনে হইল—সংগ্রাম চিরস্থায়ী হউক। মানুষের রক্তে এমন প্রলয়-ঝঞ্ঝা মাঝে-মাঝে না উঠিলে, মানুষ যে ভীরু লঘু হইয়া পড়িবে। ইউরোপের গগনে রক্ত-পতাকার বিদ্যুৎ-শোভা মানবতার জয়ধ্বজাই উড়ায়। ভারতের হিয়ায়ও সেদিন দেখিলাম রণচণ্ডীর তাণ্ডব-নৃত্য-চঞ্চলা করালিনী মূর্ত্তি—প্রসন্না ভগবতী বুঝি এমন মহাকালীর মূর্ত্তি পরিগ্রহ করিয়াই জগতের স্থিতিশীল সমাজ ও রাষ্ট্র-জীবনে নব-নব প্রেরণা সঞ্চার করেন!

বিধাতার ভীষণ ভ্রূকুটীকটাক্ষের সঙ্কেতে, মঘবানের নিদারুণ বজ্রবর্ষণের মরণক্ষেত্রে, বাঙ্গালী বীরেরা দেশগত, জাতিগত, সংস্কারগত সকল স্বার্থ বিসর্জ্জন দিয়া, নিখিল মানবজাতির সহিত অচ্ছেদ্য ঐক্যসূত্রে আবদ্ধ হইয়া কোন সুদূর প্রবাসে অপার্থিব প্রেমের রাজ্যগঠনেরই সূত্রপাত করিয়া আসিল। সেখানে হিন্দু, মুসলমান, ক্রিশ্চান, ফরাসী, বাঙালী, সেনোগেলিস, ইন্দোচীনা—কিছুর ভেদ ছিল না। রাজশক্তির সহায় হইয়া, বিশ্ব-মানবজাতির সহিত একাত্মতার ভিত্তির উপর দাঁড়াইয়া এই যে বাঙ্গালীর আত্মদানের সঙ্কল্প, ভারতের এই যে নিঃস্বার্থ আত্মবলির উৎসবশোভা আমার সম্মুখে—ইহা কি ভারতের সৌভাগ্য-যুগেরই দ্যোতনা নয়?

এক অপূর্ব্ব অনাগত স্বপ্ন এই সৈনিকদের চক্ষের দৃষ্টিতে আমায় অভিভূত করিল। জনে-জনে আলিঙ্গন করিয়া তাহাদের আবার ঘরে তুলিয়া লইলাম। এই বিজয়ী বীরবৃন্দকে ধান্যদূর্ব্বাদলে আশীর্ব্বাদ জ্ঞাপন করিয়া কুললক্ষ্মীগণ উলুধ্বনি দিল। কেহ শঙ্খ বাজাইল। আর ইহারই মাঝে একজনকে দেখিলাম—সালঙ্কারা দেবীপ্রতিমা হর্ষোৎফুল্ল লোচনে প্রতি জনের ললাটে জয়-টীকা পরাইয়া, কণ্ঠে মল্লিকার মালা দোলাইয়া দিতেছেন। বাংলার বীর-জাতির সূচনা-পর্ব্ব আমারই প্রাঙ্গণে সাড়ম্বরে অনুষ্ঠিত হইল। আমি সে ধূলা আজিও তাই সশ্রদ্ধচিত্তে ললাটভূষিত করি।

সন্ধ্যার প্রদীপ জ্বলিল। বাজিয়া-বাজিয়া নহবতের সুর বাতাসের গায়ে অবসন্ন হইয়া নিদ্রাভিভূত হইল। সৈনিকদের পিতা, মাতা, ভ্রাতা, ভগ্নী, পত্নী, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব প্রসন্ন দৃষ্টি লইয়া উৎসবক্ষেত্র হইতে প্রস্থান করিলেন। পথের ধূলা পথে পড়িয়াই বিশ্রাম লইল। জনশূন্য প্রাঙ্গণে নৈশ ভোজের আয়োজন। প্রীতির উৎস-মুক্ত আনন্দ-ঝরণায় আমরা অভিষিক্ত। কোন সুদূর রণাঙ্গনের স্মৃতি-বৈচিত্র্য বহিয়া সৈনিকেরা ঘরে ফিরিযাছে! কত গিরি-নদী-প্রান্তর, কত পল্লী-নগর অতিক্রম করিয়া তাহাদের রণক্ষেত্রে যাত্রা ও প্রত্যাবর্ত্তন। পল্লীনারীগণের জয়কণ্ঠে মধুর সম্বর্দ্ধনা রব—পথের দুই ধারে ফরাসী নরনারীর সোৎসাহ অভ্যর্থনা-আবাহন—সে কত বিচিত্র কাহিনী! কত গোপন-প্রণয়-কাহিনী, সৈনিক-জীবনের কৌতূহলপূর্ণ অসংখ্য ঘটনারাজি। প্রণয়ের আকর্ষণে কেহ নদী পার হইয়া, আপেল বৃক্ষের বনে ক্ষুদ্র কুটীরে কৃষক-রমণীর অন্বেষণে চলিয়াছে; কেহ আঁধারে অঙ্গ ঢাকিয়া, মরু-তুষারের যবনিকা ভেদ করিয়া উর্দ্ধশ্বাসে ছুটিযাছে গ্রামাভিমুখে। বিদেশী সৈনিকের প্রতি কৃতজ্ঞতা দেখাইতে গিয়া ফরাসী রমণীর প্রণয়-যাচ্ঞা সে ভুলিতে পারে নাই, কোন আহত সৈনিক হাসপাতালে অবস্থান-কালে কোন কিশোরী নার্সের স্নেহচুম্বনে অভিভূত হইয়া বুকে তার চিরস্মৃতি আঁকিয়া লইয়াছে। রণজয়ী হইয়া সে কৃতজ্ঞতার শোধ লইবে, হৃদয়ে আশার উৎসাহ। শত্রুর গুলিবর্ষণ উপেক্ষা করিয়া সে ছুটিয়াছে, ট্রেঞ্চের পর ট্রেঞ্চ অধিকার করিয়া। উৎসবের দিনে পরস্পর রক্তপিপাসু প্রতিদ্বন্দ্বী নিরস্ত্র হইয়া, এই দুর্দ্ধর্ষ-সংগ্রাম-পিপাসার অন্তর্নিহিতা মানব-প্রীতির ঝরণা-ধারা উৎসরিত করিয়া একে অন্যকে অভিনন্দিত করিয়াছে—ট্রেঞ্চ হইতে ট্রেঞ্চে ফুল, ফল, রুমাল, রুটির টুকরা উপহার দিয়া। পরক্ষণেই শত্রুবোধে যাহাকে নিধন করিতে হইবে, তাহার সহিত ক্ষণিকের এই প্রেম-বিনিময় মানবচরিত্রের অপরূপ লীলাভঙ্গী। এমন কত কথা! রাত্রির মধ্যভাগ পর্য্যন্ত আলাপ-আলোচনায় কাটিল।

তারপর শয়ন-কক্ষে গিয়া আর এক অভিনব দাবী গৃহদেবী জানাইলেন। সবিস্ময়ে দেখিলাম—আবার তিনি নিরাভরণা। অলঙ্কারগুলি সযত্নে একটি

হস্তিদন্তনির্ম্মিত কৌটায় রাখিয়া, তিনি বলিলেন "কাজ মিটিয়াছে, এইবার ফেরৎ দিয়া এস।"

এত শীঘ্র সাধ মিটিবে, এমন প্রত্যয় হইল না। আমি বলিলাম "উহা ফেরৎ দিব না। তোমার ভাল লাগিয়াছে. তুমি উহা গ্রহণ কর।"

তিনি বিরক্তা হইয়া বলিলেন "পরের জিনিষ, প্রয়োজন শেষ হইলে ফেলিয়া রাখিতে নাই। তুমি এইগুলি শীঘ্র ফেরৎ দিয়া এস।"

বিরক্তির মাত্রা আমারও বাড়িয়া উঠিল। উৎসবের ক্লান্তি—শরীর বড় ভাল ছিল না, খুব অবসন্ন মনে হইতেছিল। আমি বলিলাম, "তোমার গহনার সাধ পূরণ করিব বলিয়াই এইগুলি আনিয়াছি, উহা আর ফেরৎ যাইবে না।"

তিনি বার-বার বলিতে লাগিলেন "পরের জিনিষ কাজ শেষ হইলে, ঘরে রাখিতে নাই"; আমিও বার-বার বলিতে লাগিলাম "উহা তোমার জন্যই আনিয়াছি, উহা আর ফেরৎ দিব না।"

কথা-কাটাকাটি ঝগড়ায় পরিণত হইল। "আজ উহা পরের জিনিষ, ব্যবস্থা করিলে কাল আবার ঘরের জিনিষ হইবে।" এই কথা শুনিয়া তিনি বলিলেন "তবে তোমার টাকা আছে, আমাকে ভিখারিণী করিয়া রাখা তোমার ছল।"

আমি বলিলাম "না, আমি স্বামী হইয়াছি, তোমার দাবী পূরণ করা আমার কর্ত্তব্য।"

বেশ মনে পড়ে—ফুটন্ত যূঁইয়ের রাশি হাসির ফাঁকে যেন ঝরিয়া পড়িল; যেন বিদ্রূপ করিয়াই তিনি বলিলেন "আরও তো অনেক দাবী আছে, সব কি পূরণ করিতে পার?"

কথা শুনিয়া বুকটা কেমন ছাঁৎ করিয়া উঠিল; যেন মনে হইল—ধর্ম্মের নামে কিশোরী পত্নীর প্রতি সর্ব্বক্ষেত্রেই অত্যাচার করিতেছি। ধর্ম্মের আদর্শে উদ্বুদ্ধ আমি, তিনি নহেন। আমার দায়েই তিনি তপস্বিনী। মুখে আমার বোধ হয় বিষণ্ণতার ছায়া পড়িয়াছিল। তিনি একটু উচ্চহাস্য করিয়া বলিলেন "এইবার নিজের লেজে পা পড়িয়াছে! কিন্তু অতটা গুরু-চিন্তার প্রয়োজন নাই; গহনাগুলি দিয়া এস।"

আমি বলিলাম "কিন্তু গহনার সাধ আমি তোমার অপূর্ণ রাখিব না।"

তাঁহার কথা অবহেলা করিতে পারিলাম না। তাঁর স্বভাবের মধ্যেই ছিল—প্রয়োজন হইলে, পরের জিনিষ চাহিয়া আনিতেন ; প্রয়োজন শেষ হইলে, এক মূহূর্ত্ত তাহা ঘরে রাখিতেন না। সে গহনা কেন, বাজারের ঝুড়ি, চুপড়িটি পর্য্যন্ত কাজের বাড়ীতে নানা স্থান হইতে জড় হইলে, কাজের শেষে সেইগুলি যথাস্থানে ফিরাইয়া দিবার জন্য তিনি অস্থিরা হইয়া পড়িতেন। আমায় সেই রাত্রেই গহনাগুলি পৌছাইয়া দিতে হইল।

এই ঘটনা তাঁহার নিকট স্বচ্ছসলিলা তটিনীর ন্যায় সহজে আসিয়াছিল, সহজেই চলিয়া গেল ; এ একটা আকস্মিক অন্তরপ্রেরণায় তাঁহার উদ্বুদ্ধতা ; আমায় কিন্তু উপার্জ্জনের প্রেরণায় তাহা উদ্বুদ্ধ করিল। আমি শ্রীঅরবিন্দের সম্পূর্ণ ব্যয় সঙ্কুলান করার সুব্যবস্থা করিয়াছিলাম। পতি-পত্নীর ক্ষুদ্র সংসারটি চলিয়া যাওয়ার মত একটা ব্যবসাও ফাঁদিয়াছিলাম। কিন্তু ইহাতে আর স্থির থাকিতে পারিলাম না। স্ত্রীর সহিত সম্পদের, সত্যের সহিত জয়ের একটা অনিবার্য্য সঙ্কল্প আমায় পাইয়া বসিল। এইদিন হইতেই আমার মনে হইল —আমি যে সাজি, আমার যে সুখ-স্বাচ্ছন্দ্য, ইহার মূলে আছে আমার গৃহদেবীর শুভেচ্ছা ; আমার তাই কিছুতে অভাব অনুভব নাই। আমি পুরুষ—নারী যদি প্রসাধন চাহে, আমার ধর্ম্ম, আমার প্রতিশ্রুতি, কিছুর ব্যত্যয় না করিয়া তাহার সে সাধ পূর্ণ করিব। কোন দিক্ দিয়া কি হয় কে জানে! সৃজনের দেবদূত এমনই সঙ্কীর্ণ পথে আমায় যুগশঙ্খ বাজাইয়া আহ্বান দিয়াছিলেন। আমি অর্থ-সৃষ্টির পথে পা বাড়াইলাম। লক্ষ্য ছিল গৃহলক্ষ্মী, তাঁর পূর্ত্তির উপলক্ষ্যে এক বিশাল কর্ম্মক্ষেত্র গড়িয়া উঠিল। বিশ্বকর্ম্মা বিউগল্ বাজাইয়া আমায় অর্থ-সংগ্রামে আহ্বান দিলেন। অন্নক্ষেত্রের জন্য বিশাল কৃষিক্ষেত্রের রচনা, আর বস্ত্রসমস্যাপূরণের ব্যবস্থা হইল সুবিশাল তাঁতশালা-নির্ম্মাণে। সঙ্ঘের কর্ম্মসূত্র আমায় হাতে করিয়া ধরাইয়া দিলেন চিচ্ছক্তি—এমনই তুচ্ছ উপলক্ষ্য আশ্রয় করিয়া। যাহা অভিধেয়, তাহার অনুবাদ হয় ভাষায়, সকলের তাহা উপলব্ধিগম্য হয় না।

বাঙ্গালী সৈনিকেরা ঘরে ফিরিল। হৃদয়ে নবানুভূতি নূতন-রূপে প্রকাশ পাইতে চাহিল। স্বাধীনতার মন্ত্র উচ্চারণ করিয়া বাংলার তরুণ যে যুগে দলে-দলে কারাবরণ করিতেছিল, সেই যুগে একদিকে বিপন্ন বাঙ্গালীর দুঃখ-দুর্দ্দশার কাহিনী অশ্রুসিক্ত নয়নে যেমন মর্ম্মন্তুদ স্বরে "প্রবর্ত্তকের" বুকে আঁকিতেছিলাম, তেমনই এ কথাও সেদিন ঘোষণা করিতে বাধে নাই যে, ভারতের তদানীন্তন রাষ্ট্রবিধাতা বৃটিশ জাতির আশ্রয়ে দাঁড়াইয়াই আমাদিগকে শক্তিশালী সঙ্ঘ রচনা করিতে হইবে। এই দুঃসাহসের কথা সে দিন বলা সহজ ছিল না। চন্দননগরের ষড়বিংশতি জন যুবক ফরাসী রণাঙ্গনে তাৎকালীন বিজ্ঞানের চরমোৎকর্ষ ফরাসীর বিখ্যাত সেভেণ্টি-ফাইভ সেণ্টিমিটার কামান পরিচালনা করিয়া, সে দিন জার্ম্মাণ জাতির হৃৎকম্প সৃষ্টি করিয়াছিলেন। এই ষড়বিংশতি জনকে পাঁচ ভাগে বিভক্ত করিয়া, সেণ্টমিহি-এলের নিকটস্থ কতক স্থান রক্ষার ভার ইহাদের হস্তে প্রদানপূর্ব্বক ফরাসী জাতি সে দিন নিশ্চিন্ত হইয়াছিলেন। তাহাদের উপস্থিত-বুদ্ধি ও সাহস-দর্শনে প্রীত হইয়া ফরাসী গোলন্দাজ-বাহিনীর অধ্যক্ষ আমায় লিখিয়াছিলেন "বাঙ্গালীর মত যদি ফরাসী জাতির আরও কয়েকটা ব্যাটেলিয়ান থাকিত, তবে আজ আমরা ফরাসীর সীমারেখায় এক অদ্ভুত যুদ্ধাভিনয় দেখাইয়া শত্রুবাহিনীকে চমৎকৃত করিয়া তুলিতাম।"

এই ঘটনায় আমার মনে হইয়াছিল—ভারতের স্বাধীনতার আকাঙ্ক্ষা চরিতার্থ করিতে হইলে, রাজশক্তির সহিত বিরোধ না করিয়া, অতি স্পষ্টতার সহিত, সৎসাহস ও অসাধারণ ধৈর্য্য লইয়া, শক্ত চরিত্রের সঙ্ঘবদ্ধ দেশবাসীকে তাঁহাদের সহায় হইয়াই রাজ্য-শাসনের সর্ব্বপ্রকার শিক্ষা আয়ত্ত করিতে হইবে। রাজশক্তির প্রতি ঘৃণা ও বিদ্বেষ রাখিয়া আমরা সংহতিবদ্ধ হইতে চাহিলেও,

তাহা নানা কারণে কার্য্যকর হইবে না; আবার অন্তরে তাঁহাদের উচ্ছেদ-কামনা রাখিয়া যদি ছল-পূর্ব্বক এই সহায়তার পথে অগ্রসর হই, অন্তর-বাধায় আমরা এই পথেও সিদ্ধকাম হইব না। আমাদের মানুষ হইতে হইবে—অতএব মনুষ্যত্বের মর্য্যাদা অটুট রাখিয়া প্রবলের সহায়তা গ্রহণ উদ্দেশ্য-সিদ্ধির অনুকূল হইবে। ফরাসী জাতি চন্দননগরের বাঙ্গালী সৈনিকদের এইরূপ চরিত্র ও সত্যনিষ্ঠার পরিচয় পাইয়াছিলেন; তাই তাঁহারা বাঙ্গালী সৈনিকের একটা চিরস্থায়ী ব্যাটেলিয়ান গড়ার প্রস্তাবও উত্থাপন করিয়াছিলেন। এই কার্য্য ফলপ্রসূ করার সাধ্য আমার ছিল না—সে আশা সেদিন হৃদয়ে অঙ্কুররূপে উদ্গত হইয়া অঙ্কুরেই শুখাইয়া গিয়াছিল!

বাংলার বৈপ্লবিক আন্দোলনের অগ্রগামী হইয়া যে প্রাণশক্তির সন্ধান পাই নাই—সতত গোপননীতির আশ্রয়ে মূষিক-স্বভাবই তাহাতে বড় হইয়া উঠিতেছিল—দেশের মতবাদ সেদিনও আমার পরিপন্থী ছিল—দেশ-প্রীতির সঙ্কীর্ণ আদর্শবাদ সেদিনও অনেকের ওষ্ঠপুটের সামগ্রী ছিল। উহা লঙ্ঘন করিয়াই আমি ফরাসী গবর্ণমেণ্টের অকপট সহায়রূপে চন্দননগরে সেনাবাহিনী গড়ায় সফলকাম হই; আর এই সেনাবাহিনীই এযুগে সর্ব্বপ্রথম বাঙালী গোলন্দাজ-বাহিনী। এই ঐতিহাসিক সত্য স্মরণ রাখিবার জন্যই এই কয় ছত্র লেখা এই ক্ষেত্রে সংযোজিত করিলাম।

চন্দননগরের বাঙালী সেনার এই গৌরবকাহিনী বৃটিশ ভারতেও নূতন জীবনের সাড়া তুলিয়াছিল। মেসোপটেমিয়ায় বাঙ্গালী সৈনিক-দল প্রেরণ তাহার প্রমাণ। বীর মনোরঞ্জন রায় সর্ব্বপ্রথম সঙ্ঘের সন্ন্যাস-ব্রত গ্রহণ করিয়া পরে ব্রহ্মানন্দ নামে পরিচিত হইয়াছিল; সেও ছিল মেসোপটেমিয়া-প্রত্যাগত একজন বীর সৈনিক।

সে দিন রাজশক্তি প্রতি পদে বলিতেন—'বাঙ্গালীর চরিত্র বস্তুতঃ বিন্দুমাত্র পরিবর্ত্তিত হয় নাই। তাহাদের অন্তরে রাজবিদ্বেষের হলাহল পরিপূর্ণ রহিয়াছে।' হোমরুল আন্দোলনে শ্রীমতী বাসন্তী কারারুদ্ধা হইলে, তাঁহাকে উপলক্ষ্য করিয়া বাংলার রাজবন্দীগণের মুক্তির জন্য যে প্রবল আন্দোলন হয়

সেই আন্দোলনের উত্তরেও বাঙ্গালী সেনা-বাহিনীগঠনের প্রতিপক্ষে রাজপুরুষ-গণের মুখে আমরা উক্তরূপ কথা শুনিতাম। পরে ইউরোপের কুরুক্ষেত্র-সংগ্রামে ইংরাজ-বিজয়ী হইলে, বৃটিশ জাতির কর্ণধারগণ মৈত্রী ও স্বাধীনতার মন্ত্র উচ্চারণ করিয়া ভারতবর্ষকে নূতন শাসনসংস্কার দিবার প্রস্তাব করিলেন। কিন্তু অন্য দিকে ইংরাজের কারাগারে রাজবন্দীগণ অনাহারে-উৎপীড়নে একের পর এক আত্মহত্যা করিয়া চলিতেছিল! এই অবস্থায় শান্তি ও শৃঙ্খলার মধ্যে রাজশক্তির সহযোগিতায় আমরা সংশয় ও অস্পষ্টতার বাহিরে, দেশে এক শক্তিশালী সংগঠনপরায়ণ সংহতি-জীবন গড়ার প্রচেষ্টা করিতেছিলাম। এই আশা-আকাঙ্ক্ষার পূরণ দেশের বৈপ্লবিক-সংস্থার মধ্যে সংসিদ্ধ হইতে পারে না, আবার ভারতের জাতীয় সমিতির অন্তর্গত হইয়াও ইহা সুসম্পন্ন হওয়া সম্ভবপর নহে—এই ধারণা আমার সেদিন ছিল, এখনও আছে। এই সংগঠন-সংহতি স্বতন্ত্র স্বাধীনভাবেই গড়ার প্রচেষ্টায় তাই আমি উদ্বুদ্ধ হই। আজ এ নীতির প্রশংসা-বাক্য আমার কর্ণগোচর হয়; সে দিন উহার প্রতিকুলতা কম ছিল না। "প্রবর্ত্তকের" ছত্রে-ছত্রে বিশদ করিয়া গঠননীতির কথাই বাহির হইতেছিল। শ্রীঅরবিন্দকে আমি এই সংহতি-সৃষ্টির কথা জানাই। ইহার জন্য আমার দুইটি প্রস্তাব ছিল। প্রথম প্রস্তাব—এই সংহতি স্বাবলম্বী হইবে এবং স্বাবলম্বনের সাধনা-স্বরূপ তাহারা নিজেরাই অন্নক্ষেত্র গড়িয়া তুলিবে ও স্বহস্তে বস্ত্রশিল্পের উদ্ধার করিবে।

দ্বিতীয় প্রস্তাব—এই সংহতি যোগপ্রতিষ্ঠিত হইবে এবং ইহাদের অর্থভাণ্ডার এক হইবে। শ্রীঅরবিন্দ আমার দীর্ঘ পত্রের মর্ম্ম অবগত হইয়া উহা সমর্থন করেন এবং "প্রবর্ত্তকে" এইরূপ সংহতি "সঙ্ঘ" নামে অভিহিত হওয়ায়, শ্রীঅরবিন্দ "সঙ্ঘ" নামটীও সমর্থন করেন। ইহার পর হইতেই আমরা প্রকাশ্যে "প্রবর্ত্তক-সঙ্ঘ" নাম প্রকাশ করি।

"প্রবর্ত্তকের" পাতায় এই সময়ে লিখিয়াছিলাম:

"ধর্ম্মই সঙ্ঘের সহায়। ভগবচ্ছক্তিই আমাদের অবলম্বন। অহমিকার কঠিন বন্ধন ঈশ্বরবিশ্বাসে খণ্ড-খণ্ড করিয়া বাংলার চরিত্রগত বলের অদ্ভুত

নিদর্শন প্রদর্শন করিব। আমরা মুক্ত স্বচ্ছন্দ, কোন বন্ধন আমাদের নাই ; মানবজাতির মঙ্গল-সাধনের ব্রত-ধারী আমরা হইব। কালধর্ম্মের প্রবল বাধা আমরা অতিক্রম করিব! সঙ্ঘবদ্ধ হওয়ার পথে যে সকল অন্তরায়, তাহা পশুবলপ্রয়োগে দূর করা সঙ্ঘ-চরিত্রের উপযোগী অস্ত্র নহে। নৈতিক বলের দ্বারাই উহা দূর হইবে। বিশ্বাস, ধৈর্য্য ও চরিত্রবল লইয়া আমরা কর্ম্মক্ষেত্রে অগ্রসর হইব। সকল অন্তরায় সূর্য্যপ্রকাশে কুয়াশার মত অন্তর্হিত হইবে।"

এই সময়েই আমার প্রিয় সুহৃৎ নলিনীকান্ত ও সুরেশচন্দ্রই "প্রবর্ত্তকে" লেখনী ধারণ করিয়া সঙ্ঘের যৌগিক আদর্শকে তেজস্বিনী ভাষায় দিনের পর দিন সুস্পষ্ট করিয়া তুলিতেছিলেন। ইউরোপে শান্তির ডঙ্কা বাজিয়া উঠিলে, "প্রবর্ত্তক সঙ্ঘ" সর্ব্বপ্রথম বীর সৈনিক শ্রীমান্ হারাধনকে বাংলার তটপ্রান্তে সুন্দর বনে কৃষিক্ষেত্রনির্ম্মাণের কার্য্যে পাঠাইয়া দেয়। আর আমাদের অকৃত্রিম সুহৃৎ শ্রীযুক্ত সাগরকালী ঘোষ "মৃণালিনী বস্ত্রবয়নশালা" গঠন করিয়া একটি কর্ম্মক্ষেত্র সৃষ্টি করেন। বাংলার এই নিভৃত ক্ষেত্র চন্দননগরে বাঙ্গালী সৈনিকদল-গঠনের যেমন প্রথম সূত্রপাত হয় ও এই চন্দনগরের তরুণ বাহিনীই কামান-পরিচালনায় যেমন প্রথম অধিকার লাভ করিয়াছিল, সেইরূপ বাংলার স্বাবলম্বন-সাধনায় শিক্ষিত বাঙ্গালীর পক্ষে সর্ব্বপ্রথম হলস্কন্ধে মাঠে দাঁড়াইল চন্দনমগরেরই তরুণ ; আর খাদি বস্ত্র-প্রবর্ত্তনের প্রচেষ্টাও চন্দননগরে "প্রবর্ত্তক সঙ্ঘেই" প্রথম সূচিত হয়। ভাদুর্ন-যুদ্ধের ইতিহাস, সুন্দরবনের কৃষিক্ষেত্র এবং প্রবর্ত্তক খাদিবিভাগ—বাঙালীর সংগঠনাভিযানেরই সাক্ষ্য বহন করিবে।

সেদিন সমবেত বন্ধুদের মধ্যে দাঁড়াইয়া অকস্মাৎ প্রতিশ্রুতি লইলাম —স্বহস্তে কার্পাস চাষ করিয়া, উহা হইতে সূতা প্রস্তুত করিয়া বস্ত্রনির্ম্মাণ না হওয়া পর্য্যন্ত আমি একই বস্ত্র পরিধান করিয়া থাকিব। বৈরাগ্যের উৎকট অনল এমন করিয়াই নানা উপলক্ষে আমার অস্থি-পঞ্জর বিদীর্ণ করিয়া প্রকাশিত হইতে চাহিত ; কিন্তু সে অগ্নিকে আবরণ দিবার সুধা-হস্ত আমায় সতত বেষ্টন করিয়া থাকিত, বৈরাগ্যমূর্ত্তি আর প্রকাশ পাইত না। আমার এই সঙ্কল্প-মন্ত্র সহসা উচ্চারিত হওয়া মাত্র গৃহদেবী হা-হা করিয়া উঠিলেন। তাঁর অন্তরের

আকৃতি বিধাতাও শুনিতেন। সেদিন আমার এক অকৃত্রিম সুহৃৎ ভূনত হইয়া আমার এই ব্রত-পালনের ইচ্ছা স্বয়ং ভিক্ষা চাহিয়া লইল। গৃহদেবী স্বস্তির নিঃশ্বাস ছাড়িলেন। সঙ্কীর্ণ হৃদয়ের পরিচয় বটে, কিন্তু তিনি যে অসাহয়া। ইষ্টমূর্ত্তির যে রূপ ও আকৃতি তাঁহার হৃদয়মন্দিরে পূজার আসন অধিকার করিয়াছিল, তাহার অন্যথা হইতে না দেওয়াই ছিল তাঁর স্বভাব ও স্বধর্ম্ম। যে বন্ধু আমার ব্রতভার বহন করিয়া সম্বৎসর এক বস্ত্রে কাটাইল, তাহার প্রতি স্নেহ-মমতার কি অমৃত-বন্ধন সঙ্ঘজননীর আচরণে প্রকাশ পাইত, তাহা আমরা তিন জনেই অনুভব করিতাম। যুগ-প্রভাব হ্রাস পাইলে, বাহ্যতঃ বিচ্ছেদের বৃশ্চিকদংশনে কালচক্রে সে প্রেম ও ঐক্যের সূত্র ছিন্ন হইয়া গিয়াছিল; কিন্তু 'কাকীমার' পুণ্য স্মৃতি সে সুহৃৎ আজও মুছিতে পারে নাই, ইহা মুছিতে পারা যায় বলিয়া আমিও বিশ্বাস করি না।

এইরূপে কাঠের কারবারের সহিত সুন্দরবনের সুবিপুল কৃষিক্ষেত্র এবং 'মৃণালিনী বস্ত্রবয়ন কার্য্যালয়' সঙ্ঘের কর্ম্মক্ষেত্র বিস্তৃত করিল।

আমার পূর্ব্বোক্ত বন্ধু ইতিপূর্ব্বে একটী হ্যাণ্ডপ্রেস' খরিদ করিয়া আমারই অনুরাগী আর এক বন্ধুকে পরিচালনার ভার দিয়াছিলেন; কিন্তু ঐ প্রেস পরিচালনা করা তাঁহার পক্ষে সম্ভবপর না হওয়ায়, উহা আমারই তত্ত্বাবধানে পরিচালিত হওয়ার ব্যবস্থা হইলে, "প্রবর্ত্তক" অতঃপর নিজস্ব প্রেসে প্রকাশিত হইতে আরম্ভ হয়। "প্রবর্ত্তক" আত্মশক্তির দ্বারাই এইরূপে আপনার প্রকাশ-পথ সুগম করিয়া লইল। কর্ম্মক্ষেত্র-প্রসারণের সহিত ঝঞ্ঝাটের মাত্রা বাড়িল। সংসার তিনটি প্রাণী লইয়া আরম্ভ হইয়াছিল, নূতন অতিথি অভ্যাগতের আগমনে রন্ধন-শালার কার্য্য আরও বাড়িয়া গেল। দিবারাত্র পরিশ্রমে গৃহলক্ষ্মীর শরীর ভাঙ্গিল। কর্ম্ম বাড়িয়াছে, কিন্তু অর্থের মুখ দেখা যায় না; একমাত্র কাঠের কারবার হইতে জীবনযাত্রানির্বাহের যে কয়টা টাকা প্রতি মাসে লওয়ার ব্যবস্থা হইয়াছিল, তাহা হইতেই তাঁতশালার কাজ আরম্ভ করা হইল। সুন্দরবনের চাষে প্রচুর ব্যয়ই হইতে লাগিল। "প্রবর্ত্তক" চলিল কতক গ্রাহকদের অনুগ্রহে এবং প্রেসের অন্যান্য আয় হইতে। সংসার-

যাবতীয় কর্ম্মভারও তাঁহাকে বহন করিতে হইত। তিনি বলিতেন—রন্ধন-শালায় তাঁহার যেন দম বন্ধ হইয়া যায়, মনে হয় তিনি জ্ঞান হারাইবেন। সে কথা শুনিতাম মাত্র; তিনি যে প্রতিকার প্রার্থনা করিতেছেন, তাঁহার কথার এই অর্থ আমি গ্রহণ করিতে পারি নাই। কিন্তু সে দিনের সেই তাঁর দুঃখ-মূর্ত্তি আমায় বিচলিত করিল।

বাড়ীতে দাসী টিকিত না, ভৃত্য দুই-চারি দিন কাজ করিয়া পলাইত; তাহার কারণ—তিনি সব কর্ম্ম এমন নিখুঁত ভাবে করা পছন্দ করিতেন, যাহা অন্যের পক্ষে সম্ভবপর নহে। ইহা ব্যতীত প্রত্যেক বিষয়ে তাঁহার এমন নিপুণ-দৃষ্টি ছিল যে, সংসার হইতে কিছু যে অপসারিত হইবে, তাহার পথ ছিল না। হিসাবের কড়িও তিনি কড়ায়-গণ্ডায় বুঝিয়া লইতেন। মেছুনী আধ সের মাছ ওজন করিতে বসিয়া অর্দ্ধ ছটাকও যে কম ওজনে দিবে, সে পথও তিনি আগুলিয়া ধরিতেন। তিনি ফাঁকি নিজেও দিতে জানিতেন না, কাহারও ফাঁকি দেওয়া বরখাস্ত করিতেন না; কাজেই বাহিরের লোকের নিকট তিনি খুব সমাদৃতা হইতেন না। রামেশ্বর ছিল এই সকল বিষয়ে 'মামীমা'র পুরাপুরী সমর্থক; এই দুই জনের মধ্যে ঘর-সংসার লইয়া অদ্ভুত ঐক্য পরিলক্ষিত হইত।

তাঁর শ্রমলাঘব করার জন্য আমারই প্রস্তাবে আমার এক বিধবা শ্যালিকাকে পুত্রকন্যা সহ বাস উঠাইয়া আনাইলাম। সংসার বাড়িল, কিন্তু তিনি একজন সহকারিণী পাইয়া কিছু অবকাশ পাইলেন। আমার সংসারের সীমারেখা এইখানেই যদি শেষ হইত, তিনি আসান পাইতেন। কিন্তু অতি ক্ষুদ্র সংসার-চক্র সঙ্ঘচক্রে পরিণত হইতে চলিয়াছিল। স্বামিগৃহে আসিয়া এই বৃহত্তর সংসারক্ষেত্রের নিয়ন্ত্রীত্বের ভার যে তাঁহাকে বহিতে হইবে, এ স্বপ্ন তিনিও মনে-মনে দেখেন নাই, আমিও কল্পনা করি নাই; এই হেতু তাঁর কর্ম্মশক্তি যতই বিস্তৃতা হউক, কর্ম্মের সুবিধা যতই করিয়া দিই, সংসারবৃদ্ধির প্লাবনে তাহা নস্যাৎ হইয়া যায়। তিনি নূতন সংসার করিতে বসিয়া আত্মশক্তির আর হিসাব পাইলেন

না। এই অভাবনীয় সংসার-গঠনের মধ্য দিয়া তিনি একপ্রকার উন্মাদিনীর ন্যায় সঙ্ঘের সেবা দিয়া গিয়াছেন।

সঙ্ঘের কর্ম্মক্ষেত্রবিস্তৃতির পথে শ্রীঅরবিন্দই ছিলেন আমার ইষ্টস্বরূপ লক্ষ্য। ইষ্টশক্তি মৃণালিনী দেবীকে "মা" বলিয়া আমি স্বীকার করিয়া লইয়াছিলাম; তাঁহারই পবিত্র নামে বস্ত্রবয়ন কার্য্যালয়ের নামকরণ হইয়াছিল। ১৯১৮ খৃষ্টাব্দে ডিসেম্বর মাসে, ১৩২৫ সালের ২রা পৌষ, মঙ্গলবার, পূর্ণিমা তিথিতে মাতা মৃণালিণীর পরলোকগমনের সংবাদ আমাদের হৃদয়ে শেলবিদ্ধ করিল। দেবী মৃণালিনীর সহিত আমার প্রত্যক্ষ পরিচয় ঘটে নাই; কিন্তু ভারতীয় জীবনসাধনায় ইষ্টের সহিত ইষ্টশক্তির আবির্ভাব আমার হৃদয় আলো করিয়াছিল। তাঁহার তিরোধান-সংবাদে আকুল হইয়া "প্রবর্ত্তকে" লিখিয়াছিলাম "দেবী কালের অতল তলে নিমজ্জিতা হইলেন। সোণার প্রতিমা বিসর্জ্জিতা হইল। সহস্র সন্তানের হাহাকার্-ধ্বনি-প্রতিধ্বনি তুলে—মা, মা, জগতের অন্তরায় হইতে মুক্তা অজস্র-ধারায় শক্তি তোমার পৃথিবী ছাইয়া ফেলুক; ভারতের যে অশুদ্ধ-শক্তি উৎসবময় জনপদ শ্মশানক্ষেত্রে পরিণত করে, তাহার বিরুদ্ধে তুমি যুদ্ধ ঘোষণা কর; কোটী-কোটী সন্তান হর্ষে, আনন্দে তোমার অনুসরণ করিবে।"

১৯০১ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দ দেবী মৃণালিনীর পাণিগ্রহণ করেন। দীর্ঘ অষ্টাদশ বর্ষ স্বামিসোহাগিনী হওয়ার কঠোর তপস্যাই দেবী করিয়াছিলেন। শ্রীঅরবিন্দের সঙ্গিনী হওয়ার জন্য তাঁর যে আকুতি, উহা পূর্ণ হওয়ার কাল আসন্ন হইলে, তিনি মহাপ্রয়াণ করিলেন। বিধাতার এই দুর্জ্ঞেয় নীতির মধ্যে কি রহস্য নিহিত আছে, সে বিচার আজও আমার শেষ হয় নাই।

শ্রীঅরবিন্দ আই, সি, এস হইয়াও অতি সস্তায় বরোদারাজ্যের নিকট যখন বিকাইয়া গিয়াছিলেন, তখন কে জানিত দেশাত্মার জাগরণ-যুগে অকস্মাৎ বাংলা দেশ হইতে আসমুদ্রহিমাচল তাঁর বিদ্যুৎচ্ছক্তিপ্রভাবে উদ্বুদ্ধ হইয়া উঠিবে! দেশহিতব্রতী পরম যোগী শ্রীঅরবিন্দ বাংলার অন্ধযুগের আবরণ দূর

করার জন্য জাতীয় শিক্ষাক্ষেত্রে ও রাষ্ট্রক্ষেত্রে নিজের কর্ম্মক্ষেত্র রচনা করিয়া, ধীরে-ধীরে সমগ্র ভারতে এক অসাধারণ রাষ্ট্রজাগরণের আন্দোলন আনিলেন। রাজসম্মান, আরাম, ঐশ্বর্য্য, রূপলাবণ্যময়ী যুবতী ভার্য্যার আসক্তি তিনি পরিত্যাগ করিলেন। ভারতের রাষ্ট্রে তিনি দেশ-প্রীতির অমৃত ঢালিয়া দিলেন। ধর্ম্ম ও ভাগবত বিশ্বাসের অগ্নিমূর্ত্তি হইয়া, তিনি জাতির আত্মাকে জাগাইয়া তুলিলেন। মাতা মৃণালিনী শ্রীঅরবিন্দকে স্বামিরূপে যত বার ধরিতে গিয়াছেন, নাগাল পান নাই। শ্রীঅরবিন্দ নিজেই তিনটি পাগলামীর কথা উল্লেখ করিয়া পত্নীর নবজন্ম চাহিয়াছিলেন। তাঁহার প্রথম পাগলামী— 'তিনি বিশ্বাস করিতেন যে, যে গুণ, যে প্রতিভা, যে উচ্চ শিক্ষা ও বিদ্যা, যে ধন তিনি পাইয়াছেন, সবই ভগবানের; নিতান্ত আবশ্যকীয় যাহা, তাহা ব্যয় করার অধিকার তাঁহার আছে, বাকী সবই ভগবান্‌কে ফেরৎ দিতে হইবে।' তাঁহার কথা "যে ইহা না করে, সে চোর। হিন্দুশাস্ত্রে ভগবানের ধন লইয়া ভগবান্‌কে যে দেয় না, তাহাকে চোরই বলা হইয়াছে। ভগবান্‌কে দুই আনা দিয়া চৌদ্দ আনা নিজের সুখে খরচ করিয়া সাংসারিক সুখে মত্ত আছি; জীবনের অর্দ্ধেক চলিয়া যায়, পশুও এমন করিয়া কৃতার্থ হয়।

"এইরূপ পশুবৃত্তি ও চৌর্য্যবৃত্তি করিয়া আসিয়াছি বুঝিতেছি; বুঝিয়া বড় অনুতাপ ও নিজের উপর ঘৃণা হইয়াছে, এ পাপ আর নয়। ভগবান্‌কে দেওয়া মানে ধর্ম্মকার্য্যে ব্যয় করা। সরোজিনীকে যাহা দিয়াছি, তাহার জন্ম অনুতাপ নাই; পরোপকার ধর্ম্ম, আশ্রিত-রক্ষা মহাধর্ম্ম। কিন্তু শুধু ভাই-বোনকে দিয়া হিসাব চোকে[১] না, আজ দেশ আমার আশ্রিত। ৩০ কোটী ভাই-বোন এই দেশে আছে; অনেকে অনাহারে মরিতেছে, কষ্টে-দুঃখে জর্জ্জরিত, কোন মতে বাঁচিয়া আছে, তাহাদেরও হিত করিতে হয়।"

এই প্রথম পাগলামীর কথা বলিয়া তিনি এই পথেই পত্নীকে আহ্বান দিয়াছিলেন। মাতা মৃণালিনী একবার নাকি অনুযোগ করিয়াছিলেন "আমার কোন উন্নতি হইল না!" শ্রীঅরবিন্দ উন্নতির ঐ একটা পথ দেখাইয়া বলিয়াছিলেন "তুমি এই পথে যাইবে কি?"

তিনি আর এক পাগলামীর কথা পত্নীর নিকট প্রকাশ করিয়াছিলেন, উহাই তাঁহার দ্বিতীয় পাগলামী। তিনি লিখিয়াছিলেন "যে কোন মতে ভগবানের সাক্ষাদ্দর্শনলাভ করিতে হইবে। ঈশ্বর যদি থাকেন, তাঁহার সঙ্গে সাক্ষাৎ করিবার পথও থাকিবে, সে পথে যাইবার দৃঢ় সঙ্কল্প করিয়াছি। হিন্দুধর্ম্মে বলে—নিজের মধ্যেই সে পথ আছে, যাওয়ার নিয়মও দেখাইয়া দিয়াছে। আমি তাহা পালন করিতে আরম্ভ করিয়াছি। এক মাসের মধ্যে অনুভব করিলাম—হিন্দুধর্ম্মের কথা মিথ্যা নয়; যে যে চিহ্নের কথা বলিয়াছে, সে সব উপলব্ধি করিতেছি। এখন আমার ইচ্ছা—তোমাকে সেই পথে লইয়া যাই। ঠিক সঙ্গে-সঙ্গে আসিতে পারিবে না, কারণ তোমার তত জ্ঞান হয় নাই। কিন্তু আমার পিছনে-পিছনে আসিতে বাধা নাই। সেই পথে সিদ্ধি সকলেরই হইতে পারে, কিন্তু প্রবেশ করা ইচ্ছার উপর নির্ভর করে। কেহ তোমায় ধরিয়া লইয়া যাইতে পারিবে না; যদি ইচ্ছা থাকে, এ সম্বন্ধে আরও লিখিব।"

শ্রীঅরবিন্দ তৃতীয় পাগলামীর কথা বলিতে গিয়া স্ত্রীকে লিখিয়াছিলেন "লোকে স্বদেশকে একটা জড় পদার্থ—কতকগুলা মাঠ, ক্ষেত, বন, পর্ব্বত, নদী বলিয়া জানে। আমি স্বদেশকে মা বলিয়া জানি, ভক্তি করি, পূজা করি। মার বুকের উপর বসিয়া যদি একটা রাক্ষস রক্তপানে উদ্যত হয়, ছেলে কি করে? নিশ্চিন্ত মনে আহার করে, স্ত্রীপুত্রের সঙ্গে আমোদ করে, না মাকে উদ্ধার করিতে দৌড়ায়? আমি জানি—এই পতিত জাতির উদ্ধার করিবার বল আমার গায়ে আছে, শারীরিক বল নয়, তরবারি বা বন্দুক লইয়া আমি যুদ্ধ করিতে যাইতেছি না, জ্ঞানের বল। ক্ষাত্রতেজঃ একমাত্র তেজঃ নয়, ব্রহ্মতেজঃও আছে। সেই তেজঃ জ্ঞানের উপর প্রতিষ্ঠিত। এই ভাব নূতন নয়, এই ভাব লইয়া আমি জন্মিয়াছি, এই ভাব আমার মজ্জাগত। ভগবান্ এই মহাব্রত সাধন করিতে আমায় পাঠাইয়াছেন। চৌদ্দ বৎসর বয়সে বীজ অঙ্কুরিত হয়, ১৮ বৎসর বয়সে প্রতিষ্ঠা দৃঢ় ও অচল হইয়াছিল। তুমি ন' মাসীর কথা শুনিয়া ভাবিয়াছিলে, কোথাকার বদ লোক তোমার সরল ভালমানুষ স্বামীকে কুপথে টানিয়া লইয়াছে। তোমার ভাল মানুষ

স্বামীই. কিন্তু সেই লোককে ও আর শত-শত লোককে কুপথে বা সুপথে হোক, প্রবেশ করাইয়াছিল ; আরও সহস্র-সহস্র লোককে প্রবেশ করাইবে। কার্য্যসিদ্ধি আমি থাকিতেই হইবে, তাহা আমি বলিতেছি না ; কিন্তু হইবে নিশ্চয়ই।”

মাতা মৃণালিনীর মৃত্যুসংবাদে শোকের তীব্র কষাঘাত আমাদের হৃদয় স্পর্শ করিয়াছিল। আমরা সে দিন শ্রীঅরবিন্দ-প্রসঙ্গ লইয়া কত কথা আলোচনা করিলাম। বঙ্কিমচন্দ্র “আনন্দমঠে” লিখিয়াছিলেন “সতীর পতি বড়, তার চেয়েও পতির ধর্ম্ম বড়।” শ্রীঅরবিন্দ ধর্ম্মপত্নীকে তিনটি পাগলামীর ভিতর দিয়া ইহাই বুঝাইতে চাহিয়াছিলেন। এই সকল কথার আলোচনায় আমার গৃহদেবীর মুখশ্রী নির্ম্মল উজ্জ্বল আলোকে উদ্ভাসিত হইয়া উঠিল। নিজের জীবনধর্ম্মে আস্থা ও প্রতিষ্ঠা দৃঢ়তরা হইল। আমারও বেদনাবিধুর জীবন-বেণু মুখর হইয়া উঠিল ; শ্রীঅরবিন্দের মর্ম্মস্পর্শী জীবন-কাহিনী সারা রাত্রি ধরিয়া মর্ম্মস্পর্শী ভাষায় ব্যক্ত করিয়াছিলাম। ধর্ম্মের জন্য, ভগবানের জন্য শ্রীঅরবিন্দের অসাধারণ ত্যাগের কথা শুনিয়া তিনি বলিলেন “শ্রীঅরবিন্দের অনুগ্রহ-প্রসাদে তুমিও ধন্য হইলে।” শ্রীঅরবিন্দের আমার বাড়ীতে অবস্থান-কালে তাঁর স্থির-সৌম্য-শান্ত-মূর্ত্তির স্মরণ করিয়া তিনিও বলিলেন “এই তিনটী পাগলামীর নেশায় তাঁহার বিভোরতা আমিও দেখিয়াছি।” সে রাত্রি আর আমাদের নিদ্রা হইল না। তিনিও খুঁটিয়া-খুঁটিয়া শ্রীঅরবিন্দের জীবন-কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন।

১৯১৯ খৃষ্টাব্দ হইতে নূতন কর্ম্ম-প্রেরণায় উদ্বুদ্ধ হইয়া উঠিলাম। পুরাতন কর্ম্মজীবনের যেন অঙ্কপাত হইয়া গেল। সাধনারও করিবার কিছু রহিল না। নিঃশ্বাস-প্রশ্বাসের সহিত এই চৈতন্যই প্রাণকে সঞ্জীবিত রাখিল—

“ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি।”

হৃষীকেশের সঙ্কেতে সেই যে যাত্রা সুরু হইয়াছে, আজিও তাহার পরিসমাপ্তি হয় নাই। যাহা হয়, তাহার জন্য দুশ্চিন্তা নাই। কত প্রিয় বস্তু অন্তর্হিত হয়, কত অপ্রিয় ব্যাপারে জড়াইয়া পড়ি, সুখের সীমা ছাড়াইয়া দুঃখের সাগরে হাবুডুবু খাই, শান্তি ও স্বস্তির প্রার্থী হই। হৃষীকেশের ইচ্ছাই পূর্ণা হয়, কিন্তু অশান্তি ও অস্বস্তিও বাড়ে। নয়নকোণে অশ্রু উথলিয়া উঠে। তবুও সান্ত্বনা—ঈশ্বরেচ্ছাতেই জীবনের গতি নিয়ন্ত্রিতা হয়, দায়ী কেহ নহে। দাবী কাহারও উপর করিবার নাই। অপ্রিয় আশ্রয় হইতে মুখ ফিরাইবার চেষ্টাও বৃথা হয়। অতএব—

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ,
জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥"

দিন চলিল। কালস্রোতঃ কোন বাধাই মানে না। কর্ম্ম হয়, ভাল-মন্দ দুইই। ভাল-মন্দ কিছুই প্রশ্রয় ও আশ্রয়ে ইতরবিশেষ হয় না। যাহা করি, কে যেন করিতে বাধ্য করে; সব কিছু অনিবার্য্য হইয়া উঠে। কর্ম্ম নির্দ্বন্দ্বে হয়। সেখানে কোন বাধাই নাই। চিন্তার জগৎ কিন্তু সেদিন দ্বন্দ্বহীন হয় নাই। ভাল-মন্দ লইয়া বিচারের দরবার চিন্তাজগতেই অধিকতর জাঁকাইয়া উঠিল। কর্ম্মক্ষেত্র সে বিচার-শক্তির বাহিরে; সেখানে বিচারকের রায় কোন কাজেই আসে না। রাষ্ট্র ছাড়িয়া স্বাবলম্বী হওয়ার প্রবৃত্তি একের পর আর এক কর্ম্মপ্রতিষ্ঠান গড়িয়া তুলিতেছিল। রাষ্ট্রকর্ম্মে যে উৎকণ্ঠা ছিল, আশঙ্কা ছিল, দুশ্চিন্তা ছিল, এখন আর এই সকলের কোনই প্রয়োজন রহিল না। কর্ম্ম অতিথির ন্যায় প্রতিদিন উপনীত হয়; আমার শরীর-মন তাহার যথোচিত সৎকার করিয়া ধন্য হয়। বিবেক চীৎকার করিয়া মরে। আমার দেহ-মন-ইন্দ্রিয়াদির উপর কিন্তু তাহার প্রভাব স্পর্শ করে না। এই সময়ে কেহ বিষ দিলে, বিষ খাইতেও কুণ্ঠা হইত না। কিন্তু আশ্চর্য্য, যাহা অহিত, যাহা অমঙ্গল, তাহা সম্মুখে দেখা দিত বটে; আমার বিচার

না থাকিলেও, ঐগুলি জীবনে সম্পূর্ণরূপে সংঘটিত হওয়ার সুবিধা পাইত না। আমি ঈশ্বরের হস্তে আত্মসমর্পণের মন্ত্র-সাধনায় এই কথাই ভরসা করিয়া বলিতে পারি যে, ভাল-মন্দের বিচার ও বিবেক মানুষের স্বভাবসংস্কারে স্বরূপ হারাইয়া আচার ব্যবহারগত যাহা ভাল ও মন্দ বলিয়া সমাজে প্রচলিত, তাহাতেই অভিভূত হইয়াছে। জীবনযন্ত্র যখন ভগবানের সঙ্কেতে চলিতে থাকে, তখন পুর্ব্বসংস্কারবশতঃ বিচার-বিবেক কর্ম্মের সহিত যুক্তি না পাইয়া কিছুদিন চঞ্চল ও বিক্ষুব্ধ হয়; তারপর ঐগুলিও ভাগবত কর্ম্মের সূত্র ধরিয়া নূতন প্রতিষ্ঠা লাভ করে। অতঃপর ঈশ্বরকৃত কর্ম্মের অভিব্যক্তির সহিত অন্তরের অমিল চিরদিনের জন্য বিলুপ্ত হয়। সাধক মুক্তি পায় অন্তর-দ্বন্দ্বের পীড়ন হইতে।

১৯১৯ খৃষ্টাব্দের কর্ম্মপ্রেরণায় জীবন-সঙ্গিনী যেন হারাইয়া গেল। তাঁহার সহিত প্রত্যক্ষ পরিচয়ের যেন কোন সুযোগ বিদ্যমান রহিল না। তবুও ছায়ার ন্যায় তিনি চিরসঙ্গিনী; কিন্তু তাঁহার কায়ার সহিত শুধু দেহগত নয়, অন্তরের সম্পর্কও যেন ছিন্ন হইয়া পড়িল। প্রফুল্লমুখী গৃহদেবী সম্ভবতঃ এই সময় হইতেই আত্মস্থা হইয়া আমার অনুসরণ করিতেন। সম্ভবতঃ এইজন্যই অতি অল্প বয়সেই তাঁহার ভাবগভীর-প্রতিমায় প্রবীণতার ছায়াপাত হইয়াছিল। ইহা বার্দ্ধক্যের শিথিলতা নহে, ভাবগাম্ভীর্য্যের আতিশয্য। এই ২৯ বৎসর বয়সেই তিনি এমন গুরু-প্রকৃতির হইয়াছিলেন, যাঁহার সম্মুখে অতি প্রগল্ভ নরনারীও মাথা নত করিতে বাধ্য হইত।

কাজের অন্ত রহিল না। জীবন-সঙ্গিনীর সহিত বাহ্যতঃ সম্পর্ক না থাকিলেও, সমস্ত পারিপার্শ্বিকতার মধ্যে এমন একটী সুদৃঢ় জীবন-নীতি আমাদের উভয়কেই অভিভূত করিয়াছিল, যাহা স্বতঃই নীরব-ভাষায় এই কথাই ব্যক্ত করিত "তাঁরই কাজে আজি রত, আর কিছু জানি না রে!" জীবননিয়ন্ত্রণের ভার ভগবানের হাতে ছাড়িয়া দেওয়া অবধি এমন দিন কখনও আসে নাই, যেদিন নিয়ম-শৃঙ্খলের ব্যতিক্রম হইয়াছে। কে যেন অতি প্রত্যুষে শয্যা হইতে উঠাইয়া দেয়, উপাসনা করায়, "প্রবর্ত্তক" লেখায়, অসংখ্য কর্ম্মের হিসাব

রাখায়। সে নিরবচ্ছিন্ন কর্ম্মে অবসন্নতা নাই। যথাসময়ে শয্যাগ্রহণ করি, আবার উঠি যথাকালে। এইভাবে জীবন চলিয়াছে।

প্রাঙ্গণে উষার আলো বিচ্ছুরিত হয়, শেফালীর ডালে-ডালে শিশিরসিক্ত ফুলের হাসি, বাতাসে মধু-সৌরভ ভাসিয়া আসে। ঝলমল সূর্য্যকিরণে গৃহচূড়া উদ্ভাসিত হয়। দুয়ারে আসিয়া ভিখারীর পর ভিখারী কেহ খঞ্জনী, কেহ একতারা, কেহ বা বেহালা বাজাইয়া গান গাহিয়া যায়। মুষ্টিভিক্ষায় কেহ বঞ্চিত হয় না। সঙ্গীত নীরব হয়; অর্থ তার ভাসিয়া বেড়ায় অনেক ক্ষণ, মনে গাঁথিয়া যায়—

"বাহির-ভিতর দুই সমান রেখ ভাই,
মানুষ যদি হতে চাও!"

এমন কত গান!

"প্রবর্ত্তকে"র সুর-সঙ্কেতে তরুণের আনাগোনা বাড়িল। বাণীর নেশায় চক্ষে যাহাদের রঙ ধরিয়াছিল, তাহাদের দেখিয়াই চিনিতাম। ইহার মধ্যে কাঁচা-পাকা রঙ দুইই ছিল। আমি ইচ্ছা করিয়া পাকা রঙের চেয়ে কাঁচা রঙে বেশী ঝুঁকিয়া পড়িতাম। কাঁচা রঙ গায়ে ছোপ দিত, দেখাইত ভাল। সেদিন ছিল এমনই অবস্থা। স্বেচ্ছায় প্রবঞ্চিত হইতাম। পাকা রঙের লোকেরা সমালোচনা করিত, হয় ত আমার ভ্রান্ত-দৃষ্টির জন্য দুঃখ-সংশয় দুইই করিত। আমার আচরণের জন্য দায়ী যে আমি নহি, অনেক দিন সে কথা তাহারা বুঝে নাই।

ভগবান্ যখন অন্তর অধিকার করেন, তখনই জ্ঞানের অফুরন্ত উৎস বিকশিত হয়। সে জ্ঞানধারার নানা ভঙ্গী আছে। হৃদয়ের ধর্ম্মেও ঈশ্বর-প্রকাশের প্রেমঘন রূপ—তারও এক ছন্দঃ নহে, বিচিত্র ভঙ্গী। প্রাণের কর্ম্ম-প্রেরণায় ঈশ্বরের আলো যখন প্রকাশ পায়, তাহাও এক-বর্ণ নহে, ইন্দ্রধনু সৃষ্টি করে। এমনই শরীরটাতেও তাঁর রূপের আভা প্রকৃতির বিলাসের ন্যায় নানা মূর্ত্তি ধরে। কেহ আসিলেই ঈশ্বরের প্রকাশ-মূর্ত্তি দেখার জন্য তাহার মুখপানে চাহিয়া থাকিতাম। দুইজনের মুখেই যদি হাসির রেখা ফুটিত, মনের

মানুষ বলিয়া জড়াইয়া ধরিতাম। এই স্পর্শটা দেহের চেয়ে মনেরই বেশী হইত। মনের মানুষ খোঁজাও ছিল এক বড় কাজ। মনের মানুষ খুঁজিতে-খুঁজিতে কত গানই বাঁধিতাম, গাহিতাম! অনেক জনের ভীড় ঠেলিয়া দুই-একজনই মিলিত। ভীড়ের সময়ে এই দুই-এক জন উপেক্ষিত হইয়াই থাকিত; ভীড় কমিলে ইঁহাদের আনন্দ ও মহিমা ভাবে ও ভাষায় চিত্ত আমার পুলকিত করিত। এই ১৯১৯ খৃষ্টাব্দ হইতেই এক, দুই, তিন করিয়া এমন 'মনের-মানুষ'-লাভ হইয়াছে। "প্রবর্ত্তক সঙ্ঘ" তাই সংহতি নয়, এই সব মনের মানুষেরই মিলনতীর্থ।

ভাবের ঘোরের সঙ্গে কর্ম্মের সামঞ্জস্য ঈশ্বরই রাখিতে পারেন, মানুষ পারে না। মানুষ হয় ভাবে থাকে, নয় কর্ম্মে মাতাল হয়। ভাব ও কর্ম্ম, দুইই পুরাদমে চলিল ভগবদিচ্ছায়। ভাবের কথা ছাড়িয়া দিই; কর্ম্মের কথাই বলি।

প্রথম যুদ্ধ-শেষের কথা। কথাটা প্যারিসের। "প্রবর্ত্তকে"র জন্মদিন হইতেই এই যুদ্ধ-পর্ব্ব ভাবতঃ আমায় খুবই পাইয়া বসিয়াছিল। আত্মীয় ও বন্ধুদের যুদ্ধক্ষেত্রে প্রেরণ-হেতু সেদিনের ইউরোপের কুরুক্ষেত্রের সহিত সংযোগ-রক্ষা করিবার সুবিধা হইয়াছিল। যুদ্ধ-শেষে এক ফরাসী মহিলার অনুভূতি বর্ত্তমান পাঠক-পাঠিকার মন্দ লাগিবে না। অতি সংক্ষেপেই তাঁহার কথা উল্লেখ করিব। তিনি লিখিয়াছিলেন—"শান্তিপত্র স্বাক্ষরিত হইল। তোমরা কত কি মনে করিতেছ! কত নাচ, কত গান, কত আনন্দই না হইতেছে! * * * হয়তো মনে করিতেছ—দেশপ্রেমিক আনাতল নূতন উপন্যাস-রচনার বিষয়সংগ্রহে মত্ত! কবি রিশ্‌প্যাঁ নব-প্রেরণায় উদ্‌বুদ্ধ। সমাজতন্ত্রী তমাস আশ্বস্ত। কিন্তু কিছুই নাই। নাচ-গানের অভাব নাই বটে; গালে মাথার লাল রং চতুর্দ্দশ লুইয়ের সমস্ত রাজ্যকালে বোধহয় অত বিক্রয় হয় নাই, কিন্তু তবুও যেন উৎসাহ নাই! *** একটা নৃত্যামোদ-নিমন্ত্রণে যোগ দিয়াছিলাম। নৃত্যযুদ্ধ শেষ হইলে, একজন সৈনিক তাঁহার প্রণয়িনীকে আরাম-কেদারায় বসিয়া চুপি-চুপি বলিতেছে শুনিলাম "সারেন (প্রিয়

সম্ভাষণ), আনন্দের কি আছে? যাদের শিরঃ-কঙ্কালের উপর এই নৃত্য, তারা আমারই মত ছিল, তাদেরও প্রিয়জন ছিল, আজ তারা এই আমাদের আনন্দ দেখিয়া কি অভিশাপ দিতেছে না?"

পত্রলেখিকা একখানি ছবি পাঠাইয়াছিলেন; ছবিখানির উল্লেখ করিয়া তিনি বলিতেছেন "এক সঙ্গে দুই-তিন শত মড়ার মাথা, তার উপর কাঠের ক্রুশ পড়িয়া গিয়াছে; উপরে শ্যামাঘাস লক্-লক্ করিতেছে, এদের মাথার খুলির ভিতর তাহার শিকড় পৌছিয়াছে। মৃত কঙ্কালগুলি কি তপস্যা করিতেছে? তপস্যা করুক আর নাই করুক, তাদের জীবনের উদ্দেশ্য পদদলিত করিয়া যে অকৃতজ্ঞ-জাতি আজ আনন্দমগ্ন, কবরের ভিতর হইতে এই সুখের অন্নে বালি দিতে তারা এক ছেদহীন ইচ্ছা প্রকাশ করিতেছে, তাহাদের সেই ইচ্ছা আরও করালিনী মূর্ত্তি ধরিয়া প্রকাশ পাইবে। * * ডাচেসল্যাণ্ড-কবরে যে সকল সৈনিক বীর শয়ন করিয়া আছে, তাহারা দূরের আকাশে ধূমায়মান কলের চিম্‌নীর দিকে তাকাইয়া, ধনিকের আবার শ্রমিককে পিষিয়া মারার আগুন জ্বালা দেখিতেছে। এই সব ভাবিয়া আনন্দের ধূম স্তম্ভিত।

"২৮শে জুন সন্ধিপত্রে যখন স্বাক্ষর হয়, বঁনভ্যালের রেষ্টুরেণ্ট ৩০।৪০ জন মিত্র ও নিরপেক্ষ জাতির প্রতিনিধি লোকচক্ষুর অন্তরালে পরস্পর ঐক্যসূত্রের অন্বেষণ করিতেছিলেন। বাহিরে আকাশ বিদীর্ণ করিয়া কামানশ্রেণী বজ্র-নিনাদ করিতেছিল। বন্দুকের ফট্‌ফট্ শব্দে কাণে তালা ধরিতেছিল। তখনও রণবাদ্য বাজিতেছে ঝন্-ঝন্-ঝন্, আর আকাশে রণ্-রণ্ করিয়া ব্যোমযান উড়িতেছে। দিগ্‌দিগন্তে ইথর-তরঙ্গে শান্তিবার্ত্তা-প্রেরণের ব্যবস্থা চলিয়াছে।

"বনভ্যালের সভাভঙ্গ হইল। সভার ফলাফলের কথা কেহ জানে নাই। কিন্তু সভাপতি চাল স্ গিদ বলিতে ভুলেন নাই 'আজিকার সন্ধিসর্ত্ত বোধহয় স্থায়ী হইবে না। রাজ্যের আদানপ্রদান, অর্থবিনিময় দুই বৎসরের মধ্যেই বদলাইয়া যাইবে। সন্ধির কোন সর্ত্তই তাহার থাকিবে না।' গিদের এই নৈরাশ্যের

মধ্যেও আত্মপ্রসাদ ছিল। যে নিঃস্বার্থ-সাধনায় ইউরোপের শান্তিপ্রতিষ্ঠা, তাহা আমরা ব্যর্থ হইতে দিব না এই কথায়।

"মিত্রপক্ষের বুকে এই আশাটুকুই ছিল সান্ত্বনা। সমস্ত পৃথিবীই বুঝিয়াছে —ইউরোপের কুরুক্ষেত্র উপস্থিত ধামা চাপা রহিল।"

সেদিন যুদ্ধারম্ভ মাত্র; অন্তরে যে প্রেরণা পাইয়াছিলাম, তাহাতে বাংলায় স্বেচ্ছাসেবকবাহিনী গড়ায় উদ্বুদ্ধ হইয়াছিলাম। বৃটিশ গভর্ণমেণ্টের এম্বুলেন্স-কোর-গঠনের সূত্র অবলম্বন করিয়া আমার প্রচেষ্টার কথা পূর্ব্বেই বলিয়াছি। ফরাসী দেশে বাঙ্গালী সেনাবাহিনী গড়ার সুযোগ পাইয়া, আমার সে প্রয়াস প্রতীকচ্ছলে সিদ্ধ হইয়াছিল। ১৯১৪ খৃষ্টাব্দের ২৯শে আগষ্ট তারিখে শ্রীঅরবিন্দ বিশ্বযুদ্ধের সামরিক পরিস্থিতির আলোচনায় কতকগুলি ভবিষ্যদ্বাণী করিয়াছিলেন। যুদ্ধের তিনটী সম্ভাবনীয়তার কথা তাঁহার পত্রে উল্লিখিত ছিল, সেইগুলি এই ক্ষেত্রে উল্লেখ করা অপ্রাসঙ্গিক হইবে না। যুদ্ধের পরিণতি সম্বন্ধে তাঁহার লিখিত পত্রখানির এই অংশ অবিকল উদ্ধৃত করিলাম—

"I. Those bringing about the destruction of the two Teutonic Empires—German and Austrian.

This may happen either by an immediate German defeat —its armies being broken and chased back from Belgium and Alsace-Lorraine to Berlin, which is not possible or by the Russian arrival at Berlin and a successful French stand near Rheims or Compiegne or by the entry of Italy and the remaining Balkan States into the war and the invasion of Austro-Hungary from two sides.

II. Those bringing about the weakening or isolation of the British Power.

This may be done by the Germans destroying the British Expeditionary Force and entering Paris and dictating terms to France, while Russia is checked in its march to Berlin by

a strong Austro-German force operating in the German quadrilateral between the forts of Danzig, Thoren, Posen and Konigsburg. If this happens, Russia may possibly enter into a compact with Germany, based on a reconcilation of the three Empires and a reversion in the old idea of a simultaneous attack on England and a division of her Empire between Germrny and Russia.

III. Those bringing about the destruction of British Power.

This may happen by the shattering of the British fleet and a German landing in England."

যুদ্ধের এই তিন সম্ভাবনীয় পরিণামের মধ্যে সেদিন তাঁর প্রথমোক্ত সম্ভাবনাটীই ফলবতী হইয়াছিল এবং বৃটনের জয়ে আমরা সেদিন বিশেষভাবে আশান্বিত হইয়াছিলাম।

সেদিনকার "প্রবর্ত্তক" যাঁহারা পাঠ করিয়াছেন, তাঁহারা আমাদের উদ্দেশ্য বিষয়ে অনবগত নহেন। ইউরোপীয় যুদ্ধে বৃটেনের জয় হইলেও, ভবিষ্যতের জন্য তাঁহাদের বিপুল প্রস্তুতির কথা আমরা বরাবর লিখিয়াছি। বৃটেনে বাধ্যতামূলক সামরিক-বিধির প্রবর্ত্তন এবং মিশর ও ভারতের সহিত যথাযোগ্য মৈত্রী স্থাপন করিয়া বৃটন বিপুল শক্তি অর্জ্জন করিতে পারে, বৃটনের ইহাই উত্তম ভবিষ্যৎ; কেন না, বিজয়ী বৃটনকে সুদূর ভবিষ্যতে উন্নতশিরে দাঁড়াইয়া থাকিতে হইলে, পরকীয় অন্য বৈদেশিক-শক্তির আনুকূল্য অপেক্ষা ভারত ও মিশরের সম্মিলিত শক্তি অধিক সুখ ও শ্রেয়ের কারণ হইবে।

এই উদ্দেশ্যে আমার ক্ষুদ্রশক্তি লইয়া সুস্পষ্টভাবে "প্রবর্ত্তকে"র ভাব ও কর্ম্মে উহাকেই রূপ দিবার জন্য আমি ধীরে-ধীরে অগ্রসর হইতে লাগিলাম।

ভগবান্ আমায় এই সময় হইতে বিশ্ব-মানবতার মঙ্গল লক্ষ্যেই সুনির্দ্ধারিতরূপে পরিচালিত করিতে আরম্ভ করিয়াছিলেন। আমার চিন্তার

জগৎ ও কর্ম্মের জগৎ এক হইয়া গিয়াছিল। আমার লক্ষ্য সুস্পষ্ট ছিল; শ্লথগতি হইলেও, সে লক্ষ্য হইতে আমি কোনদিন সম্পূর্ণ ভ্রষ্ট হই নাই।

বিশ্বমানবতার হিতসাধন করিতে হইলে, ভারতীয় কৃষ্টি ও সভ্যতার সুস্পষ্টতা দরকার। এই কর্ম্ম করিতে হইলে, কংগ্রেসের ন্যায় একটা বিপুলা সংহতি ইহার অনুকূল হইবে না, এ বিষয়ে আমার কোনই সংশয় ছিল না। তথাকথিত একটা বৃহত্তর সংহতিচক্র গড়িলেও, এই কর্ম্মের জন্য তাহা উপযোগী হইবে না। হৃদয়-বীণায় অন্তর্য্যামীর যে মধুময় সঙ্কেত ঝঙ্কৃত হইত, সেই সঙ্গে শ্রীঅরবিন্দের যে সমর্থনবাণী শব্দে ও অনুভূতিতে পাইতাম, তাহাতে আমি আমার লক্ষ্য সম্বন্ধে সন্দিগ্ধচিত্ত হই নাই। গতি ক্ষিপ্র না হইলেও, লক্ষ্য অমোঘ, অব্যর্থ হইয়াছিল।

রাষ্ট্রবিপ্লবের ভিতর দিয়া জাতির অভ্যুত্থান ও মুক্তির জন্য বিপুল কর্ম্মি-সংহতি, অর্থ ও অস্ত্রবলের প্রয়োজন। আমার পথ বিপ্লবাত্মক নহে, এমন কি প্রতিবাদের কণ্ঠও সেখানে প্রয়োজনীয় হয় না। মানবতার মুক্তি ও শান্তির উদ্দেশ্যে ভারতের আত্মাকে জাগ্রৎ করাই প্রথম কাজ। কিন্তু সে বৃহত্তর কর্ম্মসাধনার পূর্ব্বে বাংলার সুশ্যাম বক্ষপুটে শতাব্দী-শতাব্দী কাল ধরিয়া যে অধ্যাত্মজাতিগঠনের ঋক্‌ধ্বনি উঠিয়াছে, তাহার অনুসরণ করিয়া, তাহার জাগ্রৎ অনুভূতি লইয়া এক বিশেষ সংহতিসৃষ্টির প্রয়োজন। "প্রবর্ত্তকে"র বাণীমন্ত্র ইহার জন্য কয়েক জন চিহ্নিত সন্তানকে উদ্বুদ্ধ করিয়াছিল। ১৯১৯ খৃষ্টাব্দে তাহাদের পরিচয় পাইলাম। পটভূমিকার উপর সুরঞ্জিত চিত্র যেমন ক্ষেত্রটীকে আড়াল করিয়া ধরে, সেদিন আমার গৃহলক্ষ্মীর সেই অবস্থাই হইয়াছিল। পতি-পত্নীর মধ্যে এই ব্যবধান সুখের নহে। আমি ঈশ্বর-প্রেরণা-মুগ্ধ, তিনি পতিসোহাগিনী। আমার উদ্দেশ্য ও কর্ম্ম তাঁহার নিকট সম্পূর্ণভাবে স্পষ্ট ছিল না। তিনি অল্পই বুঝিতেন। তবে তিনি মনে করিতেন, যেন তিনি দূরে পড়িয়া যাইতেছেন। এইরূপ অনুভব করিয়া তিনি হাঁপাইয়া উঠিতেন—কত প্রশ্ন তুলিতেন; তাঁহাকে কার্য্যোপযোগিণী করিয়া তোলার

শিক্ষা দিবার অবকাশ পাইতাম না ; সময়ের অভাবে নহে, প্রবৃত্তিই ছিল না। এই নিষ্ঠুরতার জন্য আমি কি দায়ী হইব ?

আমার কর্ম্মের সঙ্গে-সঙ্গে তাঁর জীবনান্তকাল পর্য্যন্ত অনুসরণ ; অতএব সে যুগের ঘটনার সঙ্গে তাঁর পরিচয়ও পাঠকদের গ্রহণ করিতে হইবে।

১৯১৯ খৃষ্টাব্দে জীবনযাত্রার নূতন সূত্রপাত। ১৯২৯ খৃষ্টাব্দে তাহার নিদারুণ অঙ্কপাত। সেই কথাই জীবন-সঙ্গিনীর চরম কথা। আজ এই সূত্রেই জাতির অপ্রকাশিত কয়েক পৃষ্ঠা ইতিবৃত্ত রচনা করিতেছি।

"প্রবর্ত্তক সঙ্ঘ" শুধু বিপ্লবী হইবে না, তাহা নহে ; অপ্রতিবাদী হইয়া কার্য্য করিবে। "প্রবর্ত্তক সঙ্ঘের" প্রতি নারীপুরুষ ঈশ্বরে আত্মসমর্পিত হইবে। জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে নিখিল মানব-জাতি এই একই অন্তর্য্যামীর সঙ্কেতে চলিয়াছে ; প্রতিবাদ করিবে কাহাকে ? শূন্যে ফুৎকার নিক্ষেপ করিয়া ইহাতে যে নিজেকেই কলঙ্কিত করা হইবে !

কিন্তু বিনা সংঘর্ষে কি কর্ম্ম হয় ? বিনা ধ্বংসে কি সৃজনের শতদল বিকশিত হয় ? অরাতিদমন না হইলে, কি সাধু পরিত্রাণ পায় ? এ প্রশ্ন, এ বিচার আত্মসমর্পণযোগীর নহে। ঈশ্বরের যন্ত্র যে, সে কি শুধু নিজেই এই অধিকার লাভ করিয়াছে ? এ জগৎ কি মহাযন্ত্রশালা নহে ? এক অদ্বয় যন্ত্রী ব্যতীত অন্যের কর্ত্তৃত্ব আত্মসমর্পণযোগী কি স্বীকার করিতে পারে ? তবে কর্ম্ম হইবে কি প্রকারে ? প্রতিদিনের পদক্ষেপ প্রমাণ করিয়া চলে যোগীর অপ্রতিবাদী গতিচ্ছন্দঃ। পৃথিবীর ধূলি-ক্ষেত্র হয়তো বিমর্দ্দিত হয়, বায়ুসাগর সন্ত্রাসিত হইয়া উঠে—পথিকের চিত্তে এই সংঘর্ষ স্পর্শ করে না। ধূর্জ্জটীর শির হইতে নামিয়া আসিতেছে ভাগীরথী—কানন-কান্তার, অচলস্তূপ সম্মুখে প্রচণ্ড বাধার সৃষ্টি করে। জাহ্নবীর বিরোধ নাই ; সে আঁকিয়া-বাঁকিয়া বিপত্তিসঙ্কুল পথে আপনার আনন্দে হিল্লোলিত হইয়া চলিয়াছে। বাধার সহিত সংগ্রাম নাই, প্রতিবাদ নাই। গতি যে তার অনাহতা ; অনন্ত সাগর-বক্ষ তার লক্ষ্য। পথের কোন্দলে সে কখনও লক্ষ্যচ্যুতা হয় না। ঐইরূপ সঙ্ঘের সংগঠনস্রোতের আবিষ্কার করিয়া অতি ক্ষীণ তটিনীর ন্যায় যাত্রা

তাহাই ইতিহাসের পৃষ্ঠা মিথ্যায় ভরায়। সত্য শুদ্ধ মৌন হইয়া প্রত্নতত্ত্ব-বিদ্‌দের খোরাক যোগায়। আমি সাধ্যমত সে যুগের এই ঐতিহাসিক অবস্থার সত্য বিবরণ বলিবার প্রয়াস করিব।

যে পারিবারিক জীবনের স্বপ্ন লইয়া মাত্র পূর্ণ পঞ্চদশ বর্ষ বয়সে এক নবমবর্ষীয়া বালিকাকে বধূরূপে ঘরে আনিয়াছিলাম, বাহ্যতঃ স্বদেশীযুগের অভ্যুদয়ে এবং পারিবারিক জীবনক্ষেত্রে আমার সর্ব্বপ্রথমা কন্যা বৎসর পূর্ণ না হইতেই কালগ্রাসে নিপতিতা হওয়ায়, বিধাতা সে স্বপ্ন জীবনক্ষেত্র হইতে একটী রেখা না রাখিয়াই মুছিয়া দিয়াছিলেন।

১৯১৯ খৃষ্টাব্দে যে পরিবর্ত্তন সংঘটিত হইল, তাহাতে পারিবারিক জীবনের পূর্ব্ব-সুখস্মৃতি চিরদিনের জন্য মুছিয়া ফেলিতে হইয়াছিল। অনাঘ্রাত কুসুমের মত দিগেদশ হইতে তরুণেরা আসিয়া আমায় ঘিরিয়া ধরিল। তাহারা ভুলিতে চাহিল পিতা, মাতা, আত্মীয়স্বজন, গৃহ, পরিবার; আমি স্ব-ধামে বসিয়া পারিবারিক জীবনের স্বপ্ন-সুখে কেমন করিয়া মগ্ন থাকিতে পারি? ১৯১৪ খৃষ্টাব্দে আত্মীয়-স্বজন-বিরহিতা হইয়া, আমি স্বতন্ত্র সংসার-জীবন গ্রহণ করিয়াছিলাম। এই সংসারে আপনার বলিতে ছিলেন শুধু জীবনসঙ্গিনী। প্রতি মুহূর্ত্তে মনে হইত—ইনিও তো আপনার জন! যাহারা সর্ব্বহারা হইয়া "প্রবর্ত্তকে"র স্বপ্ন সফল করিতে চাহে, তাহাদের নেতৃরূপে আপন জন লইয়া দাঁড়াইতে পারি কি প্রকারে? এই সময়ে এই দ্বন্দ্বে আমার চিত্ত সতত বিচলিত হইত। স্ত্রীর প্রতি ঠিক বিরক্তি না হইলেও, কর্ত্তব্যের দায়ে তাঁহা হইতে যত দূরে থাকিতে পারি, তাহার চেষ্টা করিতাম। আমার আচরণে ও ব্যবহারে যে ভাব প্রকাশ পাইত, তাহা যে তাঁহাকে কিরূপ মর্ম্মপীড়া দিয়াছে, তাহা আজ স্মরণ করিয়া হৃদয়ে এক অভূতপূর্ব্ব বিষাদের শিহরণ উঠে; কিন্তু সে ব্যথার প্রতিকার আজ আর হইবার নহে। কেবল মনে হয়—"আসিবে আবার তুমি, আসিবে আবার!"

আমি চাহিতাম পরকে আপন করিতে, আপনাকে পরের ন্যায় দেখিতে। এই নীতির আশ্রয়ে যাঁহারা আপন ছিল, তাহারা একে-একে পর হইয়া গেল; কিন্তু একজনকে আর ছাড়া গেল না—তিনি যেন আমার জীবন-গতির মর্ম্ম বুঝিয়া পর হইয়াই আপন-রূপে সঙ্গে-সঙ্গে রহিলেন! পরকে আপন করার তপস্যার চেয়ে আপনাকে পর করার যে কি ব্যথা, কি কঠোর-সাধনা, তিনি বাঁচিয়া থাকিলে হয়তো বলিতে পারিতেন, আমি মর্ম্মে-মর্ম্মে তাহা অনুভব করিয়াছি।

আমার লক্ষ্য বহুদূরপ্রসারী। গতিপথে প্রতি পদে নিজের সঙ্কীর্ণ সংস্কার ধ্বংস করিতে-করিতে পথ চলিয়াছি; আর একজন আমার উদ্দেশ্য ও লক্ষ্য সম্বন্ধে অনভিজ্ঞা হইয়াও, আমার পায়ের দাগের উপর পা বাড়াইয়া চলিয়াছেন অতিশয় আশঙ্কায়; কেন না, তিনি বুঝিয়াছিলেন পথের এ-দিক্-ও-দিক্ পা পড়িলেই তিনি সঙ্গহারা হইবেন। আমার জীবনের সঙ্গে আপনাকে সম্মিলিত করিয়া দেওয়ার সে করুণ আকূতি-মর্ম্ম ভাষায় ব্যক্ত হইবে না।

পৃথিবীতে সম্বন্ধ-তত্ত্বের মহিমার চেয়ে শ্রেষ্ঠ সম্পদ্ আর কিছু নাই। গুরু-শিষ্য, পিতা-পুত্র, প্রভু-ভৃত্য, সখা-সুহৃৎ, পতি-পত্নী—এই সকল সম্বন্ধের মধ্যে ইতরবিশেষ-বিচার চলে না। সর্ব্বত্র সম্বন্ধের অমৃতই ঝরিয়া পড়ে। সম্বন্ধের নাম ও প্রকার-ভেদে এই অপার্থিব রসের তারতম্য হয় না। আমি সে যুগে পতি-পত্নীর সম্বন্ধের বাহিরে রস-প্রত্যাশী হওয়ায়, এইখানে কিছু অন্ধ-দৃষ্টি ছিল। তাই দাঁত থাকিতে দাঁতের মর্য্যাদা বুঝি নাই। অমৃত-প্রবাহ কত যে ব্যর্থ হইয়াছে, তাহার ইয়ত্তা নাই। যখন এই পবিত্র দাম্পত্য-জীবনের অমৃতাস্বাদে নূতন দৃষ্টি লাভ করিলাম, সেইদিনই দেখিলাম—বিগ্রহের অন্তর্দ্ধান। কিন্তু হৃদয় আমার শূন্য নহে। আত্মা যে অবিনাশী, তার প্রমাণ আমি স্বয়ং পাইয়াছি। সম্বন্ধের অমর বন্ধন মরণ জয় করে। সে অনুভব প্রতিমা-বিসর্জ্জনের ভিতর দিয়াই উপলব্ধিগম্য হইয়াছে; কত প্রশ্ন—দিবা-রাত্রি তাঁর কণ্ঠে শুনিয়াছি; প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ মিলে নাই, অথচ আমার কথার বিরাম নাই, লেখার বিরাম নাই। অবকাশ নাই

শুধু স্ত্রীর প্রশ্নোত্তর দিতে, তাঁকে দুই দণ্ড সঙ্গে রাখিতে। কেন এত বিমুখতা তাঁর প্রতি? অনেক পীড়াপীড়ির পর হয়তো উত্তর দিয়াছি—কৈ না, তোমার তো কোন অভাব নাই; ভালই আছ প্রভৃতি! বাহিরে অনাড়ম্বর ঔদাসীন্যময় এই আচরণ; অন্তরের আকর্ষণে কিন্তু এক অনৈসর্গিক বিধানে হিয়ার পশ্চাৎ যে হিয়া গড়িয়া উঠিতেছিল, তাহাতে অবিভাজ্য-যুক্তির রসায়নই লেপন করিতেছিল—নতুবা পরবর্ত্তী যুগের বৈপ্লবিক বিবর্ত্তনেও দুইটী হিয়া শাশ্বত যুগের জন্য এক হইয়া রহিল কেমন করিয়া? মরণের ব্যবধানেও যুক্তির আনন্দ হইতে কি হেতু বঞ্চিত হইলাম না? প্রেমই মানুষকে অমর করিয়া রাখে—রূপ নয়, আচার-ব্যবহার নয়।

শরীর অসুস্থ হইয়াছে, আমি তো খেয়াল করি নাই, ধর্ম্মপত্নী সে খবর রাখিয়াছেন। তাঁর চক্ষুর সঙ্কেত না পাইলে, নিজের অসুস্থতাও তো বুঝিতে পারি না! কি খাইলে কি হয়, কি করিলে সুস্থ থাকি, কেমনটী থাকিলে শান্তি ও আনন্দ লাভ করি, ভিন্ন-দেহা হইয়াও, সে নির্ভুল দৃষ্টি কেমন করিয়া তিনি লাভ করিয়াছিলেন? এ রহস্যের মর্ম্মভেদ কেমন করিয়া প্রকাশ করা যায়, জানি না। তবে একজন যে একজনের জীবন-ভার লঘু করিতে পারে, তাহা আমি প্রত্যক্ষ করিয়াছি। যে লঘু হয়, সে সত্যই ভাগ্যবান্। যে লঘু করে, সে যে কতখানি আপনহারা হয়, তাহা বুঝিয়াছি বলিয়াই ভরসা করিয়া বলিতে পারি যে, এমন না হইলে, একজন অন্যে অন্বিত হয় না; পরকে আপন করার অপার্থিব বিধান চরিতার্থ হয় না এবং এইরূপ যেখানে হয়, সেইখানে যে অমৃতোৎস বিকশিত হয়, তাহা রুদ্ধ হয় না জীবন-মরণের কোন ব্যবধানে। একের সঙ্গে অন্যের এই প্রেম, এই ঐক্য আমার জীবনে শুধু বাক্য নয়, বস্তুতন্ত্র সত্য।

আমায় যে কেহ মলিন বসনে, মলিন পরিচ্ছদে দেখে নাই, তাহার জন্য আমি দায়ী নহি। শুধু আমার বেশ-ভূষা নহে; আমার কণ্ঠাস্থি যে বাহির হইয়া পড়ে নাই, চক্ষের কোণে যে মসীচিহ্ন স্থান পায় নাই, শরীরের স্বাস্থ্য, মনের শান্তি কিছুর জন্য আমি দায়ী ছিলাম না; ঈশ্বরে আত্মসমর্পণ করিয়াছি,

ইহাই জানিতাম। ঈশ্বরে শক্তি যে বিগ্রহরূপে আমার সঙ্গে-সঙ্গে—এ কথা কি সেদিন বুঝিতে পারিয়াছিলাম ?

কর্ম্মক্লান্ত হইয়া যদি দেখিতাম গৃহদেবীকে—নয়নের সঙ্গে-সঙ্গে হৃদয়-প্রাণ স্নিগ্ধ হইত। আমার অনাদরে সে সোণার কমল বিন্দুমাত্র মলিন-মূর্ত্তি ধরিত না; কোন অলক্ষ্যে ঐক্যের নির্ঝর ঝরিত। নয়নে বিকশিত দেখিতাম করুণার অলৌকিক-জ্যোতিঃ, অধরে অনিন্দ্য হাসির তাপহীন বিদ্যুৎ, কণ্ঠে অমৃত-শীতলা বাণী। আর কোমল করপল্লবে সর্ব্বাঙ্গে পরশ দিয়া, তিনি স্বাস্থ্য ও আনন্দের মধু লেপন করিতেন। মনে হইত—আমি বিজয়ী। দৃঢ়প্রত্যয় হইত—আমার মৃত্যু নাই, আমার পতন নাই।

কোথা হইতে এই জয়-বার্ত্তা আমার হৃদয় উদ্বুদ্ধ করিত! আজ নিঃসংশয়ে বলিব—জাতির গৃহে-গৃহে একনিষ্ঠ পতিপ্রেমের বিজয়িনী সতীমূর্ত্তি বিরাজ করুক। তবেই বিপত্নীক হইলেও, পুরুষ বুঝিবে—সে হৃদয়হারা নহে; আর নারী বুঝিবে—বৈধব্য-মূর্ত্তি পতির দেহান্তরের চিহ্ন-ধারণ মাত্র, অন্তর তার শূন্য নহে।

পতী-পত্নীর এই অপার্থিব সম্বন্ধই পুরুষ ও নারীকে বিজয়িনী শক্তি দিতে পারে! সম্বন্ধের এই অমৃতই দিয়াছে নূতন জন্ম—সঙ্ঘের পুরুষ ও নারীকে। সঙ্ঘের ভিত্তিতলে এই মহাশক্তিই অশরীরিণী হইয়াও চিরায়ুঃ হইয়া রহিয়াছেন।

কর্ম্ম তখন ভীম প্লাবনের ন্যায় আমার জীবনে অবতরণ করিয়াছে। আমার কিছু দেখিবার ও ভাবিবার সময় নাই। শুধু আমার নহে, আমাকে ঘিরিয়া যে সমষ্টি গড়িয়া উঠিতেছিল, তাহারও সবখানি 'তাবানস্য মহিমার' ন্যায় তাঁহাতেই বিধৃত হইতেছিল, আজিও তাহার ব্যত্যয় হয় নাই!

অতএব আমার জীবন-কাহিনীর সঙ্গে-সঙ্গে অলক্ষ্যে যে শক্তির অনুসরণ, তাহাই জীবন-সঙ্গিনীর সত্য-কাহিনী। হিন্দু নারীর পতি যদি দেবতা হয়, তবে নারীর আবার স্বতন্ত্র জীবন-প্রবাহ কি প্রকারে সম্ভবপর হইবে? সে যে তাহার সমস্ত অস্তিত্বের উৎসর্গে তাহারই দেবতাকে গড়িয়া তুলে। দেবতার আয়ুঃই তাহার আয়ুঃ, তাই সতী চিরায়ুষ্মতী।

বিপ্লব-যুগের সঙ্গীদের মুক্তি চাই। প্রতিবাদ আমার ধর্ম্ম নহে। মুক্তির ইচ্ছাই সম্বল। তাহার ধ্যান-মূর্ত্তি যথাসম্ভব "প্রবর্ত্তকে"র পাতা চিত্র-বিচিত্র করিল। ইউরোপের সংগ্রাম শেষ হওয়া মাত্র মাননীয় কিংস্‌-বেঞ্চের বিচারপতি মিষ্টার রাউলেটের নেতৃত্বে মাননীয় স্যার বেসিল্ স্কট্, মাননীয় দেওয়ান বাহাদুর কুমার স্বামী, মাননীয় স্যার ভারর্নিলভেট্ ও বাংলার প্রসিদ্ধ রাষ্ট্রধুরন্ধর ৺প্রভাসচন্দ্র মিত্রের সহযোগে রাউলাট বিল পাস হইয়া গেল। এই সময়ে ভারতসচিব মিষ্টার মণ্টেগু এই বিলের বিরুদ্ধে মতপ্রকাশ করিয়া বলিয়াছিলেন—বিলটী সত্যই ভারতের অপ্রিয়তাজনক হইয়াছে; কিন্তু ইহা অরাজকতা ও বিপ্লবমূলক আন্দোলনের দমন ছাড়া অন্য কিছুর জন্য ব্যবহৃত হইবে না। এ কথায় ভারতবাসী কোনই সান্ত্বনা পায় নাই। ভারতের সর্ব্বশ্রেণীর রাষ্ট্রপন্থিগণ এই বিল কার্য্যকর হওয়ার পূর্ব্বে ও পরে তুমুল আন্দোলন শুরু করিয়াছিলেন। এই রাউলাট বিল অবলম্বন করিয়া মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতে নব রাষ্ট্রযুগ প্রবর্ত্তিত হয়। একদিকে রাউলাট বিলের আন্দোলন, অন্যদিকে মণ্টেগু-চেমস্‌ফোর্ড নূতন শাসনসংস্কার-প্রবর্ত্তনের প্রচেষ্টায় ভারতের রাষ্ট্রপ্রাণ আলোড়িত হইয়া উঠিল। এই রাউলাট বিলের বিষয়-বিশ্লেষণ করিতে-করিতে বাংলার রাজবন্দীদিগের মুক্তি-প্রসঙ্গ লইয়া "প্রবর্ত্তকে" বিস্তৃত আলোচনা শুরু করিলাম। "প্রবর্ত্তকে"র বাণী যেমন দেশনেতৃবর্গের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল, তেমনিই রাজকর্ত্তৃপক্ষদিগকেও বিচলিত করিয়াছিল। সে পরিচয় আমরা পরে পাইয়াছি।

কলিকাতার টাউন-হলে রাউলাট বিলের প্রতিবাদে এক মহতী সভার আয়োজন হয়। এই সময়ে পরলোকগত মিঃ ব্যোমকেশ চক্রবর্ত্তী রাজবন্দীদের মুক্তিকামনায় বিশেষভাবে উদ্বুদ্ধ হইয়াছিলেন। তিনি এই

সভাটীর অধিনায়কত্ব করেন। এই সভায় মিঃ বি, সি, চ্যাটার্জি রাউলাট বিলের প্রতিবাদ করিয়া তাৎকালীন একখানি পাক্ষিক "প্রবর্ত্তক" বাহির করিয়া আবেগকম্পিত কণ্ঠে বলিতে আরম্ভ করেন—"এই কাগজখানির নাম 'প্রবর্ত্তক'। বাংলায় এমন কাগজ আর একখানিও নাই। আমি ইহার বহুল প্রচার কামনা করি।" তারপর ১৩২৫ সালের ১৫ই পৌষে 'আমাদের কথা' শীর্ষক প্রবন্ধটী তিনি আগাগোড়া পাঠ করিতে আরম্ভ করেন। শ্রোতৃমণ্ডলী চিত্রার্পিতের ন্যায় প্রবন্ধটী শ্রবণ করেন। প্রবন্ধপাঠ শেষ হইলে, তিনি বলেন "আমার বিশ্বাস—দৃঢ়-বিশ্বাস—এ লেখা আর কাহারও কলম দিয়া বাহির হয় নাই। এ লেখা—শ্রীঅরবিন্দের।" সংবাদপত্রে ইহার পর সভার বিবরণ এইভাবে প্রকাশিত হইয়াছিল—"On the mention of Aurobinda's name there was loud and prolonged cheers which lasted for minutes together."

অর্থাৎ অরবিন্দের নাম উচ্চারিত হওয়া মাত্র জনগণের কণ্ঠে উচ্চ আনন্দধ্বনি কয়েক মিনিটের জন্য শুনা গিয়াছিল। একজন পত্রপ্রেরক আমায় লিখিয়াছিলেন—সে হর্ষধ্বনি নয়, সহস্র-সহস্র নবীন হৃদয়ের কৃতজ্ঞতা-সূচক এক অস্ফুট মহাসঙ্গীত···। যেন কোন অশরীরী আত্মা সকলকে আনন্দ-স্পর্শে অভিভূত করিয়া ফেলিল। সমস্ত লোক মুগ্ধ কর্ণে শুনিতেছিল "প্রবর্ত্তকে"র বাণী।" রাজবন্দীদের মুক্তি-সঙ্কল্পে সেদিন যে লেখাটুকু "প্রবর্ত্তকে" বাহির হইয়াছিল, তাহার এক অংশ এইখানে উদ্ধৃত করিতেছি: "দেশের সম্মুখে আজ বড়-বড় কাজ আসিয়া পড়িয়াছে, সেগুলি করিতে কত হাজার-হাজার দেশভক্তের যে প্রয়োজন, তাহার সংখ্যা নির্ণয় করা যায় না এবং দেশের উন্নতি ঘটিলে, রাজশক্তিরও যথেষ্ট সহায়তা করা হইবে। এইজন্য অতঃপর যুবকগণ যাহা করিবেন, খুব সম্ভবতঃ তাহাতে প্রতিষ্ঠিত-রাজবিধির সহিত কোনই সংঘর্ষ হইবে না। এই অবস্থায় আমরা আশা করি—দেশের হাওয়া বুঝিয়া গভর্ণমেণ্ট যদি সাধারণভাবে একটু অনুগ্রহ প্রদর্শন করেন,

তাহা হইলে দেশের মধ্যে গভর্ণমেণ্টের বিরুদ্ধে যে সকল অভিযোগ পুঞ্জীভূত হইয়া বিদ্বেষ-প্রচার হইতেছে, তাহা অচিরে দূরীভূত হইয়া যাইবে।

"যুদ্ধকাল এবং তাহার পর ছয় মাস এই ভারত-রক্ষা আইন প্রচলিত থাকিবে। এক্ষণে রাউলাট রিপোর্ট পড়িয়া আমরা বুঝিয়াছি যে, শীঘ্রই এই আইন অন্যভাবে চিরস্থায়ী করিয়া তোলা হইবে। গভর্ণমেণ্টের শাসন-পদ্ধতির বিরুদ্ধে আমরা কোন কথাই বলিব না। যে নীতি রাজা ও প্রজাবর্গ স্বীকার করিয়া লইবেন, তাহা সমগ্র দেশবাসীকেই মানিয়া চলিতে হইবে। রাউলাট-রিপোর্টানুসারে নূতন আইন দেশ যদি গ্রাহ্য করিয়া লয়, সেইভাবেই দেশকে চলিতে হইবে। কিন্তু যে সকল উদ্দেশ্যসাধনের জন্য দেশের যুবকগণ পাশ্চাত্য মোহে উদ্‌ভ্রান্ত হইয়া বিকৃত পথ অবলম্বন করিয়াছিল, সেই সকল উদ্দেশ্যই সিদ্ধ করিয়া তুলিতে আজ বৃটিশ-জাতিও যখন নূতনভাবে কার্য্য করিতে উন্মুখ হইয়াছেন এবং এই আশাই ভারতবর্ষকে উদ্বুদ্ধ করিয়া তুলিয়াছে, তখন রাজনীতিক বন্দী ও অপরাধীদের ছাড়িয়া দিতে দোষ কি? তাহারা ফিরিয়া আসিয়া যখন নূতন কর্ম্মক্ষেত্র পাইবে, নূতন আশায় নূতন পথে চলিতে যাইবে, তখন হিন্দু চরিত্রের বিরোধী কর্ম্মে তাহারা আর আপনাদিগকে কখনই লিপ্ত করিবে না, এ কথা আমরা খুব জোর করিয়া বলিতে পারি।

"এতখানি অনুগ্রহও যদি বৃটিশ গভর্ণমেণ্ট দেখাইতে কৃপণতা করেন, তাহা হইলে সমগ্র দেশকে পরিতুষ্ট করিবার জন্য অন্যায়কারীকে প্রচলিত আইনে দণ্ড দেওয়া হউক। যাহারা নির্দ্দোষ বলিয়া প্রমাণিত হইবে, তাহারা তাহা হইলে মুক্তি পাইতে পারে। কিন্তু দেশের এই নূতন প্রভাতে যদি আইনই প্রবর্ত্তিত করিতে হয়, তাহা হইলে আমাদের মনে হয়, একবার সমস্ত রাজনীতিক বন্দী ও অপরাধীদের ছাড়িয়া দেওয়া উচিত। সাধারণ চোর, ডাকাত, হত্যাকারীর মত ইহারা পশুপ্রকৃতির নহে। বিদ্যায়, চরিত্রে, বুদ্ধিমত্তায় ইহাদের অনেকেই প্রসিদ্ধ-প্রসিদ্ধ নগরবাসী অপেক্ষা অনেকাংশে শ্রেষ্ঠ। তবে যদি কেহ-কেহ তাহাদের পূর্ব্ব-স্বভাবের পরিচয় দেয়, রাজশক্তি

তো দুর্ব্বল নহে, শাসন-দণ্ড তো নিরস্ত থাকিবে না, শেষে না হয় গভর্ণমেণ্ট তাহাদিগকে গুরুতর দণ্ডে দণ্ডিত করিবেন।”

“প্রবর্ত্তকে”র এইরূপ প্রচার হওয়ার পর, মণ্টেগু-চেমস্‌ফোর্ড শাসন-সংস্কার-প্রবর্ত্তনে জাতীয় নেতৃগণের সহিত বৃটিশ পার্ল্যামেণ্টের যে আলোচনা চলিতেছিল, তাহাতেও “প্রবর্ত্তকে”র অভিমত স্থান পাইয়াছিল। এই টাউনহল-সভার পর দেশবরেণ্য সুরেন্দ্রনাথ “প্রবর্ত্তকে”র ফাইল আমার নিকট হইতে চাহিয়া পাঠাইয়াছিলেন। বাংলার রাজবন্দীদের মুক্তি এবং নূতন শাসন-সংস্কার-বিধির প্রবর্ত্তনে “প্রবর্ত্তকে”র এই নীরব-সেবার বিষয় অখ্যাতই রহিয়া গিয়াছে। ১৯১৭ সালের ২০শে আগষ্টে ভারতসচিব মণ্টেগু সাহেব ভারতবর্ষকে রাজনীতিক অধিকার দিবার অঙ্গীকার করিয়াছিলেন। ১৯১৯ সালের আগষ্টে যুদ্ধজয়ী ইংরাজের নিকট হইতে ভারতের নেতৃবর্গ নূতন শাসনসংস্কারলাভের আশা করিতেছিলেন। অন্যদিকে তখন রাউলাট বিল লইয়া মহাত্মাজীর আন্দোলন সুরু হইয়া গিয়াছে। তাঁহার দিল্লীপ্রবেশ গভর্ণমেণ্টের আইনে বন্ধ হওয়ায়, তিনি জাতির নিকট অগ্নিময়ী ভাষায় বিদায়বার্ত্তা জ্ঞাপন করিয়াছেন। পাঞ্জাবের জালিওয়ানাবাগের দুঃসংবাদে জাতির প্রাণ অতিষ্ঠ হইয়া উঠিয়াছে। আমরা রাজনীতিক কর্ম্মক্ষেত্র হইতে দূরে সংগঠনের প্রেরণায় নূতন কর্ম্মক্ষেত্র-রচনার পূর্ব্বে দেখিতে চাহিয়াছিলাম বাংলার রাজবন্দীদের মুক্তি—এইজন্যই “প্রবর্ত্তকে” নানা রাষ্ট্রীয়-প্রসঙ্গ লইয়া আলোচনা করিতে হইয়াছিল। বাংলার ধীরপন্থী নেতারা মণ্টেগু-চেম্‌স্‌ফোর্ড শাসনসংস্কার যথেষ্ট বলিয়া হাত বাড়াইতেছিলেন। চরমপন্থীদের উষ্মা ইহাতে বাড়িয়াই উঠিতেছিল। এই রাজনীতিক মতবাদ-সংঘর্ষের আবর্ত্তে রাজবন্দীদের মুক্তি-প্রসঙ্গ সমুদ্যত করিয়া রাখার জন্য সে যুগে “প্রবর্ত্তক” সর্ব্বাগ্রে দাঁড়াইতে পারিয়াছিল। রাজবন্দী শচীন্দ্রের ( “সদার” ) করুণ আত্মহত্যার কাহিনী প্রকাশিত হওয়ার পর হইতে “প্রবর্ত্তক” নিঃশঙ্ক চিত্তে চাহিতেছিল সমস্ত রাজবন্দীদের মুক্তি। ১৯১৯ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে ভারতসম্রাট্ ঘোষণা করিলেন ‘রয়েল ক্লেমেন্সি’। তিনি মুক্তকণ্ঠে বলিলেন “…My Royal Clemency to political offenders in the

fullest measure which in his ( Viceroy's ) judgment may be compatible with public safety—" ইহার পর আমরা সমস্ত রাজ-বন্দীদের মুক্তি সম্বন্ধে নিঃসংশয় হইলাম এবং একে-একে আমার পুরাতন বিপ্লবপন্থী বন্ধুগণ মুক্তি পাইতে লাগিলেন। স্বস্তির নিঃশ্বাস ছাড়িয়া "প্রবর্ত্তক সঙ্ঘ" সংগঠনকল্পে ১৯২০ খৃষ্টাব্দ হইতে অবহিত চিত্তে অগ্রসর হইল।

১৯১৭ খৃষ্টাব্দের ২০শে আগষ্ট ভারতসচিব মণ্টেগু স্যাহেব নূতন শাসন-সংস্কারের আশাবাণী উচ্চারণ করেন। বাংলার বিপ্লবপন্থীদের দলে এই আশাবাণী নানাপ্রকার মতবাদের আবর্ত্ত সৃষ্টি করিয়াছিল। ১৯১৬ খৃষ্টাব্দে বিদায়-সভায় লর্ড হার্ডিঞ্জ বলিয়াছিলেন—ভারতে স্বাধিকার-লাভের দিন যে কত দূরগত, তাহা তিনি নিশ্চয় করিয়া বলিতে পারেন না। ভারতের ভাগ্য-বিধাতাদের মুখে তৎকালে এইরূপ নৈরাশ্যের কথাই বাহির হইত। অকস্মাৎ ভারতসচিবের আশাবাণী বাংলার ক্ষুন্নপ্রাণে কিঞ্চিৎ শান্তির প্রলেপ দিয়াছিল। তারপর ১৯১৯ খৃষ্টাব্দের ২৩শে ডিসেম্বর রয়েল ক্লেমেন্সির ঘোষণায় নূতন প্রাণ-সঞ্চার হইয়াছিল। ১৯১৯ খৃষ্টাব্দ হইতে জাতীয়-সাধনার নব যুগপর্ব্বের নিঃশব্দ পদসঞ্চার আমরা অনুভব করিয়াছিলাম। এই জন্যই আমি বাংলার বিপ্লবীদের অতীতের ক্ষোভ ও ক্ষুন্নতা মুছিয়া, নূতন ক্ষেত্রে জাতীয় সাধনার যজ্ঞকুণ্ড জ্বালিয়া, নূতন মন্ত্রে আত্মাহুতি দিবার আহ্বান তুলিয়াছিলাম। ১৯২০ খৃষ্টাব্দের পর বাংলার বৈপ্লবিক প্রচেষ্টাসমূহ অতীতের বিচ্ছিন্ন প্রাণের হাউইবাজীর ন্যায় ক্ষণিক বিকাশ মাত্র। বাংলার জাতীয়-সাধনায় ১৯২০ খৃষ্টাব্দ হইতে যে পরিবর্ত্তনের সূচনা হইয়াছে, তাহা বহুজনগ্রাহ্য হইতে বিলম্ব হইবে, ইহা জানিয়াই কয়েক জন সর্ব্বত্যাগী দেশব্রতীকে লইয়া আমি জাতিগঠন-কর্ম্মে ১৯২০ খৃষ্টাব্দ হইতে সম্পূর্ণরূপে আত্মনিয়োগ করি। ভারত-রক্ষা আইনে আমার সহিত যে কয় জন চন্দননগরে বন্দী ছিল, তাহাদের উপর ভর করিয়াই আত্মরক্ষার দায়ে যে কয়টী অর্থপ্রতিষ্ঠান গড়িয়া তুলিয়াছিলাম, তাহার উপর

নির্ভর করিয়া এই বৃহৎকার্য্য সুচারুরূপে সম্পন্ন হওয়া সম্ভবপর নহে। জাতিগঠন দূরের কথা, ইহার ভিত্তিনির্ম্মাণের জন্য যে শ্রম ও সম্পদের প্রয়োজন, তাহার হিসাব করিলে থৈ পাওয়া যায় না। তবুও শ্রমকে মূলধন করিয়াই কার্য্যে অগ্রসর হইয়াছিলাম। কিন্তু হৃদয়ের তারে মীড়ে-মীড়ে যে প্রেরণা পাইতাম, তাহাতে আমার ধৈর্য্যের বাঁধ ভাঙ্গিয়া যাইত। শ্রীঅরবিন্দের জীবনযাত্রার অর্থসঞ্চয়ের পথে যে অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছিলাম, তাহাতেই আমার এই প্রত্যয় দৃঢ় হইয়াছিল যে, কোন ধনকুবের আমার স্বপ্ন সফল করার জন্য মুক্তহস্ত হইবেন না। আমি অর্থসংগ্রহের এক নূতন পথ অবলম্বন করিলাম—ইহা সম্পদ্ কি বিপদ্, তাহা আজিও স্থির করিতে পারি নাই। তবে এই প্রত্যয় লাভ করিয়াছিলাম যে, পরাধীন জাতির জীবনগতি কোনদিন নিরাপদ্ হইবে না। শুধু রাষ্ট্রবিপ্লবের পথেই সংঘর্ষ নাই, সংগঠনের পথেও গুরুতর সংঘাত থাকিবে, ইহা জানিয়াই আমি এক গুরুতর দায়িত্ব লইয়া অর্থসংগ্রামে প্রবৃত্ত হইলাম। দেশের কাজের জন্য শতকরা ৯৲ সুদ হিসাবে ১ লক্ষ টাকা ঋণ করিয়া বসিলাম। আমার ইচ্ছা ছিল—যে কয়টী কর্ম্মপ্রতিষ্ঠান গড়িয়া উঠিয়াছে, আরও কয়েকটী ঐরূপ মূলধনের সাহায্যে গড়িয়া তুলিব এবং এই সকল কর্ম্ম-ক্ষেত্রের আয় হইতে সুদ ও আসল ঋণ-পরিশোধের সঙ্গে দেশের শিক্ষা ও সাধনার বিস্তৃত কর্ম্মক্ষেত্র গড়িয়া তুলিব।

আমি কোনদিন দাতার মুখাপেক্ষী হইয়া থাকিতে পারি নাই। প্রথম কারণ—এই বিষয়ে ধৈর্য্য সহায় হয় নাই। দ্বিতীয় কারণ—আমার এই প্রত্যয় বদ্ধমূল হইয়াছিল যে, কোন শুভকর্ম্মে দাতা যদি তদনুকূল মনোবৃত্তি-পরায়ণ না হইয়া অর্থদান করে, সেই অর্থে যে প্রতিষ্ঠান গড়িয়া উঠিবে, তাহা দাতার প্রতিকূল মনের বৈগুণ্যে শ্রেয়ঃ লাভ করিবে না। অলক্ষিত বিঘ্ন ও অন্তরায়ে প্রতিষ্ঠান কালে প্রাণহীন হইয়া পড়িবে। ইহা ব্যতীত আর একটী কারণে ঋণ করিয়া দেশকর্ম্মসাধনে উদ্বুদ্ধ হইয়াছিলাম। যে অর্থ দান-লভ্য, যে অর্থের হিসাব বা জবাবদিহি করিতে হয় না, সে অর্থব্যয়ে দায়িত্ব না থাকায়, উহাতে চরিত্র-বলের পরীক্ষা হয় না এবং ব্যয় করার বিচারবুদ্ধিও থাকে না; উহা একপ্রকার

বিলাসের ন্যায় নিরর্থক ক্ষয়প্রাপ্ত হয়। স্বদেশী যুগের পর বহু জাতীয় প্রতিষ্ঠানের এইরূপ অবস্থা হইয়াছে, স্বচক্ষে দেখিয়াছি।

১৯১৯ খৃষ্টাব্দে এই ঋণগ্রহণ সঙ্ঘের জীবনে যেমন একটী চিরস্মরণীয়া ঘটনা, সেইরূপ চন্দননগরের রাষ্ট্রক্ষেত্রে সঙ্ঘের অভিযানও চিরদিন স্মরণে থাকিবে। ১৯১৯ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে ফরাসী ভারতের রাষ্ট্রপ্রতিধি-নির্ব্বাচনের ফলই ভারতে ফরাসী সাম্রাজ্যের ভাগ্যনিয়ন্ত্রণের কারণ বলা যাইতে পারে। এই গুরুত্বপূর্ণ নির্ব্বাচন-ব্যাপারে প্রবর্ত্তক সঙ্ঘ প্রত্যক্ষভাবে নিজেদের নিয়োজিত করিয়াছিল।

চন্দননগরের জনসমাজে আমরা বৃটিশরাজের সংশয়ভাজন বলিয়া ঠাঁই পাইতাম না। দেশহিতৈষীদের মধ্যে আমাদের প্রতি শ্রদ্ধা থাকিলেও, পুলিসের ভয়ে তাহা প্রকাশ করিতে তাঁহারা ভয় পাইতেন। এমন হইয়াছে যে, আমাদের পল্লীতে এক বৎসর চড়কের উৎসবে পুলিসের ভয়েই জন-সমাগম হয় নাই; উৎসবকর্ত্তৃপক্ষগণ ইহার জন্য আমাদের প্রতি কটু বাক্য প্রয়োগ করিয়াছিলেন। কিন্তু বাংলার নব যুগ-সূর্য্যের অরুণরাগে আমাদের ললাট উজ্জ্বল হইয়া উঠিয়াছিল। নূতন কর্ম্মপ্রবাহ-সৃজনের জন্য হিসাবের অঙ্ক না কষিয়াই যেমন ঋণ করিতে বাধে নাই, সেইরূপ জনপ্রতিনিধির পদে সঙ্ঘসভ্যদের প্রার্থী করিয়া নির্ব্বাচনে অবতরণ করিয়াছিলাম। ভগবান্ আমাদের এই দুই দিক্ই সাফল্যমণ্ডিত করিয়াছিলেন। ঋণলাভও সম্পূর্ণ হইয়াছিল; আর "প্রবর্ত্তকের" আমার ছদ্মবেশী সম্পাদক শ্রীযুক্ত মণীন্দ্রনাথ নায়েক এবং পরোলোকগত স্বামী চিদানন্দ ওরফে নির্ম্মলচন্দ্র বক্সী একজন কঁসেইএ-জেনারেল ও অন্য জন লোকাল-কাউন্সিলের সভ্যপদে বহু সংখ্যক ভোটাধিক্যে নির্ব্বাচিত হন।

নির্ব্বাচনে জয় হইল। ঋনকৃত অর্থও শূন্য থলি পূর্ণ করিল; কর্ম্মের দায়িত্ব অতিমাত্রায় বাড়িল। দিবারাত্রি শ্রমের অপেক্ষা চিন্তাস্রোতে অধিক মাত্রায় হাবুডুবু খাইতে লাগিলাম।

শ্রীঅরবিন্দের ভাষায়, এই সময়ে আমি বোধ হয় রাজস-অহঙ্কার হইতে সাত্ত্বিক অহঙ্কারের কোঠায় পা ফেলিয়াছি। কর্ম্মপ্রেরণায় অন্তর-বাহির

উদ্বুদ্ধ সৃষ্টিশক্তির অফুরন্ত স্বপ্নানুভব প্রাণের ক্ষেত্রে আমায় যেন মাতাল করিয়া রাখে। বাংলার নবযুগের আমিই যেন ভগীরথ, আমার হাতেই যেন ভগবান্ জাগরণের জয়-শঙ্খ তুলিয়া দিয়াছেন। শত বাধা-বিঘ্ন পদদলিত করিয়া, বুকে অগ্নিময়ীর আকাঙ্ক্ষা জ্বলিয়া উঠে। এরূপ না হইলে, দেশযজ্ঞ আরম্ভ করার জন্য নিজের উপর দায়িত্ব লইয়া ঋণ করার ভরসা হয় কেমন করিয়া? আমি জানি কোন মধ্যবিত্ত গৃহস্থ-পরিবার দুই-চারি হাজার টাকার ঋণভারে বিধ্বস্ত হইয়া যায়; আর আমি লক্ষমুদ্রা ঋণ করিলাম—শূন্য অধ্যাত্ম-হস্তে, দেশমাতৃকার সেবার জন্য! ঋণ পাইলামও। ইহা কর্ম্মফল অথবা শক্তির যোগাযোগ—সে বিচার কে করিবে!

বাহিরের জগতে যে ছন্দে দেশের সেবা চলিয়াছে, তাহার সহিত আমার প্রভেদ ও স্বাতন্ত্র্য "প্রবর্ত্তকের" পাতায়-পাতায় ঘোষিত হয়। দেশের মধ্যে প্রচলিত প্রাচীন যে সকল ধর্ম্মপ্রেরণা-প্রবাহ ছুটিয়াছে, সেইগুলির সহিতও আমার ধর্ম্মজীবনের ঐক্য আর খুঁজিয়া পাই না। দেশ-সেবায় সর্ব্বপ্রকার কর্ম্মের প্রতি অশ্রদ্ধা প্রদর্শন না করিয়াও যেমন স্বকর্ম্মসাধন করিয়া চলি, সেইরূপ দেশের সর্ব্বপ্রকার ধর্ম্মমতের প্রতি যথেষ্ট শ্রদ্ধা রাখিয়াই "প্রবর্ত্তকে" নূতন ধর্ম্মমত প্রচার করি। অবকাশহীন জীবন। কাহারও সহিত বিরোধ-বিসম্বাদ করার সময় নাই। সেরূপ কর্ম্মে শক্তিরও প্রেরণা নাই। ১৯২০ খৃষ্টাব্দে যোগশক্তির উপর সম্পূর্ণ বিশ্বাস রাখিয়া, নূতন অর্থনীতিক-ক্ষেত্র-গঠনই আমার লক্ষ্য। যোগপ্রতিষ্ঠ জীবনের ভিত্তির উপর একটী নবজাতির সৌধরচনাই আমার জীবন মন্ত্র। বাহিরের প্রচলিত ধর্ম্ম-কর্ম্ম আমার পথে বিশেষ অন্তরায় নয়; তাই এই ক্ষেত্রে কোন গুরুতর সংঘর্ষই আমায় স্পর্শ করে নাই।

অর্থ আমার ব্যক্তিগত দায়িত্বে সংগৃহীত হইল। কিন্তু ইহা বণ্টিত হইল যে প্রকারে, তাহা যেমন বিচিত্র, তেমনই অভিনব। অর্থ ঋণকৃত হউক অথবা উপার্জ্জিত হউক, সকল অর্থেরই মূল কুবেরের অফুরন্ত ভাণ্ডার, উহা প্রাপ্তির ছন্দঃ যেমনই হউক না, তাহা দায়িত্ব-বিচারের অধিকার আমার কি আছে? অর্থ আসিয়াছে এবং উহা পুনঃ প্রত্যর্পণ করার চুক্তিও ঋণদাতার সহিত

করা হইয়াছে। অর্থপ্রাপ্তির এই ভঙ্গী ঈশ্বরেচ্ছাপ্রসূত। আত্মসমর্পণযোগীর ইহা ব্যতীত অন্যরূপ চিন্তার অধিকার নাই। এই অর্থ যোগপ্রতিষ্ঠ জীবনের উপর দিয়া বহিলে, উহাতে গুণান্বিত হইয়া অর্থশক্তির বিপুল রূপও প্রকাশ পাইবে, উহা জাতিকেই প্রবুদ্ধ করিবে। ঋণগ্রহণ ও ঋণকৃত অর্থের ব্যবহারে আমি এই নীতিই আশ্রয় করিয়াছিলাম। ঋণগ্রহণ ও ঋণকৃত অর্থের বণ্টন, এই দুইয়ের মধ্যে কিন্তু আমি সামঞ্জস্য রাখিতে পারি নাই। অহঙ্কার থাকিতে পূর্ণাঙ্গ দিব্য কর্ম্ম যে সম্ভবপর হয় না, অর্থসাধনা করার পথে দুঃখের অভিজ্ঞতায় তাহা ভা'ল করিয়াই উপলব্ধি করিলাম। অহঙ্কার রাজসিক অথবা সাত্ত্বিক হউক, উভয় ক্ষেত্রেই অন্ধকার থাকিয়া যায়। অহঙ্কার হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইয়া কর্ম্মসৃষ্টি হয়, এ বিশ্বাস আমার নাই। কর্ম্মবাদী ভারত কর্ম্মের ভিতর দিয়াই অহঙ্কার-মুক্ত হওয়ার সাধনা করে; এই বিশ্বাসেই আমিও কর্ম্মে প্রবৃত্ত হইয়াছি। যাঁহারা ঋণ দিলেন, তাঁহাদের সে ঋণ পরিশোধ করার ভার আমার উপর। কিন্তু আমি যাহাদের হস্তে এই অর্থ ব্যবসাদির জন্য বণ্টন করিয়া দিলাম, তাহাদের উপর কোনও সর্ত্তের দায়িত্ব নির্ভর করি নাই; উৎকট আত্মবিশ্বাসেই এইরূপ দুঃসাহসিক কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলাম। আমার সহিত তাহাদের যোগ সিদ্ধ হইলে, আমার অগ্নিবিশ্বাস হয়তো তাহাদের কর্ম্মসিদ্ধি আনিত; কিন্তু এই সকল ক্ষেত্রে তাহা সম্ভবপর হয় নাই। অহঙ্কার আমার দৃষ্টি অন্ধ করিয়াছিল। আমি ইহার জন্য দুঃখ পাইয়াছি অনেক। তিন বৎসরের মধ্যেই ঋণকৃত সমস্ত অর্থ কোথায় অন্তর্হিত হইল, তাহার নিরাকরণ হইল না; অর্থনাশের সঙ্গে-সঙ্গে কর্ম্মীরাও একে-একে অন্তর্দ্ধান করিল। ঋণ রহিল, পরিশোধের উপায় রহিল না। সে দুঃখের কথা বলিয়া লাভ নাই। অহঙ্কার থাকিতে দেবকর্ম্মে যে দুঃখ, তাহা তনু-মনকেই ক্লিষ্ট করে; নিরহঙ্কার চৈতন্যে কর্ম্মের অভিব্যক্তি তপস্যা; উহাতে সত্তার আনন্দ আছে। কর্ম্মক্লান্ত তনু-মন তাহাতে পুনঃ-পুনঃ অমৃতাভিষিক্ত হইয়া সঞ্জীবিত হয়। কিন্তু এই পথে দুঃখ-ক্লেশের সাধন আমার জীবনে অপরিহার্য্য হইয়াছিল।

সঙ্ঘের ইতিহাসে আমার এই ঋণপর্ব্বের গুরুত্ব কম নহে ; কেন-না, পরবর্ত্তী যুগে ঋণপরিশোধের কর্ত্তব্যবুদ্ধিই সঙ্ঘসভ্যদের অক্লান্ত কর্ম্মে নিযুক্ত করিয়াছে। ঋণ আমার ; যাহারা পিতামাতা, আত্মীয়-স্বজন পরিত্যাগ করিয়া ভাগবৎ-ধর্ম্মে, ঈশ্বরকর্ম্মে দীক্ষা লইতে আসিয়াছিল, তাহাদের মধ্যে যাহারা এই দায়ভার বহিল না, তাহারা আমার কেহ নহে। আর যাহারা আমার কর্ত্তব্যবোধ নিজেদের বলিয়া এই বোঝা সমবেত-ভাবে মাথায় চাপাইয়া লইল, তাহাদের সহিত বস্তুগত একাত্মানুভূতির উপরই সঙ্ঘ অটলপ্রতিষ্ঠ হইল। এ সকল কথা এখন থাক।

চন্দননগরের রাষ্ট্রীয় নির্ব্বাচনে জয়ী হইলাম ; কিন্তু রাজবন্দী মণীন্দ্রনাথ প্রজাপ্রতিনিধিরূপে পণ্ডিচারী কাউন্সিলে যোগ দিবে কি প্রকারে, ইহাও একটী সমস্যায় পরিণত হইল। ভোটদাতৃগণ আমরা কি করি, ইহাই দেখার জন্য উদ্‌গ্রীব হইয়া উঠিলেন। কেহ মনে করিলেন—প্রবর্ত্তক সঙ্ঘ যখন প্রতিনিধি-পদে সভ্য নিয়োগ করিয়াছে, তখন কর্ত্তব্যের অপলাপ হইবে না। ইংরাজ-গভর্ণমেণ্ট মণীন্দ্রনাথ বাহির হইলে কি করিবেন, তাঁহাদের মধ্যে তাহারই আন্দোলন চলিতে লাগিল। কেহ ভাবিলেন—প্রতিনিধিপদে মণীন্দ্রনাথকে নির্ব্বাচিত করিয়া ভোটদাতৃগণ নির্ব্বুদ্ধিতার পরিচয় দিয়াছেন। মণীন্দ্রনাথ কাউন্সিলে যোগ দিবার পূর্ব্বেই বৃটিশ পুলিস তাঁহাকে ধৃত করিবে অথবা মণীন্দ্রনাথ আদৌ বাহির হইবেন না।

সহরে এইরূপ আলোচনা-আন্দোলন যখন চলিয়াছে, তখন আমি শ্রীঅরবিন্দের নিকট হইতে পত্র পাইয়া আশ্বস্ত হইলাম। মণীন্দ্রনাথকে ভোটযুদ্ধে নামাইয়া, আমি শ্রীঅরবিন্দের পরামর্শ চাহিয়াছিলাম। উত্তর তিনি জানাইলেন—চন্দননগরের এড্‌মিনিষ্ট্রেটারের নিকট হইতে নিরাপত্তার পত্র লইয়া বাহির হইলে, ফরাসী গভর্ণমেণ্টের কাজে প্রজাপ্রতিনিধিরূপে মণীন্দ্রনাথ কোন বাধাই পাইবেন না। আমিও দুর্ভাবনামুক্ত হইলাম।

২৩শে ডিসেম্বর, ১৯১৯ রাজাদেশ প্রচারিত হইলেও, উহা কার্য্যে পরিণত হইতে অনেক বিলম্ব হইয়াছিল এবং এক কালে সকল রাজবন্দী মুক্তি পান

নাই। পণ্ডিচারী হইতে আমার প্রিয়বন্ধু বিজয়কৃষ্ণ নাগ যুদ্ধারম্ভে বাহির হওয়ায়, ভারতরক্ষার আইনে বন্দী হন। তিনি তখনও মুক্তি পান নাই। কিন্তু মণীন্দ্রনাথের পণ্ডিচারী যাওয়ার দিন স্থির হইলে, তাহার পূর্ব্বদিন স্থানীয় বৃটিশ গোয়েন্দাবিভাগের ভারপ্রাপ্ত একজন কর্ম্মচারী আসিয়া আমায় জানাইলেন—রাজানুগ্রহে আমার সহিত সকল সঙ্ঘসভ্যই চন্দননগরের বাহিরে যাওয়ার অনুমতি পাইয়াছে। হঠাৎ মুক্তির সংবাদে মনে-মনে আনন্দ কম হইল না। ঈশ্বরেচ্ছার পূর্ব্বাভাস পাইয়াছিলাম ভাবিয়া আত্মসাধনার প্রতি শ্রদ্ধার মাত্রা বাড়িল। ঋণসংগ্রহ ও ফরাসী রাষ্ট্রক্ষেত্রে প্রতিনিধিনির্ব্বাচনে যোগদান মুক্তিসংবাদ পাওয়ার পূর্ব্বেই অনুষ্ঠিত হইয়াছিল। এক্ষণে এই সংবাদ ঈশ্বরের দান বলিয়াই গ্রহণ করিলাম। আমরা মুক্তি পাইলাম। এই সঙ্গে আর একজনের মুক্তিকামনা আমায় অতিষ্ঠ করিয়া তুলিল। ১৯১৫ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে স্বদেশীযুগের এক সহতীর্থ শ্রীশচন্দ্র ঘোষ বাংলাদেশে ভারতরক্ষা আইনে সর্ব্বপ্রথম বন্দী হন। স্থানীয় পুলিসকর্ম্মচারীকে আমি ইঁহার কথা জানাইলাম। তিনি হাসিয়া বলিলেন "আপনি শ্রীশবাবুরও মুক্তি চান?" এই সময়ে আরও অনেকের কথাই আমার মনে পড়িল। তাঁহারা রাজবন্দী নহেন। দেশসেবার দায়ে গৃহ-সংসার হইতে বিদায় লইয়া, আত্ম-গোপন করিয়া বন্য পশুর ন্যায় আশ্রয়হীন, তাঁহাদেরও মুক্তিপ্রার্থী আমি। কিন্তু সেই কর্ম্মচারীকে কিছু বলিলাম না। ২০শে ফেব্রুয়ারী সন্ধ্যার সময়ে শ্রীশচন্দ্র মুক্তিলাভ করিয়া শনিবার প্রাতঃকালে আমাদের নিকট উপস্থিত হইলেন। দীর্ঘ ৫ বৎসর পর তাঁহার মুক্তি। তিনি বন্দী অবস্থাতেই মুমূর্ষু মাতাকে দেখার দুই ঘণ্টা মাত্র সময় পাইয়াছিলেন; তারপর প্রজ্জ্বলিত-চুল্লীর উপর শ্মশানে মাতৃদর্শন করিয়া শ্রীশচন্দ্রের চঞ্চলচিত্ত হওয়া কিছু অস্বাভাবিক নহে। সোমবার সন্ধ্যার সময়ে তাঁহার মস্তিষ্কবিকৃতির লক্ষণ দেখা গেল। মঙ্গলবার আমরা তাঁহার ক্ষিপ্ত-মূর্ত্তি দেখিলাম। শ্রীশচন্দ্রের কথা সঙ্ঘের ইতিহাসে চিরস্মরণীয় হইয়া থাকিবে। শ্রীশচন্দ্র পরে সুস্থ হইয়া সঙ্ঘপ্রতিষ্ঠায় সর্ব্বপ্রথম আয়োজনে আত্মনিয়োগ করেন। ১৯২০ খৃষ্টাব্দের ফেব্রুয়ারী মাস হইতেই

আমার ছাত্র-বন্ধুরা একে-একে গৃহত্যাগ করিয়া আমার ক্ষুদ্র সংসারভুক্ত হয়। এই সকল কথার এখানে সামান্য উল্লেখ করিয়া রাখিলাম মাত্র।

সঙ্ঘরচনার আদিপর্ব্বে অন্তরবিপ্লবের সহিত বাহিরেও একটা বৈপ্লবিক পরিবর্ত্তন সৃষ্টি হইয়াছিল। অরুণচন্দ্র বিধবার সর্ব্বজ্যেষ্ঠ সন্তান। জননীর সমস্ত ভবিষ্যতের আশা নির্ম্মূল করিয়া সে সঙ্ঘের ভিত্তিরচনায় আত্মদান করিল। সমাজে প্রলয়-ঝড় উঠিল, আমার মাথার উপর দিয়াই সে ভীম ঝটিকাবর্ত্ত বহিয়া গেল। নলিনচন্দ্র পিতৃমাতৃহীন, মাতামহীর নয়নমণি—সেও অতীতের সম্বন্ধ ঘুচাইয়া সঙ্ঘে আত্মদান করিল। নির্ম্মলচন্দ্র বৃদ্ধ পিতামাতার একমাত্র অবলম্বন, সেও সঙ্ঘমন্ত্রে দীক্ষা লইয়া পূর্ব্বগোত্র পরিত্যাগ করিল। একে-একে এমনই স্থানীয় পল্লীসমাজের বরণীয় সন্তানগণ সঙ্ঘের কাছে আত্মনিবেদন করিয়া, অতীতকে বিসর্জ্জন দিল। বিপ্লবী হওয়ায় সমাজপুরুষেরা এতদিন পুলিসের ভয়েই আমায় দূরে রাখিয়াছিলেন, উপরোক্ত ঘটনায় সমাজজীবনে হাহাকার উঠিল। অসংখ্য পিতামাতার কঠোর অভিশাপে ও কটু তিরস্কারে আমি জর্জ্জরীভূত হইলাম। কিন্তু চিত্ত বিচলিত হইল না; ঈশ্বরেচ্ছাই সঙ্ঘকেন্দ্র রচনা করিতেছিল আমায় কেন্দ্র করিয়া। আমি নিঃশঙ্ক ও নিরুদ্বেগে স্বকার্য্যসাধনে অধিক মাত্রায় উদ্বুদ্ধ হইলাম।

এই অবস্থায় জীবনসঙ্গিনীর সংবাদ রাখিবে কে? যে প্রাণ অগ্নিবেগে কোন এক বিশেষ লক্ষ্যে ধাবিত হইতেছে, তাহার আর কোন দিকে লক্ষ্য থাকে কি? জীবনসঙ্গিনী লিখিতে বসিয়া সংক্ষেপে আত্মচরিতই লিখিতেছি। পাঠকদের এইরূপ মনে হওয়া বিচিত্র নহে যে, এই সন্দর্ভের নাম জীবনসঙ্গিনী না দিলেই ভাল হইত। কথাটা এক দিক্ দিয়া খুবই সত্য। কিন্তু ইহার একটা অন্য দিক্ও আছে; তাহা হইতেছে আমার জীবন-প্রবাহ ছুটিয়াছে যে ছন্দে, তাহারই রূপ ফুটাইতে তুলি চলিয়াছে রঙে-রেখায়। ভাবি—এই সঙ্গেই কি সহকারিণী শক্তি অলক্ষ্যে আমার সহিত সংযুক্তা নহেন? বাহিরের অসংখ্য প্রকার কর্ম্মে অবসন্নচিত্তে ম্লান মুখে যখনই ঘরের দিকে চাহিয়াছি, উৎফুল্ল নয়নের সুধাধারায় সকল অবসাদ যে দূর হইয়া গিয়াছে, তাহা কি

গৃহলক্ষ্মীর অপার্থিব প্রেমের মহিমায় নয়? যখন চতুর্দ্দিক্ হইতে অভিশাপ, তিরস্কার, নিন্দা, অখ্যাতি কর্ণ বধির করিয়াছে, কঠোর কর্ম্মক্ষেত্র হইতে অপসৃত হওয়ার দৌর্ব্বল্যে হৃদয় নিপীড়িত হইয়াছে, তখন কে সেই ক্লিষ্ট চিত্তে, ভগ্ন হৃদয়ে আশা ও উৎসাহের বাণী দিয়া পুনঃ-পুনঃ অমৃত সিঞ্চন করিয়াছে? কুললক্ষ্মীর জীবনকাহিনী বিচিত্র ঘটনাবহুলা নহে। সে একটানা ফল্গু-প্রবাহ বন্ধুর অনুর্ব্বর পুরুষ-হৃদয়ের তলে-তলে বহিয়া পতিকে সাহস দিয়াছে, সঞ্জীবিত রাখিয়াছে—তাই আত্মজীবন-রঙ্গের বিচিত্র ঘটনারাজীর মধ্যেই গৃহলক্ষ্মীর মহিম্নস্তুতি মীড়ে-মীড়ে ঝঙ্কার দিয়া চলে। হিন্দুর স্বামী-স্ত্রী—একজন কায়া আর একজন তার অনুসরণ করে ছায়ার ন্যায়। কায়া বিগ্রহ, এই চিরসঙ্গিনীর নিত্য আশ্রয়। তাই জীবনের ঘটনা ব্যক্ত করিতে গিয়া প্রতি মুহূর্ত্তে জীবনসঙ্গিনীর সুধাময় স্পর্শ অনুভূত হয়। তাঁহাকে বাদ দিয়া কোন কর্ম্মই সুসিদ্ধ হয় নাই। যেখানে তিনি অবজ্ঞাতা হইয়াছেন, সেই-খানেই পরাজয়ের আশঙ্কায় চিত্ত অভিভূত হইয়াছে। যে কর্ম্মে তাঁর সমর্থন সম্মতি-সূচক হাসির রেখায় ওষ্ঠপুটে বিকশিত হইয়াছে, সেইখানেই জয়ের পরাজয় আমায় প্রাণ দিয়াছে, গতি দিয়াছে। সহস্র কর্ম্মের মধ্যে শ্বাসপ্রশ্বাসের ন্যায় তিনি আমার সঙ্গেই থাকিতেন। মুখে কথা নাই, দেহের আসঙ্গ নাই; হাস্য-পরিহাস কিছুই নাই। আমি যেন দিগ্বিজয়ে বাহির হইতে চাই—তিনি বীর-সজ্জায় যেখানে যেমনটী হইলে মানায়, অবহিতা হইয়া তেমন করিয়াই আমায় সাজাইয়া দিতেছেন। কঠোর কর্ম্মক্ষেত্রে ধূলি-কাদা মাখিয়া আমি যত বার অপরিচ্ছন্ন হইয়া যাই, তত বার তাঁর স্নেহশীতল করস্পর্শে আবার শুচিশুভ্র রূপ পরিগ্রহ করি। তাঁর পাবনী মূর্ত্তি আমার জীবন-ঘটনার সঙ্গে-সঙ্গে চলিয়াছে অলক্ষ্যে। তিনি তো নিজে কোথাও ব্যক্ত হইতে চাহেন নাই। তিনি সতত প্রকাশ হইতে চাহিয়াছেন আমাতে। আমি সরল, ঋজু, পুষ্পপত্রহীন, রুক্ষ শালতরু; তিনি পত্রপুষ্প ভারাবনতা বল্লরী। পতির জীবন লইয়া সতীর মহিম্নস্তুতি যদি কোথাও অনাহত রাগিণী তুলিয়া থাকে, সে আমার গৃহদেবীর চরিত্রেই সুস্পষ্ট দেখিয়াছি। তিনি শুধু আমার

সেবায় অক্লান্তহস্তা হন নাই, আমার কর্ম্মকে, আমার সংহতিকে আমার চেয়ে তিনিই বড় করিয়া দেখিয়াছিলেন। তাই এত কর্ম্ম করিয়াছি, ক্লান্তি অনুভব করি নাই। আত্মবিধৃত, অপার্থিব সংহতি-চক্রের সৃষ্টি হইয়াছে—কত বাধা, কত বিঘ্ন, কিন্তু নৈরাশ্যে ভাঙ্গিয়া পড়ি নাই। তাহার জন্য দায়ী ছিলেন গৃহদেবীই। পুরুষ কর্ম্ম। নারী শক্তি। পতি-পত্নীর এই সম্বন্ধ আমার প্রত্যক্ষ বলিয়াই আত্মকাহিনীর মধ্যেই তাঁর অনিন্দ্য চরিত্র বিকশিত হইতেছে, এই আমার ধারণা।

১৯২০ খৃষ্টাব্দের পর হইতে মিলনের এই দৃঢ় গ্রন্থি যেন শিথিল হইয়া পড়িল। পণ্ডিচারীর প্রেরণায় চলার গর্ব্বও সঙ্গে-সঙ্গে মলিন-মূর্ত্তি ধরিল।

আত্মশক্তিকে উপলব্ধি করার ব্যথা কি নিষ্করুণ, তাহা আমার মত অন্যে বুঝিবে কি না, সন্দেহ। শক্তির আরোপে যে সম্পৎ-সৃষ্টি, আত্মপরীক্ষার অগ্নিক্ষেত্রে তাহা যে কিরূপ ভগ্নস্তূপে পরিণত হয়, তাহা আমি প্রত্যক্ষ করিয়াছি। এই দুর্দ্দিনে চির অবজ্ঞাতাকে অশ্রু-অর্ঘ্যে বরণ করিয়া সান্ত্বনা পাইতে-না-পাইতে যে অধিকতর কঠোর সত্যের সম্মুখীন হইতে হইয়াছে, সেই অতি করুণ আখ্যানের সূচনাসঙ্গীত গাহিয়া রাখিব।

মণীন্দ্রনাথ ও নির্ম্মলচন্দ্র সদলবলে পণ্ডিচারী হইতে প্রত্যাবর্ত্তন করিল। শ্রীঅরবিন্দের অনুরাগে তাহারা নূতন রূপ লইয়া দেখা দিল। আনন্দের অবধি রহিল না। পৃথিবীতে যেন আর কিছু নাই; শুধু অরবিন্দ আর আমি। যাহা কিছু করি, যাহা কিছু হয়—শ্রীঅরবিন্দ ছাড়া নয়। শ্রীঅরবিন্দের বাণী আমার জীবন-বাণী। তাঁর কথিত বা অকথিত প্রেরণাই আমার জীবনী-শক্তি, আমার জীবন-গতি। তিনি যাহা বলেন, মৃত্যুপণে তাহা করি। কোথাও ইতস্ততঃ করি না। তিনি যাহা বলেন না, তাহাও তাঁহার অলক্ষ্য ইঙ্গিত বলিয়া ধরিয়া লইয়া সম্পূর্ণ করিয়া চলি। ১৯১০ হইতে ১৯২০ খৃষ্টাব্দ পর্য্যন্ত কোনদিন তাঁহার মুখে কোনরূপ বিপরীত মত শুনি নাই। মণীন্দ্রনাথ ও নির্ম্মলচন্দ্রের মুখেও শ্রীঅরবিন্দের উপদেশ-বাণী শুনিলাম। প্রাণ আরও উৎসাহে ও পুলকে গুণান্বিত হইয়া উঠিল। ঠিক এই সময়ে বাংলার বড়

সাধের দুলালেরা আন্দামান হইতে ঘরে ফিরিল। সেই আলিপুর বোমার মামলার বারীন্দ্রকুমার, উপেন্দ্রনাথ, অবিনাশ, উল্লাসকুমার প্রভৃতি ঘরে ফিরিয়াছেন, সংবাদ পাইলাম। আমাদের মধ্যাহ্নভোজনের সময়ে এই সুসংবাদ আসিয়া পৌছিয়াছিল। মনে হইল—পাখী হইয়া উড়িয়া যাই, বারীন্দ্রকুমারকে লইয়া আসি। আমার যাহা কিছু, সবই শ্রীঅরবিন্দের। বারীন্দ্রকুমার শ্রীঅরবিন্দের অনুজ। তাঁহার স্থান আর কোথায় হইবে? এমনই ছিল আমার অন্তরের আকৃতি। পৃথিবী যে বৈচিত্র্যের লীলাক্ষেত্র, শ্রীঅরবিন্দের অভিভবে সে জ্ঞান হারাইয়াছিলাম। অন্তরে-বাহিরে শ্রীঅরবিন্দের সহিত অচ্ছেদ্য সম্বন্ধ, তাঁহার যেখানে যাহা কিছু আছে, তাহা আমারই—এমনই প্রত্যয় বুকে জাঁকিয়া বসিয়াছিল। বারীন্দ্রকুমারের সহিত যুক্তির আকাঙ্ক্ষায় আকুল হইলাম।

দুইজনে সাক্ষাৎকার হইল। প্রথম শিষ্টাচার, 'আপনি, আজ্ঞে'; তারপর দুই-ভায়ের সম্বন্ধ; 'তোমাকে, আমাকে' সম্বোধনে আপ্যায়িত হইলাম। উপেনদাদাও জানাইলেন "দাদা, প্রাণে এমনই করিয়া গাঁথিয়া গিয়াছ, নূতন করিয়া কিছু করার নাই। প্রাণে সর্ব্বদা আছ, এ কথা বিশ্বাস করিও" ইত্যাদি। একটা নূতন প্রীতি-জগৎ সম্মুখে ফুটিয়া উঠিল। বৃহৎ কর্ম্মসাধনের জন্য প্রস্তুত হইতে লাগিলাম। শ্রীঅরবিন্দের আপনার বলিতে যাঁহারা, তাঁহাদের সকলকে বুকে টানিয়া এক করার আনন্দে হৃদয় উদ্বুদ্ধ হইল। কিন্তু কর্ম্মক্ষেত্রে যে জটিল, সেই জটিলই রহিয়া গেল। কর্ম্মভেদ দেখা দিল, সাধ মিটিল না। নিরাশ হইলাম। শ্রীঅরবিন্দের নিকট অভিযোগ তুলিলাম—বারীন্দ্রের আগমনের পর শ্রীঅরবিন্দকে কেন্দ্র করিয়া বাংলায় যে বৃহৎ কর্ম্মচক্র-রচনার স্বপ্ন আমার ছিল, পরস্পর বিপরীত প্রেরণাসংঘর্ষে তাহা আর সম্ভবপর হইল না। বারীনদাদার মনেও এইরূপ সংশয় যে না হইয়াছিল, এমন নহে। এই নূতন পরিস্থিতির মধ্যে সামঞ্জস্য-রক্ষার জন্য শ্রীঅরবিন্দও পথের সন্ধান করিতেছিলেন। বারীনের নিকট তাঁহার দীর্ঘ পত্র তাহার প্রমাণ। তিনি আমাকেও ঐ সময়ে এক দীর্ঘ পত্র লিখিয়াছিলেন। ১৯১০

খৃষ্টাব্দে হইতে ১৯২০ খৃষ্টাব্দ পর্য্যন্ত শ্রীঅরবিন্দের কর্ম্মপ্রেরণা যে ভাবে বহিতেছিল, তাহা অকস্মাৎ কোথা হইতে যেন বাধা প্রাপ্ত হইল। আমি একটু বিচলিত হইয়াছিলাম। বারীন পণ্ডিচারী হইতে পুনঃ প্রত্যাবর্ত্তন করিলেন। তিনি 'নারায়ণে'র ভার লইলেন—নূতন কর্ম্মকেন্দ্র-সৃজনে উদ্বুদ্ধ হইলেন। আমারও ডাক আসিল। চন্দননগরে এই সুদীর্ঘ কাল ধরিয়া যে সৃষ্টি হইয়াছিল, তাহার সম্মুখে একটী দাঁড়ি টানিয়া আমি পণ্ডিচারীর দিকে ছুটিলাম। সেদিনের বিদায়-দৃশ্য আমার চিরস্মরণীয় থাকিবে। অকস্মাৎ আমার সঙ্গবর্জিত হইয়া গৃহদেবীর সেই মলিন বিষাদ-মূর্ত্তি আজিও হৃদয়ে আঁকিয়া আছে। এই যুগ-সন্ধিক্ষণের করুণ-কাহিনীচিত্র আবার অঙ্কন করিব।

শ্রীঅরবিন্দ কিছু ইতস্ততঃ করিয়া এবার আমায় ডাক দিলেন। তাঁর জীবনের পট-পরিবর্ত্তন আসন্ন হইয়া উঠিয়াছিল। তিনি লিখিলেন: "I had thought to delay it (your visit) for a short time, until I saw my way more clearly on certain important matters, but I now believe that is not necessary and it will be as well for you to come as soon as it may be." অর্থাৎ "আমি ভাবিয়াছিলাম কয়েকটী অবশ্য প্রয়োজনীয় বিষয়ের স্পষ্টতা না দেখা পর্য্যন্ত তোমার আসায় কিছু বিলম্ব করিতে হইবে। কিন্তু এখন আমার বিশ্বাস যে, তাহার প্রয়োজন নাই; তোমার সুযোগ মত যত শীঘ্র আসিতে পার।" সেদিন এই আহ্বানের পূর্ব্বে যেটুকু ইতস্ততঃ ভাব ছিল, তাহার স্থূল কারণ আমরা উভয়েই জানিতাম। কিন্তু তাহাও ছিল আপাতঃ উপলক্ষ্য। মুখ্য কারণ উভয়ের অজ্ঞাতেই এক দিন প্রকাশিত হইয়া পড়িয়াছিল। জীবনের এই অধ্যায়টী আমারও কাছে বড় করুণ ও মর্ম্মস্পর্শী। উহার প্রকাশে ভাষা আড়ষ্ট হয়, মনের জড়তা ছাড়াইয়া উঠিতে পারি না। কিন্তু তবুও যথাসম্ভব উহা আমায়

বলিতে হইবে ; জীবনের এই করুণ ইতিহাস একেবারে অলিখিত থাকিলে, শ্রীঅরবিন্দের সহিত আমার বিযুক্তির কারণটাকে ভবিষ্যৎ, হয়তো কল্পনার অনুরঞ্জনে বিকৃত মসীময় করিয়া তুলিবে। ইহাতে সত্য ক্ষুণ্ণই হইবে।

শ্রীঅরবিন্দ তাঁর জীবনপরিবর্ত্তনের অতি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে আমায় ডাকিয়াছিলেন। তাঁর অন্তর্জ্জগতে শক্তির তরঙ্গ সেদিন উছলিয়া উঠিতেছিল। বাংলায় বারীন্দ্রকুমার প্রভৃতি দেশকর্ম্মিগণের মুক্তি ও ইউরোপের মহাসংগ্রাম শেষ হওয়ায়, দেশের পরিস্থিতি অতি দ্রুত পরিবর্ত্তিত হইতেছিল। বিশেষ করিয়া এই সময়ে শ্রীঅরবিন্দের কর্ম্ম-সঙ্কেতও যেন একটু ভিন্নমুখী হইয়া পড়িতেছিল। তিনি তাই স্পষ্টতার জন্য আমাকে এক দীর্ঘ পত্র দিয়াছিলেন। এই অপ্রকাশিত পত্রখানিতে কাজের নির্দ্দেশের যে সিদ্ধ-নীতি প্রকাশ পাইয়াছিল, তাহা তাঁহার মনীষারই পরিচয়। বারীন্দ্রকুমার প্রভৃতির কর্ম্ম-প্রচেষ্টার সহিত আমার কর্ম্মের ভেদ প্রদর্শন করিয়া যাহাতে আমি আত্মস্বাতন্ত্র্য অক্ষুণ্ণ রাখিয়া চলি, তাহার স্পষ্ট নির্দ্দেশ ইহাতে তিনি দিয়াছিলেন। সেই কর্ম্মনীতি আজও আমার অক্ষুণ্ণ আছে। তিনি দেশের প্রচলিত নানা কর্ম্মধারা ও বারীন্দ্রকুমারের কর্ম্মপ্রচেষ্টা প্রভৃতির বিশদ ব্যাখ্যার পর আমায় লিখিয়াছিলেন : "Our whole principle is different and you have to insist on our principle in all that you say or do. Moreover, you have got a clear form for your work in association and that form as well as the spirit you must maintain, any lossening of it or compromise would mean confusion and an impairing of the force that is working in your Samgha."

অর্থাৎ "আমাদের মূল তত্ত্ব অন্য হইতে পৃথক্। তুমি যাহা বলিবে এবং করিবে, তাহা এই মূল তত্ত্ব বলবৎ রাখিয়াই তোমায় করিতে হইবে। অধিকন্তু তুমি ইহার জন্য সত্যরূপ স্বচ্ছ বিগ্রহ পাইয়াছ, এই সংস্থা ও এই তত্ত্ব বজায় রাখিয়া চলিতে হইবে। ইহা কোনরূপে যদি শিথিল হয় অথবা কিছুর সহিত আপোষ করিতে হয়, গোলযোগ বাধিবে ও যে শক্তি তোমার সঙ্ঘে লীলায়িত হইতেছে, তাহার ক্ষুণ্ণতা ঘটিবে।"

তিনি চন্দননগর সঙ্ঘকে কতখানি আপন করিয়া দেখিতেন, আর দুই-এক ছত্র লেখা উদ্ধৃত করিয়া দেখাইব :

"The Samgha at Chandernagore is a thing that has grown up with my power behind and you at the centre and it has assumed a body and temperament, which is the result of this organisation."

"চন্দননগরের সঙ্ঘ তোমাকে কেন্দ্র করিয়া ও আমার শক্তিতে গড়িয়া উঠিয়াছে এবং এই সংহতির ফলে উহার একটী আকৃতি এবং প্রকৃতিও গড়িয়া উঠিয়াছে।"

তাঁহার এই দীর্ঘ পত্রখানির অধিক প্রকাশ করিয়া অতীতকে টানিয়া আনার প্রয়োজন নাই। তাঁহার দরদী হৃদয়ের অপার্থিব-স্পর্শানুভূতির যতটুকু প্রকাশ করিলে, আমার জীবনের এই অধ্যায়টী সুস্পষ্ট হইতে পারে, আমি ততটুকুই প্রকাশ করিলাম। তিনি কি উৎসাহে ও আনন্দে, কি আকুলতার সহিত আমায় যে আহ্বান দিয়াছিলেন, তাহা পত্রখানির ছত্রে-ছত্রে প্রকাশ পাইয়াছে। তিনি চন্দননগরের কর্ম্মব্যস্ততার ভার যথারীতি অন্যের উপর ন্যস্ত করিয়া দীর্ঘ দিনের জন্য আমায় ডাকিয়া পাঠাইলেন। তাঁহার পত্রের এই শেষ ছত্র দুইটী আমায় উন্মাদের ন্যায় ছুটাইল পণ্ডিচারীর পথে—"Meanwhile your visit may help to get things into preparatory line both in the motor-power and the outward determination."

"ইতিমধ্যে তোমার উপস্থিতি অন্তরের প্রেরণা-যন্ত্র এবং বাহিরের সঙ্কল্প-নিরূপণ বিষয়গুলিকে উভয় ক্ষেত্রেই সকল বিষয়কে প্রস্তুতির পথে আনিতে সাহায্য করিতে পারে।" এই সঙ্গে বারীন্দ্রকুমারও শ্রীঅরবিন্দের এক পত্র পাইয়াছিলেন। উহার যে অংশে আমার কথা ছিল, তিনি সেই ব্যক্তিগত প্রসঙ্গগুলি বাদ দিয়া "নারায়ণ" পত্রিকায় উহা প্রকাশ করিয়াছিলেন। এই পরিত্যক্ত অংশটুকু উপেনদা স্বহস্তে উদ্ধৃত করিয়া অতি আনন্দের সহিত আমার নিকট লইয়া আসিয়াছিলেন। আমি ইহার জন্য তাঁহার নিকট চিরকৃতজ্ঞ থাকিব। সেই অংশটুকু আমার খ্যাতিপত্র। উহা চিরদিন অপ্রকাশ

থাকিবে। আমি শুধু "প্রবর্ত্তকের" প্রশংসার অংশটুকুই গ্রহণ করিয়াছিলাম। শ্রীঅরবিন্দ "প্রবর্ত্তকের" পৃষ্ঠায় উহা প্রকাশের সম্মতি দিয়াছিলেন। ১৩২৭ সালের "প্রবর্ত্তকের" প্রচ্ছদপটে লেখা থাকিত "প্রবর্ত্তক আমাদেরই কাগজ। আমি স্বহস্তে লিখি বা না লিখি, আমারই through দিয়ে ভগবান্ মতিকে শক্তি দিয়ে লেখাচ্ছেন, spiritual হিসাবে আমারই লেখা।"

আমার সম্বন্ধে আন্দামান হইতে সদ্য প্রত্যাগত বারীন্দ্রকুমারের ধারণাগত প্রশ্নের উত্তরেই তিনি এই পত্র দিয়াছিলেন। উপেনদার নিকট হইতে প্রাপ্ত অনুলিপি-পত্রে আমার প্রতি শ্রীঅরবিন্দের যে প্রেমের পরিচয় ছিল, তাহা জগতের অজ্ঞাতে থাকাই শ্রেয়ঃ হইয়াছে। বাহিরের জগতে স্বাতন্ত্র্য সত্ত্বেও, অন্তরজগতের চিরন্তন ঐক্যের সাক্ষ্যরূপেই স্মৃতি-মন্দিরে চিরদিন অঙ্কিত থাকিবে। শক্তি-সাধকের ভাষায় সে প্রেমের অবদান—

"তুই দেখ আর আমি দেখি
অন্যে যেন নাহি দেখে।"

উক্ত পত্রে বারীনদাদাকে তিনি যাহা লিখিয়াছিলেন, তাহার এই কয়টি কথা সমগ্র বাঙ্গালী জাতিরই অনুধাবনীয়। ১৯২০ খৃষ্টাব্দের তাঁর সেই কথাগুলি বাঙ্গালী জীবনে সাধন করিতে পারিলে, দেশ নূতন-মূর্ত্তি ধরিত। যোগসিদ্ধির জন্য পণ্ডিচারীই তাঁহার নির্দ্দিষ্ট স্থল বলিয়া তিনি ধরিয়া লইয়াছিলেন। যোগের একাঙ্গ কর্ম্ম—উহার জন্য বঙ্গদেশ—ইহা শ্রীঅরবিন্দের কথা। শ্রীঅরবিন্দ ভারতের মায়াবাদকে প্রশ্রয় দেন নাই। অধ্যাত্মের সহিত জীবনের সামঞ্জস্য পুরাতন যোগে সম্ভবপর হয় নাই। জগৎকে মায়া ও অনিত্য-লীলা বলিয়া তাই এ জাতি উড়াইয়া দিবার চেষ্টা করিয়াছে। তিনি এই জন্যই ভারতের অবনতি ও জীবনীশক্তির হ্রাস হইয়াছে মনে করিতেন। ব্যক্তিগত-সিদ্ধি-সম্বন্ধে কটাক্ষ করিয়া তিনি লিখিলেন: "কয়েক জন সন্ন্যাসী ও বৈরাগী সাধু সিদ্ধ মুক্ত হয়ে যাবে, কয়েক জন ভক্ত প্রেমে, ভাবে, আনন্দে অধীর হয়ে নৃত্য করবে আর সমস্ত জাতি প্রাণহীন বুদ্ধিহীন হয়ে ঘোর তমোঘোরে ডুবে যাবে—এ কিরূপ অধ্যাত্মসিদ্ধি?" সেই পত্রে তাঁর নূতন সাধন সম্বন্ধেও

সুস্পষ্ট নির্দ্দেশ ছিল: "মনের ক্ষেত্রে খণ্ড-খণ্ড অনুভূতি পেয়ে মনকে অধ্যাত্মরসাপ্লুত, অধ্যাত্মের আলোকে আলোকিত করতে হবে। তারপরে উপরে উঠা।" এই উপর অর্থে তিনি বিজ্ঞানের কথাই বলিয়াছিলেন, "যেখানে আত্মা ও জগৎ, অধ্যাত্ম ও জীবন দ্বন্দ্বময় নয়।" এই অবস্থায় সাধক "জগৎকে আর মায়া বলিয়া দেখে না, জগৎ হয় ভগবানের সনাতন লীলা, আত্মার অভিব্যক্তি।"

সঙ্ঘ সম্বন্ধে বারীনদার হয়তো প্রশ্ন ছিল। তদুত্তরে সেদিন তিনি সঙ্ঘের যে সংজ্ঞা নিরূপণ করিয়াছিলেন, তাহা মন্ত্রাক্ষরেরই মত চিরদিন আমরা মনে রাখিব। তাঁরই কথা আবার উদ্ধৃত করিতেছি:

"আত্মপ্রতিষ্ঠ আত্মার ঐক্যমূর্ত্তিই সঙ্ঘ।" সংশয়ীর উত্তরও তিনি সঙ্গে-সঙ্গেই দিয়াছিলেন: "যাঁহারা বলিবেন—সঙ্ঘের দরকার কি? সব একাকার হবে, মুক্ত সর্ব্বঘটে থাকবে ইত্যাদি—সত্যের ইহা একটী দিক্ মাত্র। জগতের কারবার শুধু নিরাকার আত্মা নিয়ে নয়, জীবনকেও চালাতে হবে। মূর্ত্তি ভিন্ন জীবনের Effective গতি নাই। অরূপ মূর্ত্ত হয়। নাম-রূপ-গ্রহণ মায়ার খেয়াল নয়। রূপের নিতান্ত প্রয়োজন আছে, তাই রূপ-গ্রহণ।" শ্রীঅরবিন্দ আরও বলিয়াছেন, "আমরা জগতের কোন কাজই বাদ দিতে চাই না। রাজনীতি, বাণিজ্য, সমাজ, কাব্য, শিল্পকলা, সাহিত্য সবই থাকবে, দিতে হবে এই সকলের নূতন আকার, নূতন প্রাণ।"

কর্ম্মবাদী ভারতের ধর্ম্মকে তিনি এক বিন্দু ক্ষুণ্ণ করেন নাই। জাতির ব্যাধির দিকে তিনি অঙ্গুলী নির্দ্দেশ করিয়া বলিয়াছিলেন—"ভারতের দুর্ব্বলতার প্রধান কারণ পরাধীনতা নয়, দারিদ্র্য নয়, অধ্যাত্মবোধের বা ধর্ম্মের অভাব নয়, ভারতের চিন্তাশক্তি হ্রাস পাইয়াছে।" তিনি ইহার নাম দিয়াছিলেন "চিন্তা-ফোবিয়া।" তিনি আরও স্পষ্ট করিয়া বলিয়াছিলেন, "যে বেশী চিন্তা করে, অন্বেষণ করে, পরিশ্রম করে, সে বিশ্বের সত্য শিখে, তার শক্তি বাড়ে।" বাংলা দেশকে লক্ষ্য করিয়া তিনি বলিয়াছিলেন, "দুর্ব্বলতার চরম অবস্থা এইখানে; বাঙ্গালীর ক্ষিপ্রতা আছে, ভাবের capacity আছে, Intuition

আছে। কিন্তু চিন্তার গভীরতা নাই।" তিনি দুঃখ করিয়া বলিয়াছিলেন "বাঙ্গালী চায় চিন্তা না করে' জ্ঞান—পরিশ্রম না করে' ফল। বাঙ্গালী খেতে পায় না, পরবার কাপড় পায় না, চারিদিকে হাহাকার। ধন-দৌলত, ব্যবসা-বাণিজ্য, জমি-চাষ সবই পরের হাতে যায়। শক্তি-সাধনা বাঙ্গালী ছেড়েছে। সে প্রেমের সাধনা করে। যেখানে জ্ঞান নাই, শক্তি নাই, সেখানে প্রেম নাই।" তিনি গভীর বেদনাভরেই লিখিয়াছিলেন, "বঙ্গদেশে প্রেম কোথায়? ঝগড়া, মনোমালিন্য, ঈর্ষ্যা, ঘৃণা, দলাদলি, এ দেশে যত, এমন আর কোন দেশে নাই।" তিনি ইহার প্রতিকারের জন্য লাখ-লাখ শিষ্য চান নাই, আমিত্বশূন্য এক্‌শত পুরা মানুষ ভগবানের যন্ত্র চাহিয়াছিলেন এবং এখানেও কোন অহমিকা রাখেন নাই। তিনি বলিয়াছিলেন, "আমার স্পর্শে বা অপরের স্পর্শে কোথাও যদি সুপ্ত-দেবত্ব প্রকাশ হয়, মানুষ যদি ভাগবত জীবন লাভ করে, তাদের দ্বারাই দেশ উঠবে।"

এই অরবিন্দই বিগত ১২ বৎসর আমার ধ্যান-মূর্ত্তি ছিলেন। তাঁহার আহ্বানে ৭ বৎসরের গৃহবন্দী জীবন মুক্তি পাইয়া ছুটিল পিছনের সব টান ছিঁড়িয়া। ১৯১৩ খৃষ্টাব্দে ছদ্মবেশে রাষ্ট্রষড়যন্ত্র মাথায় লইয়া ছুটিয়াছিলাম রাজস-অহঙ্কারের বোঝা নামাইয়া আসিতে, আজ মুক্তির সন্ধানে উদ্বুদ্ধ প্রাণ ঊর্দ্ধশ্বাসে নূতন পথের সন্ধানে কর্ম্মক্ষেত্র ছাড়িয়া চলিল।

একবার আমার গৃহদেবীর প্রতি ফিরিয়া তাকাইলাম। গত বার অনির্দ্দিষ্ট কালের জন্য যাত্রাকালে তাঁর যে মূর্ত্তি দেখিয়াছি, আজ দেখিলাম অন্য রূপ। সে দিন ছিল সঙ্কল্পদৃঢ় ওষ্ঠপুট, সুদূর চিন্তাভারে কুঞ্চিত ললাট। আজ প্রসন্নময়ী হাসিমুখেই আমায় বিদায় দিলেন। আজ জয়গর্ব্বে লাবণ্যময়ী প্রতিমার ন্যায় তিনি আমার সম্মুখে দাঁড়াইলেন; আমি বলিলাম "আসি।" ঠিক এই সময়ে নির্ম্মল আকাশে অকস্মাৎ এক খণ্ড মেঘ ঘনাইয়া বর্ষণধারার ন্যায় তাঁহার চক্ষু ঝাপসা হইল। স্বামী-স্ত্রীর সম্পর্কের মধ্যে ছিল যে দৃষ্টিবিনিময়ের সুধা-সিঞ্চন, ছিল অক্লান্ত কর্ম্মপ্রেরণায় উভয়ের অন্তরযুক্তির যে সুবিমল আনন্দ, ছিল সব চেয়ে বড় আমার সেবায় দিবারাত্রি তাঁর তন্ময়তা; প্রাতঃকাল

হইতে শয়নকাল, শয়নে, ভোজনে, জীবনের প্রতি ঘটনায় তাঁর সচেতন সাড়া, অকস্মাৎ পড়িল সেই অপার্থিব যুক্ত জীবনস্রোতের মধ্যে বিচ্ছেদ-যবনিকার একটা সাময়িক আড়াল। এই অবস্থাটাকে তিনি অন্তরে-অন্তরে সামলাইয়া লইয়াছিলেন; কিন্তু তবুও দীর্ঘ বিচ্ছেদের আরম্ভ-মুহূর্ত্তটিতে তিনি অধীরা হইয়া পড়িলেন। তাঁর নয়নকোণে বেদনার অশ্রুবিন্দু দেখা দিল। কিন্তু আমায় এমন কত ব্যথার শিহরণ সহিয়া লক্ষ্যপথে আগাইতে হইবে। নীরবে তাঁহার বেদনার ভার হৃদয়ে লইয়া বিদায় হইলাম। তিনি প্রণতি জ্ঞাপন করিলেন। সতীর্থগণের সহিত উল্লাসে-আনন্দে ঘর ছাড়িয়া প্রাঙ্গণে, প্রাঙ্গণ ছাড়িয়া বহির্দ্বারে, তারপর তাঁর সজল চোখের কাতর চাহনী হৃদয়ে আঁকিয়া তীর্থ-যাত্রা করিলাম। ৭ বৎসর পরে, জ্যৈষ্ঠের নিদাঘদগ্ধ উদার ধরণীবিস্তারে দৃষ্টি পড়িল।

স্নায়ুগুলি সঙ্কীর্ণ স্থানে, পরিচিত জনের আবেষ্টনে যে ভাবে গড়িয়া উঠিয়াছিল, অকস্মাৎ তাহার অন্যথা হওয়ায়, আমার সর্ব্ব শরীর যেন ভাঙ্গিয়া পড়িতে লাগিল। লোহার রেলপথ সমান্তরালে দূরে-দূরে ছুটিয়া চলিয়াছে, জ্যৈষ্ঠের প্রখর রৌদ্র-কিরণে প্রচণ্ড অগ্নিশিখার ন্যায় যেন আমার নয়ন ঝলসিয়া দেয়। বিপুল ট্রেণটা যেন মনে হইল—একটা প্রকাণ্ড দৈত্যের মত আমাদের চূর্ণ-বিচূর্ণ করিবার জন্য ঊর্দ্ধশ্বাসে ছুটিয়া চলিয়াছে। হাওড়ায় আসিয়া এক প্রকার অপ্রকৃতিস্থ হইয়া পড়িলাম। এত লোক, এত কোলাহল আমার সহ্য হইল না। মনে-মনে হাসিলাম: অবস্থাবিশেষে ভাব এমনই হয় বটে। আমার বিবর্ণ মুখমণ্ডল দেখিয়া এক বন্ধু অবস্থাটা অনুমান করিয়াছিলেন। আমাকে বিশ্রামাগারে লইয়া গিয়া এই শারীরিক দৌর্ব্বল্যাপনোদনে তিনি সাহায্য করিলেন। একা চলিয়াছি। অতি আপন জনের দিবারাত্রির সাহচর্য্যপূর্ণ নিত্য কর্ম্মক্ষেত্রে ছাড়িয়া হৃদয় মন্দ-মন্দ মোচড় দিয়া উঠিতেছিল; এক বন্ধু শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত আমার সঙ্গী হইতে চাহিলেন, আমি অস্বীকার করিলাম। জানিতাম—স-মন দেহ-যন্ত্রটা আমার চির বিশ্বস্ত ভৃত্য, উহার এই সাময়িক দৌর্ব্বল্য শীঘ্রই দূর হইবে। হইলও তাহাই। ট্রেণ ছুটিয়াছে

উল্কাবেগে। দুই পাশে সারি-সারি বনভূমি, কৃষিক্ষেত্র—পাক খাইতে-খাইতে যেন পশ্চাৎ অপসারিত হইতেছে। গাড়ীর চাকার সুস্পষ্ট শব্দে যেন শুনিতেছি—অরবিন্দ, অরবিন্দ। আর সূর্য্যাস্তের রক্তকিরণে দিগন্ত রক্তরঞ্জিত হইয়াছে। সান্ধ্য-সমীরণে দেহভৃত্য অনাগত ভবিষ্যতের জন্য অনতি-বিলম্বেই প্রস্তুত হইয়া উঠিল। দীর্ঘদিন প্রচ্ছন্ন জীবনযাপনের ফলে জগৎটা আমার কাছে বড় ক্ষুদ্র হইয়া পড়িতেছিল ; পিঞ্জরাবদ্ধ পক্ষীর প্রথম মুক্তিপণ যেমন আড়ষ্টতাময় হয়, আমারও সেই অবস্থা হইয়াছিল। বাংলা ছাড়িয়া উড়িষ্যায়, উড়িষ্যা অতিক্রম করিয়া মাদ্রাজ বিভাগে গাড়ী আসিয়া উপনীত হইল। লোকের বিচিত্র আকৃতি-প্রকৃতির দিকে চিত্তের আকর্ষণ আর সঙ্গে-সঙ্গে শ্রীঅরবিন্দের সান্নিধ্যে ভবিষ্যৎ কর্ম্মতন্ত্র সুনির্দ্দিষ্ট করিয়া লওয়ার অনলাকাঙ্ক্ষায় আমার সবখানির পরিবর্ত্তন আনিল। শরীর-মন সবল ও সুস্থ হইয়া উঠিল। শ্রীঅরবিন্দ আমার হৃদয় ও চরিত্র ভালভাবেই জানিতেন। তিনি ছিলেন স্নেহের ক্ষেত্রে আমার পিতা, রঙ্গ-রহস্যে অকৃপণ-চিত্ত সুহৃৎ—পিতৃত্ব, মাতৃত্ব, প্রভুত্বের সহিত ঈশ্বরত্বের প্রতিষ্ঠাও এইখানেই স্থির হইয়াছিল। একদিকে কোমল করপল্লবের স্নেহপ্রলেপে আমার মানসজগৎ যেমন পূর্ত্তি পাইত, অন্যদিকে শ্রীঅরবিন্দের বরপ্রদ দক্ষিণ হস্তের সঙ্কেত আমায় অভিষিক্ত করিয়া দেবহিত আয়ুঃ দিতে প্রতীক্ষা করিত—পৃথিবীতে এত বড় সৌভাগ্য চিরস্থায়ী হয় না। মর্ত্ত্য অমৃতের সন্ধান দেয়, কিন্তু অমৃতের তপস্যাই বুঝি মর্ত্ত্য ধর্ম্ম। অপার্থিব সুধাহরণের কর্ম্মভূমি জগৎ। ভারত তার সুনির্দ্দিষ্ট ক্ষেত্র। পথ তাই ফুরায় না। আমারও অক্লান্ত-গতি।

মাদ্রাজ ষ্টেশনে নামিয়াই দেখিলাম—শ্রীঅরবিন্দের অনুগ্রহপ্রসাদ ধারণ করিয়া আমাদের বন্ধু, পণ্ডিচারীর জননায়ক মিঃ যোসেভ ডেভিড দণ্ডায়মান। চক্ষের অদৃশ্য অশ্রু-কৃতজ্ঞতায় নহে, অপার্থিব সম্বন্ধের অনুভূতিতে বিগলিত হইয়া যেন দুই কূল ভাসাইয়া দিতে চাহিল। শ্রীঅরবিন্দের অখণ্ড হৃদয়ানুরাগের পরিচয় এই প্রথম নহে। আমার তনু, মর্ম, প্রাণ লুটাইয়া

দিতে বাধিত না শুধু এইখানেই; ইহা কথা নহে, জীবনের ঘটনায় তাহা প্রমাণিত হইয়াছে বহু বার।

মাননীয় বন্ধুর আতিথ্যের প্রাচুর্য্যে আমি অস্থির হইয়াছিলাম। কৃতজ্ঞতার সহিত সব কিছুই গ্রহণ করিতে হইল, বন্ধু তবুও তৃপ্তি পাইলেন না; তাঁহার অবদান সর্ব্বতোভাবে গ্রহণের সামর্থ্য আমার ছিল না। যথাসময়ে বন্ধুর নিকট বিদায় লইলাম; পণ্ডিচারীতে উপনীত হইলাম। নয়নানন্দ নলিনীকান্তের সৌম্যশান্তদর্শন হৃদয়ে তৃপ্তি দিল; আর ছিল অকৃত্রিম সুহৃৎ অমৃত। অবাঙ্গালী মাদ্রাজী হইলেও, হৃদয়ের ভেদ এইখানেও ছিল না; আমরা সেদিন তখন সব এক হইয়া গিয়াছিলাম।

শ্রীঅরবিন্দের ভবনে উপস্থিত হইলাম। তাঁহাকে দেখিলাম। আমাদের চির-পরিচিত সেই জীর্ণ টেব্‌লখানির একপার্শ্বে ভাঙ্গা-চোরা চেয়ারখানিতে কোঁচার খোঁট গায়ে দিয়া তিনি বসিয়াছিলেন। দৃষ্টিবিনিময়ে দূরত্বের ব্যথা দূর হইল, হৃদয় পুলকনৃত্য জুড়িয়া দিল। তারপর দিন যায়, দিন আসে; কত কথা, কত হাসি—অপ্রত্যক্ষে অন্তরের শোধন-সাধন চলিতে লাগিল।

দেখিলাম—শ্রীঅরবিন্দের তনুখানি এবার আরও শীর্ণ হইয়াছে। তাঁহার বক্ষঃপঞ্জর বাহির হইয়া পড়িয়াছে। সেদিকে তাঁহার আদৌ ভ্রূক্ষেপ নাই। তিনি প্রাতঃকালে উঠিয়া দীর্ঘ বারান্দায় দুই-চারি বার পদচারণা করেন, তারপর সেই পুরাতন টেব্‌লখানির একপাশে বসিয়া সংবাদপত্র পাঠ করেন; সকলের ন্যায় তিনিও এক কাপ চা, দুই টুকরা রুটি চিবাইয়া প্রাতরাশ সমাপন করেন। মধ্যাহ্নে নীচে নামিয়া রুক্ষ স্নানসমাপনের পর, দেওয়ালে ঝুলান একটা ক্ষুদ্র ভাঙ্গা আয়নার সম্মুখে দাঁড়াইয়া, দাড়া-ভাঙ্গা চিরুণীতে মাথার লম্বা চুলগুলি একবার আঁচড়াইয়া লন; তারপর ভোজনের পালা। তিনি সকলের শেষে ভোজন করিতে আসিতেন; কাজেই চতুর্দ্দিকে ভুক্ত উচ্ছিষ্ট অন্নব্যঞ্জনের সহিত ভোজনপাত্রগুলি পড়িয়া থাকিত, আর তাঁর জন্য বাড়া-ভাতে অবাধে একরাশ মাছি ছাঁকিয়া বসিয়া থাকিত। তিনি বাঁ হাত নাড়িয়া, সেগুলিকে উড়াইয়া দিয়া, দুই-দশ গ্রাস অন্ন গলাধঃকরণ করিয়া উঠিয়া পড়িতেন।

অপরাহ্নে ভোজনের ব্যবস্থা কিছুই ছিল না। রাত্রেও মধ্যাহ্নের ন্যায় অন্নগ্রহণের ব্যবস্থা। দুঃখব্রতী শ্রীঅরবিন্দের দিন ১৯১০ খৃষ্টাব্দের জুলাই মাসেও এই ভাবেই কাটিয়াছে। তাঁহার সেবার অভাব হইয়াছে, ইহা বুঝিয়াও আমাদের কিছু করার ছিল না; তিনি যেন কোন এক মূর্ত্তিমতী শক্তির প্রতীক্ষা করিতেছিলেন। মাতা মৃণালিনীর মহাপ্রয়াণ হইয়াছে; তাঁহার হৃদয়ের সে মর্ম্মব্যথা বাহ্যতঃ বুঝিবার কোন উপায় ছিল না। ঈশ্বরের নির্দ্দেশের অপেক্ষায় তৃতীয়া শক্তির হস্তেই তিনি নিজের সবখানি সমর্পণ করিয়া তিনি যেন যন্ত্র-পুত্তলিকার ন্যায় ভাসিয়া চলিতেছিলেন। এই সময়ে একদিন দেবী মৃণালিনীর কথা তাঁহার নিকট পাড়িয়াছিলাম; তিনি উর্দ্ধদৃষ্টিতে সঙ্কেতে যাহা জানাইয়াছিলেন, সেদিন তাহা বুঝি-বুঝি করিয়াও বুঝিতে চাহি নাই। সৌরীনের মুখে শুনিয়াছিলাম—দেবীর অন্তর্দ্ধান-সংবাদ পাওয়া মাত্রই তিনি এক মুহূর্ত্তের জন্য স্তম্ভিত হইয়া বসিয়া পড়িয়াছিলেন, মুখে তাঁর একটী মাত্র অস্ফুট যন্ত্রণাসূচক শব্দ বাহির হইয়াছিল। তাঁর বর্ত্তমান ভাবনার কথা ইতিপূর্ব্বে তাঁর পত্রের মধ্য দিয়াই অবগত ছিলাম। তিনি লিখিয়াছিলেন, "the work of the Arya has fallen into arrears and I have to spend just now the greater part cf my energy in catching up and the rest of my time, in the evening, is taken up by the daily visit of the Richards."

অর্থাৎ "আর্য্য লেখা বাকী পড়ায় অধিকাংশ শক্তি তাহার জন্য যায়, অপরাহ্নের অবশিষ্ট সময় রিশার-দম্পতির প্রাত্যহিক সাক্ষাৎকারেই অতিবাহিত হয়।" আসিয়া তাহাই দেখিলাম।

সারাদিন ঠক্-ঠক্ করিয়া স্বয়ং টাইপ-রাইটিং যন্ত্রেই সরাসরি তিনি "আর্য্য" লিখেন, তাঁর শরীর আড়ষ্ট ও ললাটে ঘর্ম্মবিন্দু ফুটিয়া উঠে। ক্লান্তি দূর করার জন্য তিনি বাহিরের বারান্দায় অপরাহ্নে চা-পানের জন্য আসিয়া বসেন। এই সময়ে আমরাও টেব্‌লের চারিদিকে অর্দ্ধভগ্ন চেয়ারগুলি টানিয়া উপবেশন করি। কিছু পরে, মাদাম রিশার আসিয়া উপস্থিত হন; তারপর আসেন

দীর্ঘকায়, লম্বিত-শ্মশ্রু, গৌরকান্তি ম'সিয়ে রিশার। আসর আমাদের বেশ জম্‌কাইয়া উঠে। ইহার মধ্যে আবার ম'সিয়ে রিশারের ফরাসী গ্রন্থ হইতে ইংরাজীর অনুবাদ চলিতে থাকে "আর্য্যের" জন্য। শ্রীঅরবিন্দের ক্লান্তি বর্ণনা করা যায় না।

আমি থাকিতে-থাকিতেই অবস্থার পরিবর্ত্তন দেখা দিল। "আর্য্য" লেখা তিনি শেষ করিলেন। পূর্ব্ব হইতেই এই সময়ে প্রতি রবিবার সান্ধ্যভোজনের জন্য তিনি মসিয়ে রিশারের ভবনে নিমন্ত্রিত হইতেন। আমরাও তাঁহার সঙ্গে যাইতাম। এই দম্পতির মধ্যে বসিয়া তিনি ভোজন করিতেন, নানা আলোচনা-প্রসঙ্গে এই ভোজ-সমাপন হইত। শ্রীঅরবিন্দকে এই সময়ে কোন এক গভীর প্রশ্নের সমাধানে আত্মনিবিষ্ট দেখিয়াছি। আমি যত শীঘ্র নিজের সাধনার দিক্‌টা গুছাইয়া লওয়ার আশা করিয়াছিলাম, তাহা সম্ভবপর নহে বুঝিয়া, অবস্থারই অনুসরণ করিতে লাগিলাম। এই জন্য আমি প্রস্তুতও ছিলাম; কেন-না তিনি এবার আমার দীর্ঘ দিনের জন্যই ডাকিয়াছিলেন। শ্রীঅরবিন্দের কৃশ শরীর লইয়া মাদাম রিশারের সহিত আমার অনেক আলোচনা হইত। এই রিশার-দম্পতির নিকট শ্রীঅরবিন্দ আমার সম্বন্ধে অনেক কথাই বলিয়াছিলেন; তাঁহারা উভয়েই আমায় নিরতিশয় অনুরাগের সহিত দেখিতেন। মাদাম মীরার সহিত শ্রীঅরবিন্দ ও আমি এক সঙ্গে প্রায় প্রতিদিন ধ্যান করিতাম। মাদাম মীরা এই ধ্যানফল ধ্যানশেষে ব্যক্ত করিতেন। শ্রীঅরবিন্দের মুখ প্রফুল্ল-মূর্ত্তি ধরিত। আমিও এই বিদেশিনীর অতীন্দ্রিয়-দর্শনশক্তির অত্যদ্ভুত পরিচয়ে বিস্মিত হইতাম। তিনি দেখিতেন, শ্রীঅরবিন্দের অন্তর্লোকের অপার্থিব দৃশ্য। আমি দেখিতাম হিরণ্ময়-শ্মশ্রু জ্যোতির্ম্ময় শ্রীঅরবিন্দকে। মাদামের কথা শুনিতাম—বিস্মিত হইতাম, পুলকিত হইতাম।

সে ১৯২০ খৃষ্টাব্দে। আমি বিশ বৎসর পূর্ব্বের কথা বলিতেছি। শ্রীঅরবিন্দ ধ্যানে বসিতেন; কিন্তু নয়ন তাঁর নিমীলিত হইত না। আমরা দুই জনে নয়ন নিমীলিত করিয়া ধ্যান করিতাম। সেদিন অন্তরের মণিকোটায় এক

অপার্থিব আনন্দের অনুভূতি পাইয়া চক্ষুঃ উন্মীলিত করিলাম, দেখিলাম—মাদাম মীরা তখনও ধ্যাননিমগ্না। শ্রীঅরবিন্দের দৃষ্টি ঊর্দ্ধলোকে। বায়ুমণ্ডল যেন অতিশয় লঘু হইয়া গিয়াছে। একটা বৈদ্যুতিক শক্তি অনুভূতা হইতেছে। আমার নয়ন বিগলিত হইল। কিছুক্ষণ পরে তিন জনই পরস্পরের প্রতি চাহিয়া অনিন্দ্য সুখ অনুভব করিতাম। বিস্মৃতির প্রলেপে অরবিন্দের সে অমৃতস্নিগ্ধ বাণী আমি ভুলিতে পারিব না। তিনি করুণাশীতল কণ্ঠে বলিলেন "মতি, তুমি আমি আর এই"—সম্মুখে মাদাম মীরার দিকে তাঁর হস্ত প্রসারিত হইল। এখনও সেই বাণীর মূর্চ্ছনা কাণে বাজিতেছে "আমরা তিন জনে সঙ্ঘ।" আমার মাথা শ্রদ্ধাবনত হইল। মীরা দেবী হাসিলেন। শ্রীঅরবিন্দ আবার শূন্য-দৃষ্টিতে চাহিয়া রহিলেন। সেদিন অপরাহ্নের এই বাণী ও অনুভূতি আমার চিরস্মরণীয় হইয়া থাকিবে। এই দিন হইতে আমি মাদামের নিকট অভাবনীয়রূপে আপনার হইলাম, তাঁহার প্রতিও আমার শ্রদ্ধানুরাগ স্বতঃই হৃদয়ে তরঙ্গ সৃষ্টি করিল।

মাদামের সঙ্গে কথা হয়। মঁসিয়ে রিশার আসেন অপরাহ্নশেষে সন্ধ্যার আলো জ্বলিলে। তাহার পূর্ব্বে আমাদের অনেক কথা শেষ হইয়া যায়। উচ্চ স্তরের অধ্যাত্মকথার আলোচনা হইতে সৌরীনের ব্যবসার কথাও উঠে। সৌরীন পণ্ডিচারীতে ব্যবসা সুরু করিয়াছিল। আমি মাদামের অনুরোধে এক দিন সৌরীনের ব্যবসাক্ষেত্রে উপস্থিত হইয়াছিলাল। ১৯০৮ খৃষ্টাব্দের পরে চাকুরী ছাড়িয়া, ছোট-বড ব্যবসা অনেক করিয়াছি। ব্যবসার প্রধান বিষয় হিসাবের খাতা। যে খাতার প্রতিদিন কৈফিয়ৎ কাটা হয় না, বুঝিতে হইবে সেই ব্যবসার মূল্য নাই। সৌরীনের ব্যবসায় পরিণাম সম্বন্ধে আমার ধারণা ভাল হইল না। আমার নির্ভুল অভিমত মীরাদেবীকে বলিয়াছিলাম। শ্রীঅরবিন্দও জানিলেন। শ্রীঅরবিন্দের হৃদয়-মন মর্ত্ত্যের উপাদানে রচিত নহে; তিনি একবার যাহা বিশ্বাস করিতেন, তাহার অন্যথা হওয়া সহজে সম্ভবপর হইত না। তিনি বলিলেন—"সৌরীন সব ঠিক করিয়া লইবে—চিন্তা নাই।" শ্রীঅরবিন্দের প্রতিভা অসাধারণ, তাঁহার অন্তরও সুন্দর ও

সরল। প্রত্যয়ের সীমাহীন বারিধি সহজে টলে না; সংশয়ের আবর্জ্জনা সেখানে সহজে স্থান পায় না। তিনি আমার কথা হাসিয়া উড়াইয়া দিলেন। আমার মনে অন্য কোনরূপ সংশয় উদিত হয় নাই—যেমনটী হইলে ব্যবসার শ্রী থাকে, উন্নতি হয়, তেমনটি সৌরীনের ব্যবসায়ে ছিল না। আমি শ্রীঅরবিন্দকে জোর করিয়া বলিলাম "ব্যবসা ভাল করিয়া করিতে হইলে, ব্যবস্থান্তর করিতে হইবে।"

শ্রীঅরবিন্দের স্বাস্থ্য এই সময়ে ভাঙ্গিতেছিল; মীরা দেবী ইহার জন্য বেশ চিন্তা করিতেন। শ্রীঅরবিন্দের প্রতি তাঁর অন্তরের অসামান্য দরদ এক অতি সামান্য-কথায় আমায় মুগ্ধ করিয়াছিল; তখনই বুঝিয়াছিলাম—শ্রীঅরবিন্দের কায়ার তপস্যা শেষ হইয়াছে। যে মহালক্ষ্মীর আবির্ভাব-প্রতীক্ষায় তাঁহার এই কঠোর-তপস্যা, উহার সিদ্ধিকাল অতি আসন্ন। শ্রীমতী মীরা বলিলেন "শ্রীঅরবিন্দের স্বাস্থ্য দিন-দিন দ্রুত ভাঙ্গিতেছে, ইহার কারণ—শরীর-ধারণের উপযোগী আহার তিনি গ্রহণ করেন না। আমার আর এক সংশয় হয়, আপনি কিন্তু তাঁহাকে এ কথা বলিবেন না।"

আমি বলিলাম—"না। কি বলুন?" উত্তরের প্রতীক্ষায় তাঁহার মুখের দিকে উৎকণ্ঠিত হইয়া চাহিয়া রহিলাম। তিনি করুণার্দ্র কণ্ঠে বলিলেন "আমার ভয় হয়—ঐ যে গরুর দুধ তাঁহার জন্য লওয়া হয়, ঐ গরুর ক্ষয়রোগ থাকিতে পারে। গরুর পরিবর্ত্তন আপনারা করুন।" এই কথা বলিয়া তিনি ক্ষান্তা হন নাই। পর দিন সকালে তিনি আমাদের বাড়ী আসিয়া, শ্রীঅরবিন্দের খাদ্যাদি পর্য্যবেক্ষণ ও ব্যবস্থা করিয়া গেলেন। শ্রীঅরবিন্দের সুখ-স্বাচ্ছন্দ্যের চিন্তা আমাদের থাকিলেও, কার্য্যতঃ কিছু করা সাধ্যে কুলাইত না। যে কয়দিন পণ্ডিচারীতে ছিলাম, ভোজন-কক্ষে তাঁহার না আসা পর্য্যন্ত বসিয়া-বসিয়া তাঁহার অন্নপাত্রের মাছি তাড়াইতাম মাত্র। শ্রীঅরবিন্দের স্বাস্থ্যরক্ষায় মাদাম মীরা বিশেষ-ভাবেই মনোযোগিনী হইলেন। তাঁহার এই ঐকান্তিক নিষ্ঠা ও অনুরাগ আমায় চমৎকৃত করিল। তাঁহাকে শ্রীঅরবিন্দের সর্ব্বশ্রেষ্ঠা ভক্ত-সাধিকা বলিয়া মনে হইল। নিজে তলাইয়া গেলাম—সশ্রদ্ধায় সহতীর্থা ভাবিয়া

সিষ্টার নিবেদিতার ন্যায় তাঁহাকে ভগ্নী বলিয়া সম্বোধন করিলাম। তিনি বিস্ফারিত নেত্রে আমার দিকে চাহিয়া বলিলেন "ভগ্নী নয়, আমি মাতা হইতে চাহি!" কথাটা সেদিন তলাইয়া বুঝি নাই। কিন্তু এই কথায় আমার অন্তরের কিছু ভাবান্তর হইয়াছিল। আমিও পূর্ব্বের ন্যায় শ্রীঅরবিন্দের যেন নাগাল পাইতেছিলাম না। কেমন যেন অস্বস্তি বোধ করিতেছিলাম। আমার সহতীর্থগণের মধ্যেও এ নূতন পরিবর্ত্তন-যুগ লইয়া নানা প্রকারের আলোচনা হইত। সে সকল কথা অপ্রাসঙ্গিক। আমার লক্ষ্য—শ্রীঅরবিন্দ। তাঁর সমস্ত হৃদয়ের স্পর্শানুভূতিপ্রকাশ ব্যবহারতঃ কিছু না থাকিলেও, আমার অধ্যাত্ম-জীবন তাঁহারই অনুরাগে অভিষিক্ত হইয়া থাকিত। আমি পুরুষ। মীরাদেবী নারী। তাঁর নিষ্ঠাভক্তির অন্তরঙ্গতা এই হেতু অধিকতররূপে প্রকাশ পাইবে, ইহা কিছু বিচিত্র নহে। কিন্তু শ্রীঅরবিন্দের মধ্যে এমন কোন ব্যবধান যদি আসিয়া পড়ে, যাহার জন্য আমাকে দূরে পড়িয়া থাকিতে হইবে, সেই সুদূর-চিন্তায় আমি অভিভূত হইয়া পড়িলাম। মনের জগতে যে বিপ্লব বাধিয়াছিল, তাহা প্রকাশ করিতাম না। কিন্তু অন্য দিক্ দিয়া এইরূপ একটা ব্যবধানের প্রসঙ্গ হঠাৎ শ্রীঅরবিন্দের মুখ দিয়া বাহির হওয়ায়, আমার বিক্ষুব্ধ চিত্ত অতি অল্পক্ষণের জন্য সংক্ষুণ্ণ হইয়া পড়িয়াছিল; সে কথা আজিও স্মরণে রাখিয়াছি। সেদিন শ্রীঅরবিন্দ যাহা সারিয়া লইয়াছিলেন, অনতিকাল মধ্যেই সে তালি খসিয়া পড়িল; যাহা ভবিতব্য, অকাট্য বিধানে তাহাই ঘটিল।

পণ্ডিচেরীতে সে এক রাত্রির কথা। আষাঢ়ের নীল জলধর এই সুদূর দক্ষিণের শূন্য ছাইয়া কুহেলী সৃষ্টি করে না, অজস্র ধারাবর্ষণে চিত্তে ভাবাবেশ ঘনাইয়া তুলে না; বাংলার ন্যায় আকাশে ঘন-ঘন বিদ্যুতের ঝিলিক এখানে দেখা যায় নাই। তবে সে রাত্রিতে এমনই একটা প্রাবৃটের ঘনঘটা আমাদের মাথার উপর ঘনাইয়া উঠিয়াছিল। সমুদ্রের বক্ষ হইতে কুণ্ডলী পাকাইয়া ঝটিকা বাতাসে প্রাণ উদাস করিয়া দিতেছিল। বুকের মধ্যে থমথমে অন্ধকার

অকারণে জমিয়া উঠিতেছিল, স্বস্তি পাইতেছিলাম না। ঠিক এই সময়ে শ্রীঅরবিন্দ ডাকিয়া পাঠাইলেন। সেদিন আকাশের দুর্য্যোগ-লক্ষণ দেখিয়া তিনি নিম্নতলের একখানি প্রশস্ত গৃহে ভাঙ্গা টেবিলটার এক পাশে আসন পাতিয়া বসিয়া ছিলেন। আমাদের সাধনচক্র চিরদিনই দ্বিতলের খোলা বারান্দায় অনুষ্ঠিত হইত। আজ এই অমার্জ্জিত উপেক্ষিত নিম্নের ঘরখানিতে শ্রীঅরবিন্দকে এই প্রথম উপবেশন করিতে দেখা গেল। এই সময়ে প্রতি ঘটনার পশ্চাৎই আধ্যাত্মিক ভাবানুভবের সন্ধান করিতাম। অতি তুচ্ছ-ঘটনাও গুরুত্বপূর্ণ ভাবে দেখার স্বভাব আমার গড়িয়া উঠিয়াছিল। বিশেষতঃ, আমার সমস্ত জীবনটাই অসংখ্য প্রকারের সাধনার আবর্ত্ত ভেদ করিয়া চলায়, অতি সহজ সাধারণ ঘটনাঘটনও আমার চক্ষে অসাধারণ নিগূঢ় রহস্যময় বলিয়া প্রতীত হইত। আমার মনে হইল—শ্রীঅরবিন্দের অধিরোহণ-পর্ব্বের পর অবতরণের পালা সুরু হইয়াছে। নিম্নতলে সাধনচক্রের এই অনুষ্ঠান তাহারই লক্ষণ।

সন্ধ্যার পর এইখানে বসিয়া নানা আলোচনা চলিল। শ্রীঅরবিন্দ স্বপ্রতিভায় কত অতীতকে ডাকিয়া আনিয়া কত অলৌকিক প্রসঙ্গের অবতারণা যে করিতেন, তাহার ইয়ত্তা নাই। কখনও তিনি রাজা রামমোহনের আত্মাকে ডাকিয়া আনিয়া, ভাবাবেশে রাজার উদ্দেশ্য ও লক্ষ্য বিশদ করিতেন। "যৌগিক সাধন" ইংরাজীতে যাহা তিনি একদিন টাইপ করিয়া আমার হাতে দিয়াছিলেন, তাহাও নাকি রাজা রামমোহনের আত্মার প্রেরণায় লিখিত হইয়াছিল! রামমোহনের আত্মা ব্যতীত আর এক জন অতীত পুরুষের আত্মাকে তিনি বিশেষ প্রীতির চক্ষে দেখিতেন। তিনি ছিলেন সাহিত্যসম্রাট্ বঙ্কিমচন্দ্র। বাংলার এই সর্ব্বশ্রেষ্ঠ সাহিত্যিককে তিনিই "ঋষি বঙ্কিম" নামে প্রথম অভিহিত করেন। ভাবাবেশে বঙ্কিমের প্রেরণা তিনি বলিতেন, আমরা শুনিতাম। আবার কখনও-বা তিনি যেন অন্তরীক্ষে বিচরণ করিতে-করিতে নভোমণ্ডলের অপূর্ব্ব-রহস্য-কথা অনর্গল বলিয়া যাইতেন। পরলোক-তত্ত্বের অজ্ঞাত-কাহিনী এমন নিপুণ ভাষায় তিনি চিত্রিত করিতেন যে, শুনিতে-শুনিতে আমরাও সেই

অশরীরী জগতে তাঁর সঙ্গে ঘুরিয়া বেড়াইতাম। তাঁহার অসামান্য-প্রতিভার অগ্নিস্ফুলিঙ্গে চারিদিক্ উজ্জ্বল হইয়া উঠিত। আমরা মর্ত্ত্য হইতে অনেক উর্দ্ধে উঠিয়া অধ্যাত্মজগতের তোরণ-দ্বারে গিয়া যেন দাঁড়াইতাম; মাটীর জগৎ হইতে আমাদের চৈতন্য উর্দ্ধে বিচরণ করিত। শ্রীঅরবিন্দকে লইয়া এমনই আনন্দে আমাদের দিন অতিবাহিত হইত।

অসংখ্যপ্রকারের আলোচনার পর রাত্রি তখন বেশ ঘন হইয়া উঠিয়াছে। তিনি আমাদের নামের অধ্যাত্মব্যাখ্যা দিতে সুরু করিলেন। নলিনীকান্ত, সুরেশচন্দ্র, অমৃতকে ছাড়িয়া, অতঃপর তিনি আমার দিকে চাহিলেন। আমার কথাটাই স্পষ্ট মনে রাখিয়াছি। অন্যের ব্যাখ্যা তেমন স্মরণে নাই, তাই ইহা হইতে নিবৃত্ত হইলাম। তিনি হাসিয়া বলিলেন "মতি—মতি—বিশুদ্ধতার—পিউরিটির প্রতীক। লাল সংগ্রামসূচক শব্দ। রায় অর্থাৎ লীডার—নেতা। অতএব বলা যায়—মতিলাল বিশুদ্ধ সংগ্রামের নেতা।" এমনই রঙ্গ-রহস্য ছিল আমাদের আলাপ-আলোচনার বিষয়। বেদোপনিষদের চর্চ্চা হইতে যোগ-জীবনের পরিচয় দিতে তাঁর চক্ষে অসামান্য-প্রতিভার আগুন ঝিলিক দিয়া উঠিত, আবার হাস্যকৌতুকের রঙ্গে তাঁহার ওষ্ঠপুটে অপরূপ সারল্য ও আনন্দের লহরী প্রকাশ পাইত। কথার অন্ত ছিল না।

এই বার বিজ্ঞানের কথা উঠিল। অন্নময়, প্রাণময়, মনোময় কোষের উপর, বিজ্ঞানের চেতনায় উঠিয়া জাতির সাংস্কৃতিক, সামাজিক ও অর্থনীতিক পরিবর্ত্তন আনার ব্যবস্থা যে আমাদের করিতে হইবে, সে কথা অতি উৎসাহের সহিত তিনি বলিতে আরম্ভ করিলেন। বিজ্ঞানের কথাগুলি আমার চিত্তে জ্বলন্ত-প্রেরণার রেখা টানিয়াছিল। তিনি আত্মসমর্পণের কথা বুঝাইতে নিজের হাতখানি প্রসারিত করিয়া যেমন বলিতেন "এই কর্ম্মটিও আমার নহে, ভগবানের শক্তিই করিতেছে", তেমনিই দক্ষিণ হস্তটী মাথার উপর উঠাইয়া বলিলেন "এই উপর হইতেই কর্ম্মসৃষ্টি হইবে। এই মাথার উপরই বিজ্ঞানের সমুদ্র বহিতেছে। যোগ যেমন স্বীকার করিয়া লওয়ায় জীবনে উহার প্রতিষ্ঠা হইয়াছে, বিজ্ঞান-লাভেরও এই একই পন্থায় চাই স্বীকৃতি ও বিশ্বাস, আর সর্ব্বদা স্মরণ।"

তাঁহার কথা শুনিতে-শুনিতে আমার অতীত জীবনের আনুষ্ঠানিক সাধনের ঘুমন্ত বীজগুলি অঙ্কুরিত হইয়া উঠিল। সেই যে মেরুদণ্ডের সর্ব্বনিম্নভাগে গুল্‌ফের আঘাত দিয়া মূলাধার হইতে অধিষ্ঠান, তার পর মণিপুর, অনাহত, বিশুদ্ধচক্র ভেদ করিয়া দ্বিদলে কুণ্ডলিনীকে স্থির রাখার চেষ্টা করিতাম, শ্রীঅরবিন্দের সঙ্কেতে সেই সাধন-স্মৃতি রূপান্তরিতা হইয়া উঠিল। দ্বিদলের ঊর্দ্ধে যে আত্ম-চৈতন্য, তাহাই ইন্দ্রিয়াতীত; শ্রীঅরবিন্দ বলিলেন "এই-খানেই তোমার আসল স্বরূপ। শরীর লইয়া যেটুকু তুমি, তাহা ছায়া, সত্য নয়। আসল মানুষ পিছনেও নয়, সম্মুখেও নয়, ভিতরেও নয়—একেবারে উপরে। এইখানেই সত্যের প্রতিষ্ঠা যদি হয়, তবেই অন্তরে হইবে প্রকাশ, বাহিরে হইবে তার খেলা। যোগের সিদ্ধি বিজ্ঞানে; এইখানেই কর্ম্ম, জ্ঞান সবই থরে-থরে সজ্জিত আছে। বিজ্ঞানে উঠিলে, আর চেষ্টা করিতে হইবে না। মহাকাল সব প্রকাশ করিয়া দিবেন।"

কথা শুনিতে-শুনিতে উৎসাহে চিত্ত পুলকিত হইল। আত্মসমর্পণের সাধনায় সাধক যখন বিজ্ঞানের সিংহদ্বারে পৌঁছায়, তখনই ভগবান্‌কে না জানিয়া, না পাইয়া চলার সমাপ্তি; আর এইখানেই ভগবানের জ্যোতির্ম্ময় জাগরণ হয়। আত্মসমর্পণের সিদ্ধিই বিজ্ঞানের প্রকাশ।

শ্রীঅরবিন্দ বিজ্ঞানেরও ঊর্দ্ধে সচ্চিদানন্দের কথা বলিতে-বলিতে নীরব হইলেন। আমরা এই অমৃত-বাণী আস্বাদ করিয়া ধন্য হইলাম। শ্রীঅরবিন্দের চিঠি ও কথা আমায় পাগল করিয়াছিল, তাহার সামান্য পরিচয় দুই-এক কথায় দিলাম। শ্রীঅরবিন্দের সাধন ব্যক্ত করার বিধান আমার নহে, অন্যের। এ বিষয়ে আমি আর অধিক দূর আগাইব না।

এই সকল কথার পর এইবার তিনি হঠাৎ একটী মর্ম্মঘাতী বাক্য প্রকাশ করিলেন—বলিলেন "মতিলালের সাধন বেশ জমিয়া উঠিয়াছে, but he puts a wall between him and me" অর্থাৎ "সে আমার ও তার মধ্যে একটী প্রাচীর তুলিয়া রাখিতেছে।"

নেশা বেশ জমিয়া উঠিতেছিল। চক্ষে স্বর্গের দীপ্তি। কর্ণে অমৃতের অনুভূতি। শক্ত নীরেট পৃথিবীমণ্ডলটাই যেন দ্রবণীয় মনে হইতেছিল। অকস্মাৎ নিষ্ঠুর বজ্রনাদের ন্যায় শ্রীঅরবিন্দের এই কথাটা আমায় উৎক্ষিপ্ত করিয়া তুলিল। প্রথম মনে হইল—কথাটা জানালার বাহিরে ঐ যে অন্ধকারাচ্ছন্ন পথ, ঐখান হইতে বুঝি কোন অজ্ঞাত পথিকের পরুষ পরিহাস হইবে। আমি শ্রীঅরবিন্দের দিকে চাহিলাম। কিন্তু না, এই নিষ্ঠুর আঘাত শ্রীঅরবিন্দের কণ্ঠনির্গতই বটে! আমার সর্ব্ব শরীর শিহরিয়া উঠিল। শ্রীঅরবিন্দ আর আমি, ইহার মধ্যে অন্ধকার-সৃষ্টি স্বপ্নেও কোন দিন দেখি নাই। আত্মসমর্পণের মন্ত্রধ্বনি শত-সহস্র বৎসর ধরিয়া ভারতেরই আকাশে-বাতাসে যে অমৃত-বর্ষণ করিয়াছে, তাহাতে অভিষিক্ত হওয়ার সাধেই তন্ত্র-মন্ত্র-উপাসনার রসে অভিভূত হইয়া কত পথ ঘুরিয়াছি, তাহার ইয়ত্তা নাই। দক্ষিণেশ্বরের পঞ্চবটীমূলে গড়াগড়ি দিয়া রামকৃষ্ণ-বিবেকানন্দের মিলন-বার্ত্তার নিগূঢ় অর্থ বুঝিবার কত প্রচেষ্টাই না করিয়াছি! শ্রীঅরবিন্দের সাক্ষাৎকার পাওয়ার পূর্ব্বের উৎসর্গমন্ত্রের মহিম্নস্তুতি গাহিতে গিয়াই আমার সর্ব্বপ্রথম সাহিত্য-সৃষ্টি 'উদ্বোধন' নাটক। আত্মসমর্পণের আকুলতায় যাজ্ঞার করুণ কণ্ঠ বোধ হয় পার্থ-সারথির কর্ণে প্রবেশ করিয়াছিল, এই জন্যই না শ্রীঅরবিন্দ তপস্বীর মূর্ত্তি ধরিয়া এ দীনের দুয়ারে আসিয়া উপস্থিত হইয়াছিলেন! একাদশ বর্ষ পরে, যখন শ্রীঅরবিন্দের প্রেমামৃতে সম্পূর্ণরূপে নিমজ্জিত হওয়ার দৃঢ় সঙ্কল্প লইয়া এখানে আসিয়াছি, সে অন্তরের নিগূঢ় সত্যকে এমন করিয়া নিষ্ঠুর আঘাত দিবার প্রেরণা কেমন করিয়া আসিল? কোন্ দিক্ দিয়া এই অধ্যাত্মমিলনকে ব্যাহত করার রাক্ষসী শক্তি আসন্ন মহাযুগের পরিপন্থী হইল? শ্রীঅরবিন্দ স্থির ধীর কণ্ঠেই তাঁর মর্ম্মানুভূতি প্রকাশ করিয়াছিলেন। তাঁহার বাণীতে সতর্কতা। কথাগুলিও ছিল স্নেহবিজড়িত। কিন্তু আমার চিত্ত তাহাতে তীক্ষ্ণ শেলবিদ্ধ হইল। মনে হইল—এই ১১ বৎসর ধরিয়া নিয়ত শ্রম ও সাধনায় যে সৃষ্টি গড়িয়াছি, তাহার মূল্য একটি কপর্দ্দকও নহে। শ্রীঅরবিন্দের নিকট আমার আত্মনিবেদনের মূলে কোন কামনাই ছিল না। আকস্মিক ঘটনা-

স্রোতে তাঁর আগমন। শ্রীঅরবিন্দের প্রয়োজনে আমার এই ১১ বৎসরের জীবন নিঃশেষ করিতেও বাধে নাই। এই ১১ বৎসরের জীবন-গতিও স্বপ্ন বা কল্পনা নহে। তার একটা বস্তুতন্ত্র ইতিহাস দীর্ঘায়িত হইয়া আমার সহিত অনুস্যূত। তাঁরই আদেশে রাষ্ট্রে মৃত্যু আলিঙ্গন করিতে গিয়া, আমি মৃত্যুঞ্জয়ী। আসক্তির রসায়নে সংসার-সাধনায় ব্যর্থ হইয়া, তাঁরই আকর্ষণে যোগের মন্ত্রে নূতন ক্ষেত্র-রচনায় উদ্বুদ্ধ হইয়াছি। আমার বলিতে এই মুহূর্ত্তে কিছুই খুঁজিয়া পাই নাই। শ্রীঅরবিন্দের মুখ দিয়া এমন দারুণ আঘাত কে আমায় করিল; এমন কথা কেন তিনি আমায় বলিলেন? আপনাকে দেখার কিছুই ছিল না; বিষধর সর্পের দংশনে প্রাণী যেমন এক মুহূর্ত্তে আয়ুঃহীন হয়, আমার সমস্ত সৃষ্টির সঙ্গে-সঙ্গে আমিও যেন পুড়িয়া ছাই হওয়ার উপক্রম হইলাম। মরণের আর্ত্তনাদে ঘর হইতে প্রাঙ্গণ, প্রাঙ্গণ হইতে সমস্ত বায়ুমণ্ডল প্রতিধ্বনিত হইল। আমি উচ্ছ্বসিত কণ্ঠে, বিকৃত স্বরে কেবলই প্রশ্ন করিতে লাগিলাম—কেন, কেন, তিনি এমন কথা উচ্চারণ করিলেন? এমন প্রাণঘাতিনী ধারণা কেমন করিয়া তাঁর হইল? বিদ্যুদ্বেগে আমায় কে যেন গ্রাস করিয়া ফেলিল, সান্ত্বনাবাণীর প্রতীক্ষা করিতে দিল না। টেব্‌লের উপর রুটী-কাটা একখানি ছুরিকা পড়িয়াছিল, তাহা মুষ্টিবদ্ধ করিয়া ধরিলাম; তারপর রুদ্র কণ্ঠে কত কি যে বলিয়াছি, তাহা আমার স্মরণে নাই। সে ঘটনা যদি ভবিষ্যতের সূচনাপর্ব্ব না হইত, আমার এই উন্মত্ততা ভাবপ্রবণতার অভিব্যক্তি বলিয়াই বাজে-খাতে খরচ লিখিয়া রাখিতাম। কিন্তু সেদিনের সেই দৈব সঙ্কেত কঠোর বজ্রের ন্যায়ই আমার জীবনের অতি নিষ্ঠুর সত্যকেই মূর্ত্তি দিয়াছে; আমি হইয়াছিলাম সেদিন প্রলাপমুখর-কণ্ঠ, উন্মত্তের ন্যায় অধীর, বিক্ষিপ্তচিত্ত, নিদারুণ ব্যথিত। সহতীর্থগণ ছিলেন নিরপেক্ষ দর্শক। কিন্তু শ্রীঅরবিন্দের নয়ন স্নেহার্দ্র হইয়া উঠিয়াছিল। সেই সুধাসিঞ্চনে বজ্রাহত ব্যথিত হৃদয় ধীরে-ধীরে শান্ত-সমাহিত হইল। মাংসপেশী শিথিল, ধমনীর রক্তস্রোতঃ মন্থর, শিরা-উপশিরা আপনা হইতেই নিস্তেজ হইয়া পড়িল। মধ্যরাত্রি পর্য্যন্ত নীথর শুদ্ধত্বে আমাদের অতিবাহিত হইল;

তারপর নীরবেই আমরা সে কক্ষ ত্যাগ করিলাম। সে দুর্য্যোগময়ী রাত্রির সে দুর্ঘটনার কাহিনী আমার হৃদয়ে চির-ক্ষত সৃষ্টি করিয়া রাখিল।

ইহার পর তিন দিন আর শ্রীঅরবিন্দের সহিত বাক্যালাপ রহিল না। একটী অতি তুচ্ছ কথা হৃদয়-ভেদ সৃষ্টি করিল! আমি অনুভব করিতে লাগিলাম—শ্রীঅরবিন্দের সহিত আমার ব্যবধান দুর্লঙ্ঘ্য হইয়া গিয়াছে। তিনি একদিন বলিয়াছিলেন "তোমার যোগ তোমার জন্য নয়, নিখিল মানবজাতির জন্য; তোমার যোগে লয় নাই, মোক্ষ নাই, আছে অনন্ত ভাগবত জীবন।" তাঁর এমন অনেক কথাই হৃদয়ে চিরাঙ্কিত হইয়া গিয়াছে। তেমনি তাঁহারই মুখে সেদিন এই প্রাচীর তোলার কথাটিও আমার বুকে বিঁধিয়া, মর্ম্ম ভাঙ্গিয়া দিল। এই তিন দিনের আকুলতাময়ী প্রতীক্ষাও কার্য্যকরী হইল না। তিনি যথানিয়মে দৈনন্দিন কর্ম্ম করিয়া চলেন—সংবাদপত্র পাঠ করেন, স্নান, আহার, হাস্যপরিহাস করেন; আমি দূরে-দূরে ঘুরিয়া বেড়াই। একবার ডাকিলেই হৃদয়ের ক্ষত নিরাময় হয়, কিন্তু সে পাত্র শ্রীঅরবিন্দ নহেন। তিনি আমার সম্বন্ধে সম্পূর্ণ উদাসীনের ন্যায় রহিলেন। আমার হৃদয় পুড়িয়া যাইতে লাগিল। হৃদয়ের আগুন মাথায় উঠিল। সে কি ভীষণ যন্ত্রণা! আর স্থির থাকিতে পারিলাম না। শ্রীঅরবিন্দ আকাশ-পানে স্থিরদৃষ্টিতে একা তখন বসিয়াছিলেন। অভিমানবিজড়িত কণ্ঠে গিয়া জানাইলাম—অসহ্য যন্ত্রণার কথা। রুদ্ধ স্নেহের উৎস আমায় অভিষিক্ত করিয়া দিল। তিনি আমার মাথায় হাত বুলাইয়া বলিলেন "এত শীঘ্র মাথার যন্ত্রণা হইবে, তাহা মনে করি নাই; ভয় নাই, শীঘ্রই সারিয়া যাইবে।"

সন্ধ্যার পর শয্যায় আসিয়া বসিলাম। সে রাত্রে ভোজনের স্পৃহা ছিল না। আমি থাকিতাম শ্রীঅরবিন্দের বাসভবনের এক প্রান্তের একটী ক্ষুদ্র গৃহে। হৃদয় বলিয়া বস্তুর সন্ধান আমাদের মধ্যে পাওয়া যাইত না। যে কয় জন আমরা একত্র থাকিতাম, নিজ-নিজ তালেই চলা হইত। কেহ কাহারও খবর লওয়ার বালাই ছিল না। আমি বিনিদ্র হইয়া কত রাত্রি পর্য্যন্ত যে এই ভাবে বসিয়াছিলাম, তাহা জানি না। হঠাৎ মনে হইল যে, আমি দেহ ছাড়িয়া

বাহির হইয়া পড়িয়াছি; আর কি এক অপূর্ব্ব ভাবময় আত্মচৈতন্য আমার এই শরীরটার উর্দ্ধে একটা জ্যোতির্ম্মণ্ডল সৃষ্টি করিয়াছে। সে এক অনির্ব্বচনীয়া অনুভূতি—ভাষায় তাহা প্রকাশ করিবার নয়! অতি প্রত্যূষে এক বিচিত্র স্বপ্ন দেখিয়া, আবার আমার সবখানিকে লইয়া, আমি পূর্ব্বের ন্যায় জাগিয়া উঠিলাম। স্বপ্নটার কথা স্পষ্টই স্মরণে আছে। দেখিলাম—আমার শরীরের ভিতর হইতে এক অতি প্রাচীনা নারীমূর্ত্তি বাহির হইয়া যাইতেছে। তাহার উভয় করে দড়ি-বাঁধা একটী প্রকাণ্ড কুম্ভীর আর একটী গর্দ্দভ তাহার অনুসরণ করিতেছে। স্বপ্নভঙ্গে শয্যায় উঠিয়া বসিলাম। সমস্ত শরীর অস্বাভাবিক রকমের লঘু মনে হইল। মাথাটাও খালি হইয়া গিয়াছে, যন্ত্রণাও নাই। চিত্ত প্রফুল্ল হইল। তিন দিন পরে শ্রীঅরবিন্দের নিকট গিয়া ঘটনা জানাইলাম। সাধনার কথা তিনি অতিশয় আকৃষ্টচিত্ত হইয়া শুনিতেন। সব কথা শুনিয়া তিনি হাসিয়া বলিলেন "তোমার মনের দুয়ার খুলিয়া গিয়াছে। বিজ্ঞানের জগৎ প্রকাশিত হইয়াছে। পুরাতন প্রকৃতি তার অন্ধতা ও ক্রূরতা লইয়া বিদায় হইয়া গিয়াছে। আরও অনেক কিছু হইবে।"

আমার আনন্দের সীমা রহিল না। শ্রীঅরবিন্দকে আবার অতি নিকটেই পাইলাম; অন্তরে অপ্রাকৃত-শক্তি অনুভব করিতে লাগিলাম। এই সময়ে পণ্ডিচারীর কয়েক জন যুবককে লইয়া প্রতিদিন অপরাহ্নে একটা যৌগিক আলোচনার ক্লাস খুলিয়াছিলাম। শ্রীঅরবিন্দের ইহাতে পূর্ণ সহানুভূতি ছিল। মিষ্টার রিশারও এই ক্লাসে যোগদান করিতেন।

দিন অতি স্বচ্ছন্দে চলিয়া যায়। পৃথিবীতে আর কিছুই নাই। শ্রীঅরবিন্দ আর আমি। একদিন মধ্যাহ্নে শ্রীযুক্ত নলিনীকান্ত সহাস্যে একখানি ডাকের চিঠি আমার হস্তে দিলেন, বলিলেন—"মতিদা, এ নিশ্চয় বৌদিদির পত্র!" সত্যই তাই। নলিনী জিজ্ঞাসা করিলেন "বৌদিদি কি লিখিয়াছেন?" সুদূর প্রবাসে দীর্ঘদিনের পর স্ত্রীর পত্র যে রসানুভূতির সৃষ্টি করে, এই পত্রে তাহার কিছুই ছিল না। এই পত্রখানি অন্যের কাছে প্রকাশ করিতেও লজ্জা হয়! পত্রে স্বামীর প্রতি কোন সম্বোধন নাই। একবিন্দু

ভাবের রঙ লেখার মধ্যে খুঁজিয়া পাওয়া যায় না। মুখের কথা যেমন তাঁর প্রস্তর-কঠিন ওষ্ঠপুটে জমাট বাঁধিয়া থাকিত, ব্যক্ত হইত না, এই পত্রেও তেমনি তাঁহার লেখনী বোধহয় দুই-একটা আঁচড় কাটিয়াই স্তব্ধ হইয়া গিয়াছে। পত্রে দুই ছত্র আঁকা-বাঁকা করিয়া লেখা—"আপনি কেমন আছেন জানাবেন। মন কেমন করে, অনেক দিন দেখি নাই।" পত্রে আর কিছু নাই। স্ত্রীর পত্র দেখাইবার মত নহে। আমার ভাব দেখিয়া নলিনী নিরাশ হইলেন। কিন্তু এই বড়-বড় দুই ছত্র লেখা আমার মানসপটে লেখিকার গুরুগম্ভীর মূর্ত্তিচিত্র ফুটাইয়া তুলিল। আমার অদর্শনে সে হিয়া যে দিন-দিন শুকাইয়া যাইতেছে, অতিশয় অতিষ্ঠ হইয়াই যে এই পত্রখানি হৃদয়ের আকুলতা প্রকাশ করিয়াছে, তাহা সুবিস্তৃত হইয়া আমার অন্তর ছাইয়া ফেলিল। এ ডাকও যেন উপেক্ষার নহে। আমি বুঝিলাম—একূল-ওকূল, দুই কূল লইয়া জীবন চলে না। হৃদয়ের দ্বার রুদ্ধ করিয়া সুদূর চন্দননগরের স্মৃতি পরিহার করিলাম।

তার পরদিনই দেখি—মীরা দেবী আমার ঘরে প্রবেশ করিয়াছেন। সেই যে এক মাস পূর্ব্বে শয্যা পাতিয়াছি, তাহা আর তুলি নাই। যত সংবাদপত্র পাঠ করিয়াছি, তাহা জড় হইয়া শয্যাটী ঢাকিয়া দিয়াছে; স্নানান্তে সিক্ত বস্ত্রখানি মেঝের এক পাশে পড়িয়া কতক শুকাইয়াছে, কতক ভিজা আছে। গ্লাস, ডিশ্, কুঁজা, ঘটি, বাল্‌তি ঘরের চারিদিকে ছড়াইয়া আছে। মীরা দেবীর দৃষ্টির ভঙ্গীতে আমাকেও বুঝিয়া লইতে হইল—এটা মানুষের ঘর নহে, একটা পাগলের। তিনি বলিলেন "বাল্যবিবাহের পরিচয় আপনার এই ঘরখানি। আপনার জন্য আপনার স্ত্রীকে যে কতখানি খাটিতে হয়, তাহা বুঝিলাম!"

আমার লজ্জার সীমা রহিল না! সেদিন হইতে স্বহস্তে নিজের প্রয়োজনীয় কর্ম্ম যত দূর সম্ভবপর, পরিপাটী করার চেষ্টা করিলাম। কিন্তু কাপড় নিঙড়ান স্বভাবে নাই। কোনদিন গামছা নিঙড়াইয়া মাথা মুছি নাই। নিজের মাথাটা আঁচড়াইবারও শক্তিচর্চ্চা করি নাই। অতি-শিশুকালে পরিচর্য্যা জননীর স্নেহে হইয়াছে। বাল্যে সহোদরাপ্রতিমা এক ধাত্রী সম্পন্ন

করিয়াছেন। কৈশোরেও মহিলা বন্ধুর অভাব হয় নাই। যৌবনের প্রথম প্রভাত হইতেই গৃহলক্ষ্মী প্রতিদিনের জীবনযাত্রার প্রয়োজন মিটাইয়াছেন। আমি খাইতে-শুইতে এখানে অসহায়ের মতই দিন গণিয়াছি। কিন্তু এটুকু ক্লেশও আমায় আর সহিতে দিবে না বলিয়া চন্দননগর হইতেই সেবার অধিকার লইয়া আমার দুইজন শিষ্যবন্ধু আসিয়া পণ্ডিচারীতে উপস্থিত হইল। তাহাদের মধ্যে শ্রীযুক্ত অরুণচন্দ্র সোমের নাম আজিও উল্লেখযোগ্য। আমি দেখিলাম—আমার শয্যাধার আর মলিন ও বিশৃঙ্খল নহে। গৃহের আস্‌বাবপত্র যথাস্থানে সন্নিবেশিত। আমি অতি সন্তর্পণেই রহিলাম। এই অবস্থায় মীরা দেবী যদি ঘরে আসেন, তিনি নিশ্চয় বুঝিবেন যে, আমি নিজের জীবন লইয়া কতটা পরমুখাপেক্ষী। আমি তো তাঁহাকে বুঝাইতে পারিব না যে, আমার এই আপেক্ষিকতার জন্য আমি দায়ী ন'হি, ইহাই আমার কল্পবিধৃত সত্য। আজও যে শয়ন, ভোজন, জীবনযাপনের প্রতি কর্ম্ম অন্যের বিনা আনুকূল্যে সম্পন্ন হয় না, সে দিনের শরীরিণী শক্তি আজ অশরীরিণী হইয়াও এই সত্যই রক্ষা করিতেছে, ইহা কেমন করিয়া বুঝাইব! আমি শক্তির পরিপূর্ণ অধীন, শুধু অধ্যাত্মক্ষেত্রে নহে, জীবনের দৈনন্দিন কর্ম্মে; এমন কি শরীরধারণের প্রতি ব্যাপারেও শক্তি আজও আমায় স্বাধীনতা দেন নাই।

ভাবের কথা ছাড়িয়া দিয়া কাজের কথা বলি। পণ্ডিচারীতে দীর্ঘদিন থাকা আমার ইচ্ছাধীন হইল না। চাকা ঘুরিয়া গেল। চন্দননগরের ডাক লইয়া যাহারা আসিল, তাহারা আমার অনুগত সখা, সুহৃৎ ও শিষ্য। কিন্তু ইহাদের আশ্রয় করিয়া অলক্ষ্যে যে শক্তি আমায় আকর্ষণ করিল, তাহা উপেক্ষা করা গেল না। শ্রীঅরবিন্দও শ্রেয়ঃকে কোনদিন অস্বীকার করেন নাই, সে পরিচয় পরে দিব। তিনি আমার স্ত্রীর ছায়াচিত্রখানি অতি মনোযোগের সহিত দেখিয়া বলিয়াছিলেন "আমি তোমার স্ত্রীকে স্বচক্ষে দেখিয়াছি, এই ছবি তারই পরিণতি। ইনি তোমার অনিষ্ট করিবেন না—মাতৃমূর্ত্তি, দেবীমূর্ত্তি!" আনন্দে আমার হৃদয় ফুলিয়া উঠিল। পতি-পত্নীর দৃঢ় সম্বন্ধ দৃঢ়তর হইল। আমার ফেরার হাওয়া বহিল। সম্মুখে ১৫ই

আগষ্টের আর একটি মাস বাকী; মিষ্টার রিশার বলিলেন "এবার ১৫ই আগষ্ট এইখানে করিতে হইবে।" আমি শ্রীঅরবিন্দের অভিপ্রায় জানিবার জন্য তাঁহার মুখের দিকে চাহিলাম। তিনি আমার চক্ষের দৃষ্টিতে অব্যক্ত আকৃতি অনুভব করিয়াই বলিলেন "না, ১৫ই আগষ্টের বিপুল আয়োজন চন্দননগরেই হইতেছে। মতিকে ফিরিতে হইবে।"

শ্রীঅরবিন্দ আমার কর্ম্মকেই জয়যুক্ত করিলেন। পৃথিবীতে সে এক অপার্থিব সম্বন্ধ। জীবনের সমুচ্চে শ্রীঅরবিন্দের স্থান। কর্ম্মক্ষেত্র চন্দননগর। যোগজ হৃদয়কে কেন্দ্র করিয়া এই কর্ম্মব্যাপ্তি। ইহা আসক্তি-মূলক কর্ম্ম নহে—পরন্তু ঈশ্বরবিধান। পণ্ডিচারী হইতে এবার বিদায় লইলাম।

অন্তরজগতের দুয়ার খুলিয়া গিয়াছিল। বাহিরের কর্ম্মতালিকার আর প্রয়োজন হইল না। তাঁহার স্বহস্তলিখিত এই কথা কয়টীই আমার যথেষ্ট হইয়াছিল—"As you well know I am identifying myself with only one kind of work or propaganda as regards India, the endeavour to reconstitute her cultural, social and economic life within larger and truer lines than the past on a spiritual basis."

অর্থাৎ "তুমি ভালরূপেই জান—ভারতে আমার একমাত্র কাজ, একমাত্র প্রচারানুষ্ঠানে আমি অখণ্ডভাবে আপনাকে ঢালিয়া চলিয়াছি—উহা অতীতের চেয়ে আরও উদার, আরও খাঁটি প্রকরণের মধ্য দিয়া ভারতবর্ষের সাংস্কৃতিক, সামাজিক এবং আর্থিক জীবন পুনর্গঠন করিতে হইবে এবং অধ্যাত্মভিত্তির উপরেই এই নূতন সৃষ্টির প্রতিষ্ঠা দিতে হইবে।"

আমার অন্তর-বাহির সুনির্দ্ধারিত হইয়া গিয়াছিল। চিন্তার আবর্ত্তে আমার শক্তির কোনদিন স্তম্ভিত নহে। কাজ আমার নহে, ঈশ্বরের। পথ তাই চিরদিন মুক্ত অবাধ আমার সম্মুখে। কর্ম্ম-চাঞ্চল্য দেহের ও মনের। দেহ-মন কর্ম্ম করিলেই স্পন্দিত হইবে। আত্মা শান্ত সমাহিত, এ অনুভূতি দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইয়াছিল। কর্ম্ম কোনদিনই আমার ভার হয় নাই। কর্ম্ম শ্বাসপ্রশ্বাসের ন্যায় সাবলীল সহজ ছন্দে বহিয়াছে। কর্ম্মের

বৃহত্তর ক্ষেত্র-রচনার প্রেরণায় আমি উদ্বুদ্ধ হইয়াছিলাম। "প্রবর্ত্তক" বাংলায় কর্ম্মক্ষেত্র-সৃজনের উপযোগী হইয়াছিল। শ্রীঅরবিন্দের প্রেরণায় তাহা ভারতব্যাপী করার প্রবৃত্তি হইল। ইহার জন্য আমি একখানি ইংরাজী সাপ্তাহিক বাহির করার প্রস্তাব করিলাম। শ্রীঅরবিন্দ সম্মত হইলেন। গোল বাধিল নাম লইয়া। সুরেশ ও নলিনী নাম স্থির করিল "Path-finder"; কিন্তু শ্রীঅরবিন্দ হঠাৎ বলিলেন: "প্রবর্ত্তক"-এর অনুরূপ ইংরাজী "Standard-bearer"। এই নাম লইয়াই বিজয়ী বীরের ন্যায় শ্রীঅরবিন্দের পদ-বন্দনা করিয়া তাঁহার সম্মুখে স্থিরদৃষ্টিতে দাঁড়াইলাম। সেই বিস্তৃত অলিন্দে তখন শুধু তিনি আর আমি। তিনি প্রসারিত বাহুযুগলে আমায় হৃদয়ে লইয়া শিরশ্চুম্বন করিলেন। এ স্পর্শ মর্ত্ত্যের নহে, অমৃতের। তাঁর গদগদ কণ্ঠস্বর আজিও কর্ণে মধুবর্ষণ করে। সে আশীর্ব্বাদ কোন দিক্ দিয়া সার্থক হয়, এ মর্ত্ত্য মনে তাহা অবধৃত হইবে না। শ্রীঅরবিন্দের বাংলা ভাষা তেজোদৃপ্ত কিন্তু সংক্ষিপ্ত। শ্রুতিতে গাঁথিয়া রহিয়াছে তাঁহার অমর বাণী "মতি, তোমার কাজ আমার কাজ। আমার কাজ তোমার কাজ"!

মিষ্টার ও মাদাম রিশার সে সন্ধ্যায় তখনও গৃহে প্রত্যাবর্ত্তন করেন নাই, আমায় বিদায়-সম্ভাষণ দিতে নিম্নেই অপেক্ষা করিতেছিলেন। মিষ্টার রিশারের সহিত আলিঙ্গন করিয়া, মীরা দেবীর করপুট ধারণ করিয়া বিদায় লইলাম। তাঁহারা উভয়ই গৃহদ্বারে আসিয়া, আমায় সাদর বিদায়াভিনন্দন দিলেন। মীরা দেবীর সমস্যা মাথায় লইয়াই চন্দননগরে ফিরিলাম। আসিবার সময়ে তাঁহার জীবনের লক্ষ্য কি, তৎসম্বন্ধে তাঁহার হস্তলিখিত নাতিক্ষুদ্র একখানি বিবৃতিপত্র সঙ্গে লইয়াছিলাম। ১৯২০ খৃষ্টাব্দের এই মহীয়সী বিদেশিনী মহিলার আত্মানুভূতি আজিও আমি স্মরণে রাখিয়াছি। তাহার অনুলিপি আমি এইখানে সংযুক্ত করিলাম:

"When and how did I become conscious of a mission, which I was to fulfil on earth? And when and how I met A.G.?

সম্বন্ধে আমার জ্ঞান কবে ও কি ভাবে হইল? কখন ও কি ভাবে শ্রীঅরবিন্দের সাথে আমার প্রথম সাক্ষাৎকার হয়?

"এই দুইটী প্রশ্ন আপনি আমাকে করিয়াছেন; সংক্ষেপে উত্তর দিব, প্রতিশ্রুতি আমি দিয়াছি।

"কাজটী সম্বন্ধে জ্ঞান যে আমার কবে হয়, তাহা বলা কঠিন। এটী যেন মনে হয় জন্মেরই সাথে পাইয়াছি, এবং পরে মন ও মস্তিষ্কের পুষ্টির সঙ্গে এই চেতনাটিও স্পষ্টতর ও পূর্ণতর হইয়া উঠিয়াছে।

"এগার হইতে তের বৎসর বয়সের মধ্যে আমি সূক্ষ্ম ও আধ্যাত্মিক জগতের ধারাবাহিক কতকগুলি উপলব্ধি-পরম্পরার ফলে ভগবানের অস্তিত্ব সম্বন্ধে পরিচয় পাই; আরও জানিতে পারি যে, মানুষ ভগবানের সাথে মিলিত হইতে পারে, জ্ঞান ও কর্ম্মে তাঁহাকে পূর্ণভাবে ধরিতে পারে, একটা দিব্য-জীবনে তাঁহাকে এই পৃথিবীতেই প্রকট করিতে পারে। এই জিনিষটি আর ইহাকে কার্য্যে পরিণত করিবার জন্য একটী সাধনা আমার শরীরের সুপ্তিকালে কয়েক জন উপদেশকের কাছে আমি পাই—তাঁহাদের কয়েক জনের সাথে পরে স্থূলজগতেও আমার সাক্ষাৎকার হয়। তারপর বাহিরে ও ও ভিতরে যেমন বাড়িয়া উঠিয়াছি, ইঁহাদের এক জনের সঙ্গে আমার আধ্যাত্মিক ও আধিভৌতিক সম্বন্ধও তেমনি স্পষ্ট ও ঘনিষ্ঠ হইতে থাকে। তখন ভারতের দর্শন বা ধর্ম্ম সম্বন্ধে আমার কিছুই জানা ছিল না, কিন্তু ইঁহাকে আমি 'কৃষ্ণ' নাম দিবার প্রেরণা পাই এবং তখন হইতেই আমি জানিতে পারি যে, ইঁহার সাথে স্থূলজগতে আমার একদিন দেখা হইবে ও ইঁহার সাথে মিলিয়া ভগবানের কাজটি আমাকে করিতে হইবে।

"১৯১০ সালে আমার স্বামী একাকী পণ্ডিচারীতে আসিয়াছিলেন। তখন এক কৌতূহলকর ও অদ্ভূত ঘটনাচক্রে শ্রীঅরবিন্দের সাথে তাঁহার পরিচয় হয়, আর তখন হইতে আমরা স্বামী ও স্ত্রী দুই জনেই ভারতবর্ষে ফিরিবার জন্য বিশেষ উৎসুক হই—আমি তো ভারতবর্ষকে চিরদিনই আমার প্রকৃত মাতৃভূমি বলিয়া ভালবাসিয়া আসিয়াছি। ১৯১৪ সালে এই সৌভাগ্য আমাদের হয়।

অর্থাৎ সমর্পিত অস্ত্র লইয়া তাঁহাদিগকে কোনই প্রশ্ন করা হইবে না।

আমি এইরূপ দাবী পূরণ করিতে পারি নাই, যে-হেতু যাদুগোপাল প্রভৃতি আমার সান্নিধ্যে ছিলেন না। আমি সংবাদপত্রাদিতে বিজ্ঞাপন দিয়া তাঁহাদের ডাকাইয়া আনিয়াছিলাম এবং গভর্ণমেণ্টের ধারণানুযায়ী অস্ত্রাদি পাওয়ার যে সম্ভাবনা নাই, তাহা হিসাব দেখাইয়া মিষ্টার ডিক্‌সনের নিকট অকপটে জানাইয়াছিলাম। আমার উক্তির মধ্যে একবিন্দু মিথ্যা ছিল না। বঙ্গীয় রাজপুরুষগণও সম্ভবতঃ আমার কথা অবিশ্বাস করেন নাই; তাই উক্ত বন্ধুদের বিনা সর্ত্তে মুক্তি দিয়া তাঁহারা আমায় কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছিলেন। এই সকল বিপ্লবী তরুণ আমার আত্মীয়স্বজন কেহই নহেন, কিন্তু তাঁহারা আমার স্বদেশবাসী, দেশসেবী। আমি উপলক্ষ-স্বরূপ এই সকল মহৎ-জীবনের মুক্তির জন্য নিজেকে ধন্য মনে করি। তখনও বাকী রহিলেন আমার প্রিয় বন্ধু শ্রীযুক্ত অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—তাঁহার মুক্তির ইতিহাস উপন্যাসের ন্যায় বিচিত্র, রোমাঞ্চকর। সে কথা পরে যথাস্থানে বলিব।

এই যে জীবনরঙ্গ, ইহার পশ্চাৎ যাঁহার উদ্যত হস্ত সহায় হইয়াছে, সাহস দিয়াছে, তাঁহাকেই বার-বার স্মরণে পড়ে। মিঃ ডিক্‌সন প্রমুখ রাজকর্ম্মচারিগণ যেদিন আমায় বাড়ী উপস্থিত হইয়াছিলেন, সেদিন আমার রন্ধনশালা যজ্ঞশালায় পরিণত হইয়াছিল। গৃহলক্ষ্মীর ছিল অন্নপূর্ণার মন্দির, স্বধর্ম্মী-বিধর্ম্মী বিচার ছিল না—এখানে মিঃ পিয়ার্স'ন বা মৌলভী লিয়াকৎ হোসেনের ন্যায় ভিন্ন-ধর্ম্মী বন্ধুগণ আমার আত্মীয়-স্বজন বন্ধুবান্ধবের সহিত তুল্যভাবে আতিথ্যের পরিচর্য্যায় পরম প্রীত ও পরিতুষ্ট হইয়াছেন। কর্ম্মে প্রিয়াপ্রিয়-ঘটনার সৃষ্টি হইলেও, হৃদয় ছিল নিষ্কলুষ গঙ্গোত্রীর মত শুভ্র। গৃহদেবী সেদিন এই নব অতিথিগণের জন্য বিবিধ প্রকার খাদ্যদ্রব্যাদির আয়োজন করিয়াছিলেন। কিন্তু সাহেবরা সেদিন আমাদের অন্তরের পরিচয় জানিতেন না, হয়তো সেই জন্যই তাঁহারা খাদ্যাদি-গ্রহণে নিঃসঙ্কোচ হইতে পারেন নাই। তবুও তাঁহার পীড়াপীড়ির প্রভাব তাঁহারা উপেক্ষা করিতে না পারিয়া, প্রচুর খাদ্যাদি ছাঁদা-বাঁধার ন্যায় মোটরে করিয়া লইয়া যাইতে বাধ্য হইয়াছিলেন।

অন্নপূর্ণার মন্দিরে সেই অনাবিল আতিথ্যের অনাহত প্রবাহ আজিও রুদ্ধ হয় নাই।

এইবার বিয়োগান্ত নাটকের একাঙ্ক সমাপ্ত হওয়ার করুণ-কাহিনী বিবৃত করিব।

অরবিন্দ আর আমি—এই দুই যখন অখণ্ড ভাবমূর্ত্তি লইতে চলিয়াছে, বিদ্যাপীঠের সূচনার পরেই দেখা গেল যে, সে প্রেম ও ঐক্য মর্ত্ত্যে বুঝি প্রত্যক্ষ হইবার নহে। নব জীবনের মন্দাকিনীধারা ধরণীর বুকে অবতরণ করিলেও, দুই কূলের ব্যবধান যেন ঘুচিল না। ১৯২০ খৃষ্টাব্দের জুন মাসেও চন্দননগরের এই সৃষ্টির সহিত শ্রীঅরবিন্দের যে অভিন্ন পরিচয়, তাহা তাঁহার পত্রের কয়েক ছত্র উক্তিতে ফুটিয়া উঠিয়াছিল।

তিনি লিখিয়াছিলেন—"This, as I conceive it, has to be done in two lines. First, what has already been created by us and given a right spirit, basis and form, must be kept intact, in spirit, intact in basis and intact in form and must strengthen and enlarge itself in its own strength and by its inherent power of self-development and the divine forces within it. This is the line of work on which you have to proceed."

অর্থাৎ "যেমন আমি বুঝি, তাহাতে দুইটী প্রণালীতে কার্য্য সিদ্ধ করিতে হইবে। প্রথমতঃ, আমাদের দ্বারা যাহা সৃষ্ট হইয়াছে, সত্য ভাব, ভিত্তি এবং আকৃতি পাইয়াছে, তাহার সেই ভাব, ক্ষেত্র ও আকৃতি অক্ষুণ্ণ রাখিতে হইবে, এবং ইহা নিজ শক্তিতেই আত্মপূর্ত্তির অন্তর্নিহিত গতিবেগে এবং দিব্যশক্তির প্রেরণায় শক্তিপূত ও বিস্তৃত হইবে। তোমাকে এই কর্ম্মগতি ধরিয়াই অগ্রসর হইতে হইবে।"

আমার প্রকৃতি অশরীরী ভাবকে আশ্রয় করিয়া যেমন উৎফুল্ল হইয়া চলে, বস্তুতন্ত্র বিধি তাহাকে তাদৃশী তৃপ্তি দেয় না। বারীন-দা প্রমুখ আমার পুরাতন বন্ধুরা আমার গতির তালে তাঁদের পরিচিত সঙ্কেত না পাইয়া, আমার কার্য্য দিব্য নহে, এইরূপ একটা সোরগোল তুলিয়াছিলেন। বাহিরের জগতের সহিত আজ পর্য্যন্ত সম্বন্ধ না রাখিয়াই আমি চলিয়াছি আমার এক নিজস্ব জীবনচ্ছন্দে। অসত্যকে আশ্রয় দিই নাই ; বাহিরের পরিচিত কর্ম্মকৌশল অর্থাৎ 'টেক্‌নিক্' আমার সাহিত্যেও নাই, কর্ম্মেও নাই। তবুও যে ইহা ব্যর্থ হয় নাই, এই দৃষ্টান্ত চক্ষের সম্মুখে ধরিলেও, প্রচলিত ছন্দে আমার জীবন-গতিকে টানিয়া আনার প্রযত্ন আমি তাঁহাদের অপপ্রচেষ্টা বলিয়াই দৃষ্টি দিতাম না। বাহ্যতঃ ইহা আমার অহঙ্কার বলিয়া ভ্রান্তির সৃষ্টি হওয়া খুবই স্বাভাবিক। কিন্তু আমার বিশ্বাস ছিল—আমার জীবনধর্ম্মের কষ্টিপাথর শ্রীঅরবিন্দ। সেখানে ছিল আমার সর্ব্ব কর্ম্মের সমর্থন। আমি তাই অভীঃ হইয়াই চলিতেছিলাম।

অসংখ্য কর্ম্মের মধ্যে অবহিত আমার প্রকৃতিকে বাহিরের দিক্ হইতে কৌশল করিয়া চঞ্চল করার সপিল ছন্দঃ আমাদের নিজেদের মধ্যেই ধীরে-ধীরে পরিস্ফুট হইতে লাগিল। যেন চতুর্দ্দিকে ষড়যন্ত্রের অস্ফুট গুঞ্জন শোনা গেল—শ্রীঅরবিন্দের প্রেরণাশক্তিকে লুটিয়া লইয়া আমি নাকি নিজেকেই পুষ্ট করিতেছি! শ্রীঅরবিন্দ এই খবর এতদিন রাখিতেন না যে, আমি তাঁহার প্রচুর দানে নিজেই প্রবৃদ্ধ হইয়া উঠিতেছি! এইরূপ অসদৃশ বিপরীত প্রচারে চিত্ত আমার মাঝে-মাঝে অপ্রসন্ন হইয়া উঠিত, অথচ কাজের অন্ত ছিল না। ব্যবসা-বাণিজ্যের সহিত তিনখানি সংবাদপত্র-পরিচালনা, বিদ্যা-পীঠের উৎসাহী তরুণদের লইয়া নবজীবনের আন্দোলন, ১৯২২ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দ আসিবেন বলিয়া তাহার জন্য বিপুল আয়োজন—আমার এইরূপ অসংখ্য-কর্ম্মপ্রেরণা—দিন যে কোথা দিয়া ফুরাইয়া যাইত, উহার হিসাব ছিল না। কিন্তু সহকর্ম্মীদের সহিত একত্র হইলে, পূর্ব্বে যে অনাবিল প্রেম ও ঐক্যের আস্বাদ মিলিত, তাহা যেন স্তম্ভিত হইয়া গিয়াছে। পূর্ব্বে

যেমন সকলে মিলিয়া অতি গুরুতর কর্ম্মও সুসিদ্ধ করিয়া তুলিতাম, এখন অতি সামান্য কার্য্য করিতে হইলেও, পরস্পর ঠেলাঠেলি চলিতে থাকে। শ্রীঅরবিন্দ যেন আমার সহিত নূতন করিয়া বুঝাপড়ার জন্য আকুলতা প্রকাশ করেন। বারীন-দাকে যেমন আমি আপনার করিয়া লইবার আশায় হাত বাড়াইয়াছিলাম, সে আশা একেবারেই অমূলক মনে হইল এবং যাঁহাদের চন্দননগরের কর্ম্মে চিরদিন সহায়তা পাওয়ার আশা ছিল, তাঁহাদের মধ্যে অনেকেরই মনোভাব দ্বন্দ্বময় বলিয়া মনে হইতে লাগিল। আমি অবস্থার স্পষ্টতার জন্য ব্যস্ত হইয়া পড়িলাম। এই সময়ে শ্রীঅরবিন্দের নিকট গিয়া আমার অন্তরের অবস্থা সম্বন্ধে স্পষ্টতা আনিবার জন্য আমি অরুণচন্দ্রকে পণ্ডিচারী পাঠাইয়া দিলাম।

কর্ম্মের ধূম বাড়িয়াই চলিতেছিল। বিদ্যাপীঠে ছাত্রসংখ্যা বাড়িতেছে, অথচ তাহাদের থাকিবার স্থান নাই। কেহ পর্ণকুটীর আশ্রয় করিল, কেহ আমার বন্ধুবান্ধবের বাড়ী গিয়া রাত্রিযাপন করিতে লাগিল। সে যেন সর্ব্বপ্রকারের অব্যবস্থার মধ্যেই তৃতীয়-শক্তির হস্তে ভবিষ্যৎ-সৃষ্টির উদ্যোগ-পর্ব্ব চলিতেছিল! সে দিনের শিক্ষাপ্রার্থীরাই কিন্তু শক্ত মানুষ হইয়া প্রবর্ত্তক সঙ্ঘকে অবধারণ করার বীর্য্য লাভ করিয়াছে। শ্রীমান্ অরুণচন্দ্র পণ্ডিচারী হইতে যে অবস্থা আমার নিকট বিজ্ঞাপিত করিল, তাহা আমার ধারণাতীত এবং তখনও শ্রীঅরবিন্দ আমার প্রতি যে করুণা-মমতা বুকে রাখিয়া আমার শ্রেয়ঃ-কামনায় সর্ব্বদা প্রযত্ন করিতেছেন, তাহাও আমার চিত্তকে উদ্বুদ্ধ করিল।

চণ্ডীদাসে পড়িয়াছিলাম—

"পরকে আপন করিতে পারিলে
পীরিতি মিলয়ে তারে।"

এই পড়া তত্ত্বটাকে জীবনে মূর্ত্ত করার জন্য যে তপস্যার আবর্ত্তে হাবুডুবু

খাইতেছিলাম, আমার সচেতন মনোজগতে সেই সময়ে তাহা যদি ধরা পড়িত, এই দুঃসাধ্য কর্ম্ম হইতে সম্ভবতঃ বিরত হইতাম। অতি বড় কঠিন কর্ম্ম অনেক সময়ে মানুষের অজ্ঞাতসারেই হয়; এইরূপ না হইলে, সঙ্কীর্ণ মনের ক্ষেত্রে ইহার জন্য যে কঠোর দুঃখের সমুদ্র উথলিয়া উঠে, তাহা হইতে মুক্তির জন্য বৃহত্তর আদর্শকেও মানুষ বিদায় দিয়া থাকে। অলক্ষিতে যাহা গড়িয়া উঠিতেছিল, তাহার জন্য দুঃখ ছিল না। কিন্তু সলক্ষ্য চেতনাজগতে যেখানে দিনের পর দিন স্বপ্নকে রূপ দিতে প্রাণান্ত করিতে বিমুখ ছিলাম না, সেইখানে প্রলয়ঝঞ্ঝা নামিয়া আমার বৃহত্তর স্বপ্ন নিরর্থক করিয়া দিল; কিন্তু অচেতন মনের জগতে উপেক্ষিত সত্য অপূর্ব্ব বিগ্রহে পরিণত হইয়া আমার জয় দিল খুব অসহায় অবস্থা-পরিবেশের মধ্যেও। সাধনার সমাপ্তি-মন্ত্র এইখানেই অর্থপূর্ণ হইয়া উচ্চারিত হইল মুক্ত কণ্ঠে।

খ্যাতি ও যশের বিশাল কর্ম্মক্ষেত্র, বিপুল অভিজ্ঞতা ও গৌরবদৃপ্ত ব্যক্তিত্বের সহিত পরিচয়ের ঘোষণা, সংস্কৃতি ও সাধনার উন্নততর সোপান-রাজি, চিত্ত-মন একাগ্র করিয়া যেখানে স্থির-দৃষ্টি রাখিতাম, সেই অপূর্ব্ব আদর্শ ও সৃষ্টি—কালের যবনিকায় সবই যেন ঢাকা পড়িল। চক্ষে অন্ধকার ঘনাইয়া দৃষ্টি যখন ফিরিয়া পাইলাম, আত্মসাধনায় তখন দেখিলাম—চির উপেক্ষিত অনাদৃত জন, কঠোর কর্ম্মক্ষেত্রে যাহাদের মূল্য একটি কপর্দ্দক বলিয়াও স্বীকার করি নাই, যাহাদের ব্যক্তিত্ব ও আভিজাত্য অতি নগণ্য বোধে ক্লান্তির অপনোদন ও অবকাশের ক্রীড়ণক বলিয়াই যাহারা গণ্য হইত, তাহারাই জীবনের সুমহান্ আদর্শের সহায়করূপে দেখা দিল এই দুর্দ্দিনে। একান্ত অপ্রত্যাশিত ক্ষেত্রেই জীবনের অভাবনীয় সাফল্য এমন করিয়া লুকাইয়া থাকিতে পারে, তাহা পূর্ব্বে ভাবনার মধ্যেও ছিল না।

হিন্দুর অবিকৃত রক্তস্রোতে যে সংস্কৃতি চির-নিহিতা, তার প্রেরণা আমায় চিরদিনই পাগল করে। তাই প্রতি নব বর্ষের প্রভাতে সূর্য্য-সন্দর্শনের জন্য গঙ্গাতীরে ছুটিয়া যাইতাম, দেখিতাম—বালখিল্য চির-সহচর অবোধ ছাত্রগণ আমার মুখের দিকে চাহিয়া নবযুগের ইতিহাস অধ্যয়ন করিতেছে। আর

পুষ্প-চন্দনের থালি হাতে নিরক্ষরা পল্লীবধূ মেজ-বৌ চরণ-বন্দনা করিয়া বলিতেছে "ঠাকুর, আশীর্ব্বাদ করুন, ভক্তি-বিশ্বাস যেন চিরস্থায়ী হয়!" নব বর্ষের প্রথম দিনের এই স্মৃতি মুছিয়া যায় নাই ; স্তরে স্তরে এই সকল স্মৃতি-সংস্কারই আমার হৃদয় পূর্ণ করিতেছিল।

চৈত্র-সংক্রান্তির শুভ লক্ষণস্বরূপ ইক্ষুগুড়-সংযুক্ত গোধূম-চূর্ণ যখন সজ্ঘ-সংসারে অসঙ্কোচে বিতরিত হইত, সেদিন লক্ষ্যে পড়িত মাধুর্য্যময়ী সেই সাধ্বীর পবিত্র-মূর্ত্তি—তাঁর সীমন্তের সিন্দুর, চরণের অলক্ত, শাড়ীর রক্তজবার মত রাঙ্গা রঙটুকু অন্তরে যে অনুভূতির প্রস্তরবেদী গড়িয়া তুলিতেছিল, দৃষ্টির অন্তরালে হইলেও, ভবিষ্যৎ তাহার জন্য অপেক্ষা করে নাই—উহা অবাধেই মূর্ত্তি লইতেছিল।

আষাঢ়ের টিপি-টিপি বৃষ্টির দিনে, কোন দূর পিচ্ছিল কর্দ্দমাক্ত পথের উপর দিয়া কত নারী-পুরুষ হাঁটিয়া চলিয়াছে, অনেক দূর হইতে ভাসিয়া আসিতেছে কাঁসর, ঘণ্টা আর মানুষের কণ্ঠে জয়ের কোলাহল! নবচূড় রথের রক্তপতাকা আকাশে উড়িয়া চলিয়াছে। পরিচ্ছন্ন পরিচ্ছদে পল্লীবধুদের লইয়া হৃদয়ানন্দদায়িনী পত্নী রথ দেখার করুণ আকূতি নিবেদন করিতেছেন—সহাস্যে আদেশবাক্য মাথায় লইয়া, তাঁর অঞ্চল দোলাইয়া রথোৎসব-দর্শনের যাত্রা। তাঁর প্রতি পদ-সঞ্চারে উৎসবের ঘোষণা মর্ম্মে মর্ম্মে যে ইতিহাস রচনা করিত, তাহার হিসাব সেদিন করিলেও, অঙ্কের বোঝা ভারী হইয়া উঠিত—কিন্তু তাহার ফল অবহেলা করা যায় না।

নির্ম্মল শারদ প্রভাতে শেফালীর রাশি অঙ্গনে ছড়াইয়া পড়িত। সুবাসে বাতাস প্রমত্ত বেশে ইতস্তত: ছুটাছুটী করিত। শারদীয়া জননীর আগমন-বার্ত্তা ঘরে-ঘরে চারণ ঘোষণা করিয়া বেড়াইত ; ষষ্ঠীর সন্ধ্যায় ললাটে-ললাটে চুয়া-চন্দনের টীকা পরিয়া মাতৃমন্দিরে দলে-দলে সকলে উপস্থিত হইত—সপ্তমীর প্রভাত হইতে দশমীর বিজয়ালিঙ্গন পর্য্যন্ত আত্মচৈতন্যের উর্দ্ধে যে সৃষ্টিচক্র রচিয়া উঠিতেছিল, তাহার সন্ধান সেদিন করিতে চাহিলে, সৃষ্টির মধুচক্র সম্ভবতঃ এমন বাস্তব-রূপে গড়িয়া উঠিত না, কল্পনার রামধনুই আঁকিয়া শেষ হইত। কালীপূজার রাত্রে ঘরে-ঘরে দীপালী-শোভা! তাড়া-তাড়া

পাঁকাটীর মশাল জ্বালিয়া ছুটাছুটী, দৌড়াদৌড়ি! আগুন লইয়া হুড়াহুড়ি! এমন বার মাসে তের পার্ব্বণে উৎসবের অনুষ্ঠানে, হাস্য-কৌতুকে অলক্ষ্যে এক অপার্থিব সৃষ্টিচক্র গড়িয়া উঠিতেছিল, তাহার ধারণা আমি করিতে পারি নাই। কত জ্যোৎস্না-রাতে গঙ্গার বুকে সারি-সারি তরণী বাহিয়া হাসি, কথা, গানে চিত্ত ভরিয়া উঠিত—দুই কূল মুখরিত করিয়া সঙ্গীতের রেশ উঠিত—সেদিন সে সবই ছিল খোলা মনের সহজ প্রকাশ—ইহার মধ্যেই বিনাইয়া-বিনাইয়া ভাগ্যদেবী যে আমাদের মধ্যে এমন অমর সৃষ্টিচিত্র আঁকিয়া তুলিতেছিলেন, সে দিকে বিন্দুমাত্র আমার দৃষ্টি ছিল না।

কত দ্বিপ্রহর রাত্রে কথা কহিতে-কহিতে খোলা আকাশপথে কে যেন আবির্ভূত হইয়া, টানিয়া লইয়া যাইত নদীতটের অশ্বত্থ-বটকুঞ্জে। সেখানে আলো-ছায়ার মাঝে হৃদয়-বিনিময়ের উৎস মুক্ত হইত। তারপর নৌকা করিয়া নদীপথে কত দূর যাত্রা, কে তাহার হিসাব রাখে! কেহ যথাসময়ে অনুপস্থিত থাকায়, এই উৎসবে যোগ দিতে না পারিয়া, নদীতীরে হতাশ হইয়া আমাদের সন্ধানে ছুটাছুটী করিত। কেহ-বা সেই গভীর-রজনীতে গৃহদেবীর কাছে গিয়া জিজ্ঞাসা করিত আমাদের সন্ধান। তিনি এই সংবাদে অজানা আশঙ্কায় বিচলিতচিত্তা হইয়া, ঘর ছাড়িয়া, অলিন্দে আসিয়া দাঁড়াইতেন—পুনরাগমনের প্রতীক্ষায়। তারপর কলহাস্যে আমাদের পুনরাবির্ভাব। মুখে কাপড় দিয়া ভ্রূকুটীকটাক্ষে তাঁর তিরস্কার, তারপরে হাসির ফোয়ারা ছুটিত—এইরূপ লুকাচুরি খেলা-ধূলার মধ্য দিয়া আমাদের বহু হৃদয় এক সঙ্গে বাঁধা পড়িতেছিল। কল্প সৃষ্টি হইতেছিল আমাদের অজ্ঞাতে। সে স্বতঃ-সৃজনের বেদী আমি অস্বীকার করিলেও, ইহার প্রভাব অস্বীকারের ছিল না—তাহাই গৃহ-সংসার ডুবাইয়া একটা প্রলয় সৃষ্টি করিয়া আমাদের সঙ্ঘবদ্ধ করিল। শ্রীঅরবিন্দ ছিলেন সত্যদৃষ্টিসম্পন্ন দিব্য-শিল্পী, কিন্তু আমারই প্রকৃতি হয় তো তাঁহাকে অন্ধ করিয়াছিল—এই বিচার আজও আমার শেষ হয় না।

যেখানে শ্রীঅরবিন্দের সহিত আমার সম্বন্ধচ্ছেদ, সেইখানেই জীবন-সঙ্গিনীর অধ্যাত্মভাবে আত্মপ্রকাশ এবং সঙ্ঘ-জীবনেরও আরম্ভ। কিন্তু সে কথা হয়তো

আমার বলা হইবে না। যেখানে জীবন-প্রবাহ অতল সমুদ্রগর্ভে আপতিত হইয়া, ধূলি-বালি-কর্দ্দমের স্তর-বিন্যাস করিয়া, অভিনব জীবনদীপ-রচনায় খরস্রোতে ছুটিয়াছিল, সে প্রয়াস যেখানে ব্যর্থ হইল, দেবতার বোধন-সঙ্গীত গাহিতে-না-গাহিতে উৎসর্গের মঙ্গল-ঘট যেখানে ভাঙ্গিয়া পড়িল, সেইখানেই আমার লেখনী নিশ্চলা হউক।

১৯২১ খৃষ্টাব্দের প্রথম ভাগেই আমার জন্য যাহাদের আসিবার কথা, তাহারা আসিয়াছিল। দূর পথের যাহারা, তাহারা পরে আসিবে বলিয়া আমার হৃদয়দ্বার চিরদিনই মুক্ত। আমি আজ কাহার নাম করিব ? জীবনের কঠোর অগ্নিপরীক্ষার দিনে এই অতি :দীন জনকে আশ্রয় করিয়া আমার ওষ্ঠপুটে একটু হাসির রেখা ফুটাইবার জন্য যাহারা সর্ব্বত্যাগী হইল, তাহাদের অমর-স্মৃতি আমার হৃদয়-পথে চিরাঙ্কিত থা'কবে। কোন উচ্চাকাঙ্ক্ষা, আশা ও আদর্শের আকর্ষণ ইহাদের ছিল না—পরকে আপন করার কঠোর তপঃসাধন ছিল এই সব মানুষের লক্ষ্য। এই নর-নারীর মিলন আত্মিক, তাই তাহা শাশ্বত ও অমৃতময়! জন্ম-জন্মান্তরের সাথী লইয়াই সঙ্ঘ হয়—সঙ্ঘ-ঘোষণার তাই ইহারাই হইল প্রবর্ত্তক।

সঙ্ঘের প্রথম যাত্রী অরুণ। সে আসে নাই ; আমায় সে আকর্ষণ করিয়া লইয়া গিয়াছিল তাহার স্বক্ষেত্রে। আমি ছিলাম কেবল আপনারই কাছে কবি, ভাবুক, দার্শনিক। আমার খ্যাতিপত্র দ্বিতীয় ব্যক্তির নিকট মিলিবে না, তাহা আমি জানিতাম ; কিন্তু হঠাৎ শ্রীঅরবিন্দের জ্যোতির্ম্ময়ী শুভ-দৃষ্টির বিকিরণে আমার স্থান উচ্চ গ্রামে যেন সুপ্রতিষ্ঠিত হইল, নিজের অসাধারণত্বে আস্থাবান্ হইয়া জাতির নিকট বাণী প্রেরণ করিলাম—শ্রীমান্ অরুণচন্দ্রকে তবুও যেন অতিক্রম করিতে ইচ্ছা হইত না। সুকুমার শিশুকাল হইতেই সে আমার সকল প্রেরণার পুরোভাগে গিয়া দাঁড়াইত—মানবাত্মার সহিত মানবাত্মার সম্বন্ধ দৃঢ়-ভিত্তি পাইলে, পর আপন হওয়ায় যে চিত্তের নির্দ্দয়তা, তাহা আমার এখানেই প্রকাশ পাইত। ১৯২০ খৃষ্টাব্দের গোড়ায় বারীন্দ্রপ্রমুখ শ্রীঅরবিন্দের স্বজন ও অনুগত কর্ম্মিগণ মুক্তি পাইলেন। এই নূতন

পরিস্থিতি-ফলে শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে যে অস্পষ্টতা ঘনাইয়া উঠিয়াছিল, তাহার নিরসনের জন্য শ্রীমান্ অরুণকে পণ্ডিচারী পাঠাইয়া আমি নিশ্চিন্ত হইলাম। ঝড়ের আভাসেই অন্তরের যে অস্থিরতা জমিয়া উঠিতেছিল, তাহা হইতে মুক্তি পাইলাম। সুস্থ ও স্বচ্ছন্দ চিত্তে আরব্ধ কর্ম্ম সুসম্পন্ন করার জন্য পুনঃ উদ্বুদ্ধ হইলাম।

কর্ম্মের ব্যাপ্তি অর্থক্ষেত্রেই নিবদ্ধ ছিল না। চতুর্দ্দিকে "প্রবর্ত্তকে"র ভাবপুষ্ট সংহতি-কেন্দ্রও গড়িয়া উঠিতেছিল। প্রকৃত কর্ম্মী তখনও গড়িয়া উঠে নাই; সর্ব্বক্ষেত্র নিজেকেই দেখিতে হইত। অসাধারণ কর্ম্মশক্তির উৎস ছিলেন শ্রীঅরবিন্দ। সেই অমোঘ বিশ্বাসেই দেহ ও মনের ক্লান্তি অনুভব করিতাম না। নানা প্রকার ব্যবসা সমস্যার সঙ্গে মানবচরিত্র লইয়াও অসংখ্য প্রকারের আবর্ত্ত-সৃষ্টি হইত। ইহার উপর গৃহদেবীকে কেন্দ্র করিয়া একটী নারীচক্রও গড়িয়া উঠিতেছিল। মানুষ গড়ার দাবী আমি করি না; কেন-না, অভিজ্ঞতা হইতে বুঝিয়াছি—গড়া মানুষই যথাকালে যথাস্থানে উপস্থিত হইলে, নির্ম্মাতা গর্ব্ব করিয়া বলে—এ সৃষ্টি আমার। আমি এমন অন্ধ নহি।

এই সময়ে আমার অপর দুইটী শ্যালিকার পতিবিয়োগ হয়। আমার স্ত্রী ভগিনীগুলির বৈধব্যমূর্ত্তি দেখিয়া অতিশয় সন্ত্রস্তা হইয়া পড়েন। এই মূর্ত্তিকে তিনি অতিশয় ভয়ের চক্ষে দেখিতেন। আমি তাঁহাকে আশ্বাস দিয়া বলিতাম—বিধাতার এই কঠোর বিধান যদি তাঁর ভাগ্যেও থাকে, তাহা তিনি নিজের কঠোর-তপস্যায় নিশ্চয় অতিক্রম করিবেন। এই কথায় তিনি সান্ত্বনা পাইতেন না—প্রণাম করিয়া বলিতেন "আশীর্ব্বাদ কর, তোমার কোলে মাথা রাখিয়া যেন মরি!" আমি তাঁর মস্তক চুম্বন করিয়া সর্ব্বান্তঃকরণে এই আশীর্ব্বাদ করিতাম। আমার বাণী তাঁর হৃদয় স্পর্শ করিত—তিনি অতি উৎসাহে কর্ম্মে প্রবৃত্ত হইতেন। স্বামিহারার প্রতি তাঁর অসাধারণ সহানুভূতি-কারুণ্য ছিল, তার একটী দৃষ্টান্ত পরে দিব। তিনি বলিতেন "নারীর এত বড় দুর্ভাগ্য আর কিছুতে নাই!"

বৈধব্যসম্বন্ধে আমার চিন্তাধারা কিন্তু অন্যরূপ ছিল। আমি বলিতাম ব্যবহারতঃ নারীর বৈধব্য দুর্ভাগ্য বটে, কিন্তু হিন্দু বিধবার এই তপঃপূতা মূর্ত্তি কি মানবাত্মার অমরত্বকেই ঘোষণা করে না? শরীর লইয়া স্বামী নয়; শরীর-নাশে পত্নী স্বামীর অবিনশ্বর আত্মার সাথী হইয়া থাকিবে। স্বামীর দেহ বিদ্যমানে স্ত্রীর এক মূর্ত্তি; অশরীরী স্বামীর পত্নী ভিন্না মূর্ত্তি ধরে। হিন্দু-নারীর বৈধব্যবেশ জাতিকে স্মরণ করাইয়া দেয়— পতির শরীর গিয়াছে, তাঁর অশরীরী আত্মা লইয়া সে তপস্বিনী।

কথা শুনিয়া তাঁর চক্ষে প্রদীপ্তা অগ্নিশিখা জ্বলিত। তিনি বলিতেন "পত্নীর দেহটা বিরহের আগুনে দগ্ধ হয়, সে ব্যথা তুমি বুঝিতেছ না? স্বামীর দেহ হারাইয়া পত্নীর বৈধব্য তোমার কথায় গৌরবের বস্তু—কিন্তু এ তপস্যা নারীকে যেন করিতে না হয়!" সে যে কি মরমীর দরদ লইয়া কথা, তাহা ভাষায় বুঝান যাইবে না। তিনি নিজের ভগ্নীদের বড় আদর-যত্ন করিতেন। স্বামিহারা যদি বেশভূষা করিত, তাহা হইলে তিনি বড় বিরক্তা হইতেন, যদিও মুখে কিছু বলিতেন না। তিনি একবার যাহা অন্তরের কষ্টিপাথরে যাচাই করিয়া সত্য বলিয়া গ্রহণ করিতেন, তাহা আর কোন যুক্তিতর্কে নাকচ হইত না। স্বামিহারার বৈধব্য-বেশকেই তিনি শ্রদ্ধার চক্ষে দেখিতেন। চির-ব্রহ্মচারিণী স্বাধ্বীও যেমন তিনি গড়িয়া গিয়াছেন, তেমনি চির-কুমারীও বাদ দিয়া যান নাই; আবার বিধবাকেও তিনি যথাক্ষেত্র প্রতিষ্ঠা দিয়াছেন। যাহার যে ভাব ও অবস্থা, তাহার ব্যতায় হইতে তিনি দিতেন না। ইহার অন্যথা হইলে, তিনি অতিশয় ক্ষুণ্ণা হইতেন। স্বামিহারা যদি সাজিয়া-গুজিয়া তাঁহার সম্মুখে আসিত, তিনি মনে-মনে বলিতেন "কাহার তৃপ্তির জন্য এই সাজ-সজ্জা!" আমি বলিতাম "স্বামী না থাকিলেই কি মানুষকে সাজিতে-গুজিতে নাই? মন বলিয়াও তো বস্তু আছে!"

তিনি তীব্রকণ্ঠে বলিতেন "মনের গলায় দড়ি! নিজের জন্য মানুষ সাজে না; ওদের মনে অন্য আছে। স্বামীকে ওরা পায় নি, ভালবাসে নি!"

এই পাওয়ার কথায় আমি তাঁর দিকে চাহিয়া ভাবিতাম—তুমি কি আমায় পাইয়াছ? একজন আর একজনকে যদি পাওয়ার মত পায়, সেই তো ধন্য হয়! এখানে যে পায় না একজনও মনের মানুষ, সে ভগবান্‌কে পাওয়ার আশা কেমন করিয়া করে? যে নারী পতি পায়, পতির আত্মাকে স্পর্শ করে, সে নারী পতি হারায় কেমন করিয়া? শারীর সম্বন্ধই তো একমাত্র সম্বন্ধ নয়! বিধবা তাই অমর পতির স্মৃতিময়ী দিব্যপ্রতিমা। বিপত্নীকেরও বিধুরাশ্রম এই হেতু হিন্দু-সংস্কৃতির গৌরবসূচক।

আত্মার অমরত্ব স্বীকার করিতে হইলে, এই সমাজবিধানই মানবাত্মার ঋতময়ী অভিব্যক্তি। এইরূপে নব-সমাজ-প্রবর্ত্তনে তিনি বধূবরণ করিয়া ঘরে তুলিয়াছিলেন, চিরকুমারীকে সুপথ দেখাইয়া উৎসর্গ-মন্ত্রে দীক্ষা দিয়াছিলেন—বিধবার হাত ধরিয়া তিনি পরম পথের সন্ধান দিয়াছিলেন। শুধু অধ্যাত্ম-পুত্রদেরই প্রতি তাঁর করুণাপ্রসাদ বিতরিত হয় নাই, নারীকেও তিনি বক্ষে তুলিয়া যথাযোগ্য স্থান দিয়া গিয়াছেন—সে অন্তরঙ্গ রহস্যময় ইতিহাসের কতটুকু বর্ণনা করিতে পারি? কেবল একটী বিধবা যুবতীর কথা উল্লেখ করিয়াই এই আলোচনা হইতে নিবৃত্ত হইব।

কোন এক সম্ভ্রান্ত পরিবারের ষোড়শ-বর্ষীয়া যুবতী কন্যা পতিহীনা হইয়াই, অচিরকাল মধ্যে একমাত্র শিশুপুত্রটীকেও হারাইয়া সমস্ত সংসারটিতে গভীর বিষাদের ছায়াপাত করে। এই যুবতীর পিতামাতা কন্যাকে কোন মতে সান্ত্বনা দিতে না পারিয়া, আমাদের সহায়তা প্রার্থনা করেন। আমরা নিমন্ত্রিত হইয়া সদল-বলে তাঁহাদের বাড়ীতে উপস্থিত হই। আমাদের আগমনে শোকাচ্ছন্ন পারিবারিক আবহাওয়া কিছুক্ষণের জন্যও উৎসবময় হইয়া উঠিল। উৎসবের মধ্য দিয়া এই শোকবিহ্বলা যুবতীও কিছু মনে সান্ত্বনা পাইল। অবস্থা অনুকূলা অনুভব করিয়া সঙ্ঘজননী আমায় সঙ্কেতে জানাইলেন—এই মেয়েটী আমাদের আশ্রয়ে থাকিলে সুখী হইবে, ইহার পিতামাতার ইহাই আকুতি, এ দায়িত্ব আমায় লইতে হইবে। তিনি এই ভাবেই কার্য্য করিতেন; নিজে কিছু করিতেন না, আমাকে আশ্রয় করিয়া ক্ষুদ্র-বৃহৎ কর্ম্ম-সাধন ছিল তাঁর স্বভাব।

আমি এই যুবতীটীকে এই প্রস্তাব করা মাত্র, সে যেন আকাশের চাঁদ হাতে পাইল, সঙ্গে-সঙ্গে তার চক্ষে আশার আলো বিকশিত হইল।

এই শোকবিধুরা যুবতীকে সঙ্ঘজননী নিজের কাছেই রাখিলেন এবং অকৃত্রিম স্নেহ-মমতাপুটে দেখিতে-দেখিতে তাহাকে আপন করিয়া লইলেন। সে অতি শীঘ্র তাহার সমস্ত অতীতটাকে বিদায় দিল। একেবারে নূতন ভাবে সে নিজেকে গড়িয়া লইল। অল্প দিনের মধ্যেই তার শোকমলিন বিবর্ণ মুখ সমুজ্জ্বল-কান্তি ধারণ করিল। শূন্য হৃদয় পূর্ণ করার অসাধারণ কৌশলে তিনি মেয়েটীকে চিরদিনের জন্য শোকমুক্ত করিলেন। আমার সেবার ভার ধীরে-ধীরে তার হাতেই ন্যস্ত করিয়া, তিনি তাহাকে এমন ভাবে আপনার করিয়া লইলেন যে, সে আর আমাদের পর মনে করিল না; মেয়েটী নিজের দুহিতার মত নব ক্ষেত্রে নূতন জন্মলাভ করিল। সতীর আশীর্ব্বাদ পতিহারাকে সেবার অধিকার দিয়া তাহাকে ধন্যা করিল, আমার ধাত্রীরূপা নির্ম্মলা তাঁর স্নেহের দানরূপে আজিও এই নবজীবনের সাক্ষ্য দেয়।

তাঁর স্নেহে ও যত্নে সঙ্ঘের কন্যারা গরবিনী। তাহারাও পুরুষের ন্যায় সঙ্ঘের ভিত্তি রক্ষা করে। তাহাদের নিরবচ্ছিন্ন শ্রমের তিনিও ছিলেন সমান অংশীদার। নানা ঘটনা সৃষ্টি করিয়া ইহার মধ্যেই তিনি তৃপ্তির নির্ঝর উৎসরিত করিতেন। মেয়েদের কর্ম্মক্লান্তা দেহশ্রী তাই সতত লাবণ্যমণ্ডিতা থাকিত। শ্রমই অমৃতের মত নারীমন্দিরকে শক্তি ও শ্রী দিয়াছে।

সঙ্ঘের পুত্র-কন্যা সকলেরই তিনি ছিলেন যুগপৎ ভয় ও অভয়ের স্থান। কোনরূপ চাপল্য ও চাঞ্চল্য তাঁহার সম্মুখে প্রকাশ করার সাধ্য কাহারও হইত না। কিন্তু তাঁর গুরুগম্ভীর আচরণ ও কঠোর অধ্যাত্মশাসনকৌশলের মধ্যেও কি এক অপূর্ব্ব আনন্দপ্রবাহ বহিত, কি এক অপার্থিব আকর্ষণে তিনি সকলকে মুগ্ধ ও ঐক্যবদ্ধ করিয়া রাখিতেন, যাহার ফলে আমার প্রেরণার অনুকূলে সকলেই অবিরাম ছুটিত, দুঃখকে দুঃখ বলিয়া কেহ স্বীকার করিত না। এই হিসাব সেদিন যদি করিতাম, তাহা হইলে তাঁহাকে কেবল আমার সেবিকা

সহধর্ম্মিণী বলিয়া স্নেহ-প্রীতি নয়, সেই সঙ্গে পূজার্ঘ্য দিয়াও সান্ত্বনা লাভ করিতাম। তিনি আমার অনুগতা শিষ্যার ন্যায় আমার জীবনধর্ম্মের অটল-ভিত্তি রচনা করিয়া গিয়াছেন। তাঁর মহনীয় জীবনের মর্ম্মেতিহাস খুব অল্পদিনেই সমুজ্জ্বলরূপে আমার কাছে প্রতিভাত হইয়াছিল—সে খুব অল্পদিন—সে কাহিনী আমার অন্তরেই গোপন থাকিবে।

হিন্দু-নারীর চরিত্র হিন্দু-নারীই বুঝিবে। নারীর দরদ নারী যেমন বুঝে, অন্যের পক্ষে তাহা সম্ভবপর নয়। নারীর লক্ষ্য ও আদর্শ সম্বন্ধে তিনি স্থির সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন। নারীর পবিত্রতা ও লজ্জাকে তিনি সর্ব্বশ্রেষ্ঠ স্থান দিতেন। আর একটি বড় বিষয়ে তাঁহার লক্ষ্য স্থির ছিল। তিনি স্বামীকে বড় করিয়া দেখিতেন, কিন্তু স্বামীর ধর্ম্ম ততোধিক বলিয়া স্বীকার করিতেন। তাঁর জীবনদৃষ্টান্তই তাহার প্রমাণ। তিনি যে অতি অল্প বয়সে কঠোর ব্রহ্মচর্য্য বরণ করিয়া লইয়াছিলেন, তাহাও স্বামীর ধর্ম্মেরই দায়। এই ধর্ম্মে যাহারা যত উদ্বুদ্ধ হইত, তাহারা তাঁহার তত স্নেহ ও আশীর্ব্বাদ লাভ করিত। তাঁহার মানসকন্যাগণ কর্ম্মক্লান্তা হইয়া যখন ঘর্ম্মাক্তকলেবরা হইয়াছে, স্বচক্ষে দেখিয়াছি—তিনি শত নিষেধ সত্ত্বেও তাহাদের ব্যজন করিতেছেন। তিনি সন্তানদের সুভোজ্যদানে তৃপ্ত করিতেন। তাঁর এইরূপ স্নেহামৃতে অনেকে ধন্য হইয়াছে।

আমার স্বাস্থ্যের প্রতি তাঁর কিরূপ সচেতন-দৃষ্টি ছিল, তার একটী দৃষ্টান্ত দিই। খাওয়া-দাওয়ার দিকে তাঁর বিশেষ-দৃষ্টি থাকা সত্ত্বেও, আমি মাঝে-মাঝে সর্দ্দি-জ্বরে বড় কষ্ট পাইতাম, তিনি ইহার কারণান্বেষণে মনোযোগিনী হইলেন। তিনি জিজ্ঞাসা করিলেন "কেন এত সর্দ্দি-কাশি হয় ?" আমি ঘরের বাতায়নপথে চাহিয়া, হাসিয়া বলিলাম "ঐ বিশাল ফল্‌সা গাছটা বাতাস বন্ধ করায়, স্বাস্থ্যহানি হয়।" সেই দিনই মধ্যাহ্নে দৈনন্দিন কর্ম্মাদি সমাপন করিয়া ঘরে আসিয়া দেখিলাম—আলো ও হাওয়ায় ঘরখানি ভরিয়া উঠিয়াছে। বাতায়নের দিকে চাহিয়া দেখি—ফল্‌সা গাছটীর অন্ত্যেষ্টিক্রিয়া করা হইয়াছে। তাঁর চক্ষে বিজয়দীপ্তি! কে শত্রু, কে মিত্র, তাঁর কাছে বলা দায় হইয়া

উঠিল। নিরীহ বৃক্ষটীও তাঁর বিরাগ হইতে মুক্তি পাইল না। ঘটনা তুচ্ছ, কিন্তু এমনই ছিল মনোবৃত্তি!

এই সময় হইতে তাঁহার অন্তরে স্বচ্ছ উৎসর্গস্রোতঃ শতধা উচ্ছ্বসিত হইয়া আমার জীবনে অসাধারণ প্রভাব বিস্তার করিতেছিল—এই সময়েই তিনি যেন আপনাকে প্রকাশ করার জন্য উদ্যতা হইয়া উঠিয়াছিলেন। যে প্রাণধারা এতদিন অলক্ষ্যে আমায় দিন-দিন শক্তিশালী করিয়া তুলিতেছিল, তাহা যেন প্রত্যক্ষ করিয়া আমিও নিজেকে কৃতার্থ মনে করিলাম।

চন্দননগরে এই সতীমূর্ত্তিকে ঘিরিয়া অকল্পিত এক মধুচক্র যখন গড়িয়া উঠিতেছিল, সেই সময়েই সঙ্ঘের অন্যতম সাধক শ্রীমান্ অরুণচন্দ্র পণ্ডিচারীতে থাকিয়া শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে নানা কারণে যে অস্পষ্টতা ঘনাইয়া উঠিতেছিল, তাহা নিরাকৃত করার চেষ্টা করিতেছিল। অরুণচন্দ্র সুদূর প্রবাসে থাকিয়া তার সুনিপুণ মানস-তুলিকা-যোগে শ্রীঅরবিন্দের নিকট যতই সঙ্ঘকে সুস্পষ্ট করিয়া তুলিতেছিল, চন্দননগরের সঙ্ঘ ততই শৃঙ্খলিত ও সুগঠিত হইয়া উঠিতেছিল। এই অপূর্ব্ব অধ্যাত্ম-রহস্যের কিছুটা বিবৃত করার জন্য পণ্ডিচেরী হইতে অরুণচন্দ্রের লিখিত কয়েকখানি পত্র হইতে কিয়দংশ উদ্ধৃত করিব।

অরুণচন্দ্র লিখিল: "প্রথম সাক্ষাৎকারে 'অরো' জিজ্ঞাসা করিলেন—মতিলালের কাছ থেকে কি মেসেজ এনেছ? কণ্ঠস্বর কারুণ্যপূর্ণ···বল্লুম শুধু, সে মতিবাবুই জানেন'—নিজেরই কণ্ঠে বাধ্ছিল···অন্তরের বার্ত্তা সে যে অসীম কাহিনী!······মেসেজ আমার সত্তা······এই আমি ও আমরা—বুঝে নাও অন্তর্য্যামী—কথাটা অন্তরেই বল্লাম। অনেক প্রশ্নাদির পর 'অরো' জিজ্ঞাসা করলেন 'মতিলাল সাধনার কথা তোমাদের কাছে বলে?'

আ—'বরাবর বলে' আসছেন, যারা ঠিক আমাদের, তাদের মধ্যে সাধনা বেশই চলছে।' যারা একটু ঘুরছে, তাদেরও নাম উল্লেখ করতে হল। তিনি বল্লেন—'না, মতিলালের নিজের সাধনার কথা। সে এখাঁনে বিজ্ঞানে উঠেছিল,' তারপর লিখেছিল সেখান থেকে নেমে কাজ করছে।'

অরুণের সহিত শ্রীঅরবিন্দের দীর্ঘ কথোপকথনের মর্ম্ম গভীরভাবেই হৃদয়ঙ্গম করিবার বিষয় ছিল। কেন-না, ১৯২০ খৃষ্টাব্দের পর দেশের নূতন-পরিস্থিতির উদ্ভব হইলে, শ্রীঅরবিন্দের সহিত আমার সুনিবিড় সম্বন্ধ যেন শিথিল হইয়া পড়িতেছিল। মীরাদেবী ও বারীন্দ্রনাথের আগমনের পর হইতে কি যেন একটা অলক্ষ্য ব্যবধান আমাদের উভয়ের মধ্যে ধীরে-ধীরে অঙ্কুরিত হইয়া, নানা জটিল সমস্যাজালের সৃষ্টি করিয়া তুলিতেছিল।

অরুণ এই সকল বিষয় লইয়া শ্রীঅরবিন্দের সহিত আলোচনা করিয়া যে আলো পাইয়াছিল, ভাষায় আঁকিয়া তাহাই আমার কাছে পাঠাইত—সেই তাৎপর্য্যপূর্ণ সঙ্কেতগুলি সম্বন্ধে অতঃপর কিছু আলোচনার প্রয়োজন হইবে, কারণ ইহার মধ্যে সাধনা ও সঙ্ঘের ভবিষ্যৎ সম্পর্কে বহু কথারই উল্লেখ ছিল।

অরুণের পত্র যথারীতি পাইতেছিলাম। সঙ্ঘের সহিত অখণ্ড সম্বন্ধের মানুষ বলিয়া যাহাদের উপর প্রত্যয় ছিল, আমার অজ্ঞাতে তাহাদের মধ্যে কয়েক জন শ্রীঅরবিন্দের সহিত পত্র-ব্যবহারে চন্দননগর-সঙ্ঘের অনেক দোষত্রুটি দেখাইয়া, আমার সহিত শ্রীঅরবিন্দের অন্তর-বন্ধন শিথিল করিয়া দিতেছিল। অরুণের পত্রে এই সকল সংবাদ আমার মনকে পীড়িত করিতেছিল। আমার দুঃখের হেতু, এই সকল সহকর্ম্মীদের এইরূপ আচরণের জন্য যত না হউক, শ্রীঅরবিন্দ ইহাদের অভিযোগগুলি কেন আমার কাছে গোপন রাখিতেছেন, ইহাই অধিক পীড়ার কারণ হইতেছিল। শ্রীঅরবিন্দ যে চন্দননগরের বিরুদ্ধ শক্তিকেন্দ্রগুলিকে সংহৃত করিয়া আমার পরিচ্ছন্ন প্রকাশের পথই খুঁজিতে-ছিলেন এবং এই সকল তুচ্ছ বিষয় লইয়া আমায় যে তিনি বিচলিত করিতে চাহেন নাই, এ কথা সে দিন উপলব্ধিগম্য হয় নাই। অরুণের পত্র খুঁটিয়া-খুঁটিয়া এই সকল সংবাদ যতই লইয়া আসিতেছিল, আমি ততই মর্ম্মাহত হইয়া পড়িতেছিলাম। কিন্তু অরুণকে সম্মুখে রাখিয়া শ্রীঅরবিন্দ সেদিন আমায় যে জ্ঞানগর্ভ উপদেশ দিয়াছিলেন, তাহা কেবল আমার নহে, অধ্যাত্ম-

সাধকমাত্রেরই স্মরণযোগ্য। এই হেতু আমি এই সকল কথা কিছু পাঠকদের উপহার দিব।

শ্রীঅরবিন্দ বলিয়াছিলেন—"চন্দননগরে কর্ম্ম ও ভক্তির বেশ বিকাশ ঘটিয়াছে, কিন্তু জ্ঞানের অভাব পূর্ণ করিতে হইবে।" অরুণের প্রশ্নোত্তরে তিনি সেদিন বলিয়াছিলেন "জ্ঞানের অভাব অর্থে একটা বিশাল ব্যাপক বিশ্বব্যাপী চৈতন্যে (universal consciousness) আস্থা-স্থাপন চাই। মতিলালের ওখানে সম্পূর্ণ মুক্তভাবে (free) না হউক, প্রচুরভাবেই মুক্ত (free) শক্তির খেলা আর খুব ঘনীভূত (intense) ভাবের প্রকাশ আছে। সেই শক্তি আর ভাবের ধারা ধরে'ই উপরে উঠার গতি; ওখানে এইরূপ একটা মুক্ত ও নমনীয় (free and flexible) জ্ঞানের নিজস্ব খেলাও চাই। জ্ঞানের স্বভাব-শক্তি (native power of knowledge) হ'লে, বিজ্ঞানের পূর্ণ প্রকাশ সহজ হয়ে উঠবে।" শ্রীমান্ অরুণ ইহার উত্তরে বলিয়াছিল "জ্ঞানের এই অলৌকিক শক্তির অভাব পুস্তকাদি পড়ে' তো হয় না, আমাদের আছে উৎসর্গ এবং সজ্ঘ-চেতনা, এইখানে আমরা অটল ভিত্তি পেয়েছি। বাকীটুকু আপনাকে সম্পূর্ণ করে' তুলতে হবে।"

শ্রীঅরবিন্দ চন্দননগরের সাধনার ত্রুটি কোথায়, তাহা দেখাইবার জন্য বলিয়াছিলেন "মতিলাল ছাড়া আর কাহারও মধ্যে বিশ্বব্যাপী চৈতন্যে বিশিষ্ট আত্মসত্তার প্রতিষ্ঠা দেখতে পাই না (Individual formation in the universal consciousness)।" অরুণ ইহাতে ব্যক্তিবাদের কথা আসিয়া পড়ায়, তদ্বিষয়ে প্রশ্ন উত্থাপন করিলে, শ্রীঅরবিন্দ ব্যক্তিবাদের খারাপ দিকটা বাদ দিয়া ভগবানের এক-একটা দেবত্বের প্রকাশের কথাই বলিয়াছিলেন। শ্রীঅরবিন্দের কথার উপর অরুণ সেদিন আর কোন কথা বলে নাই।

শ্রীঅরবিন্দ সেদিন চন্দননগরের অধ্যাত্মসাধনার যে সকল ত্রুটি অবধারণ করিয়াছিলেন, তাহার সবখানি তাঁহার আত্মদর্শনের ফল বলিয়া আমার প্রতীতি হইত না। শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে সম্বন্ধচ্ছেদের যে ষড়যন্ত্র এখানে প্রত্যক্ষ করিতেছিলাম, তাহার প্রভাব ইহার মধ্যে ছিল বলিয়া

আমি অনুভব করিতাম। এই হেতু আমাদের সম্বন্ধে তাঁর ধারণা পরিবর্ত্তন করার প্রচেষ্টা করিতে গিয়া অনেক সময়ে নিজেকে তাঁহার নিকট অকারণ লঘু করিয়াই ফেলিতাম। ইহার দুই-একটা দৃষ্টান্ত পরে দিব। শ্রীঅরবিন্দের মহনীয় উপদেশ কিন্তু সতত স্মরণে থাকিত ও তাহা পালন করার জন্য উদ্বুদ্ধ থাকিতাম। শিক্ষাপ্রতিষ্ঠান সম্বন্ধে তিনি বলিয়াছিলেন "তোমরা যে বিদ্যাপীঠের প্রতিষ্ঠা করছ, পুস্তকের স্তূপে ছেলেদের না চাপা দেওয়া হয়, এই দিকে দৃষ্টি রেখো। পুস্তক প্রথমে একেবারেই না থাকা দরকার। নানা প্রকার পর্য্যবেক্ষণ ও নানা বিষয়ের কৌতূহল ( observation and interest) জাগানই ভাল। শিক্ষাক্ষেত্র যতটা সম্ভবপর আনন্দ-ক্ষেত্র করে' তুলতে হবে। ছেলেদের স্বতঃস্ফূর্ত্ত মৌলিক মনোবৃত্তিবিকাশের মুক্ত প্রবাহ সৃষ্টি করতে হবে (free growth of original faculties)। তারপর, যখন প্রত্যক্ষ সঞ্চালনার ফলে মনোবৃত্তিগুলি স্ফূর্ত্তি পাবে, তখন যার যে দিকে রুচি, তদনুযায়ী পুস্তক-নির্ব্বাচন শ্রেয়ঃ। গভর্ণমেণ্টের মত একটা বিশেষ প্যাটার্ণ—যেমন কোন উদ্দেশ্যমূলক নাগরিক জীবন গড়া—এইরূপ কোন কিছু আমাদের শিক্ষায় থাকবে না। যার কাছে ভগবান যা' চান, তার ভিতর সেইটাই ফুটে' উঠুক। নৈতিক শিক্ষার জন্য বাঁধা-ধরা বই একেবারেই না থাকা ভাল। সত্যানুরাগ, প্রেম, ঔদার্য্য, শক্তি-প্রকৃতপক্ষে এই কয়টা হৃদয়বৃত্তি জাগাবার আছে। জীবনের আবহাওয়ার মধ্যেই তাহা বিকশিত হবে।" এই সময়ে 'প্রবর্ত্তকের' কথায় তিনি বলেন "প্রবর্ত্তক যোগের বিশেষ ধারা গ্রহণ করে'ই চলেছে।" 'প্রবর্ত্তক'-পরিচালনায় ইহাতে বিশেষ উৎসাহলাভ করিতাম। কর্ম্ম-পন্থার নির্দ্দেশও তিনি কম দিতেন না—শ্রীমান্ অরুণের পত্র হইতে এই সম্বন্ধে শ্রীঅরবিন্দের অভিমত কথঞ্চিৎ উদ্ধৃত করিতেছি। তিনি বলিয়াছিলেন "চন্দননগরে যেমন কমিউন (commune) গড়ে' উঠেছে, এই রকম চারিদিকে কমিউন গড়ে' তুলতে হবে। কাজ আমি শুধু নেশনের জন্য করছি না, নেশনকে চাই—কিন্তু সমস্ত নেশনকে spiritual growth-এর out-flowering-স্বরূপ free communehood দেওয়া সম্ভবপর হবে না।" তিনি আরও সংহতি-শক্তি সম্বন্ধে বলেন :

"সংহতি-শক্তি প্রবল হলে, সেই সংহতি-শক্তি দিয়ে জাতির জীবনতন্ত্র একেবারে দখল করে' বসতে হবে। অতঃপর জাতিকে স্বাধীনতা-দান ও উহাকে যন্ত্রস্বরূপ করে' মানবজাতিকে নূতন সভ্যতা দিতে হবে। গান্ধীর রাষ্ট্রনীতির পিছনে সত্য আছে। কিন্তু যে ভাবে তা' চলেছে, তা' দুর্ব্বোধ্য। ইহার পরিণামে—দমননীতি (repression) অথবা রক্তপাত (violence) ও পরিশেষে অবসাদ অবশ্যম্ভাবী। আদি সিনফিনেরা রাজনীতি একেবারে বাদ দিয়ে কেবল জাতির মনঃ-পরিবর্ত্তনের জন্য আত্মনিয়োগ করেছিল। বর্ত্তমান পৃথিবীতে মানুষের ঘোরতর দুর্ভিক্ষ উপস্থিত। আমাদের দেশের তো কথাই নাই, অন্যান্য দেশেও তাই। মানুষ নাই। কেবল দুই জায়গায় জীবন্ত মানুষ চিন্তা ও সৃষ্টি করছে—আয়র্লণ্ড ও রুশিয়া। ভারতে যাঁরা রাজনীতি-চর্চ্চা করেন, তাঁদের কাজ যেন অনেকখানি ছেলেমানুষী। কিছু ফল যে না হয় তা' নয়; কিন্তু কি রকম মেজাজে যে চলেছে, সবই দুর্ব্বোধ্য। গান্ধী একটা মানুষ, আর সব যেন মালগাড়ী। তাদের তিনি টেনে চলেছেন!" তিনি স্পষ্টই বলিয়াছিলেন—"But politics should be put last, rather than first." অর্থাৎ রাজনীতি চাই সর্ব্বশেষে।

শ্রীঅরবিন্দের এই সকল চিন্তাধারা সেদিন আমাদের সম্মুখে নূতন আলোক-পাত করিত। সঙ্ঘের মাতৃহৃদয়ের নীরব প্রভাবও এই সময় হইতেই এখানে কিরূপ কার্য্যকরী হইয়াছিল, তাহা অরুণের পত্রের শেষাংশ হইতে বুঝা যায়। অরুণ লিখিল "কাকীমার স্নেহভরা বুকখানি থেকে এক-একটা ঢেউ এসে এখানে সত্যসত্যই আমার ছোট বুকখানিতে ঠেলিয়া-ঠেলিয়া উথলিয়া উঠে।" আমি কিন্তু সেদিন আমার অজ্ঞাতে এই মৌনমূর্ত্তি মহীয়সী নারীর অন্তর-বীণার মীড়ে-মীড়ে সঙ্ঘরচনার এমন সুমধুর সঙ্গীতের অনাহত-রাগিণী ঝঙ্কৃতা হইতেছে, তাহা আমলেই আনিতাম না।

এই সময়ে আমি চন্দননগরে ছিলাম বটে, কিন্তু আমার সমস্ত প্রাণটা পড়িয়া ছিল পণ্ডিচারীতে। প্রতিদিন অরুণের পত্রের প্রতীক্ষা করিতাম; কেন-না, এই পত্রের মধ্য দিয়াই শ্রীঅরবিন্দের চিন্তাস্রোতঃ কোন মুখে, তাহা

বুঝিয়া তদনুযায়ী চলার সুযোগ পাইতাম। শ্রীঅরবিন্দ ১৯২১ সালের মার্চ্চ মাসে বাংলায় প্রত্যাবর্ত্তনের কথা উত্থাপন করিয়াছিলেন। ১৯২২ খৃষ্টাব্দে বাংলায় তাঁর পুনরাগমনব্যাপার তাঁহার পণ্ডিচারী-যাত্রায় সহায়তার মত আমারই উপর নির্ভর করে, এই প্রত্যয় আমার বদ্ধমূল ছিল। শ্রীঅরবিন্দ আমার এই গৌরব ভাবে ও ভাষায় তখন পর্য্যন্ত অক্ষুন্ন রাখিয়াছিলেন। তাহার জন্য এক-শ্রেণীর নিকট-বন্ধুদের কাছে সপ্রেম ঈর্ষ্যার আস্বাদ অনুভব করিতাম। অরুণকে তিনি এই সময়ে জিজ্ঞাসা করিয়াছিলেন "তোমরা আমায় কোথায় নিয়ে যাচ্ছ? চন্দননগরে না কলিকাতায়?" উপেন-দাদা ছিলেন ব্যঙ্গ-কৌতুকের রাজা, তিনি নাকি কলিকাতার নাম শুনিয়া উচ্চ প্রশংসাত্মক খেউর গাহিয়াছিলেন! শ্রীঅরবিন্দ খুব হাসিতে-হাসিতে উপেন-দার কলিকাতা-বর্ণনা উপভোগ করিয়াছিলেন। উপেন-দা আমাদের কর্ম্মপদ্ধতি, দায়িত্ব-বণ্টন (delegation of responsibilities), লোকনির্ব্বাচন প্রভৃতি প্রসঙ্গ লইয়া চন্দননগরের খুব সুখ্যাতি করিয়াছিলেন। শ্রীঅরবিন্দ এই সব জানিয়া অত্যন্ত আনন্দবোধ করিতেন। তিনি চন্দননগরে প্রত্যাবর্ত্তনের কথা তুলিয়া বলিতেন "মতিলালের সেই বাড়ীটীর চেহারা আমার বেশ মনে আছে এবং ফ্রেঞ্চ-টেরিটরী বলিয়া সুবিধাও অনেক আছে।" এই সকল আলাপের কথা যত আমার নিকট পৌঁছিত, ততই উৎসাহিত হইয়া আমি শ্রীঅরবিন্দের ভবিষ্য জীবনের স্বপ্নচিত্রকে আঁকিয়া যে তৃপ্তি পাইতাম, তাহা বলিবার ভাষা খুঁজিয়া পাই না। আমি ১৯২২ খৃষ্টাব্দে শ্রীঅরবিন্দের বাংলায় প্রত্যাবর্ত্তন বিষয়ে এমনই নিসংশয় হইয়াছিলাম যে, তাঁহার জন্য চন্দননগর আশ্রমে স্থাননির্দ্দেশ ও তাঁর আবাস-ভবনের জন্য অর্থসঞ্চয়েও উদ্বুদ্ধ হইয়াছিলাম।

অন্তর-প্রেরণা কার্য্যে পরিণত করার আকুলতা যেমন আমায় উন্মাদ করিত, শ্রীঅরবিন্দের এক-একটী বাণী সাফল্যমণ্ডিত করার জন্য আমি ততোধিক ব্যস্ত হইয়া পড়িতাম। অনেক অন্তরপ্রেরণা হয় তো অন্তরেই লয় পাইয়াছে; কিন্তু শ্রীঅরবিন্দের বাণী কোনমতে ব্যর্থ হইতে দিই নাই। এই দৃঢ় ধারণা কর্ম্ম-দৃষ্টান্তে হৃদয়ে এমন শিকড় গাড়িয়াছে, যাহা আর উপাড়িয়া ফেলা সহজ

নহে। আমার তাৎকালীন অবস্থা দেখিয়া সত্য-জননী বহু বার বলিতেন "কোন বিষয়ে সবখানি ভাবনা-চিন্তা না করিয়াই তুমি যেরূপ বাড়াবাড়ি কর, তাহাতে মনে হয় তোমার অনেক শ্রম এবং শক্তি বৃথা হইয়া যায়। সব কাজই স্থির হইয়া যদি কর, অনেক বড় কাজ হইতে পারে।"

কথাগুলি চিরদিনই সত্য ও সকলের পক্ষে প্রণিধানযোগ্য; কিন্তু আজ পর্য্যন্ত আমার আয়-ব্যয়ের খতিয়ান দেখার সুযোগ হইল না। আজিও শক্তি ও সময়ের অপচয়-নিবারণকল্পে বহু সুহৃদের হিতবাণীতে অনেক সময়ে কর্ণপাত করিতে পারি না। কিন্তু বুঝিতে পারি যে, কর্ম্মের তুলনায় শক্তি ও সময়ের অনেক ব্যয় হইয়া যায়—সত্যই ইহা অপচয় ভিন্ন অন্য কিছু নহে। কিন্তু একটা পতিত জাতির মধ্যে মানুষের মত দাঁড়াইয়া থাকার জন্যও যে কত অধিক শক্তিব্যয়ের প্রয়োজন, তাহা আমি বুঝিয়াছি; আর এই ক্ষয় ও অপচয়ের হিসাব রাখিয়া কর্ম্ম করিলে হয় তো যে কোন কর্ম্ম সুষ্ঠুভাবে সম্পাদিত হইতে পারে, কিন্তু কর্ম্মসৃষ্টির জন্য শক্তির অপচয়ে যে করুণ অভিজ্ঞান অর্জ্জিত হয়, তাহার মূল্যও কম নহে। এই অবস্থায় অফুরন্ত-শক্তির পরিচয় মিলে। প্রকৃতির এই দানের মূল্য নির্দ্ধারণ করা যায় না; তবে একথা বুঝাইবার নহে। শ্রীঅরবিন্দের আশ্রয়ে তাঁহার আদেশকে পুরোভাগে রাখিয়া কত যে দুঃসাধ্য ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছি, তাহা আজ বলিবার নহে। কেবল তাঁহার পত্র-ব্যবহারের সঙ্গোপন-নীতি-রক্ষার জন্যও যে উৎকণ্ঠা, ঘড়ির কাঁটার দিকে চাহিয়াই যে সময়-ক্ষয় হইয়াছে, তাহার মূল্য আমার নিকট অল্প নহে। শ্রীঅরবিন্দের অভাবপূরণের জন্য সামান্য অর্থসংগ্রহেও শক্তি ও সময়ের অপচয় যতটা হইয়াছে, তদনুযায়ী ফল মিলে নাই। কিন্তু এই ক্ষয় ও অপচয় শক্তির অবাধ উৎসকেই আবিষ্কার করিয়াছে। এইজন্যই কর্ম্ম আমার চক্ষে আজও বড় বলিয়া বোধ হয় না, কাজের পিছনে অন্তরানুভূতিই আয়ুঃ ও আনন্দের হেতু হয়। কর্ম্ম যতই ক্ষুদ্র হউক—শক্তির আত্মপ্রকাশ ইহার মধ্যেই সিদ্ধ হয়। এই শক্তি শরীরিণী নহে, আমি অশরীরিণী শক্তির কথাই বলিতেছি। এই হেতু ক্ষয় ও অপচয়ের হিসাব আমার চিত্তে ব্যর্থতার রেখাপাত করে না।

ক্লান্তি আসিত শরীরের, শক্তির নয়; কিন্তু তাহাও সেবার দাবী লইয়া উপস্থিত হইত। সেবার অর্ঘ্য হাতে তখনই সাক্ষাৎকার পাইতাম গৃহলক্ষ্মীর —হৃদয় আবার ভরিয়া উঠিত স্বস্তি ও তৃপ্তিতে; আবার ছুটিতাম কর্ম্মলক্ষ্যে শক্তির দ্যোতনায়। নিষেধ মানিতাম না কাহারও; কিন্তু এই অবাধ্যকে তাহার জন্য কেহ তিরস্কার করে নাই, উপেক্ষা করে নাই। বরং সহানুভূতির অনুলেপে হৃদয় আমার সকলে অভিষিক্ত করিয়াছে। এইখানেই পরস্পর পরিচয় ঘনিমাময় হইয়া দূরকে অতি নিকটে আনিয়া দিত, গৃহদেবীকেও এইখানে পাইতাম অতি সন্নিকটে। কর্ম্মক্ষেত্রেও আমি থাকিতাম তাঁর চক্ষে-চক্ষে—কর্ম্মে তৃপ্তি, শক্তি-বিগ্রহ প্রত্যক্ষ হইত বলিয়া।

ঈশ্বরপ্রসাদ শক্তির মূর্ত্তি ধরিয়া প্রতি প্রভাতে শয্যাত্যাগের সঙ্গে আমায় , অভিষিক্ত করিত—নব-নব-প্রেরণায় সেবার উপকরণ ছিল উপলক্ষ্য! সেই যে মুখ-প্রক্ষালনের জলপাত্রটী ধরিয়া নতমুখে দেবী আসিয়া দাঁড়াইতেন, তার বদনে যে শুভশ্রী, নয়নে যে দীপ্তি, তাহা আমার চক্ষে চিন্ময়ী মহাদেবীর অনুবাদ বলিয়া মনে হইত। প্রাতরাশের নৈবেদ্য সাজাইয়া যখন তিনি আমার নিকট চারু হস্ত প্রসারিত করিয়া দাঁড়াইতেন, মধ্যাহ্নে অন্নথালী সাজাইয়া, অঞ্চল দোলাইয়া, স্নেহ-প্রেম-সঞ্চালিত ব্যজননিরত করপল্লব দুটী —এই অনন্ত পথযাত্রীর প্রয়োজনের চেয়ে প্রতিদানের মাত্রাই অধিক মনে হইত। পরিচ্ছন্ন শয্যাধার ধূলিচিহ্নশূন্য দেখিয়া পবিত্রতার দেবীই স্মৃতিপটে বিকশিতা হইতেন। সুনিদ্রার প্রতীক্ষায় শিয়রে বসিয়া তিনি যখন মাথার চুলগুলি লইয়া কোমল করসঞ্চালন করিতেন, তাঁর স্নেহশীতল অবদান শ্বাসে-প্রশ্বাসে, হৃদয়ের প্রতি স্পন্দনে, প্রতি নিমিষে আমায় শক্তির অজস্র বর্ষণ-সিক্ত করিত—আমি জীবনের ক্ষয়-অপচয়ের হিসাব হারাইতাম—সীমাহারা শক্তিই আমার আশ্রয়, এই অনুভবই দৃঢ়তর হইত। আমি তাই জীবনে হিসাবের অঙ্ক কষিয়া যাত্রা সুরু করি নাই। শ্রম ও সময়ের মূল্যনিরূপণে আমি পূর্ত্তি পাই না। সেই যে প্রথম যৌবনে প্রার্থনার কণ্ঠ স্বতঃই ফুকারিয়া উঠিত "মা, জ্ঞান, শক্তি, প্রেম দে"—জ্ঞানদৃপ্তমূর্ত্তি কত উর্দ্ধে ছিল, তাহার সন্ধান

রাখিতাম না, ভক্তি ও প্রেমের হিন্দোলে জীবন দুলিয়া উঠিয়াছিল। জ্ঞান আসিয়া এইখানেই ধরা দিবে—এ বাণী শুনিতাম, সে ঋক্‌ও ব্যর্থ হয় নাই আমার কাছে। ভাবের কথায় বহু দূর ভাসিব না, সেদিনের জীবনপ্রসঙ্গই বলিব। আমার কার্য্যারম্ভ হইয়াছিল যেন মহাশূন্য হইতে। নিরতিশয় রিক্তও শক্তিপূর্ণ হয়, এই দৃষ্টান্তই আমার জীবন—ইহা বলিলে অত্যুক্তি হয় না। কি অর্থ, কি অভিজাত্য, কি বিদ্যা, কি অধ্যাত্মজ্ঞান, সব হইতে বঞ্চিত সর্ব্বহারাকে শক্তিই পূর্ণ করিতেছিল। দুই নয়নের মধ্যবিন্দু ললাট-কেন্দ্রে যোগশক্তির তরঙ্গহিল্লোল যেমন উচ্ছ্বসিত হইত, অন্তরেও তেমনই উজান বহিত প্রেমের তুফান—পর ও আপন বলিয়া বিচার ছিল না। কত আঘাত আসিয়াছে, কত ক্ষয় হইয়াছে অন্তর-বাহির উভয় সম্পদের—প্রাণের বিদ্যুৎ তাহাতে নিষ্প্রভ হয় নাই। যেখানে বড় আশা, সেইখানেই সর্ব্বাপেক্ষা অধিক নিরাশ হইয়াছি। সহকর্ম্মীর সংখ্যা অঙ্গুলীগণনায় শেষ হইত না; কিন্তু কর্ম্মক্ষেত্রে বার-বার একা হইয়া পড়িয়াছি—দরদী, মরমী কয় জন মিলে? কিন্তু তাহাদের খুঁজিয়া বাহির করার জন্যই ছিল নানা কর্ম্মসৃজনের ছলনা। একাই ছুটাছুটি করিতাম একবার প্রেসে, পুনরায় বুক-পাব্লিশিংএ, তারপর তাঁতশালায়, ইটখোলায়, আবার কাঠের কারখানায়। প্রয়োজন ছিল না এত কিছুর; কিন্তু শক্তি নিজের পদচিহ্ন এইভাবেই আঁকিয়া চলিতেছিল। ইহারই ফাঁকে আবার "প্রবর্ত্তকের" ৬৪ পৃষ্ঠায় কালী ছড়াইয়া, "নবসঙ্ঘের"ও বুকে আঁচড় কাটিতে অকাতর ছিলাম। ইহার উপর ঘাড়ে চাপিয়াছিল "ষ্ট্যাণ্ডার্ড-বেয়ারার"। তাই শ্রীঅরবিন্দ দরদের সহিত বলিতেন "মতিলাল শ্রম দেয় উন্মত্ত ষাঁড়ের মত।" সেদিন শ্রমজল মুছাইবার মূর্ত্তিমতী মমতাময়ী সঙ্গিনী ছিলেন, আর ছিলেন শ্রীঅরবিন্দ। আর সেদিনের সহিত আজিকার এই প্রচণ্ড কর্ম্মের তুলনা হয় না, আজিও এই বিশাল কর্ম্মক্ষেত্রে দেহ-মনোপ্রাণ-বুদ্ধির অক্লান্ত শ্রম সমানে চলিয়াছে, কিন্তু সেখানে স্নেহপ্রলেপের সান্ত্বনা দিতে কোথায় সে প্রেমময়ী নারীবিগ্রহ! কোথায় শ্রীঅরবিন্দ! আমার বরণীয়া শক্তির রূপান্তর লক্ষ্যে রাখিয়াই যেমন চলিয়াছি নিঃসঙ্গ, নিরালম্ব—তেমনই কি

শ্রীঅরবিন্দও আমার নিকট অমূর্ত্ত রূপ ধরিয়া আজ আমার পৃষ্ঠ-রক্ষা করিতেছেন! শক্তির এই অপ্রাকৃত লীলামাহাত্ম্য বুঝাইবে কাহাকে?

সেদিন শক্তি ও প্রেম ছিল আমার কর্ম্ম-সৃজনের সর্ব্বপ্রধান উপকরণ। আর জ্ঞানঘন-মূর্ত্তি ছিলেন স্বয়ং শ্রীঅরবিন্দ। শ্রীঅরবিন্দের বাণীই ছিল আমার বেদ-স্বরূপ। যে যুগের বাণী বলিয়া এ যুগেও তাহা আমার নিকট নাকচ হয় নাই; বরং ভারতের শাস্ত্রগ্রন্থাশ্রয়ে সে বাণীর মূল্য সমধিক প্রতীত হইয়াছে। এ যুগের মানুষের কাছে সে যুগের অরবিন্দের কিছু পরিচয় দেওয়ার লোভসংবরণ করা তাই সম্ভবপর হইল না। অধ্যাত্মযোগী শ্রীঅরবিন্দের মনস্তত্ত্ব-বিশ্লেষণ ভারতের সাধনরাজ্যে নবালোক প্রদান করিবে।

মনের নানা স্তর দেখাইয়া শ্রীঅরবিন্দ অবশেষে যে পর্য্যায়ের কথা বলিতেন, ভারতের ভাষায় তাহাই বিজ্ঞান (Supermind)। সেইখানে, সেই অধ্যাত্মরাজ্যে দেবরূপ গঠন করার কথা তিনি পুনঃ-পুনঃ বলিতেন। বেদের সত্যে জাতির চিত্ত যাহাতে উদ্ভাসিত হয়, সেই নির্দ্দেশ তিনি দিতেন। অরুণের পত্র তাঁর এই সকল কথাই আমাদের নিকট বহন করিত: "বৈদিক ঋষি যেমন নিজ চিৎ-লোকে দেবতার জন্মদান করিতেন, এইটাই হইবে আমাদের গূঢ়তর কাজ—চেতনায় দেবসৃষ্টি। সাধারণতঃ আমরা যে অবস্থায় থাকি, সেটা অজ্ঞান-মন ( mind of ignorance )—ইহা প্রাণক্ষেত্র ফুঁড়িয়া বাহির হইয়া আসিয়াছে। এখানে আমরা কিছুই জানি না। জানিবার ক্ষীণ চেষ্টাপরম্পরা মাত্র এই ক্ষেত্রে সম্ভবপর হয়। আছে আর এক মন—শ্রীঅরবিন্দের ভাষায় তাহা আত্মবিস্মৃত মন ( mind of selfforgetful knowledge )—যেখানে সত্য ও জ্ঞান পাওয়া যায় আভাসে-আভাসে! যেন হারাণ নিধি, ভোলা জিনিষ সব বাহিরের আঘাতে অথবা ভিতরের উদ্দীপনায় পর্দ্দায়-পর্দ্দায় জাগিয়া উঠিতেছে--স্মরণপথে আসিয়া ধরা দিতেছে। প্লেটোর থিওরী ছিল—সব জ্ঞানই বিস্মৃত বিষয়ের স্মৃতি (all knowledge is but a remembrance of forgotten things)। সাধকের প্রথম পরিচয় এই আত্মবিস্মৃত মনের

সঙ্গে। বিবেকানন্দের ছিল সুপরিপুষ্ট প্রেরণাসিদ্ধ মন (highly developed intuitive mind)। এই মনেরই উচ্চ পর্দ্দায় দাঁড়াইয়া, তিনি ধাক্কা মারিয়াছেন তার উপরের স্তরে জ্ঞানঘন মনে—যাহা ঠাকুর রামকৃষ্ণের ছিল। এখানে জ্ঞানের জ্যোতিঃপুঞ্জের মধ্যে বাস—ইহাই দীপ্ত জ্ঞানরাজ্য। ইহারও ঊর্দ্ধে উপস্থিত হইলে, ঠাকুর আর কথা বলিতে পারিতেন না—বলিতেন 'আর বলা যায় না!' মা সে যুগে ঐখানেই তাঁহাকে রাখিয়াছিলেন।"

আমার মনে হইত—শ্রীঅরবিন্দ চাহিতেছিলেন ঠাকুর যেখানে উপনীত হইলে আর কথা বলিতে পারিতেন না, জ্যোতিঃপুঞ্জে ডুবিয়া যাইতেন, সেই বিজ্ঞানঘন চেতনায় আরোহণ করিয়া দিব্যজীবনের সন্ধান। তিনি বলিতেন—এই উপরে উঠার একটা কৌশল আছে (art of opening up); সেই বিজ্ঞানের দুয়ার খোলার যে নিগূঢ় কৌশলপ্রয়োগ, এইটাই সব চেয়ে শক্ত কাজ। ইহা ধরিতে পারিলে, আর সব তর্-তর্ করিয়া ফুটিয়া উঠে। অধ্যাত্ম-রাজ্যের রুদ্ধ দুয়ার খোলার তিনি প্রথম সন্ধান পাইয়াছিলেন মহারাষ্ট্রীয় সাধক লেলের কাছে, একথা তিনি আমাদের কাছে স্বীকার করিতেন। তবে তিনি সঙ্গে-সঙ্গে বলিতেন—এই ঊর্দ্ধের বিজ্ঞানময়-চেতনার আবিষ্কারে তাঁর নিজের প্রবল ইচ্ছাই অধিক দায়ী।

তিনি অপ্রাকৃত দর্শনের অভিজ্ঞতার কথাও আমাদের শুনাইতেন। আমাদের মধ্যে অনেকেই ইহা বুজরুকী বলিয়া উড়াইয়া দিত। কিন্তু এ বিষয়ে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা ছিল। এই ক্ষেত্রে সত্য-মিথ্যা-নির্দ্ধারণ সহজ ব্যাপার নহে। শ্রীঅরবিন্দ এই বিষয়ে বিশেষ ভাবে আমায় সাহায্য করিতেন; তাঁহার সমর্থনও আমি পাইতাম। শ্রীমান্ অরুণচন্দ্র আমার এইরূপ অধ্যাত্ম-দর্শনের কথা শ্রীঅরবিন্দের নিকট উত্থাপন করিয়াছিল; তিনি বলিয়াছিলেন "প্রথম-প্রথম অনেক ভুলভ্রান্তি আসিতে পারে, কিন্তু ধীরে-ধীরে এইরূপ দর্শন পরিশুদ্ধ হইয়া পর-মনেরই সন্ধান দেয়। মতিলাল মাথার উপরে কিছু গড়ার সন্ধান পাইয়াছে। সেইখানেই সকল জ্ঞান, চিন্তা, ইন্দ্রিয় কার্য্য করে; কিন্তু এইখানে চৈতন্যকে তুলিয়া রাখিলেই চলিবে না; কেন-না,

এই উপরে উঠিয়া যতক্ষণ থাকা যায়, ততক্ষণই সব থাকে, প্রাচীনেরা এইজন্য সমাধির উপর জোর দিতেন, কিন্তু ঐ উর্দ্ধের অধ্যাত্মশক্তি প্রথমে মানসক্ষেত্রে (psychic plane)-এ ধীরে-ধীরে নামাইয়া আনিতে হয়, সেখানে নূতন যন্ত্র ও সূক্ষ্মতর ইন্দ্রিয়াবলীর সৃষ্টি হয়। এই অবস্থায় ভিতরের ইন্দ্রিয়গুলি বাহিরের সাহায্য না লইয়াও দর্শন, স্পর্শনাদি করে।" তিনি এই সময়ে মীরা দেবীর সাধনার কথাও বলিতেন। মীরা দেবী নাকি এই নবচেতনার স্তরে সূক্ষ্ম ইন্দ্রিয়গুলি দিয়া দেখা-শুনা, যাবতীয় কর্ম্মাদি নির্ব্বাহ করেন, বাহিরের চোখ দিয়া প্রায় দেখেনই না!

যোগশাস্ত্রে প্রাকাম্য-সিদ্ধির কথা আছে। শ্রীঅরবিন্দ বলিতেন "ইহা ততক্ষণ পূর্ণাঙ্গ হয় না, যতক্ষণ না সূক্ষ্ম ইন্দ্রিয়গুলি মুক্ত হইয়া কার্য্য করে।" শ্রীঅরবিন্দ নিজের উপলব্ধির কথাও ব্যক্ত করিতেন। তিনি বলিতেন—তিনি একটা অখণ্ড সত্তার মধ্যে বাস করেন, আত্মস্বাতন্ত্র্য একেবারেই খুঁজিয়া পান না। তিনি শরীরের রূপান্তরের কথাও বলিতেন। ইহা আকৃতির পরিবর্ত্তন নহে। তবে দেহযন্ত্রগুলির পরিবর্ত্তন হইবে, শরীর অমৃতময় হইবে, জরা, ব্যাধি থাকিবে না—এইরূপ উপদেশ তাঁহার মুখে সর্ব্বদাই প্রকাশ পাইত।

শ্রীঅরবিন্দ নিজের অনুভবসিদ্ধ দৃষ্টান্ত দিয়াও এই সকল কথা আমাদের সাধনায় উৎসাহ দিবার জন্য ব্যক্ত করিতেন। অরুণও তাহা সবই লিখিয়া পাঠাইত। সেই ১৯২১ খৃষ্টাব্দেই শ্রীঅরবিন্দ তাঁর ইন্দ্রিয়গুলির রূপান্তর প্রত্যক্ষ করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন—চক্ষুঃ পূর্ব্বের ন্যায় বিষয় প্রত্যক্ষ করে না। একটা অখণ্ডের অসংখ্য রূপ, গুণ ও ক্রিয়া তাঁহার নয়নে প্রতিভাত হয়। কর্ণ যে শব্দই শ্রবণ করুক, তাহার মধ্যে শব্দের সাকল্যের সুর কর্ণে প্রতিধ্বনি তুলে ( totality of sound )। শব্দ-স্পর্শাদির মধ্যে এই সাকল্য, এই অখণ্ডত্ব ও পূর্ণত্ব যখন প্রতি ইন্দ্রিয়ে ধরা পড়ে, তখন একটা গোলাপ ফুলেরও

রূপ ও সৌরভ শুধু নয়, ইহার প্রতি দলে অনন্তের যে গুণ, যে উজ্জ্বল-চেতনা ও উল্লাস, তাহারই উপর ভোগাধিকার জন্মে। শ্রীঅরবিন্দ সোল্লাসে বলিতেন "ইহাই ভাগবত ভোগ। প্রত্যেক কর্ম্মের মধ্যে অনন্তের সবখানি শক্তি, চৈতন্য ও আনন্দ প্রবাহিত আছে—এই দৃষ্টি লইয়াই যে কর্ম্ম, তাহাই আসল নিছক ভাগবত কর্ম্ম।"

শ্রীমান্ অরুণচন্দ্রের পত্রের ছত্রে-ছত্রে শ্রীঅরবিন্দের উপদেশ-বাণী চন্দননগরে আসিয়া পৌঁছিত; আর আমি উহা লইয়া সকলকে পরিবেশন করিয়া দিতাম। মুগ্ধচিত্ত হইয়া কত সময় যে এই ভাবে অতিবাহিত হইত, তাহার নিরাকরণ থাকিত না; কিন্তু আমাদের এই রসবোধের বড় বাধা ছিল দৈনন্দিন কঠোর কর্ম্ম। আর এই কর্ম্মের দায়িত্ব পরিশেষে যাঁহার উপর গিয়া ন্যস্ত হইত, তিনি নিতান্ত অনিচ্ছা সত্ত্বেও আমাদের এই অধ্যাত্মস্বপ্নলোকের মহাভাব ভঙ্গ করিতে বাধ্য হইতেন। একটা দৃষ্টান্ত এই ক্ষেত্রে উল্লেখযোগ্য।

পূর্ব্বেই বলিয়াছি—স্বতঃপ্রবাহিত কর্ম্মস্রোতে আমায় ভাসিতে হইয়াছিল। কর্ম্মের পশ্চাৎ কোন সুচিন্তিত ছক অন্তরজগতে দানা বাঁধিয়া উঠে নাই। প্রেরণার অজস্র বর্ষণের মধ্যে যে প্রবল স্রোতের সৃষ্টি হইত, সেই স্রোতে গা ভাসান দিয়া চলা ছাড়া আমার আর গত্যন্তর ছিল না! বিচিত্র এই—আমার জীবন-প্রবাহে নিজের দাবীর অপেক্ষা পারিপার্শ্বিক জীবনের স্রোতো-বেগে আমি ফুলিয়া-ফুলিয়া মহাপ্লাবন সৃষ্টি করিতে বাধ্য হইতাম। সর্ব্বাপেক্ষা বড় দাবী ছিল শ্রীঅরবিন্দের। সে বিশাল দাবী পূরণ করার যোগ্যতা আমার ছিল না; তাঁর যে কত বৃহত্তর দাবী, সে বিচার-শক্তি আমলেই আনিতাম না। তিনি ওজন করিয়া যে দাবীটুকু আমার ঘাড়ে চাপাইতেন, তাহার বহনসামর্থ্য আমার আছে, ইহা বুঝিলেই আত্মশক্তি উছলিয়া উঠিত। আমার সাধ্যের পরিমাপ ছিল না, সাধ্যাতীত কর্ম্মে অগ্রসর হওয়াই ছিল আমার স্বভাব। ইহাই আমার সত্য, আমার স্ব-ধর্ম্ম। শ্রীঅরবিন্দের উচ্চ গ্রামের সাধনতত্ত্ব মর্ম্ম দিয়া অনুভব করিতাম, অমৃতেরও আস্বাদ পাইতাম; কিন্তু আমায় কর্ম্ম সিদ্ধ করিতে হইত প্রতি স্নায়ু-পেশী, প্রতি ধমনীর রক্তবিন্দুর

সাহায্যে—কি অধ্যাত্মসাধনায়, কি বস্তুতন্ত্র জীবনযাপনের ক্ষেত্রে কোথাও এই নীতির ব্যত্যয় হয় নাই।

বিদ্যাপীঠ খুলিলাম। বিদ্যাপীঠের ভবনে যে সকল ছাত্র আসিল, প্রথম-প্রথম তাহাদের অনেকেই নিজ-নিজ বাড়ী হইতে খরচ পাইত। বিদ্যাপীঠে যেরূপ শিক্ষা-প্রবর্ত্তনের গৌরচন্দ্রিকা করা হইয়াছিল, অর্থহীন হওয়ায় তাহার দিক্ দিয়াও যাওয়া হইল না। বড় আশা লইয়া যে কয় জন অধ্যাপক জুটিয়াছিলেন, তাঁহারা পাগলের খেয়াল দেখিয়া একে-একে বিদায় লইলেন, সে কথা পূর্ব্বেই বলিয়াছি। রহিলাম আমি, আর বিশ্ববিদ্যালয় হইতে বিদায়ী জন ৫০ ছাত্র। প্রাতঃকাল হইতে শয়নকাল পর্য্যন্ত ইহাদের সঙ্গে-সঙ্গে থাকিয়া মর্ম্ম চিরিয়া কথা আর অবকাশে ছুটাছুটী, দৌড়াদৌড়ি, জলে ঝাঁপ দিয়া সাঁতার কাটা—বিদ্যাঙ্গনের এই ব্যবস্থা ছাড়া আর কিছুই রহিল না। এই অবস্থা দেখিয়া ছাত্রদের অভিভাবকেরা টাকা দেওয়া বন্ধ করিলেন; তাহাতে কিন্তু নব বিদ্যাপীঠ বন্ধ হইল না। এই সকল বিদ্যার্থীর শিক্ষার মধ্যে দুইটি বিষয়ে লক্ষ্য করিবার আছে—একটী আমার মুখের বাণী, যাহা তাহাদের অন্তরকে আশায় ও সৃষ্টিপ্রেরণায় উদ্বুদ্ধ রাখিত; আর একটী প্রতিদিনের জীবনযাপনে অসাধারণ শ্রম-তপস্যা, যাহা তাহাদের ভবিষ্যতে স্বাবলম্বনের সাধনায় সিদ্ধি দিয়াছিল।

আমরা বেদ, উপনিষদাদি ও রামপ্রসাদ, চৈতন্যদেব, রামকৃষ্ণ, বিবেকানন্দ, শ্রীঅরবিন্দের পরিবেশিত তত্ত্বালোচনায় ভাবজগতে প্রচুর রস সঞ্চয় করিতাম। কিন্তু যে ভূমি পদাগ্রে অধিকৃত হইয়াছে, সেই স্থান হইতে পুনরাবর্ত্তন করিতে না হয়, তাহার জন্য ছিল কঠোর বস্তুতন্ত্র জীবন-সংগ্রাম। ইহার জন্য সহায় ছিল উজ্জ্বল ভবিষ্যতের দিকে স্থির-দৃষ্টি, প্রত্যুৎপন্নমতি, শরীরের স্বাস্থ্য, অন্তরের অধ্যবসায়, সর্ব্বাবস্থা বরণ করার মত তিতিক্ষা। যখন দেখিলাম—ছাত্রাবাস নাই, অধ্যাপনার গৃহ নাই, ছাত্রগণের অভিভাবকদের নিকট হইতে দৈনন্দিন খরচের টাকাও আসে না, তখনও আমরা কেহ নিরাশ হইলাম না। শ্রম ও অধ্যবসায় ছিল আমাদের অন্তরের উৎসাহ। আর নিজের মাথার

উপর ঋণভার বাড়াইয়াই সমস্ত প্রয়োজন মিটাইবার ব্যবস্থা করিলাম। সেদিন শতকরা ১২৲ টাকা সুদে এক টাকা করিয়া হাজার টাকার উপর ঋণ করিয়াছিলাম। উহা যে ঋণ এবং সুদ সহ পরিশোধনীয়, তাহা জানিতাম। তবুও বিদ্যাপীঠকে ব্যর্থ হইতে দিলাম না। যে কয়টী ব্যবসা চলিতেছিল, তাহার উপর অতিরিক্ত দাবী করিয়া অর্থ গ্রহণ করিলাম না। অতি বড় দুঃসময়ে কি জানি কোন শক্তির প্রভাবে ছাত্রেরা অটল চিত্তে এই অভাবনীয় জীবনযাত্রার পথে দিনের পর দিন চলিতে লাগিল।

বাহিরে দুর্দ্দিনের প্রবল ঝটিকাবর্ত্তে অন্তরে শান্তির নির্ঝর রুদ্ধ হয় নাই; তাহা না হইলে, এই সকল ছাত্রেরা কিসের আনন্দে শয়ন-ভোজনের অসংখ্য প্রকার দুরবস্থার মধ্যেও আমায় পরিত্যাগ করিল না! এমন দিন গিয়াছে, মৃৎপাত্রে ভোজন করিয়া, উহা পুনঃ ধৌত করিয়া, তাহারা দিনের পর দিন ভোজন সমাধা করিয়াছে।

তাহাদের চরম দুঃখের দিক্ তো আমার লক্ষ্যে ছিল না; আমি ছিলাম নিষ্ঠুর সেনানায়কের ন্যায় মৃত্যু-সংগ্রামে সৈনিকদের আগাইয়া দিতেই পটু ও দক্ষ। জাতির ভবিষ্যৎ ইহার মধ্য দিয়াই পাইতে পারে শক্ত দেহ ও মন, এ পরিচয় আজ প্রত্যক্ষ। কিন্তু ইহাদের পশ্চাৎ ছিল স্নেহশীতল নয়নের দৃষ্টি, নতুবা কেন মাঝে-মাঝে দেখিতাম—অনটনক্লিষ্ট ইহাদের রন্ধনগৃহে মাতৃশক্তির সমুজ্জ্বল আবির্ভাব? কেন দেখিতাম—স্নেহের অবদান লইয়া ইহাদের ভোজনাগারে অন্নপূর্ণার করুণাস্পর্শ? কখনও দেখিতাম—সঙ্ঘজননীর আদেশে আশ্রমকন্যারা ইহাদের রন্ধনশালা পরিষ্কার করিয়া দিয়া আসিতেছে, কখনও-বা রন্ধনকার্য্যে ব্যাপৃতা রহিয়াছে; কখনও-বা দেখিতাম তিনি স্বয়ং তাঁর ছাত্র-সন্তানদের নিমন্ত্রণে তাঁর অধ্যাত্মতনয়াদের সহিত পরিবেশনতৎপর সন্তানদের প্রাণে উৎসাহ সঞ্চার করিয়া, ভোজনে উপবিষ্টা হইয়াছেন। তাঁর শুভাবির্ভাবে আমার হাতে তপঃক্লিষ্ট দারিদ্র্যলাঞ্ছিত বিদ্যাপীঠ উচ্ছ্বসিত পুলকিত হইয়া উঠিত। কিন্তু এমন করিয়া সন্তানদের দুঃখ-নিবারণের ব্যবস্থায় তিনি দীর্ঘদীন সন্তুষ্ট থাকিতে পারিলেন না। যেদিন শুনিলেন—

বুভুক্ষু নবযুগপ্রবর্ত্তকেরা রন্ধনশালায় গিয়া প্রস্তুত অন্নপাত্রটী খুঁজিয়া পাইতেছে না, আর শুনিলেন সেই অন্নপাত্রটী লইয়া বনাকীর্ণ স্থানে শৃগালের দল ভোজনানন্দে তুমুল কোলাহল করিতেছে, সেইদিন হইতেই তিনি বিদ্যাপীঠের রন্ধনশালাটী তুলিয়া দিয়া স্বগৃহে নিজ হস্তে সন্তানপালনের ভার গ্রহণ করিলেন। অব্যক্ত আনন্দে আমার বুক দুলিয়া উঠিল। আমি নিঃশব্দে দেখিলাম—বিজয়িনী অন্নপূর্ণার মূর্ত্তি। এইখানেই জীবন-সঙ্গিনীর সহিত আমার অভেদসূত্র আরও দৃঢ়তর হইল।

বিদ্যার্থিভবনের ছাত্র ও সেই সঙ্গে মৃণালিনী বস্ত্রবয়নের কর্ম্মে নিয়োজিত একদল তরুণ কর্ম্মী—এই সকলকে লইয়া গৃহদেবী এক বৃহৎ সংসার পাতিয়া বসিলেন। শ্রমের সীমা রহিল না। নিত্য যজ্ঞশালায় অতিথি-সমাগমও অধিক হইতে লাগিল। শান্তিনিকেতনের বিদেশী অতিথিগণ এই সময় হইতেই চন্দননগর ঘুরিয়া যাইতেন। বিশেষ করিয়া পরলোকগত মিষ্টার পিয়ার্সন ও মিষ্টার এমহার্ষ্ট বহু বার চন্দননগর আশ্রমে আসিয়া আমাদের সহিত বহু বিষয় লইয়া আলোচনা করিতেন। এই সকল সম্মানার্হ অতিথিদের জন্য আমার কোন চিন্তা ছিল না। সম্পূর্ণরূপে অন্তঃপুরচারিণী হইয়াও গৃহদেবীই এই সকল বিদেশী অতিথিগণের তত্ত্বাবধান করিতেন। কোথা হইতে কাঁটা, চামচ, ছুরি, ডিস্ সংগ্রহ করিতেন, তাহা তিনিই জানিতেন। তাহাদের যথাযোগ্য পানভোজনাদির সহিত বাসস্থানের ব্যবস্থা-ভারও তাঁর উপর ন্যস্ত হইত। আমি তাঁর অতিথিসৎকারে প্রীত হইয়া অন্তরে গর্ব্ব অনুভব করিতাম। মিঃ পিয়ার্সন প্রমুখ বিদেশী বন্ধুরাও আশ্রমের আতিথ্যে বিশেষ পরিতুষ্ট হইতেন। আমি আনন্দে বিহ্বল হইয়া পত্নীর হস্ত চুম্বন করিয়া বলিতাম "সত্যই তুমি লক্ষ্মীর প্রতিমূর্ত্তি। আমার এই দরিদ্র সংসারে অতিথি-সৎকারের এমন রাজোচিত আয়োজন তোমারই মহিমা!"

তিনি কুণ্ঠিত হইয়া বলিতেন "সংসার করিতে আনিয়াছিলে, সে সংসার এমন মূর্ত্তি ধরিবে, তাহা জানিতাম না!"

আমার পরিতৃপ্ত হৃদয়ের উচ্ছ্বসিত-প্রশংসার বিনিময়ে তাঁর নয়নের কোলে-কোলে কিন্তু অশ্রুবিন্দু জমিয়া উঠিত, সে ব্যথা দূর করার উপায় ছিল না। তিনি মনে করিতেন—আমি জানিয়া-শুনিয়াই তাহাকে ক্রমে-ক্রমে এই বৃহত্তর কর্ম্মক্ষেত্রে টানিয়া আনিয়াছি, অথচ তাঁকে ইহার জন্য প্রস্তুত করিয়া তুলি নাই। সুযোগ পাইলেই এই অভিমান বড় করুণ দুঃখের সহিত তিনি প্রকাশ করিতেন। আমি কথা চাপা দিয়া অন্য প্রসঙ্গ তুলিতাম; কিন্তু তিনি কর্ম্মানুরূপা আপনার পূর্ণতার অভাব যেন মর্ম্মে-মর্ম্মে অনুভব করিতেন, তাই সময় পাইলেই খোঁটা দিয়া বলিতেন "এই সব কাজের জন্যই যদি আমায় ঘরে আনিয়াছিলে, তাহার জন্য আমায় প্রস্তুত করিয়া তুলিলে না কেন?"

যাহাকে ভালবাসি, যে আমার কর্ম্মের সত্যসঙ্গী, তাহাকে প্রস্তুত করিয়া তুলিতে হইবে, এই চিন্তা কোন দিন করি নাই। যাহার যে কাজ, তাহার উপযোগী চরিত্র লইয়াই তাহার জন্ম হয়। আমার পত্নী যদি উচ্চশিক্ষিতা হইতেন, তাহা হইলেই যে তিনি আজিকার এই সৃষ্টির বনীয়াদ-রচনায় অধিকতর শক্তি ও বুদ্ধি প্রয়োগ করিতে পারিতেন, এই ধারণা আজও আমার নাই। কিন্তু পারিপার্শ্বিকতার প্রভাব তাঁহাকে সর্ব্বদাই ক্ষুণ্ণ করিত। তিনি স্বামীর কাজকে খুব বড় করিয়াই দেখিতেন; তাহার জন্য যেরূপ যোগ্যতার প্রয়োজন, তাহা হইতে ইচ্ছা করিয়াই আমি তাঁহাকে বঞ্চিত করিয়াছি—এইরূপ একটা ধারণায় তিনি প্রায় ম্রিয়মাণা হইয়া পড়িতেন। কিন্তু এমন কোন কাজ নাই, যাহা তাঁহার সুনিপুণা হস্তে সুচারুরূপে সম্পন্ন হইত না। তাঁহার জীবদ্দশায় ভারতীয় ও অভারতীয় বহু বরেণ্য পুরুষ আসিয়া আশ্রমের অতিথিসৎকারের ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। প্রবর্ত্তক শ্রীমন্দিরের, আশ্রমের, নারীমন্দিরের, নিখিল প্রবর্ত্তক সঙ্ঘের ভিত্তিপ্রতিষ্ঠার যুগে তিনি যে সেবা-নৈপুণ্য দেখাইয়া গিয়াছেন, তাহা অমর হইয়া থাকিবে—ইহা কি তাঁহার অযোগ্যতার পরিচয়? তবুও তাঁর চক্ষে ব্যথার যে অশ্রুকণা দেখিয়াছি, তাহার অর্থ আমি ধীরে-ধীরে হৃদয়ঙ্গম করিয়াছি; সে অর্থ যতই আমার নিকট স্পষ্ট

মূল্য গৃহলক্ষ্মীকে অস্বীকার করিতে হয়। নারীমহিমার মর্য্যাদাজ্ঞান আত্মানুভূতির কষ্টিপাথরে যাচাই করিয়াই তিনি তাহা সশ্রদ্ধায় রক্ষা করিতেন; ইন্দুবালার কথায় সেইখানেই নিষ্ঠুর আঘাত পড়িয়াছিল। আমার প্রবোধবাক্য কোন কাজেরই হইল না। তিনি শ্রীঅরবিন্দের নিকট এই বিষয় জানিবার জন্য ঔৎসুক্য প্রকাশ করিলেন। যথাসময়ে শ্রীঅরবিন্দের নিকট এই প্রশ্ন করিয়াও উত্তর মিলিল না। তিনি অসহায়ার ন্যায় নীরবে বসিয়া রহিলেন। আমার মনে হইল—যে নিঃসংশয় সরল ব্যবহারে শ্রীঅরবিন্দ আমাদের বাঁধিয়াছিলেন, তাহা যেন কোন এক অজ্ঞাত হস্তের পরশে শিথিল হইয়া গিয়াছে। আমি সকল অবস্থাই বরণ করিয়া লওয়ার জন্য প্রস্তুত ছিলাম। সাধনার পথে সংশয় ও আঘাত ইষ্টের সহিত যুক্তির পরীক্ষা বলিয়াই গ্রহণ করিলাম, কিন্তু আমার স্ত্রী এই ঘটনা কিছু নহে বলিয়া স্বীকার করিতে পারিলেন না।

বাংলার পলিমাটিতে যে হৃদয়-বৃত্তি গড়িয়া উঠে, তাহা তরল ও নমনীয় বটে। মুখের ফল মিষ্ট হইলে বাঙ্গালী উহা উচ্ছিষ্ট মনে করে না; প্রিয়তমের মুখে তুলিয়া দেয়। শ্রীঅরবিন্দের এই আচরণ আমার কাছে পরীক্ষার ন্যায় মনে হইল। কিন্তু আমার স্ত্রীর নিকট তাঁহার স্বচ্ছ ও নির্ম্মল হৃদয়ের উপর ইহা সংশয়ের কশাঘাত করিল। আমার চক্ষুঃ ঝাপসা হইয়া উঠিল এই মনে করিয়া যে, শ্রীঅরবিন্দ আমায় আজ অজ্ঞাত আগন্তুকের স্থানে রাখিয়া উৎসর্গের পরীক্ষা করিতেছেন। আমার স্ত্রীর নয়ন অশ্রুসিক্ত হইল—তাঁহার শ্রদ্ধার্ঘ্য অস্পৃশ্য বোধেই শ্রীঅরবিন্দের নিকট পরিত্যক্ত হইয়াছে, এই হেতু।

দুই জনে দুই দিক্ হইতে আঘাত পাওয়ায়, আমাদের মিলিত চক্ষের জলে শ্রীঅরবিন্দকেও বিব্রত করিল। তিনি এক দৃষ্টিতে আমাদের দিকে চাহিয়া রহিলেন।

আমার স্ত্রীর প্রকৃতি আমি জানিতাম। তিনি সহজ ও সরল অন্তঃকরণে যে পথ ধরিতেন, সে পথ হইতে কোনদিন বিমুখ হইতেন না। যদি কোন অভাবনীয় বাধায় সে পথ হইতে বিমুখ হইতেন, তবে সে পথে আর কখনও

তাঁহাকে পা বাড়াইতে দেখি নাই। যাহা সত্য বলিয়া তিনি বুঝিতেন, তাহা অনপেক্ষ হইলে তাঁহার গতি নিরাপদ্ হইত। কিন্তু যে সত্য অপরের অপেক্ষা করিত, সেখানে আঘাত পাইলে তিনি চিরদিনের জন্য মুখ ফিরাইতেন। এখানে তিনি শ্রীঅরবিন্দকে যেভাবে আপনার মনে করিয়া হৃদয় গড়িতেছিলেন, তাঁহার হস্ত-প্রস্তত খাদ্যাদি প্রত্যাখ্যাত হওয়ায় তিনি মুষড়িয়া পড়িলেন। তিনি কাঁদিতেছিলেন আপনাকে সামলাইয়া লওয়ার জন্য। আমি কাঁদিতেছিলাম আমার ও শ্রীঅরবিন্দের মধ্যে সুদূর ব্যবধান দেখিয়া। দুইজনে শ্রীঅরবিন্দের নিকট এই ভাবে বসিয়া থাকা সঙ্গত মনে হইল না। সজল নয়নে দুইজনে উঠিলাম। আমি তাঁহাকে প্রণাম করিলাম। আমার স্ত্রী পিছনে দাঁড়াইয়া রহিলেন। শ্রীঅরবিন্দ আমার চক্ষে কোনদিন হৃদয়হীন নহেন। তিনি আমাদের বেদনার অনুভূতি উপেক্ষা করিলেন না। আমি প্রণাম শেষ করিয়া উঠিয়া দাঁড়াইতেই, শ্রীঅরবিন্দ প্রসারিত বাহু দুটী দিয়া আমাকে হৃদয়ে টানিয়া লইলেন। তাঁর করুণ নয়ন দুটী প্রসন্নতাময়, তিনি অজস্র চুম্বনে অন্তরব্যথা এক নিমিষে দূর করিয়া দিলেন। বাসায় আসিয়া অরুণকে লিখিলাম "আজ প্রাতঃকালে অপূর্ব্ব-লীলা, অনির্ব্বচনীয় তত্ত্ব; অপ্রকাশই রইল···কেবল চুম্বন আর চুম্বন! হায় আরো! এ কেবল তুমি আর আমি"—হৃদয়-মল তিরোহিত হইল।

মানুষ সম-প্রকৃতির নয়। প্রকৃতি-ভেদে তার প্রকাশ-ভেদও হয়; তাহার জন্য ভিন্ন-ভিন্ন-রূপ আবহাওয়ারও প্রয়োজন হয়। শ্রীঅরবিন্দ এই বিজ্ঞান জানিতেন, অন্ততঃ আমার ক্ষেত্রে তাঁর আচরণ-বৈশিষ্ট্য আমি চিরদিন লক্ষ্য করিয়াছি। সেদিনের সেই অতি তুচ্ছ ব্যাপার আশ্রয় করিয়া শ্রীঅরবিন্দ যে অমৃত পরিবেশন করিলেন, তাহা আমায় উদ্বুদ্ধ করিল। কিন্তু একটা বিষয় লক্ষ্য করার সুযোগ হইল না। যেখানে আঘাত গিয়া পৌছিয়াছিল, সেখানে সান্ত্বনার প্রলেপ পড়ে নাই। নারীমহিমার লাঘব নারী সহজে স্বীকার করে না। আমার স্ত্রী এই ঘটনার পর হইতে কেমন উদাসীন হইয়া পড়িলেন, আমার পথও অলক্ষিতে জটিল হইয়া পড়িল। সে খেয়াল সেদিন হয় নাই।

আমার পালে হাওয়া লাগিতেছিল, জীবন-তরীও উজানে ছুটিল। আমার উৎসাহ ও আনন্দ দেখিয়া আমার স্ত্রী প্রফুল্লভাবেই দিনযাপন করিতে লাগিলেন। সকল কাজেই তাঁহার সহায়তা পাইয়াছি; কিন্তু আজ মনে পড়ে ইহার পর আর একদিনও তাঁহার মুখে শ্রীঅরবিন্দ সম্বন্ধে একটী কথাও বাহির হয় নাই। তিনি আমার কায়ার সহিত ছায়ার ন্যায় নিঃসঙ্গ অনুসরণ করিতেছিলেন মাত্র।

চন্দননগরের কথাই এ সময়ে বড় হইয়া উঠিল। সঙ্ঘকে স্বাবলম্বী করার সাধনা সুরু করিয়াই চলিয়া আসিয়াছিলাম। আমার অনুপস্থিতিতে এই ক্ষেত্রে নানা সমস্যার কথা অরুণের পত্রে অবগত হইতেছিলাম। আমার স্ত্রীর ভাবান্তর লক্ষ্যে ছিল না। আমি শ্রীঅরবিন্দের সহিত যুক্ত করিয়া সমস্যা সকলের নিরাকরণে ব্যস্ত হইয়া পড়িলাম। মানুষ যে অবস্থায় উপনীত হইলে দিব্যকর্ম্ম সুসিদ্ধ করে, সে অবস্থা আমাদের কেহ লাভ করে নাই; অথচ দিব্যদৃষ্টিই ছিল আমার লক্ষ্য। ইহা ব্যতীত এ কর্ম্মে আরও বড় বিঘ্ন ছিল এই যে, যাহারা অর্থক্ষেত্রে আগাইয়া ছিল, তাহারা কেহই সঙ্ঘের নহে, সঙ্ঘের ভাব ও আদর্শ তো ভাল করিয়া বুঝেই নাই, প্রয়োজনের তাগিদে তাহারা সঙ্ঘের জন্য আমারই অর্থোপার্জ্জন করিয়া দিবার ভার গ্রহণ করিয়াছিল, কিন্তু তাহাদের ভিতরে ছিল ব্যক্তিগত বা পারিবারিক স্বার্থের প্রেরণাও প্রয়োজন। তাহাদের সে স্বার্থ ভবিষ্যতে সঙ্ঘগত হওয়ারও কোনই সম্ভাবনা ছিল না। আমার কিন্তু সে যুগে তাহাদেরই উপর নির্ভর করা ভিন্ন অন্য উপায় ছিল না। এই অবস্থায় উদ্দেশ্য ব্যর্থ হওয়ারই কথা; হইয়াছিলও তাহাই। আমার এক প্রস্থ কাজ এক প্রকার নাকে খৎ দিয়া শেষ করিতে হইয়াছিল।

মানুষের কর্ম্ম স্বভাবতঃ আপনাকে কেন্দ্র করিয়া হয়; আত্মস্বার্থের পুষ্টি না হইলে, মানুষ কর্ম্মক্ষেত্রে যথেষ্ট শক্তিপ্রয়োগ করিতে পারে না। আমি চাহিতে-ছিলাম নিঃস্বার্থ, নিষ্কাম কর্ম্ম। যে যাহা নয়, সে তাহা করিবে কি প্রকারে? আমার অভিনব আদর্শ ও কর্ম্মনীতি সকলের কাছেই দুর্ব্বোধ্য ও অসাধ্য মনে হইত। সব লইয়াই মানুষ আসিয়াছিল আমার কর্ম্মে অথচ আমার উপদেশ

ছিল আমাদের কেহ থাকিবে না। পিতা নয়, মাতা নয়, আত্মীয়-স্বজন কেহ নয়। কর্ম্মীর প্রয়োজন হইবে শুধু তার পরিধানের বস্ত্র আর জীবনধারণের দুই মুঠা অন্ন। অথচ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে এই প্রকৃতির মানুষকে অসুরেরই ন্যায় শ্রম দিতে হইবে। অর্থের দায়িত্ব আমার, অভিজ্ঞতার্জ্জনের সুযোগ অন্যের। এই অবস্থায় যাহা হওয়া স্বাভাবিক, চন্দননগরে তাহাই ঘটিতেছিল। কাজেই আমার ঋণকৃত অর্থে অন্যের অবাধ অধিকার পাইয়া যতই কর্ম্ম করিতে থাকে, ক্ষয় ও অপচয়ের অঙ্ক ততই বাড়িয়া চলে। কর্ম্মক্ষেত্রের দুঃসংবাদ যতই আসিতেছিল, আমি বাহ্যতঃ চঞ্চল হইলেও, অন্তরে নৈরাশ্যের অন্ধকার জমিতে দিই নাই। আমার বিশ্বাস ছিল—আগুন জ্বালাইতে হইলে, ধূমের ভয় খাইলে চলিবে না। অনেক ক্ষয় ও অপচয়ের ভিতর দিয়াই সিদ্ধকর্ম্ম প্রকাশ পাইবে। ভগবানের মানুষ হওয়ার অধিকার দুস্তর তপঃ সাধনের মধ্য দিয়াই অধিগত হয়। চলিবার পথে অনেক ত্রুটী ও গলদ প্রকাশ পায়। এই সব সহিবার শক্তি না রাখিয়া বৃহৎ কর্ম্ম করা যায় না। অন্তহীন ব্যর্থতার বিভীষিকা বিদীর্ণ করিয়া মানবাত্মার অফুরন্ত শক্তিপ্রকাশ সম্ভবপর হইবেই। আজিকার মানুষ ব্যর্থ হইতে পারে; কিন্তু কর্ম্ম তাহাতে ব্যর্থ হইবে না। অনধিকারী যাহারা, তাহারা স্বভাবতঃ কর্ম্মক্ষেত্র হইতে অপসৃত হইবে। অরুণকে তাই ভরসা দিয়া লিখিলাম। "অর্থসমস্যার নিরাকরণের উপায় আজিকার হিসাবের অঙ্কে ক্ষয়ের পরিমাণ দেখিয়া নিরাকরণ করা যাইবে না। কর্ম্মপ্রবাহেই আত্মিক শক্তির জাগরণ হইবে। সৃষ্টি করিতে গিয়া আমাদের মধ্যে আজ ক্ষয়ের প্রভাব যতই বীভৎস বলিয়া মনে হউক, উজান পথেই চলিতে হইবে। ক্ষয় একদিন পশ্চাৎ পড়িবে, পূরণের অঙ্কই পুরোভাগে দাঁড়াইয়া নির্ম্মাণের জয় দিবে।" এই সময়ে মহাত্মা গান্ধী কংগ্রেসের জন্য এক কোটী টাকা সংগ্রহ করিতেছিলেন। অন্ধ্র প্রদেশ ছাড়া মাদ্রাজ হইতে তিনি ৬ লক্ষ ৫০ হাজার টাকা সংগ্রহ করার প্রতিশ্রুতি লইয়াছিলেন, কিন্তু জুন মাসের শেষেও ৩০ হাজার টাকার অধিক সংগ্রহ করিতে পারেন নাই। এই টাকা তিনি দেশের স্বাধীনতার জন্য দান-স্বরূপই লইতেছিলেন; আর আমরা চাহিতেছিলাম শুধু জাতিগঠনের জন্য

স্বার্থহারা সঙ্ঘসন্তানদের শ্রম ও শক্তির অনুবাদে বিপুল অর্থসৃষ্টি। শ্রীঅরবিন্দ এই স্বপ্ন কর্ম্মে অনুবাদিত হইতেছে দেখিয়াই উৎসাহ দিতেন। তবে বলিতেন—"এখন সব ভেঙ্গে চুরে যাচ্ছে; এই সময়ে এই রকম সৃষ্টি বড় সহজ নয়। আত্মরক্ষার জন্য যাহা দরকার, সেইটুকুও যদি এই ভাবে করে' তুলতে পারো, একটা বড় কাজ হ'ল ব'লে মেনে নিতে হবে।"

আমার সমস্ত দৃষ্টিটাই ছিল প্রবর্ত্তক সঙ্ঘের সন্ন্যাসীদের মধ্য দিয়াই জাতি গঠনের জন্য প্রচুর অর্থসৃজনের দিকে। সেদিন চারিদিকেই ক্ষয়, অপচয়, অবিশ্বাস আমাদের ঘিরিয়া ধরিয়াছিল। মহাত্মা গান্ধির সংগৃহীত অর্থের ব্যর্থ ব্যয় হইবে বলিয়া সকলেই সংশয় করিতেন। গোড়া হইতেই অর্থের ব্যর্থ ব্যয় না হয়, সেদিকে ছিল আমার প্রখর দৃষ্টি; অন্তরে ছিল না এক বিন্দু স্বার্থের আকর্ষণ। কাজেই অন্তহীন ভরসাই সকল প্রকার পরাজয়ের দুর্ভাবনা হইতে আমায় দূরেই রাখিত।

শ্রীঅরবিন্দের নিকট হইতে যাহা কিছু আলো ও আনন্দ, উৎসাহ ও শক্তি পাইতেছিলাম, তাহাই চন্দননগরের দিকে অকুণ্ঠে বিতরণ করিতাম। এক-এক সময়ে মনে হইত আমার শরীরটা বেতার-বার্ত্তা ধারার একটা দণ্ডস্বরূপ পণ্ডীচারীতে খাড়া আছে মাত্র। আমার আত্মা চন্দননগর হইতে গুটাইয়া আনিতে পারি নাই। আমার মনে হয় শ্রীঅরবিন্দ ইহা বুঝিতেছিলেন। তিনি আমায় নিঃসঙ্গ করিয়া তাঁহার মানুষরূপে গড়িতে চাহিতেছিলেন। আমি তাঁহাকে বৎসের ন্যায় দোহন করিয়া তাঁহার প্রেরণায় চন্দননগরের মধ্য দিয়া সিদ্ধ করার স্বপ্ন দেখিতেছিলাম। শ্রীঅরবিন্দের চাওয়া পূর্ণ করার আকুলতাই ছিল আমার অন্তরের একমাত্র কামনা; চন্দননগরের আকর্ষণ এই জন্য আমার কাছে অপরিজ্ঞাত ছিল; এই সময়ে অন্তর্দ্বন্দ্বের কথা আমার তাৎকালীন পত্রের মধ্যে আজও সুস্পষ্ট হইয়া আছে। আমি তাহার কিছু-কিছু অংশ এইখানে উদ্ধৃত করিলাম। অরুণকে লেখা এক পত্রের মধ্যে এইরূপ আছে—"তোমাদের কয়েক জনের জ্যোতির্ম্ময় মূর্ত্তি আমার অন্তরে সর্ব্বদাই ভেসে উঠে। বার-বার তা' মুছে ফেলার চেষ্টা ক'রি। বার-বার তারা আবির্ভূত হয়। পুনঃ-পুনঃ

মুছি, পুনঃ পুনঃ জাগে, এই সংগ্রামই চলেছে আমার মধ্যে। জানি না এ সংগ্রাম শেষ হবে কি না? কিন্তু যতদিন তা না হয়' আমি আর ফিরব না।”

শ্রীঅরবিন্দের সহিত একাত্ম হওয়ার পথে চন্দননগরের সৃষ্টি এইদিক দিয়া বাধাই সৃষ্টি করিয়াছিল এবং তাহা অকপট চিত্তে দূর করার চেষ্টাও যে আমার মধ্যে ছিল, উপরোক্ত লেখাটুকু তাহার সাক্ষ্য দেয়। কিন্তু এই অধ্যবসায়ের তলে-তলে ফল্গুধারার ন্যায় সৃজনেরই একটী প্রেরণা-প্রবাহ আজ ধরা পড়ে। চন্দন্দননগরে দিব্য-সৃষ্টি আমার কল্পবিধৃত সত্য; তাই উক্ত দ্বন্দ্বযুদ্ধের মধ্যেই প্রবর্ত্তক সঙ্ঘকে সহস্রভাবে বীর্য্যদান করিয়াছি—শ্রীঅরবিন্দের মন্দিরে বসিয়াই। তাহাদের ভরসা দিয়া লিখিয়াছি “অতীতের ক্ষুদ্র সংসার তোমরা আর বাঁধিতে পারিবে না। শ্রীঅরবিন্দের নিকট বসিয়া দেখিতেছি—তোমরা ছোট ছোট সংসারের মানুষ নও। এক বৃহৎ সংসারের অন্তর্ব্বর্ত্তী হইতেছ। তাই বলিয়া ছোট সংসারগুলি এই বৃহৎ হইতে ভিন্ন নহে। বৃহৎ পারিবারিক জীবনসাধনার সিদ্ধিতেই ক্ষুদ্র-ক্ষুদ্র সংসারের পরিতৃপ্তি নির্ভর করে, তাই বৃহৎ-সৃষ্টির জন্য আমাদের নির্ম্মম হইতে হইবে; এই বৃহৎ-সৃষ্টি সার্থক না হওয়া পর্য্যন্ত আমাদের চতুর্দ্দিকে জ্বলিয়া উঠিবে অশান্তির আগুন। আর্থিক ক্ষয়ে ও অপচয়ে এমন কি দৈনিক জীবনযাপনের ভিত্তিও ভূ-কম্পনে কাঁপিয়া উঠিবে। প্রতি পদেই বাধার সঙ্গে আমাদের যুদ্ধ করিতে হইবে দিবা-রাত্রি প্রতি রক্তবিন্দু দিয়া। আমাদের আজ যাহারা সহকর্ম্মী, এমন কি আমারই দেশবাসী, সমাজ, ধর্ম্ম এমন কি সমস্ত জগৎও আমাদের পথ আগুলিয়া ধরিবে। এই ঘনীভূত অন্ধকার বিদীর্ণ করিয়া দিব্য উষার আলোকচ্ছটা অচিরেই দেখা দিবে, এমনও মনে করিও না। আমি জানি না এই নব-জাতি-সৃষ্টির জন্য যে সংগ্রাম, তাহার জন্য কয় জন আমাদের সঙ্গে থাকিবে! আমি তাই গোড়া হইতেই মহাশক্তিমান্ যোদ্ধা-দেরই আহ্বান করিয়াছি।”

শ্রীঅরবিন্দ চাহিতেছিলেন—আমার এই সত্য-প্রেরণাকেও সম্পূর্ণরূপে আত্মগতি করিয়া আমাকে মুক্ত করিতে, তাঁহার মধ্যে আমার জন্ম সফল

করিতে। আমি এই সময়েই কোন এক অজ্ঞাত শক্তির প্রেরণায় অতি অকপটেই তাঁহার প্রতি সম্পূর্ণ নতি রাখিয়াই চাহিতেছিলাম আমার সহিত অভিন্ন চন্দননগরের উৎসর্গীকৃত সাধকদের নব জন্ম। চিন্তাশীল ব্যক্তিই আমার অবস্থার কথা উপলব্ধি করিতে পারিবেন। শ্রীঅরবিন্দ ও আমি, এই দুইয়ের মধ্যে সার্ব্বজনীন বিশ্বহিতকারী প্রেরণার ভিন্নতা অতি সূক্ষ্মতত্ত্বরূপে আমাদের মধ্যে প্রতিদিন ব্যবধান সৃষ্টি করিতেছিল—আমার জীবন-স্রোতঃ কোন এক অমোঘ অব্যর্থ লক্ষ্যে এই সময় হইতেই পরিচালিত করিতেছিল। আমার লেখনীমুখে চন্দননগরের প্রতি অজস্র অগ্নি-নির্দ্দেশ বাহির হইতেছিল। অরুণকে আর একখানি পত্রে লিখিয়াছিলাম: "একটা গমগমে আবহাওয়ার মধ্যে আমরা বেশ থাকি। এইটা আমাদের পতনযুগের জাতীয় স্বভাব। আমাদের সমাজ, রাষ্ট্র, ধর্ম্ম, এমন কি এই আত্ম-সমর্পণ যোগের মধ্যেও এই স্বভাবেরই যথেষ্ট প্রশ্রয় দেওয়া হয়। আজ আমাদের সতর্ক হইয়া এই স্বভাব থেকে দূরে দাঁড়াইয়া নিজেদের তাজা আবহাওয়া যাহাতে সৃষ্টি করিতে পারি, সেই আয়োজন কর, উহা আর কিছু নহে—সত্যকে অতি নির্ম্মম হইয়াই ফুটাইয়া তোলা। এইখানে ক্ষতি-বৃদ্ধির হিসাব রাখিও না, সুনাম-কুনামের পাতলা কাণ লইয়া কোন ক্ষেত্রে মনোভঙ্গের প্রয়োজন নাই। এই সব পথের কণ্টক সরাইয়া-সরাইয়া আমাদের আগাইতে হইবে। যে মন লইয়া আমরা যাত্রা সুরু করিয়াছি, সে মনের আমূল পরিবর্ত্তন চাই, নতুবা ভাগবত-সৃষ্টির সম্ভব হইবে না। পুরাতন মনকে বাঁচাইয়া রাখিলে, এই মনের ধর্ম্ম নূতনের সবখানিকে ধরিতে দেয় না। সৃষ্টি অপূর্ণ হয়। তাই মনকে উপরে তোল। আত্মার প্রদীপ্ত পাবকে বিগলিত স্বর্ণের ন্যায় নূতন মন লইয়া তোমাদের যাত্রা সুরু হউক।"

কাম ও অর্থ ধর্ম্মের উপর প্রতিষ্ঠিত করিয়া নূতন সংস্কৃতি, সমাজ ও জাতির সংগঠন ছিল আমাদের লক্ষ্য। তাই কর্ম্ম যোগেরই অভিব্যক্তিস্বরূপ যাহাতে হয়, সেই দিকেই আমি সঙ্ঘের দৃষ্টি আকর্ষণ করিতাম। আমার লিখিত পত্রাংশে আজও তাই দেখি "তোমাদের ব্যবসা-বাণিজ্য

অর্থ সিদ্ধি লক্ষ্যে রাখিয়া নহে, উহা যোগের অভিব্যক্তি। যাহারা যোগী, তাহাদের হস্তেই দায়িত্বপূর্ণ কার্য্যভার দিতে হইবে। অন্যথা হইলে ক্ষতিগ্রস্ত হওয়াই স্বাভাবিক। সাধনার সময়ে অপচয় অবশ্যম্ভাবী। অভিজ্ঞতার্জ্জনের জন্যও শক্তি ও সময়ের অপব্যয় হয়; কিন্তু যোগের প্রতিষ্ঠা যত সুদৃঢ় হইবে, এ সবই পূরণ হইয়া যাইবে। অযোগীর জীবনক্ষেত্রে এইরূপ হওয়া সম্ভবপর নহে। যে তিনটী বস্তু যোগের অন্তরায়, আমাদের যোগ এই তিনের মধ্যেই আরম্ভ হইয়াছিল। অর্থ, নারী আর কর্ত্তৃত্ব আমরা ছাড়ি নাই। কিন্তু এই তিনই আমাদের সাধনায় দিব্যরূপ-প্রকাশের পথেই চলিয়াছে। যোগশক্তি ইহার কারণ। তালে-ঘোলে খিচুড়ি পাকাইয়া আমরা চলিতে চাহি নাই। ব্যবসার সঙ্গে স্বদেশী, স্বরাজ, সেবাধর্ম্ম জড়াইয়া থাকিলে ব্যবসার উন্নতি নাই; ব্যবসায় দেশের ধনশক্তি-বৃদ্ধি করারই অব্যর্থ-প্রণালী। যারা ব্যবসার ক্ষেত্রে আত্মদান করিয়াছে, কমলাকে মূর্ত্তিমতী করিয়া তোলাই তাদের সৃষ্টির সাফল্য…" আমার এই কথার সমর্থন করিয়া শ্রীঅরবিন্দ বলিতেন "অর্থের অনাবশ্যক ব্যয় কোনমতেই উচিত নয়। বর্ত্তমান অবস্থায় খরচ নয়, সঞ্চয় করাই কর্ত্তব্য। বাঙ্গালী অনেকদিন লক্ষ্মীছাড়া। বাঙ্গালীকে লক্ষ্মীমন্ত করিতে হইবে। তাই ব্যবসাক্ষেত্রে অধ্যবসায় ও মিতব্যয়িতার প্রয়োজন আছে।"

সঙ্ঘের অর্থপ্রতিষ্ঠানের লক্ষ্য ও আদর্শ সম্বন্ধে তখন হইতেই এই নির্দ্দেশ দিয়াছিলাম—"অর্থক্ষেত্রে হিসাব রাখিয়া না চলিলে, প্রচুর-শক্তি থাকা সত্ত্বেও পরাজয় অবশ্যম্ভাবী হয়। সঙ্ঘের অর্থপ্রতিষ্ঠান সঙ্ঘের আত্মরক্ষার জন্য; যদি ইহার উপর সঞ্চয় হয়, তবে দেশের ব্যাপক কর্ম্মে তাহার নিয়োগে বাধা নাই। এখন যদি দেশের ব্যাপক কর্ম্মে হাত দিতে হয়, তার জন্য দেশের দানই মাথা পাতিয়া লইতে হইবে। আমাদের শিক্ষা ও অর্থ-প্রতিষ্ঠান শুধু স্বরাজ-সাধনার জন্য নয়; তাই বলিয়া স্বরাজ চাই না তাহা নহে। মানবজাতির কল্যাণ ও মুক্তির জন্যই ভারতের স্বরাজ যেমন একটী উপায় মাত্র, সেইরূপ আমাদের শিক্ষা ও অর্থ-প্রতিষ্ঠান মানবজাতির শ্রেয়ঃ-সাধনেরই জন্য। সেই জন্যই আমাদের

ক্লান্তিহীন বিরামহীন অভিযান। এই জন্যই আমরা অমৃতের পুত্র; মৃত্যুকে বার-বার অতিক্রম করিয়াই লক্ষ্যের দিকে অগ্রসর হইতে হইবে।”

আশ্চর্য্য, শ্রীঅরবিন্দের প্রসন্নমূর্ত্তি আমার প্রাণে জন্মগত প্রেরণার উপরই অজস্র আলোকবর্ষণ করিত। আমি উন্মাদ হইয়া কর্ম্মোদ্যত হইতাম। সকলে যখন আত্মশুদ্ধি ও মুক্তির জন্য শ্রীঅরবিন্দের যোগশক্তিতে অবগাহিত হওয়ার আয়োজন করিতেছে, আমি তখন শ্রীঅরবিন্দের প্রসাদ সঞ্চয় করিয়া আত্ম-প্রকাশের পথেই দ্রুত চলিতে চাহিতেছি। আমার এই দুর্জ্জয় গতিবেগ অহঙ্কারজনিত অথবা কর্ম্মপ্রবণ অশুদ্ধ প্রাণ ধর্ম্মেরই অভিব্যক্তি, এ বিচার সেদিন করিতে বসিলে আত্মবিশ্বাসের প্রতি অনাস্থার কালো মেঘ আমায় বিমূঢ় করিয়া তুলিত। আমি তাহা করি নাই। সে আজ ২০।২৫ বৎসরের কথা। আজও আমার সেই আত্মবিশ্বাসই অমলিন রহিয়াছে। আমার জীবনে সাধনার রেখাপাত মনোবুদ্ধির সীমা অতিক্রম করিয়াই চিরদিন ছুটিয়াছে। আমাকে চিরদিন যেন কে পাইয়া আছে, অধিকার করিয়া আছে—তাহার নির্দ্দেশ অমান্য করার সাধ্য আমার ছিল না। সেই অন্তর্য্যামী পুরুষেরই প্রতীকস্বরূপ শ্রীঅরবিন্দকে পাইয়াছিলাম। প্রতীক—পুরুষের সবখানি নহে, উহা তাহার সাঙ্কেতিক চিহ্ন মাত্র। এই সঙ্কেতও লক্ষ্যপথে চলার অনিবার্য্য সহায়। সে দিন এতখানি শাস্ত্র ও অনুভূতিগত জ্ঞানের উদয় হয় নাই। শ্রীঅরবিন্দই ছিলেন আমার কাণ্ডারী, তাঁর সান্নিধ্যে আমার কর্ম্মপ্রেরণার গোমুখীধারা অজস্র স্রোতে ছুটিয়া চন্দননগর ভাসাইয়া দিতেছিল। মানুষের স্বভাব ও স্বধর্ম্ম সর্ব্বজয়ী। শ্রীঅরবিন্দের পদপ্রান্তে বসিয়া আমি হৃদয়বীণার আঘাতে মূর্চ্ছনা তুলিয়া চন্দ্রননগরকে সঞ্জীবিত করিতেছিলাম। সেদিন লেখনীমুখে পত্রের ছত্রে-ছত্রে যে বাণী উদ্গীত হইতেছিল, তাহার মধ্যে ছিল ভবিষ্যতেরই দিব্য ইঙ্গিত—তাই তাহা হইতে আর একটু অংশ এইখানে উদ্ধৃত করিতেছি—“বাঙ্গালী জাতি উত্তেজনাপ্রিয়। তাহাদের খোরাক যোগাইতে-যোগাইতে কেবল অনেক মহাকর্ম্মীই নয়, অনেক মহাপুরুষ দেউলিয়া হইয়া গিয়াছেন। আমাদের জাতি শুধু পরাভূত নহে, সম্মোহন-মুগ্ধ।

এই জাতির মতামতের উপর নির্ভরতা রাখিলে চলিবে না। অতি অল্প করিয়াই ১০০ জন আত্মস্থ ভাগবত কর্ম্মীর মধ্যে সত্য, প্রেম ও ঐক্য প্রতিষ্ঠা কর। কালের কঠোর অগ্নিপরীক্ষার মধ্য দিয়া ইহারাই জাতির জয় দিবে। এই জাতিরই অভ্যুত্থান আমি চাহিতেছি।

"যে জাতি আজ বাঁচিয়া আছে, তাহারা চাহে না পূর্ণাঙ্গ জীবন। সর্ব্বদাই এই জাতি খণ্ড আদর্শে উদ্বুদ্ধ হয়, একটা নির্দ্দিষ্ট-রেখা ধরিয়া চলিতে চাহে। দীর্ঘ দিনের পরাধীনতায় জাতি ক্ষুদ্র সঙ্কীর্ণচিত্ত হওয়ার ফলেই এইরূপ হইয়াছে। এইরূপ কোন এক খণ্ড আদর্শের অনুগত করিয়া আমাদের জীবনকে সীমাবদ্ধ করিব না। দেশে স্বাধীনতার আদর্শই আজ সর্ব্বাপেক্ষা বড় আদর্শ। আর এই জন্যই জাতির সবখানি প্রাণকে আমরা নিয়ন্ত্রিত করিতে চাহি। ইহাতে যোগের প্রয়োজন উড়িয়া যায়। আমাদের যে কাজ শুধুই ভারতের তাহা নয়, ভূমাই আমাদের লক্ষ্য। সৃষ্টির সূচনায় যতই আমরা ক্ষুদ্র হই, নিখুঁত বৃহতের সাধনাই আমাদের আশ্রয় হইবে। স্বরাজ এই বৃহতেরই অনুবর্ত্তী।"

শ্রীঅরবিন্দের নিকট প্রতিদিন প্রাতোর্ধ্যানে বসিতাম। তিনি অনিমিষে চাহিয়া থাকিতেন আমাদের দিকে, এ ছিল তাঁর দেওয়ার খেলা। তাঁর এই দানের লক্ষ্য হয়তো ছিল অন্য কিছু; কিন্তু আমি পাইতাম জাতিগঠনেরই মৌলিক প্রেরণা। তাই বাঁশী আমার ফুকারিয়া উঠিত গানের মূর্চ্ছনায়, এই সঙ্গীতেরঘ নিমায় চন্দননগরে গড়িয়া উঠিতেছিল এক শক্তিশালী সঙ্ঘজীবন। আমার কথা ছিল—"যতই বলি, যতই লিখি, দেশের লোক এই মহান্ আদর্শের মর্ম্মকথা উপলব্ধি করিবে না। এই জন্যই আমরা চাহিতেছি এক মুঠা মানুষ, যারা আত্মায় নবজন্ম লইয়া সঙ্ঘবদ্ধ হইবে। যোগ ভিত্তি। সঙ্ঘ ইমারৎ। অসংখ্য লোকের মধ্যে যোগের বীজ যদি নিক্ষিপ্ত হয়, তবেই শত জন মানুষ অনন্তকাল যোগকেই মূর্ত্তি দিয়া যাইবে জীবনে। সঙ্ঘসৃষ্টির পর বিজ্ঞানের ক্ষুধা প্রবল হয়। কেননা, সঙ্ঘের গতিপথে পদে-পদে সংঘর্ষ ও দ্বন্দ্ব, সেখানে একমাত্র সান্ত্বনা বিজ্ঞান-প্রতিষ্ঠা হইলেই মিলে। এই কথায় কেহ যেন মনে না করে সঙ্ঘ না হইলে বিজ্ঞান মিলে না; তবে সঙ্ঘের এই অভাব অতিশয় তীব্রভাবে

অনুভূত হওয়ায়, ইহা শীঘ্র আয়ত্তে আনার প্রবল আয়াস সঙ্ঘের পক্ষেই সম্ভবপর। ব্যষ্টিগত আত্মার অপেক্ষা সমষ্টিগত আত্মার শক্তিবেগের গুণাধিক্য কে অস্বীকার করিবে ?”

১৯১০ খৃষ্টাব্দ হইতে ১৯২০ খৃষ্টাব্দের মধ্যে শ্রীঅরবিন্দের অলক্ষ্যে ও দূরে থাকিয়াই চন্দননগরে যে সৃষ্টিচক্র গড়িয়া উঠিয়াছিল, তাহা মনের সৃষ্টি হইলে, আমি মুক্তির পথ সহজেই বাহির করিতে পারিতাম। সমর্থন শ্রীঅরবিন্দের ছিল, কিন্তু আর কাহারও নিকট আমল পাইতাম না। প্রকাশ্যে, অপ্রকাশ্যে সঙ্ঘের প্রতি উপেক্ষাই আমার ভূষণ হইয়াছিল। কিন্তু আমার চিত্ত তাহাতে বিচলিত হইত না। পণ্ডিচারীতে অবস্থানকালে শ্রীঅরবিন্দের সান্নিধ্যে আমার আত্মা বিজ্ঞানের আলোকে পুলকিত হইয়া উঠিত। সেই আলোকেই সৃষ্টি বিশ্লেষণ করিয়া লিখিয়াছিলাম “সঙ্ঘটী চন্দননগরের কিছু অলৌকিক ধরণের হইয়াছে। সঙ্ঘসৃষ্টি হয় ব্যষ্টির পরিপুষ্টির ক্ষেত্রেই। কিন্তু চন্দননগরের ক্ষেত্রে সমষ্টি-আত্মাই প্রকাশিত হইতেছে ব্যষ্টিতে ব্যষ্টিতে। ব্যষ্টি যেমন আপনাকে পরিপূর্ণ করিয়া তোলার সাধনা করে, এখানে সেইরূপ সমষ্টি-আত্মাই ব্যষ্টির ন্যায় তপস্যা করিয়া চলিয়াছে আপনাকে নিখুঁত করিয়া জানার জন্য। আমাদের অবস্থা বুঝাইবার নহে ; অতি কঠোর অগ্নিপরীক্ষার মধ্য দিয়া ভগবানই এই অভিনব সত্যকে প্রকাশ করিতে চাহেন। পরীক্ষা যত কঠোর হইবে, সঙ্ঘের সত্যমূর্ত্তি খাঁটী সোণার ন্যায় ততই উজ্জ্বল হইবে। বৃহতের সম্ভাবনা এই সংস্থার মধ্যেই নিহিত রহিয়াছে। আগুনের একটি ক্ষুদ্র কণিকাও প্রলয়সৃষ্টির শক্তি ধারণ করে।” সৃষ্টির স্বপ্ন আমায় বোধহয় নিবিড়ভাবেই ঘিরিয়া ধরিতেছিল। ইহার উপর আমার কোনই হাত ছিল না। যন্ত্রের ন্যায় চলার অভ্যাস দৃঢ় হওয়ায়, ঠিক নিয়মিত ভাবে প্রতিদিন প্রভাতে শ্রীঅরবিন্দের নিকট আসিয়া বসিতাম। কিছুক্ষণ তাঁহার মুখের দিকে চাহিয়া-চাহিয়া চক্ষুঃ মুদিত হইত ; আর অন্তরে ফুটিয়া উঠিত হিরণ্যগর্ভের সৃষ্টিস্বপ্ন। এইরূপ কিছুদিন অতিবাহিত হইল, মনে হইল—হয়ত আমার মধ্যে স্বপ্নসৃষ্টি তাঁহার অভীষ্ট-পূর্ত্তির বিঘ্ন করিতেছে।

কিছুদিন পরেই অনুভূত হইল—তাঁহার আত্মিক সংযোগ আর কোন স্পর্শ দিতেছে না। চাহিয়া দেখিতাম—তিনি উদাসীনভাবে আকাশের দিকে চাহিয়া আছেন, তাঁহার দিকে দৃষ্টি দিতে গিয়াই তৎক্ষণাৎ এই সময়ে প্রতিহত হইয়াছি। এই সময়ে তিনি হঠাৎ বলিতেন "আজ বেশীক্ষণ বসিতে পারিব না, শরীর একটু ক্লান্ত আছে।" তিনি আসন ছাড়িয়া উঠিতেন; আমরাও দুইজনে তাঁহার ক্লান্তির মাত্রা বৃদ্ধি না করিয়া, প্রসন্ন মনেই বাড়ী ফিরিতাম।

শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে কোথায় ভেদ-সৃষ্টি হইল, সেই তত্ত্বের বিশ্লেষণ করার জন্যই আমি আজ অতীতের পাঁজী-পুঁথি লইয়া পর্য্যবেক্ষণ করিতেছি। তিনি আমায় যাহা করিতে চাহিয়াছিলেন, তাহার জন্য দিয়াছিলেন সকল প্রকার সুযোগ। আমার পত্নীকে দূরে রাখিলে যদি আমার চিত্ত চঞ্চল হয়, এই জন্য তিনি এবার আমায় সস্ত্রীক আসার নির্দ্দেশ দিয়াছিলেন। আমার অর্থের প্রয়োজন ছিল না; কিন্তু তবুও তিনি আমার প্রয়োজনপূরণের জন্য আমার হাতে প্রচুর অর্থ দিয়াছিলেন। কিন্তু আমার জন্মগত প্রেরণার দাবী লঙ্ঘন করার উপায় আমার ছিল না। শ্রীঅরবিন্দ আমার কিছুদিন পণ্ডিচারীবাসের পর ইহা যেন বুঝিতেছিলেন এবং তাহার জন্য যে দান দিলে আমি ধন্য হই, তাহারও সন্ধান করিতেছিলেন। দীর্ঘ দিনের পর্য্যবেক্ষণে আজ এই সকল বিষয় বোধগম্য হইতেছে। সেদিন ছিল যন্ত্রযোগের সাধনা। যন্ত্রীরূপে দেখিতাম শ্রীঅরবিন্দকে, তাই আমি নিশ্চিন্ত মনে যাহা আহৃত হইতেছিল, তাহা প্রত্যাখ্যান করি নাই। যাহা আমার অনাবশ্যক মনে হইত, সে বিষয়ে আমি উদাসীনই থাকিতাম। আমার সাধনা বেশ জমিয়া উঠিতেছিল। এই সাধনা আমার নিজস্ব বস্তু। আমি তখন ধীরে ধীরে একরূপ আত্মস্থ হইয়া উঠিতেছি। আমার স্ত্রীও তখন বেশ সুস্থ ও প্রফুল্লচিত্ত হইয়া আমার সঙ্গে-সঙ্গে বিচরণ করিতেছেন। কিন্তু সহসা অতি তুচ্ছ উপলক্ষ্য আশ্রয় করিয়া শ্রীঅরবিন্দ ও আমার চাওয়ার মধ্যে যে পার্থক্য ছিল, তাহা অভাবনীয়রূপে মূর্ত্ত হইয়া, বড় করুণ আবর্ত্তের সৃষ্টি করিল; উপলক্ষ্যস্বরূপ যাহা, তাহা যতই অপ্রিয় হউক, সত্যকেই সে মূর্ত্তি দান করে।

বাহিরের কার্য্য অপ্রিয় হইলে, মানুষ বাহিরকেই দায়ী করে। কিন্তু সর্ব্ব কার্য্য ও ঘটনার জন্য সেই যে সম্পূর্ণরূপে দায়ী, এ বিষয়ে আমারও সেদিন তেমন প্রত্যয় হয় নাই। শ্রীঅরবিন্দ চাহিতেছিলেন যাহা, তাহার পরিপন্থী ছিল অনেক কিছু; তাহা যে একেবারে অলীক ছিল, তাহাও নহে। শ্রীঅরবিন্দের মুখেই অনেক কথা শুনিয়াছিলাম। এই সকল গোপন হস্তের কর্ম্ম তিনি আমলে না আনিয়া যাহা চাহিতেছিলেন, সেই দিকেই ছিল আমার লক্ষ্য; বাধা ছিল আমার অন্তরেরই অবস্থার লক্ষণ। তিনি বলিতেন, "যোগ অনেকে পাইয়াছে, কিন্তু সকলে supermind পায় না। আমি কাজ করব supermind নিয়ে। তুমি আমার সর্ব্বপ্রথম চিহ্নিত মানুষ। তোমায় নিখুঁত হতে হবে।" "অরোর" এই আকূতি আমার অন্তরের সৃষ্টির উৎস উছলিয়া তুলিত। অকস্মাৎ এমন কয়েকটা দুর্ঘটনা ঘটিল; বাহ্যতঃ মনে হইল তাহা শ্রীঅরবিন্দের চাওয়া পূরণ করারই সুযোগ, কিন্তু ঠিক তাহার বিপরীত ফল হইল।

পরে ১৯২১ খৃষ্টাব্দের ২রা জুলাই আমরা সকলে মধ্যাহ্নভোজনে বসিয়াছি। মাদ্রাজী প্যারিয়ার পশ্চাৎ বঙ্গকুললক্ষ্মীর সুনিপুণ হস্ত রন্ধনাদির পারিপাট্য রক্ষা করিত; ভোজনাদি ব্যাপারে তাই চন্দননগর হইতে দূরে আছি বলিয়া মনে হইত না। আমার এক সহযাত্রীর ভোজনপাত্র নিমেষেই শেষ হইল। আমার পাত্রে প্রচুর অন্ন ছিল, আমি তাড়াতাড়ি কিছু অন্ন চিরাচরিত অভ্যাসবশতঃ তাহার পাতে তুলিয়া দিলাম। সহসা পথিকের সম্মুখে বিষধর সর্প ফণা তুলিয়া দাঁড়াইলে সে যেমন চকিত হয়, আমার অবস্থাও তদ্রূপ হইল। সেইদিন আমার যে তিক্ত অভিজ্ঞতা জন্মিল তাহা ভুলিবার নহে। এই ব্যক্তি আমার পাত্র হইতে তাহার পাত্রে উচ্ছিষ্ট অন্ন তুলিয়া দিয়াছি

বলিয়া আমার প্রতি একেবারে খড়্গহস্ত হইয়া উঠিল। আমার বিস্ময়ের সীমা রহিল না। আমি জানিতাম—আমার সমস্তখানি হৃদয় দিয়া মায়ের মতই তাহাকে মানুষ করার শুভেচ্ছা চিরদিনই পোষণ করি। আমার পাতের অন্ন শুধু নহে, আমার স্ত্রীর প্রসাদ ভক্ষণ করাও সে এতদিন গর্ব্ব বলিয়াই মনে করিত। আমার আরও দুঃখ হইল, যখন সে আমার এই আচরণে অতিশয় ঘৃণার সহিত একপ্রকার অভুক্ত অবস্থায় উঠিয়া দাঁড়াইল। এই অপ্রত্যাশিত ঘটনায় আমি বিমূঢ় হইয়া বসিয়া রহিলাম। অভিমানে অপমানে আমার চক্ষুঃ ঝাপসা হইয়া আসিল। হৃষীকেশ কাঞ্জিলালও এই সঙ্গে ভোজনে বসিয়াছিলেন। তিনি বলিলেন "মতিদা, কাজটা ভাল কর নাই।"

আমার মুখে ভাষা নাই। আমি তো বুঝাইতে পারিব না, ইহার পূর্ব্বমুহূর্ত্ত পর্য্যন্ত আমার এই সহযাত্রী মানুষটীকে কি চক্ষে দেখিয়া আসিয়াছি! অতীতের ইতিহাস হৃষীদাদা তো জানিতেন না। এই অসম্ভব ঘটনা প্রত্যক্ষ করিয়া আমার নয়ন অশ্রুসিক্ত হইল; আর একজন দূরে দাঁড়াইয়া সবিস্ময়ে আমার ব্যথার ভার লাঘব করার জন্য করুণ নয়নে আমারই প্রতি চাহিয়া রহিলেন।

আমি বুঝিলাম—শ্রীঅরবিন্দের অপরিসীম স্নেহের অধিকারী হইয়া আমার অলক্ষ্যে এমন বিষাক্ত আবহাওয়া সৃষ্ট হইয়াছে, যাহাতে আমার চির-সুহৃৎ সহযাত্রীদের সশ্রদ্ধ হৃদয় আমার প্রতি বিরূপ হইয়াছে। আমি ক্ষুণ্ণ মনেই উঠিয়া পড়িলাম।

ইহার পরই অরুণের একখানি টেলিগ্রাম আসিল। তার প্রথম চারিটী শব্দ সুস্পষ্ট, পরের শব্দটী একেবারেই দুর্ব্বোধ্য। পোষ্ট আফিসে সেই শব্দটীর পাশে একটী তীরচিহ্ন দেওয়া আছে—টেলিগ্রামটী এইখানে উদ্ধৃত করিলাম—"Won't Kakima come strong samslutural* need." বুঝিলাম—চন্দননগর হয় আমায়, নয় তাদের কাকীমাকে চায়। ক্ষুণ্ণ মন অরুণের টেলিগ্রাম পাইয়া কিছু অস্থির হইল। তবুও উত্তরে লিখিলাম "টেলিগ্রামের শেষ কথাটা বুঝিলাম না, চুপ করিয়াই রহিলাম। তবে আমার কথা, প্রয়োজন বলে' আর কিছু করা হবে না; এবার থেকে উপরের

প্রয়োজন ধরে'ই চলতে হবে। ইহার উপর চাই তোমাদের দিক্ থেকে দিনের মত স্পষ্টতা। নিঃসঙ্কোচে হাঁ বা না, এই দুয়ের মাঝে যেন কোন সংশয় না থাকে। কাকীমা কেন, আমার যাওয়াও যদি ভিতর থেকে অনুভব কর, আমি এক মুহূর্ত্তে চলে' যাব। আমি নিজের মুক্তি চাহি না; নিজের ব্যক্তিত্বও আমার কাছে তুচ্ছ; যদি তোমাদের প্রয়োজন হয়, আমি নিঃস্ব হয়েই দাঁড়াব। এখানে আমার জীবন নিয়ে যেন একটা 'এক্সপেরিমেণ্ট' হচ্ছে। আমার জীবনের যাচাই আমার অন্তরাত্মা সহ্য করতে চান না! জীবন যদি ঋতময় হয়, তবে সত্যকে আশ্রয় করে' কর্ম্মই আমার সুপথ।"

শ্রীঅরবিন্দের অপার্থিব স্নেহ ও আশীর্ব্বাদ আমায় যেমন একদিকে প্রবুদ্ধ করিতেছিল, তেমনই অন্য দিকে আমারই সহযাত্রীদের শ্রদ্ধাহীন আচরণ আমায় পীড়িত করিতেছিল। আমি অরুণকে স্পষ্টই সেদিন লিখিয়াছিলাম —"আমার মধ্যে ভগবান যাহা চাহেন, তাহা কোন কারণে বিলম্বিত হয়, ইহা আমার ইচ্ছা নয়। আমি ফিরিতে চাই এবার উলঙ্গ হয়ে। অরো'র সহিত আমার যে উলঙ্গ সম্বন্ধ, তার ভিত্তিপরীক্ষার সংশয়দৃষ্টি আমায় পীড়ন করছে। তিনি নিঃসংশয় না হলে, আমি শান্তিহীন।

"কিন্তু আমি চাই 'অরো'র ছায়াশীতল আশ্রয় নয়; অরো'র সহিত আমার সত্য সম্বন্ধের পাকা ভিত্তি। ইহার জন্য পুরাতন সব কিছু ভাঙ্গিয়া চূর্ণ হোক; সত্য সম্বন্ধের ভিত্তি তাহাতে অটল থাকবে। এ জীবনে অনেক অগ্নিপরীক্ষা হয়েছে। আমার আত্মা আর তাহাতে রাজী নয়। আমার জীবনই সত্য সার্থক হোক, সে ইচ্ছা আমার নাই। আমার অন্তরবাণী হাঁকিতেছে—সঙ্ঘসৃষ্টির জন্য। সে সঙ্ঘ দু'জন হ'লেও হয়।"

শ্রীঅরবিন্দের সন্নিধানে বসিয়াই কল্পদেবতা নিপুণ হস্তে ভবিষ্যৎ গড়িয়া তুলিতেছিলেন। তাই ১৯২১ খৃষ্টাব্দের জুলাই মাসেই লিখিয়াছি এই অন্তর-বাণী: "সঙ্ঘের যারা, তাদের মণ্ডল মধ্যে আসন জুড়ে' বসেছেন তোমাদের কাকীমা। এই দূরে পরীক্ষার কষ্টিপাথরে আমি যাচাই হচ্ছি না, যাচাই হচ্ছে সঙ্ঘ। সেই সঙ্ঘকে আমি দেখতে পাচ্ছি তোমাদের কাকীমার ভিতরেই। অশেষ

ক্ষুণ্ণতার মাঝে তাই দাঁড়িয়ে আছি হৃদয়ের তৃপ্তি নিয়ে। তোমাদের কাকীমার চাই আরও 'ডেভালেপমেণ্ট' আমি যেন ধীরে-ধীরে আমার নব জীবনের এই পুণ্যতীর্থে দাঁড়িয়ে সত্যাত্মার কাছেই আত্মসমর্পণ করছি।"

এতদিন পরে শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে কোথায় ভেদ-প্রবাহ বহিতেছিল, তাহা বিচার করিয়া লক্ষ্য করিতেছি। মানুষ নিজের কাছেই কত দুর্জ্জ্ঞেয় —অন্তরে-অন্তরে তার কত রূপের ঢেউ, কে তাহার সন্ধান রাখে? পৃথিবীতে শ্রেয়ঃ ও প্রেয়ঃ, এই দুইটি প্রধান প্রবৃত্তি। শ্রেয়ঃ আত্মার অভ্যুত্থান আনে; প্রেয়ঃ বন্ধন সৃষ্টি করে। বাল্যকাল হইতে এই সব তত্ত্ব আমি ভাল করিয়াই অধিগত করিয়াছি। প্রেয়ঃ দেয় আসন্ন সুখ, সহজ তৃপ্তি; শ্রেয়ঃ বুকে তপস্যার আগুন জ্বালে, চিত্তের স্বভাব-গতির পথ আগুলিয়া ধরে। তপস্যাই ছিল আমার জীবনের আশ্রয়। আমার নতি পাওয়ার প্রতীক্ষায় কোথাও প্রকাশ পাইত না। আমার চক্ষে প্রেম ও ঐক্যের বিগ্রহ ছিলেন শ্রীঅরবিন্দ। এই অপার্থিব সম্বন্ধের ক্ষেত্রেই আমার ছিল অকৃত্রিম প্রত্যয় ও প্রণতি। শ্রীঅরবিন্দ কিন্তু চাহিতেছিলেন আমার কর্ম্মসংস্কারকে নির্ব্বিশেষে দূর করিয়া অভিনব জীবনের ভিত্তিতে আমায় তুলিয়া লইতে। উভয়ের হৃদয়বিনিময় আলো-আঁধারে আবর্ত্তই সৃষ্টি করিতেছিল। আমি চাহিতেছিলাম শ্রীঅরবিন্দের নিঃসংশয়া স্বীকৃতি আমাদের চির-সম্বন্ধের উপর। শ্রীঅরবিন্দ আমার স্বভাব ও স্বধর্ম্ম অনাত্ম ক্ষণস্থায়ী মনে করিয়া আমাকে ভাঙ্গিয়া-চুরিয়া চাহিতেছিলেন আমার নূতন জন্ম। এই দুইটা প্রবল চাওয়ার সংঘর্ষে আমার পারিপার্শ্বিক পরিস্থিতির মধ্যে নানা ঘটনারাজী দেখা দিতেছিল।

সে আর একদিনের ঘটনা। আকাশে ঘন মেঘ জমিয়াছে। টিপি-টিপি বৃষ্টি পড়িতেছে। পথ পিচ্ছিল। প্রতিদিন প্রভাতে যেমন শ্রীঅরবিন্দকে দর্শন করিয়া বাসায় ফিরি, সেদিনও বাড়ী ফিরিয়াছি। হঠাৎ দেখি—পাদুকা রাখার স্থানে একখানি নূতন 'প্রবর্ত্তকের'র উপর আমার এক সহযাত্রী বন্ধুর চর্ম্মপাদুকা দুইটি রাখা হইয়াছে, আর তাহারই পার্শ্বে অতি সযত্নে বারীনদার 'বিজলী' পত্রিকাখানি রক্ষিত হইয়াছে। ঘটনা কিছু নয়। সকল কর্ম্মের

পশ্চাতে একই নিয়ন্তা কর্ম্মরত। মানুষ সসীম; তাহার কর্ম্ম ও জ্ঞানেন্দ্রিয় অবিকৃত, বিশুদ্ধ নহে। তাই তার সব কাজই অনিয়মিত ও বিশৃঙ্খল। এই স্বভাবনিয়ত কর্ম্মে দোষ দিব কাহাকে? কিন্তু চেতনার স্তরে ভূমার জ্ঞান উর্দ্ধেই ঝিলিক দিয়া চিত্তে অন্ধকার ঘনাইয়া তুলিল। এই কর্ম্মে মানুষের অন্ধতাই প্রশ্রয় পাইয়াছে; কিন্তু প্রকৃতির এইরূপ বিদ্রুপাত্মক কৌতুক আমি নীরবে মানিয়া লইলাম না। ইহা ব্যতীত 'প্রবর্ত্তক'কে আমি একখানি সাময়িক পত্র মাত্র বলিয়া মনে করিতাম না। ঈশ্বরের বাণী আমার ভিতর দিয়া 'প্রবর্ত্তক' বহন করিত, ইহাই ছিল আমার বিশ্বাস। আমার এই অনুভূতি সমর্থিত হইয়াছিল শ্রীঅরবিন্দের কথায়। তিনি নিঃসংশয়ে জানাইয়াছিলেন—ঈশ্বরের বাণী আমার ভিতর দিয়া তিনি প্রকাশ করিতেছেন। এই পবিত্র 'প্রবর্ত্তকে'র বুকে পাদুকারক্ষার অভিসন্ধি আমাকে ও আমার অনুভূতিকে হেয় করা ছাড়া আর কিছু নয়। তাহা বুঝিয়াই আমি সক্রোধে আর্ত্তনাদ করিয়া উঠিলাম। হৃষীদা আমায় প্রবোধ দিলেন—ইহা আমার সহযাত্রীর ইচ্ছাকৃত ত্রুটি নহে, পরন্তু একটা আকস্মিক ব্যাপার, এইরূপ বুঝাইতে চেষ্টা করিলেন। এই ঘটনা লইয়া আমার ভাবপ্রবণতাকে দায়ী করিয়া আমার প্রতি শ্রীঅরবিন্দের উচ্চ প্রত্যয় নির্ভুল নহে, এইরূপ একটা অভিসন্ধিমূলক আবহাওয়ার অনুভূতি আমায় অতিষ্ঠ করিল, আমার যেন শ্বাসরুদ্ধ হওয়ার উপক্রম হইল। মানুষের অন্তরতম সত্য আহত হইলে, সে ক্ষেত্রে তাহার পাথরের ন্যায় সহনশীলতার প্রশংসা অনেকের নিকট গৌরবের বস্তু হইলেও, আমার প্রকৃতিতে এইরূপ সহিষ্ণুতা প্রশংসার বস্তু বলিয়া মনে হইত না, বরং কাপুরুষতা বলিয়া এইরূপ চরিত্র আমার নিকট ঘৃণ্য বলিয়াই উপেক্ষিত হইত। সত্ত্বগুণ শান্ত-স্তব্ধ-মৌন মূর্ত্তির মধ্যেই অভিব্যক্ত—এই ধারণা লোকের মনে দৃঢ়মূলা থাকিতে পারে। আমি কিন্তু অনুভব করিতাম—রাজসিকতা যদি হয় অহঙ্কার-দীপ্ত অগ্নিশিখা, সত্ত্বগুণ ঈশ্বরেচ্ছার বিদ্যুৎপ্রবাহ; সহিষ্ণুতার নামে জড়ত্ব, ক্লীবত্ব এই পরাজিত জাতির ললাটে ঘোরতর তামসিকতার উপর সাত্ত্বিকতার আরোপ

মাত্র। আমি এইরূপ হীনতার প্রতিকারকল্পে সেদিন আর অন্ন-জল গ্রহণ করিলাম না।

ঘটনা অনেক দূর গড়াইল। ইহা লইয়া শ্রীঅরবিন্দের নিকট নানা প্রকার আলোচনা সুরু হইল। তার শান্ত সমাহিত জীবনে আমি যেন উপদ্রবের ন্যায় অনর্থসৃষ্টির হেতুস্বরূপ হইলাম। কিন্তু শ্রীঅরবিন্দের নিকট আমি ন্যায়বিচার পাইলাম। সকলেই বলিলেন যে, আমি এই ঘটনাকে যেরূপ গুরুতর করিয়া লইয়াছি, প্রকৃত পক্ষে উহা সেরূপ নহে। একটা আকস্মিক ব্যাপার লইয়া আমার মত লোকের এতটা ধৈর্য্যহীন হওয়া সঙ্গত নহে। এইরূপ মতবাদের প্রতিপক্ষে আমার ক্ষীণকণ্ঠ আদৌ কার্য্যকরী হইত না, যদি শ্রীঅরবিন্দ আমার পক্ষ সমর্থন না করিতেন। তিনি বিস্ফারিত নেত্রে স্থিরকণ্ঠে ধীরে-ধীরে বলিলেন—"ব্যাপার আকস্মিক বটে; কিন্তু ইহা যে একটী ঘটনা, তাহা অস্বীকার করা যায় না—It is an accident, তবুও ইহার মূলে একটি incident আছে বলিয়াই ধরিয়া লইতে হইবে।"

শ্রীঅরবিন্দের অন্তহীন কারুণ্য এবারও আমার ক্ষত-বিক্ষত হৃদয়ে শীতল প্রলেপ মাখাইয়া দিল। তিনি আমায় একান্তে ডাকিয়া লইয়া, আমার স্কন্ধের উপর দক্ষিণ হস্ত রাখিয়া বলিলেন "তুমি তোমার ঐ দুটী সহযাত্রীকে চন্দননগর পাঠাইয়া দাও।" তাঁহার মুখে এই অপ্রত্যাশিত কথা শুনিয়া একটু বিচলিত হইলাম। তিনি যে এই ঘটনা এতখানি দরদের সহিত গ্রহণ করিবেন, তাহা আমি কল্পনাও করিতে পারি নাই। আমি সবিস্ময়ে তাঁহার মুখের দিকে চাহিয়া বলিলাম "ইহা কেমন করিয়া সম্ভবপর হইবে? আমিই বা তাহাদিগকে এমন নিষ্ঠুর কথা কি করিয়া বলিব?" শ্রীঅরবিন্দ বলিলেন "সে ভাবনা তোমার নয়, আমিই এ কথা তাহাদের বলিব।" তিনি ঠিক তাহাই করিলেন। তিনি আমার এই সহযাত্রী দুইটিকে ডাকিয়া বলিলেন "তোমরা চন্দননগরে ফিরিয়া যাও। তোমরা যে supermind চাও, সে চন্দননগরেও হবে। কেননা, আমি এমন লোক দেখেছি, যে কখনও আমার সঙ্গে সাক্ষাৎ করেনি; সে এখানে এতদিন যারা আছে, তাদের

চেয়ে ঢের এগিয়ে গেছে। চাই absolute and sincere desire, surrender of ego and patience ;—এই তিনটী condition রেখে চল, সব হবে। বরং সেখানে গিয়ে অরুণকে সাহায্য কর।" সেদিন ছিল ৮ই জুলাই ; একজন ১৫ই জুলাই প্রত্যাবর্ত্তনের দিন স্থির করিল। আর একজন সেই মুহূর্ত্তেই প্রস্থানোদ্যত হইল। ইহার মধ্যে আবার কথা উঠিল এই সঙ্গে আমার স্ত্রীকে পাঠাইয়া দেওয়ার। বারীনদার মুখে শুনিলাম—তিনি (শ্রীঅরবিন্দ) নাকি আমাকে এখনও তিন মাস রাখিবেন। কথাটা বেশ পাকা রকমেই আমার কাণে আসিয়া পৌছিল। আমার স্ত্রীও ইহা শুনিলেন। আমারও মনে হইল—শ্রীঅরবিন্দের ইচ্ছা পূর্ণ করিতে হইলে, এখানে আমার নিঃসঙ্গাবস্থাই শ্রেয়ঃ। আমিও তাঁহাকে ইহাদের সহিত যাইতে বলিলাম। কিন্তু তাঁহার যাওয়ার কথা পাড়িতেই হৃদয় মুষড়িয়া আমার চক্ষে জল আসিল। তিনিও কাঁদিয়া সারা হইলেন। সে এক অপূর্ব্ব মনোবিকার; উভয়ের মধ্যে আসন্ন বিচ্ছেদের-কল্পনায় আমরা এক রাত্রি কাঁদিয়াই কাটাইলাম। কিন্তু তৎপর দিন শ্রীঅরবিন্দের নিকট গিয়া আমাদের ভুল ভাঙ্গিল। আমি তাঁহাকে জিজ্ঞাসা করিলাম "আমার বন্ধুরা ১৫ই জুলাই চন্দননগর যাইতেছে, আমার স্ত্রীকে কি ঐ সঙ্গে পাঠাইয়া দিব ?" তিনি সবিস্ময়ে আমার মুখের দিকে চাহিয়া বলিলেন "এ কথা তোমায় কে বলিল ?" আমি যেন একটু আশ্বস্ত হইয়া বলিলাম "চারিদিক্ হইতেই শুনিতেছি ইনি সঙ্গে থাকায়, আমার সাধনার বড় ক্ষতি হইতেছে, তাই—"

তিনি আর আমায় কথা বলিতে দিলেন না। ঈষৎ হাস্য করিয়া বলিলেন "তোমার যোগের সহায় যদি কেউ থাকে, সে তোমার স্ত্রী। উনি তোমার যোগের বাধা নহেন; পরন্তু তোমার সিদ্ধি আসন্ন করিতেছেন।"

আমাদের উঠিবার সময় হইয়াছিল, শ্রীঅরবিন্দ এক প্রকার অভিনবভাবে দন্তে দন্ত দিয়া ওষ্ঠপুট কম্পিত করিতে লাগিলেন। তাঁহার প্রদীপ্ত মুখ-মণ্ডলে প্রসন্নতার চন্দ্রজ্যোতিঃ উছলিয়া উঠিতেছিল। তিনি ধীর পদবিক্ষেপে

শয়নকক্ষের দিকে অগ্রসর হইলেন। আমরা দুইজনেই কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে তাঁহার পশ্চাদনুসরণ করিলাম। মনে হইল—প্রচণ্ড প্রাণপুরুষ আমার মধ্যে ডুকরিয়া কাঁদিয়া উঠিতেছে। শ্রীঅরবিন্দ যেন এই প্রাণপুরুষকে নিয়ত কশাঘাত করিতেছেন। বাহিরে তাহার তাণ্ডবনৃত্য কারণে-অকারণে নানাপ্রকারে দেখা দিতেছে মাত্র। তিনি তাঁর শয়নকক্ষের সম্মুখে একটা ক্ষুদ্র গৃহ-বারান্দায় দাঁড়াইয়া আমার মস্তকে হস্তার্পণ করিলেন। আমার মনে হইল—যে প্রচণ্ড প্রাণশক্তি আমায় সতত কর্ম্মোদ্যত করে, সে যেন তাঁহার ঐন্দ্রজালিক করস্পর্শে দ্রবনীয়ধারারূপে আমায় অভিষিক্ত করিতেছে। আমি যেন নিদাঘ-দগ্ধ কলেবর লইয়া সুশীতল ভাগীরথীজলে অবগাহিত হইতেছি। কিছুক্ষণ স্তব্ধ থাকিয়া অভিমানবিজড়িত কণ্ঠে বলিলাম "আপনার ইচ্ছা ষোল আনা পূর্ণ করার আকাঙ্ক্ষায় আমি উন্মাদ হয়ে আছি; কিন্তু এবার আপনি আমায় এই বাড়ীর আবহাওয়ায় রাখেন নি, সাধন তাই পদে-পদে বাধা পাচ্ছে।" তিনি হাসিয়া বলিলেন "তুমি ভুল বুঝেছ। এ বাড়ীর 'atmosphere' খুব খারাপ যাচ্ছে। খুব 'fight' করছি, দেখি কি হয়? তোমার না হলে এবার আর ছাড়ব না!"

জুলাই মাস শেষ হইল। শ্রীঅরবিন্দ আমার অন্তরে-বাহিরে শান্তি-স্থাপন করিয়া সাধনার সুবিধা করিয়া দিলেন। পণ্ডিচারীতে এই সময়ে ধ্যানের যুগ চলিয়াছে। পাশের ঘরে হৃষীদা কাপড় আড়াল দিয়া দেওয়ালের দিকে মুখ করিয়া সারাদিনই বসিয়া থাকেন। অবকাশ পাইলে, সাধন-প্রসঙ্গ লইয়া বেশ আলোচনা চলে। বাল্যকাল হইতে নানাপ্রকার সাধনভজনের ভিতর দিয়া অনেক বিষয়ে আমার অভিজ্ঞতা জন্মিয়াছিল। আসন, প্রণায়াম, ধ্যান, এই সকল আমার কাছে নূতন ছিল না। এই সকলের ভিতর দিয়া মানুষ একপ্রকার অসাধারণ চরিত্র লাভ করিতে পারে, পরন্তু আপনার মধ্যে ঈশ্বরকে সন্দর্শন করিয়া তাঁহার ইচ্ছানুগত জীবন-যন্ত্র নিয়মিত করার সুপথ এই সবে সর্ব্বত্র মিলে না; এইজন্য শ্রীঅরবিন্দের আত্মসমর্পণযোগই আমি শ্রেয়ঃ করিয়াছিলাম। হঠযোগের নেতি-ধৌতি হইতে আরম্ভ করিয়া দীর্ঘক্ষণ কুম্ভকে-

থাকা পূর্ব্বেই আমার আয়ত্তে আসিয়াছিল। ত্রাটক-সাধনায় স্থির লক্ষ্যে দৃষ্টি স্থির রাখিয়া চিত্তের বিচিত্র বর্ণ আমার সম্মুখে উদ্ভাসিত হইয়া উঠিত। রক্ত, পীত প্রভৃতি বর্ণ অতিক্রম করিয়া আমার চক্ষু নীল-নীরদ-কান্তির মধ্যে জ্যোতির্ম্ময় মণ্ডল প্রকাশিত হইত। আবাল্য প্রতিমাপূজা হইতে হঠযোগাদি তন্ত্র, সহজিয়া, আউল, বাউল, এমন কি সতীমা সম্প্রদায়ের সাধনার সমাপ্তির পর শ্রীঅরবিন্দের আগমন হয় আমার সাধন-মন্দিরে। কুলগুরু দিয়াছিলেন 'শ্রী'-সাধনার অমোঘ মন্ত্রবীর্য্য, ভোগ ও অধিকার ছিল আমার সিদ্ধ বস্তু। শ্রীঅরবিন্দ অযাচিত দানরূপে দিয়াছিলেন জ্ঞান-শক্তি-প্রেমের মন্ত্র। অতীত বলিতে আমার কিছুই ছিল না—সাধনও নয়, সম্ভোগও নয়; কায়ার সহিত ছায়ার ন্যায় পত্নী ছিলেন শুধু অপরিত্যজ্যা-সঙ্গিনীরূপে। পণ্ডিচারী আসিয়া, 'মৎকর্ম্মকৃৎ'—গীতার এই বাণী সফল করার জন্য হৃদয় হাহাকার করিলেও, স্ত্রী ত্যাগ করিতেও আমার কুণ্ঠা ছিল না। কিন্তু শ্রীঅরবিন্দ তাহাও করিতে দেন নাই। আমার সাধনার কিছু গর্ব্ব ছিল। সেই গর্ব্বের অনুরঞ্জন-লিপ্তা দৃষ্টি দিয়া এখানকার সাধনকে আমি অভিনব বলিয়া মনে করিতাম না। ইষ্ট ছিলেন আমার শ্রীঅরবিন্দ। তাঁর ভিতর দিয়া আমার মধ্যে যে সকল চেতনা বিদ্যুতের ন্যায় প্রকাশ পাইতেছিল, তাহারই সমর্থন পাওয়ার প্রতীক্ষায় তাঁর মুখের দিকে চাহিয়া থাকাই আমার ছিল পণ্ডিচারীর সাধনা। আমার আধ্যাত্মদর্শনাদির কথা ব্যক্ত করিতে গিয়া অন্য সকলের নিকট বহুবার হাস্যাস্পদ হইয়াছি, তাই সেই সকল কথা আর কাহারও নিকট ব্যক্ত করিতাম না। কিন্তু শ্রীঅরবিন্দকে সব কথা বলিতাম, তিনি সব শুনিতেন ও আনন্দ প্রকাশ করিতেন। এই অবস্থায় আগষ্ট মাসের ৩রা তারিখ আসিয়া হাজির হইল। ১৫ই আগষ্ট শ্রীঅরবিন্দের উৎসব। প্রকৃতির অভাবনীয়া প্রতারণা। অন্তর-প্রেরণা জাগিল—এবার ১৫ই আগষ্টের উৎসব সম্পন্ন করার ভার আমিই গ্রহণ করিব। চন্দননগরে ১৯১১ খৃষ্টাব্দ হইতে এই উৎসব আমার ভিতর দিয়া শ্রীভগবান্ সুরু করিয়াছিলেন। স্বামী-স্ত্রী একত্র একচিত্তে উৎসবের পরিকল্পনা স্থির করিয়া লইলাম। শ্রীঅরবিন্দ অতি আনন্দের সহিত এই প্রস্তাব সমর্থন করিলেন। এই কর্ম্মে কিছু অর্থব্যয়

হইবে, এই হেতু 'Standard bearer'-এ বিজ্ঞাপন দেওয়ার জন্য মাদ্রাজের গণেশ পাবলিশিং-এর নিকট অনেক টাকা পাওনা ছিল। মাষ্টার গণেশকে পত্র লিখিতেই তিনি তাহা পাঠাইয়া দিলেন। উৎসবের আনন্দে উদ্বুদ্ধ প্রাণ আবার এক আকস্মিক ঘটনা পাতে স্তম্ভিত হইল। আমার সাধের স্বপ্ন ভাঙ্গিয়া পড়িল চুরমার হইয়া।

আগষ্ট মাসের ছয় কি সাত তারিখে সান্ধ্য-ভোজনের পর আমরা দুই জনে উৎসব-পরিকল্পনা লইয়া আলোচনা করিতেছি। কথায়-কথায় সন্ধ্যা উত্তীর্ণ হইয়া শয়নের ব্যবস্থা করিব, এমন সময়ে শ্রীঅরবিন্দের বাড়ী হইতে একজন সংবাদ লইয়া আসিল—কোন এক সন্ন্যাসী শিষ্যগণসহ আমার অন্বেষণ করিতেছেন। আমরা শ্রীঅরবিন্দের বাড়ীর দিকে যাত্রা করিলাম।

সত্যই এক জটাজুটধারী, উন্নতকায়, গৈরিকবসনপরিহিত সন্ন্যাসীর সহিত কয়েক জন মাদ্রাজী তরুণ শ্রীঅরবিন্দের বাড়ীতে বসিয়া আছেন; সন্ন্যাসী আমাকে দেখিয়াই উঠিয়া দাঁড়াইলেন। একজন শিষ্য আমায় বলিলেন, "ইনি হিমালয় হইতে কিছুদিন হইল আমাদের নিকট আসিয়াছেন। আপনি পণ্ডিচারী আসিয়াছেন শুনিয়া ইনি আপনার সহিত সাক্ষাৎকারের ইচ্ছা প্রকাশ করায়, আমরা সকলে মিলিয়া আসিয়াছি।"

আমি সন্ন্যাসীর দিকে সবিস্ময়ে চাহিতেই জটাজুটমণ্ডিত, শ্মশ্রুগুম্ফপরিবেষ্টিত সন্ন্যাসী ঠাকুরকে চিনিয়া ফেলিলাম। বন্ধুকে এমন বেশে এইরূপ ক্ষেত্রে দেখিব, তাহা ধারণায় ছিল না; চক্ষের ইঙ্গিতে দুইজনের পরিচয় হইয়া গেল। দীর্ঘ দিনের পর সুহৃৎ-সম্মিলনে আমার হৃদয় উদ্বেলিত হইয়া উঠিল। আমার পরিধানে ফরাসডাঙ্গার কালাপেড়ে ধুতি, গায়ে আদ্দির পাঞ্জাবী, সিল্কের চাদর, পায়ে দামী ঝক্‌ঝকে এলবার্ট স্যু, অঙ্গুলীতে হীরকাঙ্গুরীয়, গলায় সোনার বোতাম, হাতে সোনার রিষ্ট্‌ ওয়াচ, আর সম্মুখে সন্ন্যাসী জটাজুটধারী, ললাট ভস্মাচ্ছাদিত, রুক্ষ শ্মশ্রুগুম্ফ। তাঁহার শিষ্যেরা মনে করিয়াছিলেন—এই মহাপুরুষের চরণে আমি প্রণত হইয়া আশীর্ব্বাদ ভিক্ষা করিব। কিন্তু আমি স্থান-কাল-বিচার হারাইয়া সন্ন্যাসীকে বুকে জড়াইয়া ধরিলাম এবং তাহাকে

হিড়্-হিড় করিয়া টানিয়া দ্বিতলে শ্রীঅরবিন্দের নিকট লইয়া চলিলাম। শিষ্যগণও আমাদের অনুসরণ করার উদ্যোগ করিতেছিল। আমার এই আচরণ দেখিয়া তাহাদের আর বিস্ময়ের সীমা ছিল না। সন্ন্যাসী ঠাকুর তাহাদের নিষেধ করায়, তাহারা সেইখানেই বসিয়া রহিল। ঘটনা এক নিমেষে হইয়া গেল। নীচের তলায় যাঁহারা ছিলেন, তাঁহারা নিজ-নিজ গৃহে গভীর ধ্যানমগ্ন। আমি উপরে উঠিয়া দেখিলাম—অপরাহ্নের হাস্যমুখরিত সুপ্রশস্ত বারান্দাটী স্বপ্নপুরীর ন্যায় শান্ত, স্তব্ধ। রাজপথের বিদ্যুতালোক আঁকিয়া-বাঁকিয়া দেওয়ালে ছড়াইয়া পড়িয়াছে। নীলাকাশে স্তব্ধ নক্ষত্ররাজী আমার ভাবপ্রবণ হৃদয়ের অনিয়মিত উচ্ছ্বাসে আসন্ন বিপদের আশঙ্কায় যেন স্তব্ধ, বিমূঢ়। আমি একেবারে শ্রীঅরবিন্দের ঘরের দরজায় গিয়া উপস্থিত হইলাম। আমাদের পশ্চাৎ-পশ্চাৎ আমার স্ত্রীও আসিয়াছিলেন। দ্বার রুদ্ধ। আমি ধীরে-ধীরে দ্বারে করাঘাত করিলাম। উল্লাস-মদিরামত্ত ধৈর্য্যহীন হৃদয় বর্ত্তমান পরিস্থিতির মর্য্যাদা লঙ্ঘন করিয়া আমায় শ্রীঅরবিন্দের দরজায় আঘাতের পর আঘাত দিতে উত্তেজিত করিল। রুদ্ধ কপাট আস্তে উন্মোচিত হইল।

নিদ্রালস নয়নে শ্রীঅরবিন্দের প্রশান্ত-মূর্ত্তি সম্মুখে আবির্ভূত হইল। আমার প্রগল্‌ভ আচরণের বিরুদ্ধে তাঁহার ললাটে ত্রিবলী-চিহ্ন ফুটিয়া উঠিয়াছিল। সন্ন্যাসী মস্তক অবনত করিয়া তাঁহার চরণধূলি লইলেন। আমি একান্ত অপরাধীর ন্যায় শ্রীঅরবিন্দের অনুসরণ করিয়া বারান্দায় আসিয়া নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলাম। এতক্ষণ আমি যে স্বপ্ন দেখিতেছিলাম, সে ঘোর যেন ভাঙ্গিয়া গেল। আমার উদ্বেগপূর্ণ মনের অন্তরে-অন্তরে মুণ্ডপাত করিয়া, শ্রীঅরবিন্দের গম্ভীর ও বিরক্তিপূর্ণ মুখের দিকে চহিয়া ভয়ে-ভয়ে বলিলাম "হঠাৎ গেব্রিয়েলকে দেখিয়া আপনার সহিত ইহার সাক্ষাৎকারের জন্য আমি এই শান্তিপূর্ণ ধ্যানপূর্ণ আব্‌হাওয়া নষ্ট করিয়াছি।" শ্রীঅরবিন্দের মুখে ম্লান হাসি দেখা দিল। তিনি গেব্রিয়েলের অপূর্ব্ব বেশ দেখিয়া এইবার স্বভাবোদার হাস্যে বলিলেন—"অদ্ভুত সেজেছ।"

এই গেব্রিয়েল আমাদের চিরপ্রিয় শ্রীঅমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়। অমরেন্দ্রনাথ আমার চির সুহৃৎ। শ্রীঅরবিন্দের অনুগত সে যুগের এক প্রধান কর্ম্মী। শ্রীঅরবিন্দকে গোপনে পণ্ডিচারী পাঠাইবার সময়ে উত্তরপাড়া হইতে অমরেন্দ্রনাথ এই কার্য্যে প্রভূত সাহায্য করিয়াছিলেন। সম্প্রতি ফেরারী সংশয়ভাজন রাজনীতিকদের মুক্তির ভার আমিই গ্রহণ করিয়াছিলাম। গোয়েন্দা পুলিশের সংবাদে গভর্ণমেণ্ট স্থির করিয়াছিলেন, আমিই ইহাদের লুকাইয়া রাখিয়াছিলাম; গভর্ণমেণ্ট সুবিধা দেওয়ায় তাহাদের একে-একে বাহির করিয়া দিতেছি। কথাটা কিন্তু সত্য ছিল না। চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইয়া ইহারা আমার সম্পূর্ণ অজ্ঞাতেই দেশে-দেশে ভ্রমণ করিয়া বেড়াইতেছিলেন। আমি সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়া ইহাদিগকে সংগ্রহ করিতেছিলাম। অমরেন্দ্রনাথকে এই দূর প্রবাসে এমন বেশে দেখা পাইব, তাহা কল্পনাও করি নাই। অকস্মাৎ অমরেন্দ্রনাথের সাক্ষাৎকার পাইয়া আনন্দে আমার চিত্ত বিহ্বল হইয়াছিল। হৃদয়টার এইরূপ ভাবপ্রমত্ততার জন্য আমি নিজেও অনেক ক্ষেত্রে অপ্রভিত হইয়াছি, অনেককে এই জন্য বিব্রতও হইতে হইয়াছে। আজ তার চরম হইল।

শ্রীঅরবিন্দ স্থির, প্রশান্ত এবং অবিচলিত চিত্তে অমরেন্দ্রের সংবাদাদি লইয়া আমায় আদেশ করিলেন—এই অবস্থায় এখানে অমরেন্দ্রকে রাখা ঠিক হইবে না। আমি এই রাত্রির জন্য ইহাকে আমার নিকট রাখিতে পারি কিনা, জিজ্ঞাসা করায়, তিনি বলিলেন "একই কথা, এ কথা প্রকাশ হইলে উভয় পক্ষেরই ক্ষতি হইবে।" উপর হইতে নামিবার সময়ে অমরেন্দ্রনাথ আমায় বলিলেন, "তুমি চিরদিন ছেলেমানুষই রইলে। আমি তোমার সঙ্গে একবার দেখা করে' চলে' যাব ভেবেছিলুম। হঠাৎ অরবিন্দকে বিরক্ত করা ঠিক হয়নি!"

আমি ঘটনার গুরুত্ব অনুভব করি নাই। দরদীর মতই বলিলাম "আজ রাত্রে থাক্‌বে কোথায়?"

"কেন ছত্রম্ নেই? কাল সকালেই চলে' যাব। কাডালোরে আশ্রম বেঁধেছি যে।"

সে অনেক অবান্তর কথা—এই ক্ষেত্রে তাহা উল্লেখযোগ্য নহে। শ্রীঅমরেন্দ্রকে বিদায় দিলাম। কথা রহিল, চন্দননগরে ফিরিয়া সংবাদপত্রে বিজ্ঞাপন দিব। তারপর চন্দননগরে আসিলে তাঁহার মুক্তির ব্যবস্থা হইবে।

পরদিন পণ্ডিচারীর আবহাওয়া আমার প্রীতিকর মনে হইল না। গত রাত্রিকালের ঘটনা লইয়া স্পষ্টতঃ কাহারও মুখে কোন কথা শুনা গেল না বটে, কিন্তু অলক্ষিতে এই বিষয় লইয়া অনেক আলোচনা হইল। একটা গেঁয়ো লোকের ন্যায় পূর্ব্ব-রাত্রির অমার্জ্জিত আচরণ সকলের নিকট বিসদৃশ হইয়াছিল; কিন্তু শ্রীঅরবিন্দকে আমি অপ্রসন্ন দেখিলাম না। তিনি আমার বন্ধুবাৎসল্যের আতিশয্যে অসামঞ্জস্য-চিত্তের পরিচয় মাত্র পাইয়াছিলেন; কিন্তু সেই পরিচয়ই আমার জীবনের সবখানি নয়, তিনি যে আমায় নবজীবন দিতেই সঙ্কল্প করিয়াছিলেন। বিশ্বকর্ম্মার অসম্পূর্ণা সৃষ্টিকে কি সম্পূর্ণা না করা পর্য্যন্ত তিনি তাহা অবহেলা করিতে পারেন?

শ্রীঅরবিন্দের অমোঘ সঙ্কল্প জয়যুক্ত হইল না, এমন বলিলে ঋতময় ইষ্টের প্রতি শ্রদ্ধাভঙ্গ হয়। এই ভয়েই আমি যে বিষয়টা সাপটাইয়া লইতেছি তাহা নহে; সত্য শুধু অনুমানের বস্তু নহে, তাহা জীবনের দৃষ্টান্তে পরিলক্ষিত হয়। কালই তাহা সপ্রমাণ করিতে পারে, সে কথা আজ নয়।

ঈশ্বরের চাওয়া ব্যর্থ হয় না, কোন কারণে, কোন ঘটনায়। ঈশ্বরের চাওয়া পারিপার্শ্বিকতার প্রভাবে যে ভাবে প্রকাশ পায়, তাহার অর্থবাদের এক অলক্ষ্য অভিধান আছে। বাহ্যতঃ শ্রীঅরবিন্দের প্রচেষ্টা ব্যাহতা করার বজ্রপাত হইল চন্দননগরের এক টেলিগ্রামে। হঠাৎ আগষ্টের ৯ই তারিখে শ্রীমান্ অরুণচন্দ্র এক টেলিগ্রাম করিয়া বসিল "সম্মুখে ১৫ই আগষ্ট, শীঘ্র চলিয়া আসুন, আপনার সাফল্য এইখানেই।"

টেলিগ্রাম পড়িয়া হাসিলাম। এ টেলিগ্রাম কি অরুণের? না ইহার পশ্চাৎ ভাবী প্রবর্ত্তক সঙ্ঘের অনুপ্রেরণা আছে? আমার বিচারের প্রয়োজন ছিল না; যাহা হয়, তাহার জন্য ঈশ্বরবিধানই দায়ী। বিধাতৃপুরুষ এখানে জাগ্রৎ, মূর্ত্তিমান। শ্রীঅরবিন্দকে টেলিগ্রামটী দেখাইলাম। টেলিগ্রামটী

হাতে লইয়া তিনি দেখিতেছিলেন। এলোমেলো বাতাসে তাঁহার বিলোল লঘু শ্মশ্রুগুলি ইতস্ততঃ উড়িতেছিল। তিনি মাথার সুবিন্যস্ত দীর্ঘ কেশ বাম হস্তে কর্ণের পার্শ্বদেশে ঠেলিয়া, দক্ষিণ হস্তে টেলিগ্রামটী আমার হাতে দিয়া বলিলেন "লিখে দাও একটা প্রকাণ্ড 'না'।"

অরুণকে টেলিগ্রামে জানাইলাম "অরোর নির্দ্দেশ আমার যাওয়া হইবে না।"

মাথার উপর দিয়া কালো বাদুড়ের মত সারা রাত্রি অলক্ষ্য আতঙ্ক সৃষ্টি করিয়া উড়িয়া গেল। প্রভাতে শ্রীঅরবিন্দকে যথারীতি অভিনন্দন জানাইয়া বাড়ী ফিরিলাম। অরুণের আবার টেলিগ্রাম। তীক্ষ্ণ শেলের ন্যায় হৃদয় বিদ্ধ করিল; টেলিগ্রামের ভাষা—"ফিরিয়া আসুন, অন্যথা অনন্ত বিয়োগ। Eternal separation".

ইংরাজী শব্দের প্রতিভাষা বাংলায় বুঝি ঠিক হয় না। এই 'সেপারেশন' অপনয়ন নহে। Elimination হইলে আমি বিন্দুমাত্র ব্যথিত নহি। এমন দুর্ঘটনার অনুভূতি জীবনের নিত্য সঙ্গী। অরুণ কি চাহিতেছে আমার অপ্রত্যাগমনে আত্মবিনাশ? কি সাঙ্ঘাতিক! উদ্গত অশ্রু হৃদয় প্লাবিত করিল। যাহা নহে, তাহা লইয়া এমনই দুর্ভাবনা আমার চরিত্রগত একটী বিশেষ দোষ। আমি তাহা হইতে সে দিন মুক্তি পাই নাই। আমার কান্না দেখিয়া আমার স্ত্রী বলিলেন, "তুমি ফিরে চল, অরুণের টেলিগ্রাম উপলক্ষ্য। আমি আসিয়া অবধি দেখিতেছি—শ্রীঅরবিন্দ তোমার আপনার জন, কিন্তু তোমার সাধনার এ স্থান নয়।"

আমি বিস্ময়বিহ্বল চিত্তে তাঁহাকে বলিলাম, "কিন্তু শ্রীঅরবিন্দ যে চাহেন এইখানেই আমার সাধন ও সিদ্ধি! আর ১৫ই আগষ্টের ভার যে আমার উপর।" তিনি বলিলেন "শ্রীঅরবিন্দ দয়া করিয়া তোমায় আটকাইবার জন্য এই ব্যবস্থা করিয়াছেন। এ ভার বহন করিবেন মীরা, তুমি নহ।"

কি এক অজ্ঞাত পীড়নের দুঃখে মর্ম্ম নিঙড়াইয়া চক্ষে আমার অশ্রুসাগর উথলিয়া উঠিতেছিল। এমন ক্রন্দনের অনুভূতি আমি কোনদিন পাই নাই।

চক্ষে যত জল ঝরে, তিনি আঁচল দিয়া তত মুছাইয়া বলেন "আজ তোমার হ'ল কি? হয় চন্দননগর, নয় পণ্ডিচারী—এত কান্না কেন?"

আমার হৃদয়ের গ্রন্থিগুলি শিথিল হইয়া আসিতেছিল। সে মৃত্যুযন্ত্রণার হেতু ছিল গভীর অপ্রকাশের ক্ষেত্রে। ভিতরে-ভিতরে সর্ব্বনাশ কুণ্ডলী পাকাইয়া আমায় অধীর করিতেছিল। আমি দুই কূল হারাইয়া কখনও উচ্ছ্বসিত কণ্ঠে কখনও রুদ্ধশ্বাস হইয়া কাঁদিতেছিলাম। ১০ই আগষ্ট রাত্রি ঘনাইয়া আসিল; সে কালরাত্রিতে অশ্রুময় অক্ষর বিনাইয়া বিধাতা ললাটে লিখিয়া দিলেন "তুমি ফিরে যাও। তোমার সিদ্ধক্ষেত্র চন্দননগর।" ১১ই প্রাতে বজ্র-কঠিন হৃদয় লইয়া, সাদা কাগজের বুক চিরিয়া, চক্ষের জলে শ্রীঅরবিন্দকে লিখিলাম "অরো, আমি চলিলাম!" সে ব্যথা প্রকাশের নহে। আমি তাই আর এক ছত্রও লিখিতে প্রস্তুত নহি। পত্রশেষে নিষ্ঠুর ভাগ্যদেবতা কিন্তু আমার হাতকে যন্ত্রচালিতের ন্যায় লিখাইয়া দিল "আজ হইতে আপনার সঙ্গে হইল আমার Eternal separation।" এই নিষ্ঠুর বজ্র আমার হৃদয়-তন্ত্রীকে ছিন্ন-ভিন্ন করিয়া শ্রীঅরবিন্দকেও কত ব্যথা দিবে, তাহা বুঝিয়া মেঝের উপর উপুড় হইয়া পড়িলাম।

জ্যোতির্ম্ময় সূর্য্যালোক তখন মসীময় মনে হইতেছিল।

অপরাহ্ণে হৃদয়ের নিষেধ অমান্য করিয়া শ্রীঅরবিন্দ-মন্দিরে উপস্থিত হইলাম। শ্রীঅরবিন্দ জানাইলেন "আর প্রয়োজন নাই।" আর প্রয়োজন নাই! হৃদয়ে মত্ত কেশরী গর্জ্জন তুলিল। প্রয়োজন না থাকিতে পারে মর্ত্ত্যের চক্ষে। মর্ত্ত্যজীবনে এই অমৃত-সম্বন্ধের পরিচয় চির বিলুপ্ত হইতে পারে। স্বর্গ ও মর্ত্ত্যের মধ্যে অনন্ত আকাশের ব্যবধান কল্পান্তকালস্থায়ী—তাই বলিয়া এই দুইয়ের মধ্যে সম্বন্ধচ্ছেদ হইয়াছে কে বলিবে? সেইরূপ আমাদের মধ্যে চিরজয়ী সম্বন্ধের অমৃত-নির্ঝর রুদ্ধ হইবে না। আমা হইতে শ্রীঅরবিন্দকে পৃথক্ করার শক্তি আমারও নাই, শ্রীঅরবিন্দেরও নাই। নিরুদ্বিগ্ন চিত্তে আমরা সস্ত্রীক উপরে উঠিয়া গেলাম। শ্রীঅরবিন্দ ও আমার মধ্যে তখন ভাগ্য-দেবতা কৃষ্ণ-যবনিকা টানিয়া দিতে উপক্রম করিতেছিলেন।

আমার সাড়া পাইয়া শ্রীঅরবিন্দ তাড়াতাড়ি ঘর হইতে নিষ্ক্রান্ত হইয়া আসিলেন। সাশ্রু নয়নে চরণে প্রণত হইলাম। শ্রীঅরবিন্দের ললাটে আগুন জ্বলিতেছিল—আমি বক্ষ বিস্তার করিয়া তাহা গ্রহণ করিয়া বলিলাম—"চলুন, আপনার ঘরে চলুন।"

তিনি স্থির কণ্ঠে বলিলেন 'না না ?'

আমার হৃদয়ে শত-শত মত্ত-মাতঙ্গ লম্ফ দিতেছিল ; তাঁহাকে বলিলাম "আসুন একবার ঘরে !"

রুদ্রের হিরণ্ময় শ্মশ্রু সক্রোধে থরথর করিয়া কাঁপিতেছিল। অকস্মাৎ তাহা প্রসন্ন-শিবমূর্ত্তিতে পরিণত হইল। তিনি তাঁহার শয্যাগৃহে আসিয়া দাঁড়াইলেন। আমি বলিলাম "বিদায়……চির বিদায় !"

চারি চক্ষের প্রসন্নতা অমৃতবর্ষণ করিল। শ্রীঅরবিন্দ বুঝি অনন্ত যুগের জন্য মাথায় আশীষকর স্থাপন করিয়া বলিলেন "একনিষ্ঠ হও। তোমার মধ্যে সত্য ও আলো আবির্ভূত হোক।"

আমি অগ্রে, পশ্চাৎ মহামায়া তপঃশক্তি। পশ্চাতেই পণ্ডিচারী পড়িয়া রহিল। ভারতীর মন্দিরে বিজয়ঘণ্টা ধ্বনি-প্রতিধ্বনি তুলিল। শ্রীঅরবিন্দের করুণামূর্ত্তি পলকেও অন্তর্হিত হয় না ; আনন্দে অশ্রু উথলিয়া উঠে নয়নে। শেষ বিদায়-ভাষণ নলিনী ও সুরেশ গ্রহণ করিয়া ফিরিল। আর আমি ফিরিলাম ব্রহ্মচারিণী পত্নীকে সঙ্গে লইয়া শস্যশ্যামলা বাংলায়—চন্দননগরে।

তারপরে অনতিদীর্ঘ জ্যোতির্ম্ময় জীবনসঙ্গিনীর করুণ ইতিহাস। সে ইতিহাস প্রবর্ত্তক সঙ্ঘেরই। সেখানে জীবনসঙ্গিনী কায়ার ছায়া নয়--আত্মার প্রতীক—স্বরূপের বিগ্রহমূর্ত্তি। জীবনসঙ্গিনী এখানে সঙ্ঘ-জননী—সঙ্ঘোৎসর্গের সিদ্ধি-লক্ষ্মীরূপে বিশ্বময়ী।

সমাপ্ত